the consideration of Government with a view to very stringent rules being enacted for the preservation of the integrity of the Coin, and the safety of the public.

অতি কঠোর বিধি করণাভিপ্রায়ে গবর্ণমেণ্টের সেই বিষয়ে মনোযোগ করা উপযুক্ত বোধ হয়।

No. 906, FINANCIAL DEPARTMENT, FORT WILLIAM, THE 12TH FEBRUARY 1859.

FORWARDED to the Government Solicitor, with a request that he will obtain the opinion of the Advocate General as to what powers the law confers upon the Government in dealing with the Coins referred to by the Sub-Treasurer, and with the parties who tender them at the General Treasury.

২০৬ নম্বর। ফিনানসিয়ল ডিপার্টমেণ্ট ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ১২ ফেব্রুআরি।

গবর্ণমেণ্টের সলিসিটর সাহেবের নিকটে প্রেরিত হইয়া আদেশ হইতেছে যে, সব ট্রেজুরর সাহেব যে প্রকারের মুদ্রার কথা লিখিয়াছেন তাহাতে ও যে লোকেরা সেই প্রকারের মুদ্রা জেনরল ট্রেজুরীতে দিবার উদ্যোগ করে তাহারদের বিষয়ে আইনঅনুসারে গবর্ণমেণ্টের যেপর্য্যন্ত কার্য্য করিবার ক্ষমতা থাকে, তদ্বিষয়ে তিনি আডবোকেট জেনরল সাহেবের মত জিজ্ঞাসা করেন।

Extract from the Opinion of the Advocate General, dated 19th February 1859.

I THINK the law now in force in India with reference to false Coins is defective, and that application should be made to the Legislature to pass an Act corresponding in substance with the Statute 2 and 3 Wm. 4, c. 34, which has never been introduced into this country, and which provides for several cases wholly omitted by the 9 Geo. 4, c. 74, Sections 73, 74 and 75, and Act XXXI. of 1839, the Acts now in force here with respect to offences against the Mint.

আডবোকেট জেনরল সাহেবের ১৮৫৯ সালের ১৯ ফেব্রুআরি তারিখের মতজ্ঞাপক পত্রহইতে গৃহীত কথা।

কৃত্রিম মুদ্রা বিষয়ে যে সকল আইন ভারতবর্ষে প্রবল আছে তাহা আমার বিবেচনায় অপ্রতুল। টাকশাল সম্পর্কীয় অপরাধের বিষয়ে, চতুর্থ জর্জ রাজার ৯ বৎসরের ৪ অধ্যায়ের ৭৩ ও ৭৪ ও ৭৫ ধারা ও ১৮৩৯ সালের ৩১ আইন এই দেশে প্রচলিত আছে। কিন্তু ৪ উলিয়ম রাজার ২ ও ৩ বৎসরের আইনের ৩৪ অধ্যায়ে যেং দোষ নিবারণের বিধান হইয়াছে এমত অনেক দোষ উক্ত দুই আইনে উল্লেখ হয় নাই। ও ৪ উলিয়ম রাজার উক্ত আইন এতদ্দেশে প্রচলিত না হওয়াতে তাহার মর্ম্মানুযায়ি কোন আইন প্রচলিত করণবিষয়ে ব্যবস্থাপক কৌন্সেলের সাহেবদিগের নিকটে প্রার্থনা করা উচিত।

2. The Act 2 and 3 Wm. 4, c. 34, (Section 13) provides expressly for the course to be adopted with reference to Coin counterfeit, or diminished otherwise than by reasonable wearing, in the possession of innocent persons, and authorizes the Teller of Her Majesty's Exchequer and Receiver of Revenue, as well as other persons, to break and deface such Coins. Such provision, as well as that contained in Section 14, authorising the seizure of counterfeit Coin in the mode therein pointed out, would be extremely useful in this country.

২। কৃত্রিম মুদ্রা কিম্বা ন্যায্যমতের ব্যবহারক্রমে যাহার ক্ষয় হইয়াছে তদ্ভিন্ন লঘু করা অন্য মুদ্রা নিরপরাধি ব্যক্তিরদের নিকটে পাওয়া গেলে তদ্বিষয়ে যেরূপে কার্য্য হইবে তাহার বিধান ৪ উলিয়ম রাজার ২ ও ৩ বৎসরের আইনের ৩৪ অধ্যায়ের ১৩ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে, ও শ্রীশ্রীমতী মহারাণীর অর্থ ভাণ্ডারের অর্থ গণনাকারক ও রাজস্বগ্রাহক সাহেবদিগকে ও অন্যং ব্যক্তিদিগকে তদ্রূপ মুদ্রা ভগ্ন ও বিকৃত করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। তদ্রূপ বিধান এবং ঐ আইনের ১৪ ধারার নির্দ্দিষ্টমতে কৃত্রিম মুদ্রা জব্দ করিয়া লইবার যে বিধান উক্ত ধারাতে আছে তাহা এই দেশে প্রচলিত হইলে বহু ফল দর্শিতে পারে।

* * * * * *

6. The powers of the Revenue or other Officers of Government to break up or destroy genuine Coins, which have been unlawfully tampered with, but which are presented by innocent holders, are very ill defined at common law, and special provisions for breaking up counterfeit Coin or Coin unlawfully diminished have been so often introduced by Statute,* that an inference arises that some statutory authority is necessary in order to afford a complete protection to the Officers so dealing with Coins.

৬। অকৃত্রিম মুদ্রাতে কোন আহারদ্বারা বেআইনীমতের কার্য্য করা গেলে পর যদি তাহা নির্দ্দোষি কোন ব্যক্তির হাতে পড়ে ও তিনি কোন দেনার পরিশোধে তাহা দেন, তবে এমত স্থলে রাজস্বসম্পর্কীয় কিম্বা গবর্ণমেণ্টের অন্য কার্য্যকারকেরদের তাহা ভাঙ্গিতে কি নষ্ট করিতে যে ক্ষমতা হইতে পারে তাহা কামন লা অর্থাৎ সর্ব্ব সাধারণের স্বীকৃত ব্যবস্থাক্রমে স্পষ্টরূপে নির্দ্ধারিত হয় নাই। কিন্তু কৃত্রিম মুদ্রা কিম্বা যে মুদ্রার ওজন বেআইনীমতে লঘু করা গিয়াছে তাহা নষ্ট করিবার বিশেষ বিধান কোন২ আইনেতে (বিশেষতঃ ৩ উলিয়ম রাজার ৬ ৭ বৎসরের ১৭ ও ১৮ অধ্যায়ে এবং ৩ উলিয়ম রাজার ৮ ও ৯ বৎসরের ২৬ অধ্যায়ের ৫ ধারাতে ও ৩ জর্জ রাজার ৫৬ বৎসরের ৬৮ অধ্যায়ের ১৭ ধারাতে ও ৪ জর্জ রাজার ৯ বৎসরের ৭৪ ও ৭৫ অধ্যায়ে ও ৪ উলিয়ম রাজার ২ ও ৩ বৎসরের ৩৪ অধ্যায়ের ১৩ ও ১৪ ধারাতে) হইয়াছে, ইহাতে অনুভব হয় যে মুদ্রা লইয়া কার্য্যকারকেরদের তদ্রূপ কর্ম্ম করিয়া সম্পূর্ণরূপে নির্দ্দোষী হইবার জন্যে তদ্বিষয়ের আইন করা প্রয়োজন।

* *See*
6 and 7 Wm. 3, c. 17 and 18.
8 and 9 Wm. 3, c. 26, s. 5.
56 Geo. 3, c. 68, s. 17.
9 Geo. 4, c. 74 and 75.
2 and 3 Wm. 4, c. 34, s. 13 and 14.

7. My own opinion certainly is that any Officer of Government to whom *counterfeit* Coin is tendered, even by an innocent holder, is fully justified, without any legislative authority, in cutting or breaking in two such Coin, returning the pieces to the holder, if no suspicion attach to him, or to any one who can be traced through him.

৭। কোন নির্দ্দোষি ব্যক্তি যদি কৃত্রিম মুদ্রা গবর্ণমেণ্টের কোন কার্য্যকারককে দিতে উদ্যত হন, তবে ব্যবস্থাপক কোন ক্ষমতাক্রমে নির্দ্ধারিত আইন না থাকিলেও সেই কার্য্যকারক ঐ মুদ্রা ভাঙ্গিয়া দুই খণ্ড করিয়া, যে ব্যক্তি তা। দিতে উদ্যত ছিলেন তাঁহার প্রতি দোষের সন্দেহ না থাকিলে কিম্বা তাঁহার দ্বারা অন্য কোন ব্যক্তির দোষের সন্ধান পাইতে না পারা গেলে তাঁহাকে ফিরিয়া দিতে পারিবেন। এই আমার মত।

8. But the question is more difficult as to genuine Coin which has been unlawfully tampered with. I am inclined to think, however, that if such Coin has been actually "fraudulently clipped, filed, drilled, defaced, or debased," within the meaning of Act XXXI. of 1839 (which would include the cases of plugging referred to by Mr. Harvey), the Government Officers would be safe in cutting or breaking in two such Coins, returning the pieces (without loss of any of the particles) to the innocent holder. I cannot see that the latter could sustain any damage that the law would recognise by the act, as he could not himself make use of the Coin as a genuine Coin after being apprised of its having been unlawfully dealt with, without a crime, and the value of the Coin for any lawful purpose would not be diminished by its being broken in two.

৮। কিন্তু অকৃত্রিম মুদ্রাতে কেহ অন্যায় কর্ম্ম করিলে সেইরূপ কার্য্য করিতে পারেন কি না ইহা নিরূপণ করা কিছু কঠিন। এমন স্থলেও আমার বিবেচনা এই যে ১৮৩৯ সালের ৩১ আইনের অভিপ্রায়মতে যদি তদ্রূপ কোন মুদ্রা প্রতারণাক্রমে ছাটা যায় কি উথা দ্বারা ঘষা কি খোদা যায় কি বিকৃত করা যায় কি তাহাতে কোন সামান্য ধাতু মিশ্রিত হয়, (ইহার মধ্যে হার্বি সাহেবের উল্লিখিত মেকী টাকাও আইসে) তবে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা তাহা দুই খণ্ডে কাটিয়া কি ভাঙ্গিয়া তাহার কোন টুকরা না হারাইয়া সমস্তই নির্দ্দোষি ব্যক্তিকে ফিরিয়া দিলে তাঁহারদের প্রতি কোন দায় ঘটে না। সেই কর্ম্ম দ্বারা ঐ নির্দ্দোষি ব্যক্তির কোন ক্ষতি হইয়াছে বলিয়া আইনমতে বিচার কি প্রকারে হইতে পারে, তাহা বলিতে পারি না। কেননা সেই মুদ্রাতে অন্যায় কর্ম্ম হইয়াছে এই কথা তাঁহাকে জ্ঞাত করা গেলে পর তিনি তাহা অকৃত্রিম মুদ্রা স্বরূপে ব্যবহার করিতে চাহিলে অপরাধী হইবেন। ও অন্য কোন কর্ম্মে ব্যবহার করিতে চাহিলে সেই মুদ্রা ভাঙ্গিয়া দেওয়া গেলেও তাহার মূল্যের কিছু ন্যূনতা হয় না।

9. Whether the course be strictly justifiable in the present state of the law or not which is very doubtful, I strongly advise its immediate adoption at the Treasury and by all Revenue Officers, as a protection to the public against the circulation of Coin illegally depreciated, which there is a strong moral obligation on the Government to afford.

৯। পরন্তু আইনের বর্ত্তমান যে অবস্থা তাহা বিবেচনা করিলে, উক্ত প্রকারের কার্য্য অতি দৃঢ়মতে ধরিতে গেলে দোষহীন হয় কি না ইহার অত্যন্ত সন্দেহ হয়, কিন্তু সে যাহা হউক, যে মুদ্রা বেআইনীমতে লঘু করা গিয়াছে তাহা চলন হইলে সাধারণ লোকেরদের যে ক্ষতি হয় তাহা নিবারণ করা গবর্ণমেণ্টের অবশ্য কর্ত্তব্য। অতএব তাহা নিবারণার্থে ত্রেজুরীর ও রাজস্ব সম্পর্কীয় সমস্ত কার্য্যকারকের পূর্ব্বোক্তমতের কার্য্য করিতে অগৌণে আরম্ভ করা উচিত।

10. When the Coin has been diminished or impaired otherwise than by any of the five modes specified in Act XXXI. of 1839, for example by sweating through a chemical process, which does not deface or debase the standard, much greater difficulty will exist. Where it is quite certain that the diminution is owing to some chemical or unlawful process wilfully applied, I am inclined to think the Government Officers breaking it in two will be practically safe. For any subsequent uttering such Coin with knowledge of its character would, in any view, be a misdemeanor at common law, though not a statutable offence, and therefore it is difficult to see what legal damage the innocent holder in receiving back the pieces could sustain. But extreme caution will be necessary in dealing with such cases, because if the lightening or diminution of the Coin can be attributed to fair wear and tear, or to lawful means, (the burden of negativing which would be on the Officer break-

১০। ১৮৩৯ সালের ৩১ আইনেতে মুদ্রা নষ্ট করিবার পাঁচ পন্থা ব্যক্ত হইয়াছে। তদ্ভিন্ন যদি প্রকারান্তরে লঘু কি মেকি করা যায়, যথা কোন রসায়ন দ্রব্য দ্বারা যদি টাকা লঘু করা যায়, কিন্তু তাহাতে মুদ্রা বিকৃত হয় না কিম্বা সামান্য ধাতু তাহাতে মিশ্রিত হয় না, এমন স্থলের বিধান করা আরো কঠিন। কোন রসায়ন দ্রব্য সংযোগ দ্বারা কি অন্য অন্যায় কর্ম্ম দ্বারা সেই মুদ্রা কোন ব্যক্তির ইচ্ছাক্রমে ন্যূন করা গিয়াছে ইহা যদি নিশ্চিত মতে জানা যায় তবে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা তাহা দুই খণ্ড করিয়া ভাঙ্গিলেও কোন ক্ষতি নাই। কেননা সেই মুদ্রা লঘু জানিয়া তাহা চালাইতে গেলে যদিও আইনমতে অপরাধ হয় না, তথাপি কামন লাক্রমে তাহা অপরাধ হয়, অতএব নির্দ্দোষি যে ব্যক্তি তাহা দিতে উদ্যত ছিল তাহাকে ঐ মুদ্রার ভগ্নাংশ ফিরিয়া দিলে তাহার আইনমতে কোন ক্ষতি হয় না। কিন্তু তদ্রূপ স্থলে অতি সতর্কতাপূর্ব্বক উক্ত প্রকারের কার্য্য করিতে হয়, যেহেতুক ঐ মুদ্রা সাধারণমতে ব্যবহারদ্বারা ক্ষয় পাইয়াছে কিম্বা অন্য উপযুক্ত কার্য্যক্রমে লঘু হইয়াছে এমত যদি দর্শান যাইতে পারে, তবে নির্দ্দোষি যে ব্যক্তি তাহা দিতে উদ্যত ছিলেন তিনি ঐ কার্য্যকারকের নামে নালিশ করিতে পারিবেন। তাহা করিলে ঐ মুদ্রা ব্যবহারক্রমে ক্ষয় না পাইয়া উক্ত অন্য উপায়ে লঘু করা গিয়াছে

ing it) I think it clear that he would be exposed to an action by the innocent holder.

(Sd.) W. RITCHIE.

M. WYLIE,

Depy. Secy. to the Govt. of India,
Home Department.

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant Governor of Bengal in Council received the assent of His Excellency the Governor General on the 21st April 1862, and is hereby promulgated for general information :—

ACT No. III. OF 1862.

An Act to amend Act XI. of 1859 (to improve the law relating to sales of land for arrears of Revenue in the Lower Provinces under the Bengal Presidency.)

[Preamble.]

WHEREAS it is expedient to extend the period allowed for the registry of under-tenures and farms, and to alter the scale of fees on certain applications for the opening of separate accounts for shares of entire estates, for deposit of money or Government Securities, and for registry of under-tenures and farms ; It is enacted as follows :—

[Repeal of Sections 45 and 59 Act XI. of 1859.]

I. Sections XLV. and LIX. of Act XI. of 1859 are hereby repealed.

[Time for registration under Sections 40, 43, and 44 of Act XI. of 1859, extended for three years.]

II. Applications under Sections XL., XLIII., and XLIV. of Act XI. of 1859, for registry of tenures and farms created before the passing of Act XI. of 1859, must be made within three years of the passing of this Act. Applications for the registry of tenures existing at the time of the passing of this Act but created after the passing of Act XI. of 1859, must be made within three months of the passing of this Act. Applications for the registry of tenures created after the passing of this Act must be made within three months of the date of the Deed constituting the tenure.

[Fees to be paid at the rates mentioned in the Schedule.]

III. The Collector on the part of the Government shall be entitled to demand from applicants under Sections X. and XI., Sections XV. and XVI., Sections XL., XLIII., and XLIV. of Act XI. of 1859, fees not exceeding the rates specified in the Schedule to this Act annexed, which Schedule shall be taken as part of this Act, and applications under the said Sections shall not be received unless the said fees are tendered therewith.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৯ আপ্রিল।]

হইবার প্রমাণ যে কার্য্যকারক ঐ টাকা ভাঙ্গিয়াছিলেন তাঁহারই করিতে হইবেক।

ডবলিউ রিচি।

এম ওয়াইলি।

হোম ডিপার্টমেণ্ট

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্ট।

হজুর কৌন্সেলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্নর্ সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর ১৮৬২ সালের ২১ আপ্রিল তারিখে স্বীয়সম্মতি প্রকাশ করিয়াছেন। তাহা এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ৩ আইন।

১৮৫৯ সালের ১১ আইন (অর্থাৎ বাঙ্গলা রাজধানীর বাঙ্গলাপ্রভৃতি দেশে বাকী মালগুজারীর নিমিত্তে ভূমির নীলাম করিবার আইন পূর্ব্বাপেক্ষা উত্তম করিবার আইন) সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

পেটাও তালুক ও ইজারা রেজিষ্টরী করিতে পারিবার কাল বৃদ্ধি করা, ও পূর্ণ মহালের অংশের নিমিত্তে স্বতন্ত্র হিসাব করিবার, ও টাকা কি গবর্ণমেণ্টের নিদর্শনপত্র গচ্ছিত করিবার, ও পেটাও তালুক ও ইজারা রেজিষ্টরী করিবার প্রার্থনাপত্রের উপর যে ফীস লওয়া যায়, তাহা পরিবর্ত্তন করা বিহিত, এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইয়াছে।

[১৮৫৯ সালের ১১ আইনের ৪৫ ও ৫৯ ধারা রদ করিবার কথা।]

১ ধারা। ১৮৫৯ সালের ১১ আইনের ৪৫ ও ৫৯ ধারা এই ধারাক্রমে রদ হইয়াছে ইতি।

[১৮৫৯ সালের ১১ আইনের ৪০ ও ৪৩ ও ৪৪ ধারামতে রেজিষ্টরী করিতে পারিবার কাল তিন বৎসরপর্য্যন্ত বৃদ্ধি হইবার কথা।]

২। ১৮৫৯ সালের ১১ আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে সকল তালুক ও ইজারা করা গিয়াছে তাহা ১৮৫৯ সালের ১১ আইনের ৪০ ও ৪৩ ও ৪৪ ধারামতে রেজিষ্টরী করিবার প্রার্থনা এই আইন প্রচলিত হইবার পর তিন বৎসরের মধ্যে করিতে হইবেক। যে সকল তালুক ১৮৫৯ সালের ১১ আইন প্রচলিত হইবার পরে করা গিয়া এই আইন প্রচলিত হইবার সময়ে বর্ত্তমান থাকে তাহা রেজিষ্টরী করিবার প্রার্থনা এই আইন প্রচলিত হইবার সময়াবধি তিন মাসের মধ্যে করিতে হইবেক। এই আইন প্রচলিত হইবার পর যে তালুক করা যায়, তাহা রেজিষ্টরী করিবার প্রার্থনা ঐ তালুক যে দলীলক্রমে করা যায় সেই দলীলের তারিখঅবধি তিন মাসের মধ্যে করিতে হইবেক ইতি।

[তফসীলের প্রকাশিত হিসাবে ফীস দিতে হইবার কথা।]

৩ ধারা। যে ব্যক্তিরা ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ও ১১ ধারামতে ও ১৫ ও ১৬ ধারামতে ও ৪০ ও ৪৩ ও ৪৪ ধারামতে প্রার্থনা করেন, তাঁহারদের স্থানে কালেক্টর সাহেব গবর্ণমেণ্টের পক্ষে এই আইন সংযুক্ত তফসীলের নির্দ্দিষ্ট হিসাবের অনধিক ফীস লইতে পারিবেন। সেই তফসীল এই আইনের এক অংশ স্বরূপ জ্ঞান হইবেক। ও উক্ত সকল ধারামতের প্রার্থনাপত্রের সঙ্গে ঐ ফীস না দেওয়া গেলে প্রার্থনা গ্রাহ্য হইবেক না ইতি।

[This Act to be read as part of Act XI. of 1859.]

IV. This Act shall be taken and read as part of the said Act XI. of 1859.

[এই আইন ১৮৫৯ সালের ১১ আইনের একঅংশ স্বরূপ পাঠ হইবার কথা।]

৪ ধারা। এই আইন ১৮৫৯ সালের ১১ আইনের একাংশস্বরূপ জ্ঞান হইয়া পাঠ করিতে হইবেক ইতি।

SCHEDULE OF FEES.

1. For filing an application under Section X. or Section XI. of Act XI. of 1859 for opening a separate account for a share of an entire estate—

If the annual jumma of the share do not exceed 1000 Rupees, at the rate of 10 per cent. upon the jumma. If the annual jumma of the share exceed 1000 Rupees, at the rate of 10 per cent. upon 1000 Rupees, and 2 per cent. upon all above that amount.

2. For filing an application for a deposit of money or Government Securities under Section XV. of the said Act, half per cent. on the amount deposited.

For any interest on Government Securities so deposited, drawn by the Collector, half per cent. of the amount drawn.

For filing an application for withdrawal of a deposit under Section XVI. of the said Act, half per cent. of the amount withdrawn.

3. For filing an application, under Section XL., XLIII. or XLIV. of the said Act, for the registration of an under-tenure or farm—

If the annual rent of the under-tenure or farm do not exceed 1000 Rupees, at the rate of 5 per cent. on the rent.

If the annual rent of the under-tenure or farm exceed 1000 Rupees, at the above rate up to 1000 Rupees, and at one per cent. on all above that amount.

ফীসের তফসীল।

১। পূর্ণ মহালের এক অংশের স্বতন্ত্র হিসাব করিবার জন্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ কি ১১ ধারামতে প্রার্থনাপত্র দেওয়া গেলে

যদি সেই অংশের বার্ষিক জমা ১০০০৲ টাকার অধিক না হয়, তবে জমার শত টাকাপ্রতি ১০৲ টাকার হিসাবে ফীস লাগিবে। যদি সেই অংশের বার্ষিক জমা ১০০০৲ টাকার অধিক হয় তবে ১০০০৲ টাকার জমার শত টাকাপ্রতি ১০৲ টাকার হিসাবে ও তাহার উর্দ্ধ টাকার শতপ্রতি ২৲ টাকার হিসাবে ফীস লাগিবে।

২। উক্ত আইনের ১৫ ধারাক্রমে টাকা কি গবর্ণমেণ্টের নিদর্শনপত্র গচ্ছিত করিবার প্রার্থনা পত্র দেওয়া গেলে যত টাকা গচ্ছিত হয় তাহার শতপ্রতি অর্দ্ধ টাকা ফীস লাগিবে।

গবর্ণমেণ্টের নিদর্শনপত্র গচ্ছিত হইলে কালেক্টর সাহেব তাহার যে সুদ আদায় করেন সেই সুদের শতটাকা প্রতি অর্দ্ধ টাকা ফীস লাগিবে।

উক্ত আইনের ১৬ ধারাক্রমে গচ্ছিত টাকা উঠাইয়া লইবার প্রার্থনাপত্র দেওয়া গেলে, যত টাকা উঠাইয়া লওয়া যায় তাহার শত টাকাপ্রতি অর্দ্ধ টাকা ফীস লাগিবে।

৩। উক্ত আইনের ৪০ কি ৪৩ কি ৪৪ ধারামতে পেটাও তালুক কি ইজারা রেজিষ্টরী করণের প্রার্থনাপত্র দেওয়া গেলে

যদি সেই পেটাও তালুকের কি ইজারার বার্ষিক খাজানা ১০০০৲ টাকার অধিক না হয়, তবে ঐ খাজানার শত টাকা প্রতি ৫৲ টাকা ফীস লাগিবে।

যদি সেই পেটাও তালুকের কি ইজারার বার্ষিক খাজানা ১০০০৲ টাকার অধিক হয়, তবে ১০০০৲ টাকাপর্য্যন্ত উক্ত হিসাবে ও তদূর্দ্ধ টাকার শত টাকা প্রতি ১৲ টাকা ফীস লাগিবে।

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

এ জি মাকফরসন।
ব্যবস্থাপকদিগের ডিপার্টমেণ্টে
বাঙ্গলাদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 800.

From H. T. Prinsep, Esq., Register of the Sudder Dewanny Adawlut, to G. G. Fletcher, Esq., Judge of West Burdwan.

Dated Calcutta, the 24th March, 1862.

I am directed to acknowledge the receipt of your letter No. 41, dated the 4th instant, enquiring how the expenses of witnesses, whose attendance is required on behalf of Pauper Plaintiffs, are to be defrayed under the new code of procedure, and in reply to state that as Section 308 of the code only exempts paupers from the payment of the stamp duty a suit instituted by a pauper must proceed in all other respects as any other case. The expenses of witnesses must, therefore, be borne by the pauper.

(Signed) H. T. PRINSEP,
Register.

[*Government Gazette, 20th April, 1862.*]

সদর দেওয়ানী আদালতের সরকুলার অর্ডর।

৮০০ নম্বর।

পশ্চিম বর্দ্ধমানের জজ শ্রীযুত জি সি ফ্লেচর সাহেবের প্রতি সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২৪ মার্চ।

তোমার বর্ত্তমান মাসের ৪ তারিখের ৪১ নম্বরের পত্র পাওয়া গিয়াছে, তাহাতে জিজ্ঞাসা করিয়াছ, যে পাপর অর্থাৎ যোত্রহীন বাদিদের পক্ষে যে সাক্ষিদের উপস্থিত হইতে হয়, তাহারদের ব্যয় কার্য্যবিধানের নূতন আইনমতে কিপ্রকারে দেওয়া যাইবে। সেই প্রশ্নের এই উত্তর আজ্ঞাক্রমে প্রকাশ করিতেছি। ঐ আইনের ৩০৮ ধারামতে পাপরদিগকে কেবল ইষ্টাম্পের মাসুলহইতে মুক্ত হওয়ার অনুমতি হইয়াছে অতএব অন্য সর্ব্ববিষয়ে, যোত্রহীনের উপস্থিত করা মোকদ্দমা অন্য কোন মোকদ্দমার ন্যায় চলিবে। অতএব সাক্ষিদের খরচ ঐ যোত্রহীনের দিতে হইবে।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

MEMO.

No. 12.

Copy forwarded for the information of the Civil Authorities in the Lower and Extra-Regulation Provinces.

(Signed) H. T. PRINSEP,
Register.

Sudder Dewanny Adawlut,
The 24th March, 1862.

No. 824.

From H. T. Prinsep, Esq., Register of the Sudder Dewanny Adawlut, to E. Lautour, Esq., Judge of the 24-Pergunnahs.

Dated Calcutta, the 26th March, 1862.

I am directed to acknowledge the receipt of your letter No. 10, dated the 9th January last, suggesting the expediency of the issue of definite orders as to the courts in which possessory actions under Section 15, Act XIV. of 1859, should be instituted.

2. In reply I am directed to observe, that as the new stamp law prescribes that the stamp to be used in suits under the section cited shall be one-fourth of the amount used in regular civil suits, thus placing *a value on the interest to be determined*, the Court are of opinion that the value in question and not the value of the lands themselves, when held under a title conveying the right of ownership, should be the basis by which the jurisdiction of the courts, with regard to these cases, should be regulated.

(Signed) H. T. PRINSEP,
Register.

MEMO.

No. 13.

Copy forwarded for the information of the Civil Authorities.

(Signed) H. T. PRINSEP,
Register.

Sudder Dewanny Adawlut,
The 26th March, 1862.

No. 14.

From H. T. Prinsep, Esq., Register of the Sudder Dewanny Adawlut, to the Civil Authorities in the Lower Provinces.

Dated Calcutta, the 26th March, 1862.

The Court having had reason to believe that some Officers have been in the regular habit of employing persons other than the recognized Court Ameens in conducting investigations regarding matters involved in civil suits before them. I am directed to request that you will impress on all Judicial Officers, subordinate to you, that such persons should not be employed without your sanction.

(Signed) H. T. PRINSEP,
Register.

স্মরণীয় পত্র।

১২ নম্বর।

বঙ্গদেশের ও আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানী কার্য্যকারক সাহেবেরদের উপদেশার্থে উক্ত পত্রের নকল পাঠান যাইতেছে।

এচ টি প্রিন্‌সেপ
রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালত।
১৮৬২ সাল ২৪ মার্চ।

---

৮২৪ নম্বর।

ত্রিপ্ল চব্বিশপরগণার জজ শ্রীযুত ই লাটর সাহেবের প্রতি সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২৬ মার্চ।

তোমার গত জানুআরি মাসের ৯ তারিখের ১০ নম্বরের পত্র পাওয়া গিয়াছে। তাহাতে কহিয়াছ যে ১৮৫৯ সালের ১৪ আইনের ১৫ ধারামতে সম্পত্তির দখলী স্বত্বের মোকদ্দমা যে আদালতে উপস্থিত করিতে হয়, ইহার কোন নির্দ্ধারিত আজ্ঞা করা বিহিত।

তদুত্তরে আমি আজ্ঞাক্রমে এই কথা জানাইতেছি। ইষ্টাম্পের নূতন আইনে নির্দ্দিষ্ট হইয়াছে যে দেওয়ানী জাবেতামতের মোকদ্দমার ব্যবহার্য্য ইষ্টাম্পের চতুর্থাংশ মূল্যের ইষ্টাম্প, উক্ত ধারামতের মোকদ্দমায় ব্যবহার হইবেক। এতদ্রূপে যে স্বত্ব নির্দ্ধার্য্য করিতে হইবেক তাহার মূল্য ধার্য্য হইয়াছে। ইহাতে সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে, যখন স্বামিত্ব স্বত্ব হস্তান্তরকরণ পত্রদ্বারা ভূমি ভোগ হয়, তখন ঐ মোকদ্দমা যে আদালতের এলাকায় আসিবে এই কথা ভূমির মূল্যানুসারে নির্ণয় করিতে হইবেক না, কিন্তু যে মূল্য বিষয়ের বিরুদ্ধ হয় তদনুসারে নির্ণয় হইবে।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

স্মরণীয় পত্র।

১৩ নম্বর।

দেওয়ানী কার্য্যকারকেরদের জ্ঞাপনার্থে ইহার নকল পাঠান যাইতেছে।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালত।
১৮৬২ সাল ২৬ মার্চ।

---

১৪ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানীর কার্য্যকারক সাহেবেরদের প্রতি সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২৬ মার্চ।

কোনং কার্য্যকারকেরদের সম্মুখে দেওয়ানী যে মোকদ্দমা উপস্থিত হয় তদ্ঘটিতবিষয়ের অনুসন্ধান কার্য্যেতে তাঁহারা আদালতের স্বীকৃত আমীনভিন্ন অন্য লোকেরদিগকে নিয়ত নিযুক্ত করিয়া থাকেন, সদর আদালতের সাহেবেরা ইহা অবগত হইয়াছেন। অতএব আমি আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে তুমি আপন অধীন সকল বিচারকর্ত্তাকে এই কথা দৃঢ়মতে জানাও, যে তোমার অনুমতি না হইলে তাঁহারা উক্ত প্রকারের লোকদিগকে নিযুক্ত না করেন।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 131.

From H. T. Prinsep, Esq., Register of the Nizamut Adawlut, to J. E. S. Lillie, Esq., Additional Sessions Judge of Hooghly.

Dated Calcutta, the 22nd February, 1862.

With reference to the extract of a letter from the Magistrate of Hooghly, forwarded by your Memo. 73, of the 10th instant, enquiring whether, under the new law of Criminal Procedure, it is necessary that the committing officer should submit a calendar in sessions trials or should record the grounds of commitment as heretofore, I am directed to inform you that the Court do not wish that the present practice, on these two points, should be departed from, as the new Criminal Procedure is silent on these matters, and the discontinuance of these forms is not otherwise called for.

(Signed) H. T. PRINSEP,
Register.

CIRCULAR.

MEMO.

No. 3.

Copy forwarded for the information and guidance of the Criminal Authorities.

By Order of the Sudder Court.

(Signed) H. T. PRINSEP,
Register.

Nizamut Adawlut,
The 15th March, 1862.

HOME DEPARTMENT.

No. 2019.

Fort William, the 23rd April 1862.

Notification.

The HON'BLE SIR JOHN PETER GRANT, K. C. B., has this day tendered his resignation of the office of Lieutenant Governor of Bengal, and the same has been accepted by His Excellency the Viceroy and Governor General.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

No. 2050.

FORT WILLIAM, HOME DEPARTMENT,
The 23rd April 1862.

Notification.

Under the authority conveyed in the 29th Section of the Act 21 and 22 Vic., c. 106, His Excellency the Viceroy and Governor General of India is pleased to appoint, subject to the approbation of Her Majesty, the HON'BLE CECIL BEADON, at present a Member of the Council of the Governor General of India, to be Lieutenant-Governor of the

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১৩১ নম্বর।

হুগলীর অতিরিক্ত সেশন জজ শ্রীযুত জে ই এস লিলি সাহেবের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২২ ফেব্রুআরি।

তোমার বর্ত্তমান মাসের ১০ তারিখের ৭৩ নম্বরের স্মারক লিপির সঙ্গে হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের পত্র হইতে গৃহীত কথা পাঠাইয়াছিলা। তাহাতে জিজ্ঞাসা হইয়াছে যে, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের নূতন আইন অনুসারে যে কার্য্যকারক মোকদ্দমা অর্পণ করেন, তাঁহার সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমা সমর্পণ কালে কালেণ্ডর দেওয়া আবশ্যক, না পূর্ব্ব-বধি যেমন করিয়া আসিতেছেন তেমনি তাঁহার সমর্পণ করিবার হেতু লিখিতে হইবেক। তাহাতে আমি আজ্ঞাক্রমে তোমাকে জানাইতেছি যে উক্ত বিষয়ে ফৌজদারী মোকদ্দমার নূতন কার্য্যবিধানে কিছুই নির্দ্ধারিত হয় নাই, ও এইক্ষণে যেরূপে কার্য্য হইতেছে তদ্ভিন্ন প্রকারান্তরে কর্ম্ম করিবার প্রয়োজন নাই, অতএব উক্ত দুই বিষয়ে এইক্ষণে যে নিয়ম চলিতেছে তাহা পরিবর্ত্তন করা সদর আদালতের সাহেবেরদের অভিমত নহে।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

সরক্যুলর।

স্মরণীয় পত্র। ৩ নম্বর।

ফৌজদারী কার্য্যকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশার্থে এই পত্রের নকল পাঠান যাইতেছে।

সদর আদালতের আজ্ঞাক্রমে।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

নিজামৎ আদালত।
১৮৬২ সাল ১৫ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

হোম ডিপার্টমেণ্ট।

২০৪৯ নম্বর।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ২৩ আপ্রিল।

শ্রীযুত অনরবিল মর জান পীটর গ্রাণ্ট সাহেব অদ্য বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্নরী পদ ত্যাগ করিবার মনস্থ প্রকাশ করাতে, শ্রীশ্রীমতী মহারাণীর প্রতিনিধি শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর তাঁহার সেই মনস্থ গ্রাহ্য করিয়াছেন।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২০৫০ নম্বর।

ফোর্ট উলিয়ম। হোম ডিপার্টমেণ্ট।
১৮৬২ সাল ২৩ আপ্রিল।

বিজ্ঞাপন।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ের ২৯ ধারাক্রমে শ্রীশ্রীমতীর প্রতিনিধি ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের প্রতি যে ক্ষমতার্পণ হইয়াছে, তৎক্রমে তিনি ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুরের কৌন্সেলের মেম্বর মান্যবর শ্রীযুত সিসিল বীডন সাহেবকে অদ্যকার তারিখঅবধি ফোর্ট উলিয়ম প্রসীডেনসীর বঙ্গদেশের লেপ্টেনেণ্ট

Bengal Division of the Presidency of Fort William from this date.

By Order of His Excellency the Viceroy and Governor General of India.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

No. 2051.

FORT WILLIAM, HOME DEPARTMENT,
The 23rd April 1862.
Notification.

The HON'BLE CECIL BEADON having been appointed by His Excellency the Viceroy and Governor General of India, subject to the approbation of Her Majesty, to be Lieutenant-Governor of the Bengal Division of the Presidency of Fort William, has this day taken the prescribed Oaths and assumed charge of the office under the usual Salute.

By Order of His Excellency the Viceroy and Governor General of India.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

No. 2052.

FORT WILLIAM, HOME DEPARTMENT,
The 23rd April 1862.
Notification.

A vacancy having occurred in the office of one of the Ordinary Members of the Council of the Governor General of India by the appointment of the HON'BLE CECIL BEADON to the office of Lieutenant-Governor of Bengal, and no person provisionally appointed to succeed to the office of Ordinary Member of the Council of the Governor General being present on the spot, His Excellency the Viceroy and Governor General of India in Council has been pleased, under the provisions of the Act 24 and 25 Vic., c. 67, to appoint WILLIAM GREY, Esq., of the Bengal Civil Service, to be a temporary Ordinary Member of the said Council, and the said WILLIAM GREY, Esq., has accordingly this day taken the Oaths and his Seat in the said Council under the usual Salute from the Ramparts of Fort William.

By Order of His Excellency the Viceroy and Governor General of India in Council.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

No. 2053.

FORT WILLIAM, HOME DEPARTMENT,
The 23rd April 1862.
Appointment.

His Excellency the Governor General in Council has been pleased to appoint MR. E. C. BAYLEY to be Secretary to the Government of India in the Home Department.

A. M. MONTEATH,
Under-Secy. to the Govt. of India.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৯ আপ্রিল।]

গবর্ণরের পদে নিযুক্ত করিয়াছেন। কিন্তু এতদ্বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর সম্মতির অপেক্ষা আছে।

শ্রীশ্রীমতীর প্রতিনিধি ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে প্রকাশিত হয়।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২০৫১ নম্বর।

ফোর্ট উলিয়ম। হোম ডিপার্টমেণ্ট।
১৮৬২ সাল ২৩ আপ্রিল।
বিজ্ঞাপন।

মান্যবর শ্রীযুত সিসিল বীডন সাহেব শ্রীশ্রীমতীর প্রতিনিধি ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরকর্ত্তৃক শ্রীশ্রীমতী মহারাণীর সম্মতির অপেক্ষায় ফোর্ট উলিয়ম প্রসীডেনসীর বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণরের পদে নিযুক্ত হওয়াতে তিনি অদ্য নির্দ্ধারিত শপথ করণপূর্ব্বক রীতিমত তোপধ্বনি হওন সময়ে উক্ত পদ গ্রহণ করেন।

শ্রীশ্রীমতীর প্রতিনিধি ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে প্রকাশিত হয়।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২০৫২ নম্বর।

ফোর্ট উলিয়ম। হোম ডিপার্টমেণ্ট
১৮৬২ সাল ২৩ আপ্রিল।
বিজ্ঞাপন।

মান্যবর শ্রীযুত সিসিল বীডন সাহেব বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণরী পদে নিযুক্ত হওয়াতে ভারতবর্ষের গবর্ণর জেনরল বাহাদুরের মন্ত্রিসভার স্থায়ি মেম্বরের এক পদ শূন্য হইয়াছে ও গবর্ণর জেনরল বাহাদুরের মন্ত্রিসভার উক্ত স্থায়ি মেম্বরী পদে নিযুক্ত হওনার্থ পূর্ব্ব মনোনীত কোন ব্যক্তি উপস্থিত না থাকাতে মন্ত্রিসভাগত শ্রীশ্রীমতীর প্রতিনিধি ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ৬৭ অধ্যায়ের বিধানানুসারে বঙ্গদেশের সিবিল সম্পর্কীয় সিরিশতার শ্রীযুত উলিয়ম গ্রে সাহেবকে কিয়ৎকালের নিমিত্তে উক্ত মন্ত্রিসভার স্থায়ি মেম্বরী পদে নিযুক্ত করিয়াছেন।

তাহাতে ফোর্ট উলিয়ম কিল্লাতে রীতিমত তোপধ্বনি হওন সময়ে শ্রীযুত উলিয়ম গ্রে সাহেব অদ্য শপথ করণ পূর্ব্বক উক্ত মন্ত্রিসভাতে উপবিষ্ট হন।

মন্ত্রিসভাগত শ্রীশ্রীমতীর প্রতিনিধি ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে প্রকাশিত হয়।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টে সেক্রেটারী।

২০৫৩ নম্বর।

ফোর্ট উলিয়ম। হোম ডিপার্টমেণ্ট।
১৮৬২ সাল ২৩ আপ্রিল।
নিয়োগ।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর শ্রীযুত ই সি বেলি সাহেবকে হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী পদে নিযুক্ত করিয়াছেন।

এ এম মণ্টীথ।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 21st April, 1862.

Baboo Kaleedoss Dutt, to be Moonsiff of Nassirnuggur, in Zillah Tipperah.

Baboo Choitunnochurn Dutt, to be Moonsiff of Noornuggur, in Zillah Tipperah.

H. T. PRINSEP, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ২১ আপ্রিল।

শ্রীযুত বাবু কালিদাস দত্ত জিলা ত্রিপুরার নাসিরনগরের মুন্সেফ হইবেন।

শ্রীযুত বাবু চৈতন্য চরণ দত্ত জিলাত্রিপুরার নূরনগরের মুন্সেফ হইবেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

১১৭৭B. নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৭ আপ্রিল।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা যশোহরে সাধারণের বিদ্যাধ্যাপনের কমিটীর মেম্বর হইবেন। অর্থাৎ

শ্রীযুত বাবু কালীকান্ত রায়, ও
শ্রীযুত বাবু রায় রাধাচরণ, ও
শ্রীযুত বাবু শ্রীরাম ঘোষ চৌধুরী।

১৮৬২ সাল ১৫ আপ্রিল।

পশ্চাৎ লিখিত মুনসেফেরা চব্বিশপরগণার মধ্যে ১৮৩৩ সালের ৯ আইনমতের ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। অর্থাৎ

কাগজপুকুরিয়ার শ্রীযুত কাজী ফকীর আহমদ, ও
পাণ্ডুয়ার শ্রীযুত বাবু নীলমণি মিত্র।

১৮৬২ সাল ১৭ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) নদীয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davies,) সারণে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H. Rose,) রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। তিনি এইক্ষণে ছুটী প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ১৫ আপ্রিল।

যশোহরে ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজ শ্রীযুত ই এস ডেল সাহেব (Mr. E. S. Dale,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বেতিয়াতে আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত টি এফ পেপ সাহেব (Mr. T. F. Peppe,) আপনার কর্ম্মের ভার মতিহারির আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে কসিরাট সাহেবের (Mr. J. Cosserat,) প্রতি অর্পণ করিয়া, অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থিত কালে কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কসিরাট সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত তাঁহারও কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ত্রিহুতের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রুদ্রপ্রসাদ অচিহ্নিত কার্য্যকরকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৭ আপ্রিল।

নদীয়ার কমিস্যনর শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৫ মাস ছুটী পাইয়াছেন।

নদীয়ার জজ শ্রীযুত এল এস জ্যাকসন সাহেব (Mr. L. S. Jackson,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২১ আপ্রিল।

বঙ্গদেশের পোলীসের ৪ পল্টনের অধ্যক্ষ কাপ্তান শ্রীযুত ডবলিউ টি ফেগন সাহেব (Captain W. T. Fagan, চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে গত ফেব্রুআরি মাসের ২১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

কটকের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর আর প্রিঙ্গল সাহেব (Dr. R. Pringle,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরে আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে জি পিউ সাহেব (Mr. J. G. Pughe,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বারো মাস ও প্রস্তুত হওনার্থ উনিশ দিন ছুটী পাইয়াছেন।

বঙ্গদেশের পোলীসের ৩ পল্টনের আজুটাণ্টলেপ্টেনেণ্ট শ্রীযুত ই কলগান সাহেব (Lieut. E. Cologan,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বারো মাসের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালাচাঁদ দে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কাশীনাথ ঘোষ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৫ আপ্রিল।

শ্রীযুত এচ এ এবং আর বি কাক্রেল সাহেব (Messrs. H. A. and R. V. Cockerell,) বর্ত্তমান মাসের ১০ তারিখে বাঙ্গাল নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

অশুদ্ধ শোধন।

দ্বিতীয় শ্রেণীর উকীলেরদের পরীক্ষোত্তীর্ণ যে ব্যক্তিরদের নাম ৮ আপ্রিল তারিখের গেজেটে প্রকাশ হইয়াছিল তাঁহারদের মধ্যে পূর্ণচন্দ্র ঘোষ এই নামের পরিবর্ত্তে পূর্ণচন্দ্র সোম পাঠ করিতে হইবেক।

পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টেরদের যে২ নাম বর্ত্তমান মাসের ২২ তারিখের গেজেটে প্রকাশ হয় তাহাতে শ্রীযুত জানসন সাহেব এই নামের পরিবর্ত্তে শ্রীযুত জে এচ জনষ্টন সাহেব পাঠ করিতে হইবেক।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৭ আপ্রিল।

যে কর্ম্মকারকেরা ছুটী লইয়া ইউরোপে গমন করিতে উদ্যত হন তাহারদিগকে আদেশ হইতেছে যে ইহার পরে তাঁহারা আড়কাটী সাহেবের কেবল এক সর্টিফিকট গ্রহণ করেন। তাহা রাজধানীতে সিবিল পে মাষ্টর সাহেবকে দেওয়া যাইবে ও তিনি তাহার মর্ম্ম রিজিষ্টরে লিখিলে পর সর্টিফিকট এই আফিসে পাঠাইবেন।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার

REWARDS OF 2000 RUPEES

Are offered for the apprehension of each of the persons named below who are charged with riot attended with murder and other outrages at Baruckhalee in Jessore and have absconded.

1. Dennis P. Hely, Superintendent in the employ of Messrs. Morrell of Morrelgunge, a young man, light haired and fair colored.

2. Doorga Churn Shaha, son of Ram Gobind Shaha, an inhabitant of Indoorkani, Jubber Amla, Thannah Tugra, Zillah Backergunge, and Sheristadar in the service of the above named concern. He is aged about 30 or 35, dark complexioned and corpulent.

3. Raj Kishore Bose, son of Ram Doollol Bose, an inhabitant of Gandota, Thannah Kewaree, Zillah Backergunge, and Peshkar in the service of the same concern. He is aged about forty, fair looking and stout.

N. B.—The rewards will be earned by any person or persons who will either apprehend or will give such information as will lead to the apprehension of the parties above named.

BUNKIM CUNDER CHATTERJEE, *Deputy Magistrate.*

Khoolnah, the 24th March, 1862.

দুই সহস্র টাকা পুরস্কার।

যশোর জিলার মধ্যস্থ বারুইখালি গ্রামে খুন ও অন্যান্য অত্যাচারের সহিত হঙ্গামা করার অপরাধগ্রস্ত হইয়া নিম্নলিখিত ব্যক্তিগণ পলাতক হইয়াছে। তাহাদের প্রত্যেকের গ্রেফ্তারীর জন্য ২০০০৲২০০০৲ দুই দুই সহস্র টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

১। মেঃ ডেনিজ পি. হিলিসাহেব সুপ্রেণ্টেণ্ডেণ্ট জানবে মেঃ মেসার্স মোরেল সাহেব, অল্পবয়স পাতলা চুল এবং পরিষ্কার বর্ণ।

২। দুর্গাচরণ সাহা সেরেস্তাদার পেঃ রামগোবিন্দ সাহা সাকিন ইন্দুরকাণী জবরুআমলা থানা টগরা জিলা বাকরগঞ্জ বয়স আন্দাজ ৩০। ৩৫ বৎসর কালবর্ণ স্থূলাকার। জানবে উক্ত সাহেবান্।

৩। রাজকিশোর বসু পেস্কার পেঃ রামদুলভ বসু সাং গাণ্ডতা থানা কেওয়ারী জিলা বাকরগঞ্জ বয়স আন্দাজ ৪০ বৎসর সুন্দর মনুষ্য মোটাকদ জানবে উক্ত সাহেবান্।

এই ব্যক্তিগণকে যে কেহ গ্রেফ্তার করিয়া দিবেক কিম্বা এমত সম্বাদ দিবেক যে তাহাতে এই ব্যক্তিগণ গ্রেফ্তার হয় সে উপরের লিখিতমত পুরস্কার পাইবেক।

শ্রীবঙ্কীমচন্দ্র চাটুর্য্যা। ডেপুটী মাজিষ্ট্রেট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN HUTCHISON FERGUSSON, an Insolvent.

On Tuesday, the 8th day of April instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Company's Rupees 1291-12-7 in his hands pay a dividend at the rate of Company's Rupees 5 per cent. (which will amount to the sum of Company's Rupees 1,150,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 25th April, 1862.

কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জান হচিনসন ফরগসন সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান আপ্রিল মাসের ৮ তারিখ মঙ্গলবারে যে দরখাস্ত করেন তাহাতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৯ আপ্রিল।]

সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১,২৯১৮৭ টাকা আছে তাহাহইতে তিনি প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৫৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১১৫০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৫ আপ্রিল।

In the matter of GEORGE MAY and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the third day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the first day of September 1860, until the thirty-first day of March 1862, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor of other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 25th April, 1862.

যোত্রহীন জার্জ মে সাহেবের ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয় পুনশ্চ শুনিবার জন্যে আগামি মে মাসের ৩ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬০ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি বর্ত্তমান ১৮৬২ সালের মার্চ মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কাকরেন। সরকারি আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাত ১৮৬২ সাল ২৫ আপ্রিল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।
রিশীবর আফিশ।
ইজারা।

আশুতোষ দেদিগর — বাদী।
রাজকুমারী দাসীদিগর — প্রতিবাদিনীগণ।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ৩০ এপরেল বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিশীবর শ্রীযুত চারলস সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে মৃত কৃষ্ণানন্দ বিশ্বাসের ইষ্টেটের বন্ধ জেলা চব্বিশপরগনার শামিল নীচের লিখিত মৌজাজাতের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে রিশীবর আফিশে উপস্থিত হইবেন।

পরগনে কলিকাতা মহল মদরসার অন্তঃপাতি তরফ হাদিয়ার মৌজে নিজ হাদিয়া ও মৌজে খেয়াদহ।

ঐ পরগনার মহল শ্রীবাটীর অন্তঃপাতি মৌজে কুমার পুকুরিয়া।

উক্ত রিশীবর ঐ দিবসে বেলা তিনটার সময় বড়বাজারের মেট পরিবারের বিগ্রহ ৺ রাধাকান্তজিউ ঠাকুরের ইষ্টেটের দরুণ জেলা ২৪ পরগনার অন্তঃপাতি উল্টাডিঙ্গার বাগানের ইজারার ডাক লইবেন।

আর২ বৃত্তান্ত রিশীবর আফিশে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌস রিশিবর আফিশ।

তারিখ ২৫ মার্চ ১৮৬২ সাল।

NOTICE.

Tradesmen and others having claims against His Highness the Nawab Nazim of Bengal, under orders issued by His Highness's late Dewan, Rajah Prosunnonarain Deb, are requested to forward their claims with Vouchers to the undersigned for settlement, claims not sent in within 3 weeks from to-day will not be recognized.

REMFRY AND ROGERS, *Solicitors for His Highness.*

4, Fancy Lane, Calcutta, 22nd April, 1862.

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত নওয়াব নাজিমের সাবেক দেওয়ান রাজা প্রসন্ননারায়ণ দেবের আজ্ঞাক্রমে কার্য্য করত যে সকল সওদাগরপ্রভৃতির উক্ত নওয়াবের উপর কোন দাওয়া থাকে, তাহারদিগকে আদেশ হইতেছে যে তাহারা আপনারদের দাওয়ার পত্র ও বৌচর নীচের লিখিত সাহেবের নিকট পাঠান। অদ্যাবধি তিন সপ্তাহের মধ্যে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না।

রেমফ্রি ও রাজর্স। শ্রীযুক্ত নবাব নাজিমের উকীল।

ফান্সিলেন। কলিকাতা। ১৮৬২ সাল ২২ আপ্রিল।

[*Government Gazette, 29th April,* 1862.]

NOTICE.

Whereas it is rumoured in the Bazar, I have a share or interest in the Insurance business carried on in the name, style and firm of Chuttersing Doogur, and also in the name of Chunderkanto Hazaree-mull, I hereby give notice to the public, that I have no interest or share in either of the said Insurance business, business so carried on in the said names of Chuttersing Doogur and Chunderkanto Hazaree-mull.

DHUNPUT SING DOOGUR.

বিজ্ঞাপন।

ছত্রসিংহ দুগর ও চন্দ্রকান্ত হাজারিমল এই দুই ব্যক্তির নামে যে ইনসুরান্সের কর্ম্ম চালান যাইতেছে তাহাতে আমারও সম্পর্ক আছে এমন বাজারু গল্প শুনিতে পাইয়া, আমি ইহাতে সর্ব্বসাধারণ লোককে জানাইতেছি যে উক্ত ছত্রসিংহ দুগর ও চন্দ্রকান্ত হাজারিমলের নামে যে ইনসুরান্স কার্য্য চলিতেছে তাহাতে আমার সম্পর্ক কি অংশ নাই।

ধনপত সিংহ দুগর।

শস্তা দরে আইন বিক্রয়।

১৮৬০ সালের দণ্ড বিধান নামক ৪৫ আইন অর্থাৎ পেনাল কোর্ট মূল্য ১৲

১৮৬১ সালের ৫ ও ২৫ আইন এবং সরক্যুলর অর্ডরসম্বলিত মূল্য ১৲

গ্রাহকদিগের প্রতি বিজ্ঞাপন করিতেছি যে উক্ত আইন ৫ কাপী লইলে কমিস্যন বাদ পাইতে পারিবেন।

শ্রীনৃত্যলাল শীল।

কলিকাতা বটতলা ২৪৬ নং পুস্তকালয়।

বিজ্ঞাপন।

(ফৌজদারী পাইড) অর্থাৎ হাল ২৫ ও ৪৫ আইন সহ ১৭৯৩ সালহইতে ১৮৬২ সালপর্য্যন্ত রদ ব্যতীত সমুদয় ফৌজদারী ও আবকারী, পোষ্টআপীসের, রেইলওয়ের ও রাস্তার, নগরের টাক্স, পুস্তক সত্য রক্ষা বিষয়ক আইন ও ১৮৬১ সালের ২৫ আইনমতে যে২ সরক্যুলর ও গবর্ণমেণ্টের বিজ্ঞাপন ও ফারম হইয়াছে তাহা ও আরো আবশ্যকী সরক্যুলর আদি একত্রে সংগ্রহ হইয়া উত্তম কাগজ, কালী, অক্ষরে মুদ্রাঙ্কন হইতেছে গবর্ণমেণ্টে রেজিষ্টরী করাইয়া উত্তমরূপে জেল্‌দ অর্থাৎ বান্দাই হইয়া অতি অবায় প্রকাশ হইবে মূল্য স্বাক্ষরকারির জন্যে ৬৲ টাকা ও বিনাস্বাক্ষর কারির পক্ষে ৮৲ টাকা ধার্য্য করা হইয়াছে গ্রাহকগণ স্বয় নাম ধাম লিখিয়া পত্র পাঠাইলে পাইতে পারিবেন ইতি।

শ্রীদ্বারকানাথ বন্দ্যোপাধ্যায়।

জিলা হুগলির জাহানাবাদের আবকারীর দারোগা

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্ট সহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন নির্ঘণ্ট সহ উক্ত যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পূর্ব্বোক্ত দণ্ডবিধির আইন যে স্থলে যেরূপে খাটে ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্য যেরূপে করিতে হইবে তাহা এই আইনেতে ব্যক্ত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের ও থাকর কোম্পানির পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৯ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1188. ১১৮৮) (৩২৯)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 6, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ৬ মে।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 17th April 1862, and is hereby promulgated for general information :—

ACT No. X. OF 1862.

An Act to consolidate and amend the Law relating to Stamp Duties.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to Stamp Duties; It is enacted as follows:—

[Repeal of Laws.]

I. From the time when this Act shall come into force, Regulation XII. 1830 of the Bombay Code (*for modifying the rule provided in Clause first, Section III., Regulation IV., 1827, for valuing lands in Civil actions*), Act XXXVI. of 1860 (*to consolidate and amend the law relating to Stamp Duties*) Act XL. of 1860 (*to amend Act XXXVI. of* 1860), and Act LI. of 1860 (*further to amend Act XXXVI. of* 1860), are repealed, except in so far as they rescind other Acts or Regulations or parts of other Acts or Regulations, and except as regards Deeds, Instruments, or Writings which shall have been made or executed, and all proceedings or matters which shall have taken place before this Act shall come into force. In respect of any such Deed, Instrument, or Writing, the provisions of the Acts and Regulations which were in force at the time such Deed, Instrument, or Writing shall have been made or executed, or such proceeding or matter shall have taken place, shall be applicable in the same manner as if this Act had not been passed.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক কৌন্‌সেল।

হজুর কৌন্‌সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর্‌ জেনরল বাহাদুরের নিম্ন লিখিত আইন বিষয়ে শ্রীলশ্রীযুক্ত গবর্ণর্‌ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ১৭ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ১০ আইন।

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

[হেতুবাদ।

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। এই আইন প্রচলিত হইবার কালাবধি বোম্বাই দেশের চলিত ১৮৩০ সালের ১২ আইন (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমায় ভূমির মূল্য নিরূপণের যে বিধি ১৮২৭ সালের ৪ আইনের ৩ ধারার প্রথম প্রকরণে নির্দ্দিষ্ট হয় তাহা মতান্তর করিবার আইন) ও ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধনার্থ ১৮৬০ সালের ৩৬ আইন, ও ১৮৬০ সালের ৩৬ আইন সংশোধনার্থ ১৮৬০ সালের ৪০ আইন, ও ১৮৬০ সালের ৩৬ আইন অধিক সংশোধনার্থ ১৮৬০ সালের ৫১ আইন রহিত হইল। কিন্তু সেই২ আইনের যে২ কথা দ্বারা অন্য২ আইন কি আক্‌ট কিম্বা অন্য আইনের কি আক্‌টের কোন অংশ রহিত হয়, সেই২ কথা প্রবল থাকিবে, ও এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে সকল দলীল কি পত্র কি লিপি করা গিয়াছে কি সিদ্ধ হইয়াছে ও যে সকল কার্য্য কি বিষয় হইয়াছে তৎসম্পর্কে উক্ত আইন প্রবল থাকিবে। ও সেই দলীল কি পত্র কি লিপি করা যাইবার কি সিদ্ধ হইবার সময়ে, কিম্বা সেই কার্য্য কি বিষয় হইবার সময়ে যে আইন ও ব্যবস্থা চলন ছিল, তাহার বিধান ঐ দলীল কি পত্র কি লিপি সম্পর্কে এই আইন প্রচলিত না হইবার মত খাটিবে ইতি।

[Stamp Duty payable under Schedule A.]

II. For every Deed, Instrument, or Writing which shall be executed from the time when this Act shall come into force, and which shall be of any of the kinds specified as requiring Stamps by the Schedule A annexed to this Act, there shall be payable to Government a Stamp Duty of the amount indicated in the said Schedule to be proper for such Deed, Instrument, or Writing.

[Penalty for drawing, &c., unstamped or insufficiently stamped Bill of Exchange, &c.]

III. If any person shall draw, or, except as provided in Section XXIV. of this Act, shall accept, endorse, negotiate, pay, or receive payment of any Bill of Exchange, Promissory Note, Draft, Cheque, or other similar Instrument, or if any person shall make, execute, sign, or be a party to any Deed, Instrument, or other Writing, engrossed on unstamped or insufficiently stamped paper or other material, which should bear a Stamp of the value set forth in Schedule A annexed to this Act, every such person, so offending, shall (unless in any case in which a higher penalty is imposed by this Act) forfeit a sum not exceeding one hundred Rupees, or a sum equal to ten times the value of the Stamp omitted to be used, if the sum so calculated exceed one hundred Rupees.

[Governor General in Council to prescribe the form, &c., of Stamps to be used.]

IV. The Governor General of India in Council shall prescribe the form, size, and material of the Stamps to be used, and the mode and place of impressing, affixing, or denoting thereupon the value of the same under the provisions of this Act, and may from time to time alter and vary the orders which he may so issue. The orders made by the Governor General of India in Council under this Section shall be published in the Official *Gazettes* of the several Presidencies and places in which such orders are to be in force.

[Receipt Stamps how to be denoted.]

V. The Duty imposed by this Act on Receipts and Drafts or Orders for the payment of money on demand, and bearing the date on which the Draft or Order is made, may be denoted by an adhesive Stamp affixed to the paper upon which such Instrument is written.

[Adhesive Stamps may be used for transfers of shares of Banking Corporations, &c.]

VI. The Duty chargeable on the transfer of any

[A চিহ্নিত তফসীলমতের ইষ্টাম্পের মামুলের কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার কালাবধি যে কোন দলীল কি পত্র কি লিপি করা যায়, তাহা এই আইনের A চিহ্নিত তফসীলে ইষ্টাম্পের যোগ্য বলিয়া নির্দ্দিষ্ট থাকিলে, তাহার ইষ্টাম্পের যত মামুল উপযুক্ত বলিয়া ঐ তফসীলে নির্দ্দিষ্ট হয় ঐ দলীলের কি পত্রের কি লিপির উপর তত মামুল গবর্ণমেণ্টে দিতে হইবেক ইতি।

[ইষ্টাম্পবিনা কি অনুপযুক্ত ইষ্টাম্প দিয়া হুণ্ডীপ্রভৃতি লিখিবার দণ্ডের কথা।]

৩ ধারা। এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্ধারিত মূল্যের ইষ্টাম্প যাহাতে দিতে হয় এমত কোন বিল অফ এক্সচেঞ্জ অথবা প্রমিসরি নোট (অর্থাৎ অঙ্গীকারপত্র) অথবা দ্রাফ্‌ট কি চ্যাক কি তদ্রূপ অন্য পত্র যদি কোন ব্যক্তি ইষ্টাম্পবিনা কি ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে কি অন্য দ্রব্যেতে লেখেন, কিম্বা এই আইনের ২৪ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন অন্য স্থলে, ইষ্টাম্পবিনা কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প করা কাগজাদিতে লেখা উক্ত বিলপ্রভৃতি যদি কেহ গ্রহণ করেন কি ইণ্ডার্স করেন (অর্থাৎ পৃষ্ঠে স্বাক্ষর করেন) কি বিক্রয়াদি করেন কি তাহার টাকা দেন কি গ্রহণ করেন, কিম্বা যাহা এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্ধারিত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হয় এমত কোন দলীল কি পত্র কি লিপি যদি কোন ব্যক্তি ইষ্টাম্পবিনা কি ন্যূন মূল্যের ইষ্টাম্পকরা কাগজে কি অন্য দ্রব্যেতে লেখেন কিম্বা তদ্রূপ দলীল যদি কেহ সিদ্ধ করেন কি তাহাতে স্বাক্ষর করেন কি তাহার এক পক্ষ হন, তবে উক্ত প্রকারের অপরাধি প্রত্যেক ব্যক্তির এক শত টাকার অনধিক দণ্ড হইবে, কিম্বা উপযুক্ত ইষ্টাম্পের ন্যূন যত দেওয়া হইয়াছে তাহার দশগুণ যদি এক শত টাকার অধিক হয় তবে সেই দশগুণের অর্থদণ্ড হইবে। যদি কোন স্থলে এই আইনেতে ততোধিক অর্থদণ্ড ধার্য্য হয়, তবে তাঁহার সেই অধিক দণ্ড দিতে হইবেক ইতি।

[যে প্রকারের ইষ্টাম্পপ্রভৃতি ব্যবহার হইবেক তাহা হজুর কৌন্‌সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের নির্দ্ধারণ করিবার কথা।]

৪ ধারা। এই আইনের বিধানমতে যে ইষ্টাম্পের ব্যবহার হইবেক, তাহার আকার ও পরিমাণ ও তাহা যে দ্রব্যেতে নির্ম্মিত হইবেক ও প্রত্যেক ইষ্টাম্পের মূল্য যে প্রকারে যে স্থানে মুদ্রাঙ্কিত হইবে কি বসান যাইবে কি চিহ্নিত থাকিবে, তাহা হজুর কৌন্‌সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর নির্দ্ধারিত করিবেন। ও তদ্বিষয়ের যে আজ্ঞা করেন তাহা সময়ে২ পরিবর্ত্তন ও মতান্তর করিতে পারিবেন। এই ধারাক্রমে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্‌সেলে যে সকল আজ্ঞা করেন, তাহা যে২ প্রসীডেন্সীতে কি স্থানে প্রচল হইবে তথাকার সরকারী গেজেটে প্রকাশ হইবে ইতি।

[রসীদের ইষ্টাম্প যেরূপে চিহ্নিত থাকিবে তাহার কথা।]

৫ ধারা। টাকার রসীদের, কিম্বা দ্রাফ্‌ট কি আর্ডর (অর্থাৎ আজ্ঞাপত্র), যে দিনে দেওয়া যায় সেই দিনের তারিখ যাহাতে লেখা থাকে, এমত খাড়া দ্রাফ্‌টের কি আর্ডরের যে মামুল এই আইনক্রমে নির্দ্ধারিত হয় তাহার চিহ্ন, ঐ দলীল যে কাগজে লেখা থাকে সেই কাগজে বসান আটাল ইষ্টাম্পদ্বারা প্রকাশ হইতে পারিবে ইতি।

[ব্যাঙ্কপ্রভৃতি চার্টরপ্রাপ্ত সমাজের শ্যার হস্তান্তর করণপত্রে আটাল ইষ্টাম্প দিতে পারিবার কথা।]

৬ ধারা। ব্যাঙ্কের কর্ম্মকারি কোন চার্টরপ্রাপ্ত সমাজ

share of any Banking Corporation or Joint Stock Company, which by any law applicable to such Corporation or Company can be effected by simple endorsement, may be denoted by an adhesive Stamp affixed thereto.

[Governor General in Council may authorize the use of adhesive Stamps for other Deeds, &c.]

VII. It shall be lawful for the Governor General of India in Council, by an order to be published in the Official *Gazette*, to authorize the use in the whole or in any part of the British Territories in India to be mentioned in such order, of adhesive Stamps for any Deeds, Instruments, or Writings required to bear a Stamp other than the Instruments mentioned in the last two preceding Sections.

[Obliteration of adhesive Stamp when used.]

VIII. In any case where an adhesive Stamp shall be used as hereinbefore authorized, the person making the Deed, Instrument, or Writing to which such Stamp is affixed, shall, before the Deed, Instrument, or Writing shall be delivered out of his hands, custody, or power, cancel the Stamp so used, by writing thereon his name or the initial letters of his name, or in such other manner as to show that such Stamp has been made use of, and so that the same shall not admit of being used again; and if any person who shall write or give any Receipt or discharge or make or sign any Draft or Order, or any other Deed, Instrument, or Writing with an adhesive Stamp thereon when an adhesive Stamp is allowed to be used, shall not *bonâ fide* in manner aforesaid cancel such Stamp, he shall forfeit a sum not exceeding one hundred Rupees.

[Stamps on Bills of Exchange, &c.]

IX. The Duty imposed by this Act on Foreign Bills of Exchange shall be paid on account of all Bills drawn within but payable out of the British Territories in India, and on account of all Bills drawn out of the British Territories in India, which shall be accepted, endorsed, transferred, paid, or otherwise negotiated within those Territories wheresoever the same may be payable; and the duty so imposed on Bills drawn out of the British Territories in India, may be denoted by adhesive Stamps to be affixed to such Bills as hereinafter directed.

[Bills purporting to be drawn abroad deemed for the purposes of this Act to be so drawn.]

X. Every Bill of Exchange which shall purport to be drawn at any place out of the British Territories in India shall, for all the purposes of this Act, be deemed to be a Foreign Bill of Exchange drawn out of the British Territories in India, and shall be chargeable with Stamp Duty

কি জাইণ্টষ্টাক কোম্পানিসম্পর্কীয় কোন আইনক্রমে যদি তাহার শারনিদর্শক পত্রের পৃষ্ঠে স্বাক্ষর করণদ্বারা তাহা হস্তান্তর করা যাইতে পারে, তবে তাহা হস্তান্তর করণের যে মাসুল লাগে সেই মাসুলের আটাল ইষ্টাম্প বসান যাইতে পারিবে ইতি।

[অন্য২ দলীলপ্রভৃতিতে আটাল ইষ্টাম্প বসাইবার অনুমতি দিতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা।]

৭ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সরকারী গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক এই অনুমতি দিতে পারিবেন যে ভারতবর্ষে ব্রিটনীয় সমস্ত দেশে কিম্বা ঐ অনুজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট কোন২ দেশে ইহার পূর্ব্বের দুই ধারার লিখিত দলীলভিন্ন অন্য যে কোন দলীলে কি পত্রে কি লিপিতে ইষ্টাম্প বসাইতে হইবেক তাহাতে আটাল ইষ্টাম্প বসান যায় ইতি।

[আটাল ইষ্টাম্প বসান গেলে তাহার লিখিত অক্ষর কাটিয়া দিবার কথা।]

৮ ধারা। পূর্ব্ব লিখিত যে কোন স্থলে আটাল ইষ্টাম্প বসাইবার অনুমতি হয় সেই স্থলে, ঐ আটাল ইষ্টাম্প যাহাতে বসান যায় এমত দলীল কি পত্র কি লিপি যিনি করেন, তিনি ঐ দলীল কি পত্র কি লিপি আপনার হস্ত কি জিম্মা কি ক্ষমতাহইতে হস্তান্তর করিবার পূর্ব্বে, সেই ইষ্টাম্পের উপর আপনার নাম কি আপন নামের আদ্যক্ষর লিখিবেন, কিম্বা ঐ ইষ্টাম্প ব্যবহার হইয়াছে ইহা দর্শাইবার ও তাহা পুনশ্চ ব্যবহার হইতে না পারিবার উপযুক্ত অন্য কোন প্রকারে ঐ ইষ্টাম্প অকর্ম্মণ্য করিবেন। ও কোন ব্যক্তি কোন রসীদ কি ফারখৎ লিখিলে কি দিলে, কিম্বা কোন ড্রাফ্‌ট কি আর্ডর লিখিলে কি স্বাক্ষর করিলে, কিম্বা যাহাতে আটাল ইষ্টাম্প ব্যবহার করিবার অনুমতি হয় এমত অন্য কোন দলীল কি পত্র কি লিপি করিয়া তাহাতে আটাল ইষ্টাম্প দিলে যদি পূর্ব্বোক্তমতে সেই ইষ্টাম্প প্রকৃতরূপে অকর্ম্মণ্য না করেন, তবে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[বিল অফ এক্সচেঞ্জ প্রভৃতির ইষ্টাম্পের কথা।]

৯ ধারা। বিদেশীয় বিল অফ এক্সচেঞ্জের যে মাসুল এই আইনক্রমে ধার্য্য হইয়াছে, সেই মাসুল ভারতবর্ষে ব্রিটনীয় দেশের অন্তর্গত স্থানে লিখিত যে বিলের টাকা ঐ দেশের বহির্ভূত স্থানে দেওয়া যাইবে, তাহার উপরও লাগিবে, ও ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের বহির্ভূত স্থানে যে বিল লেখা যায় তাহার টাকা যে কোন স্থানে প্রাপ্য হয়, যদি উক্ত দেশের অন্তর্গত স্থানে তাহা স্বীকার কি ইণ্ডার্স হয় কি হস্তান্তর করা যায় কি তাহার টাকা দেওয়া যায় কি প্রকারান্তরে বিক্রয়াদি হয়, তবে তাহার উপরও সেই মাসুল লাগিবে। ও ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের বহির্ভূত কোন স্থানে লিখিত বিলের উপর যে মাসুল উক্ত প্রকারে ধার্য্য হয়, সেই মাসুলের আটাল ইষ্টাম্প পশ্চাৎ লিখিত আজ্ঞামতে সেই বিলে বসান যাইতে পারিবে ইতি।

[বিদেশের লিখিত বিলের মত যাহা দৃষ্ট হয়, তাহা এই আইনের কার্য্যহেতুক বিদেশ লিখিত বিলস্বরূপ জ্ঞান হওয়ার কথা।]

১০ ধারা। যে প্রত্যেক বিল অফ এক্সচেঞ্জের মর্ম্মদ্বারা বোধ হয় যে, তাহা ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের বহির্ভূত কোন স্থানে লেখা হইয়াছে, তাহা এই আইনের অভিপ্রায়ার্থে ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের বহির্ভূত স্থানের লিখিত বিদেশীয় বিল অফ এক্সচেঞ্জস্বরূপ জ্ঞান হইবে। ও যদিও প্রকৃতপ্রস্তাবে তাহা উক্ত দেশের মধ্যে লেখা

accordingly, notwithstanding that in fact the same shall have been drawn within those Territories.

[The holder of a Bill drawn out of the British Territory to affix an adhesive Stamp thereon before negotiating it. Penalty for negotiating such Bill without a Stamp affixed or for neglecting to cancel such Stamp.]

XI. The holder of any Bill of Exchange drawn out of the British Territories in India, and not having a proper Stamp affixed thereon as herein directed, whether the same be a single Bill or one of a set of two or more Bills, shall, before he shall present the same for acceptance or for payment, or endorse, transfer, or in any manner negotiate such Bill, affix thereto a proper adhesive Stamp for denoting the Duty by this Act charged on the amount of such Bill when drawn singly, and the person who shall present such Bill for acceptance or payment, or who shall endorse, transfer, or in any manner negotiate such Bill, shall, before he shall deliver the same out of his hands, custody, or power, cancel the Stamp so affixed by writing across the Bill as his endorsement his name or the name of his firm and the date of the day and year on which he shall so write the same, or by affixing thereon or across the same the seal or mark which he is in the habit of using, or in such manner as to show that the Stamp has been made use of, and so that the same shall not admit of being used again; and if any person shall present for acceptance or for payment, or shall accept, pay, or endorse, transfer, or in any manner negotiate any such Bill as aforesaid, whereon there shall not be such adhesive Stamp as aforesaid, duly affixed, or if any person, who ought as directed by this Act to cancel such Stamp in manner aforesaid, shall refuse or neglect so to do, every such person so offending in any such case shall be liable to the penalty prescribed in Section III. of this Act; and no person who shall take or receive from any other person any such Bill as aforesaid either in payment or as a security, or by purchase or otherwise, shall be entitled to recover thereon, or to make the same available for any purpose whatever, unless at the time when he shall so take or receive such Bill, there shall be such Stamp as aforesaid affixed thereto and cancelled in the manner thereby directed.

[Penalty for drawing Bills purporting to be drawn in a set of two or more and not drawing the whole number of the set.]

XII. If any person shall, within the British Territories in India, draw any Bill of Exchange, purporting to be drawn in a set of two or more, and shall not draw at the same time on paper duly stamped as required by this Act the whole number of Bills of which such Bill purports the set to

গিয়া থাকে, তথাপি তাহার উপর বিদেশীয় বিলের ইষ্টাম্পের মাসুল লাগিবে ইতি।

[ব্রিটনীয় দেশের বহির্ভূত স্থানে লিখিত বিল যাঁহার নিকটে থাকে তাঁহার তাহা বিক্রয়াদি করণের পূর্ব্বে আটাল ইষ্টাম্প বসাইবার কথা, ও ইষ্টাম্প না বসাইয়া কিম্বা সেই ইষ্টাম্প অকর্ম্মণ্য না করিয়া ঐ বিল বিক্রয়াদি করণের দণ্ডের কথা।]

১১ ধারা। ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের বহির্ভূত স্থানে লিখিত যে বিল অফ এক্সচেঞ্জ এই আইনের আজ্ঞাক্রমে উপযুক্ত ইষ্টাম্প বসান না থাকে, সেই বিল একি হউক, কিম্বা দুই কি ততোধিক কেতার মধ্যে এক হউক, এমত কোন বিল যে ব্যক্তির নিকটে থাকে তিনি তাহা স্বীকার হইবার জন্যে কি তাহার টাকা আদায়ের জন্যে উপস্থিত কি ইণ্ডার্স কি হস্তান্তর কিম্বা কোন প্রকারে বিক্রয়াদি করণের পূর্ব্বে, তাহাতে উপযুক্ত আটাল ইষ্টাম্প বসাইবেন, অর্থাৎ সেই বিলের এক কেতামাত্র হইলে, তাহা যত টাকার হয় তত টাকার উপর এই আইনমতে যত মাসুল ধার্য্য হইয়াছে, সেই মাসুলের উপযুক্ত ইষ্টাম্প বসাইবেন। ও যে ব্যক্তি সেই বিল স্বীকার হইবার জন্যে কি তাহার টাকা আদায়ের জন্যে উপস্থিত করেন, কি ইণ্ডার্স কি হস্তান্তর কিম্বা কোন প্রকারে বিক্রয়াদি করেন, তিনি আপনার হস্ত কি জিম্মা কি ক্ষমতা হইতে ঐ বিল হস্তান্তর করণের পূর্ব্বে, আপনার ইণ্ডার্সের লিখনস্বরূপে, ঐ বিলের আড়ে আপন নাম কি আপন কুঠির নাম লিখিয়া, ও যে সালের যে মাসের যে তারিখে তাহা লেখেন সেই সাল ও মাস ও তারিখ লিখিয়া, অথবা যে মোহর কি চিহ্ন ব্যবহার করিয়া থাকেন তাহা তাহাতে কি তাহার আড়ে ছাপাইয়া, উক্ত আটাল ইষ্টাম্প অকর্ম্মণ্য করিবেন, কিম্বা সেই ইষ্টাম্প ব্যবহার হইয়াছে ইহা যাহাতে দৃষ্ট হয় ও সেই ইষ্টাম্প যাহাতে পুনরায় ব্যবহার হইতে না পারে, এমতে তাহা অকর্ম্মণ্য করিবেন। ও পূর্ব্বোক্তমতের আটাল ইষ্টাম্প যাহাতে বসান না থাকে পূর্ব্বোক্ত এমত কোন বিল যদি কোন ব্যক্তি স্বীকার হইবার কি তাহার টাকা আদায়ের জন্যে উপস্থিত করেন, কি স্বীকার করেন কি তাহার টাকা দেন কি ইণ্ডার্স কি হস্তান্তর কিম্বা কোন প্রকারে বিক্রয়াদি করেন, কিম্বা এই আইনের আজ্ঞাক্রমে যে ব্যক্তির পূর্ব্বোক্তমতের ঐ ইষ্টাম্প অকর্ম্মণ্য করা কর্ত্তব্য তিনি যদি তাহা করিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, তবে তদ্রূপ কোন স্থলের অপরাধি প্রত্যেক ব্যক্তি এই আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের যোগ্য হইবেন। ও যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতের কোন বিল টাকার পরিশোধে কি প্রতিভূস্বরূপে কিম্বা ক্রয় করিয়া কি প্রকারান্তরে অন্য কোন ব্যক্তির স্থানে লন কি গ্রহণ করেন, ও তাহা গ্রহণের কি লওনের সময়ে যদি তাহাতে পূর্ব্বোক্তমতের ইষ্টাম্প বসান না থাকে ও সেই ইষ্টাম্প পূর্ব্বের নির্দ্দিষ্টমতে অকর্ম্মণ্য না করা যায়, তবে সেই ব্যক্তির ঐ বিলের টাকা প্রাপণের অধিকার থাকিবে না, ও তিনি কোন কার্য্যের নিমিত্তে সেই বিল ব্যবহার করিতে পারিবেন না ইতি।

[যে বিলের তিন কেতা লেখা হইবার ভাব বোধ হয় তাহার সেই তিন কেতা লেখা না গেলে তাহার দণ্ডের কথা।]

১২ ধারা। যে বিল অফ এক্সচেঞ্জের মর্ম্মদ্বারা বোধ হয় যে তাহার দুই কি ততোধিক কেতা লেখা গেল, এমত কোন বিল যদি ভারতবর্ষ ও ব্রিটনীয় দেশের অন্তর্গত স্থানে কোন ব্যক্তি লেখেন, কিন্তু ঐ বিলের মর্ম্মদ্বারা যত কেতা লেখা হওয়া বোধ হয় ততই কেতা যদি এই আইনের নির্দ্দিষ্ট উপযুক্ত মূল্যের ইষ্টাম্পকরা কাগজে

consist, he shall forfeit a sum not exceeding one thousand Rupees.

[Penalty for drawing, &c., post-dated Bills of Exchange.]

XIII. If any person, in order to avoid the payment of the duty prescribed by Schedule A annexed to this Act, shall make or draw any Bill of Exchange bearing a date subsequent to the date on which such Bill is actually made or drawn, or if any person, knowing that such Bill has been so post-dated, shall take or receive such Bill, or shall accept, pay, endorse, transfer, or in any manner negotiate the same, every such person so offending shall forfeit a sum not exceeding five hundred Rupees.

[Effect of a Writing not duly stamped. Proviso.]

XIV. Except as otherwise provided by this Act, no Deed, Instrument, or Writing, for which any Duty shall be payable under Section II. of this Act, shall be received as creating, transferring, or extinguishing any right or obligation, or as evidence in any Civil proceeding in any Court of Justice, whether established by Royal Charter or otherwise, or shall be acted upon in any such Court or by any Public Officer, or shall be registered in any public Office or authenticated by any public Officer, unless such Deed, Instrument, or Writing be upon a Stamp, or when an adhesive Stamp shall be allowed to be used, shall bear a Stamp of a value not less than that indicated to be proper for it by the Schedule A annexed to this Act. Provided that every Deed, Instrument, or Writing liable to Stamp Duty, shall be admitted as evidence in any Criminal proceeding, although it may not have the Stamp required by this Act impressed thereon or affixed thereto.

[Deeds inadvertently executed on paper not bearing proper Stamp may be duly stamped on payment of proper Stamp Duty and penalty if brought to the Collector within six weeks. Remission of penalty.]

XV. *Clause* 1.—If any Deed, Instrument, or Writing requiring to be stamped under Section II. of this Act, shall have been executed on paper not bearing the proper Stamp, the Collector of Stamp Revenue of the District, if satisfied that the omission or neglect to execute such Deed, Instrument, or Writing on paper bearing the proper Stamp did not arise from any intention to evade payment of the Stamp Duty prescribed by this Act for such Deed, Instrument, or Writing, or otherwise to defraud the Government, may, on payment of the proper Stamp Duty, or if the Deed, Instrument, or Writing shall be insufficiently stamped on payment of such sum as with the amount of the Stamp upon such Deed, Instrument, or Writing, shall suffice to complete the prescribed amount and, as

তৎকালে না লেখেন, তবে তাঁহার এক হাজার টাকার অনধিক অর্থদণ্ড হইবেক ইতি।

[বিল অফ এক্সচেঞ্জ যে তারিখে লেখা যায় তাহার পশ্চাৎ দিনের তারিখ দিবার দণ্ডের কথা।]

১৩ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট মাসুল না দিবার অভিপ্রায়ে, কোন বিল অফ এক্সচেঞ্জ যে তারিখে করা কি লেখা গিয়াছিল তাহার পশ্চাৎ কোন দিনের তারিখ তাহাতে দেন, কিম্বা ঐ বিলেতে পশ্চাৎ কোন দিনের তারিখ দেওয়া গিয়াছে জানিয়া যদি কোন ব্যক্তি সেই বিল লন কি গ্রহণ করেন, কিম্বা স্বীকার করেন কি তাহার টাকা দেন কি তাহা ইণ্ডার্স কি হস্তান্তর কি কোন মতে বিক্রয়াদি করেন, তবে তদ্রূপ অপরাধি প্রত্যেক ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবেক ইতি।

[লিপিতে অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প থাকিলে তাহার ফলের কথা ও বর্জ্জিত কথা।]

১৪ ধারা। এই আইনেতে প্রকারান্তরের বিধান যে স্থলে হইয়াছে সেই স্থলভিন্ন, এই আইনের ২ ধারাক্রমে যে দলীলের কি পত্রের কি লিপির উপর ইষ্টাম্প লাগিতে পারে, সেই দলীলের কি পত্রের কি লিপির যে মূল্যের ইষ্টাম্প এই আইনের পূর্ব্বোক্ত A চিহ্নিত তফসীলে উপযুক্ত বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে তাহার ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে যদি লেখা যায়, কিম্বা তাহাতে আটাল ইষ্টাম্প বসাইবার অনুমতি থাকিলে যদি তাহাতে ন্যূন মূল্যের ইষ্টাম্প বসান যায়, তবে তাহা রাজকীয় চার্টরদ্বারা কি প্রকারান্তরের স্থাপিত কোন আদালতে, কোন দেওয়ানী মোকদ্দমাঘটিত কার্য্যেতে, কোন অধিকার কি নিবন্ধন সৃষ্টি কি হস্তান্তর কি লোপ করণ পত্রের ন্যায়, কিম্বা প্রমাণস্বরূপে, গ্রাহ্য হইবেক না। ও তদ্রূপ কোন আদালত কিম্বা রাজকীয় কোন কার্য্যকারক ঐ দলীলপ্রভৃতির নিয়মানুসারে কার্য্য করাইবেন না, ও তাহা কোন রাজকীয় আফিসে রেজিষ্টর হইবে না, ও রাজকীয় কোন কার্য্যকারকের স্বাক্ষরক্রমে সিদ্ধ করা যাইবে না। কিন্তু যে দলীলের কি পত্রের কি লিপির উপর ইষ্টাম্পের মাসুল ধার্য্য হইয়াছে তাহাতে এই আইনের আজ্ঞামতের ইষ্টাম্প ছাপা কি বসান না গেলেও, সেই দলীলপ্রভৃতি ফৌজদারী মোকদ্দমাঘটিত কোন কার্য্যেতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক ইতি।

[কোন দলীলে অনবধানতাক্রমে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প না দেওয়া গেলে, তাহা ছয় সপ্তাহের মধ্যে কালেক্টর সাহেবের নিকটে আনা গেলে ও ইষ্টাম্পের উপযুক্ত মূল্য ও অর্থদণ্ড দেওয়া গেলে, তাহাতে উপযুক্ত ইষ্টাম্প বসাইবার কথা ও অর্থদণ্ড ক্ষমা হইবার কথা।]

১৫ ধারা। ১ প্রকরণ।—এই আইনের ২ ধারাক্রমে যাহা ইষ্টাম্প কাগজে লিখিতে হয়, এমত কোন দলীল কি পত্র কি লিপি যদি উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা না যায়, তবে সেই দলীলপ্রভৃতি উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার যে ত্রুটি কি চুক হয় তাহা সেই দলীল কি পত্র কি লিপির উপর এই আইনের নির্দ্ধারিত ইষ্টাম্পের মাসুল না দেওয়ার ইচ্ছাতে কিম্বা প্রকারান্তরে গবর্ণমেণ্টের প্রাপ্য হরণ করিবার অভিপ্রায়ে হয় নাই, ইহা যদি জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেব সদ্বোধমতে জানেন, তবে ইষ্টাম্পের উপযুক্ত মূল্যের টাকা দেওয়া গেলে, অথবা সেই দলীল কি পত্র কি লিপি যদি ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা গিয়া থাকে তবে ইষ্টাম্পের যত মূল্য দেওয়া গিয়াছে তাহা বাদ দিয়া অবশিষ্ট মূল্য দেওয়া গেলে, এবং ঐ মূল্য সম্পূর্ণ করিবার জন্যে যত দিতে হয় তাহার দ্বিগুণ দণ্ডস্বরূপে দেওয়া গেলে, কালেক্টর সা-

a penalty, double the amount required to make up the same, direct that such Deed, Instrument, or Writing be duly stamped; provided that such Deed, Instrument, or Writing be presented to such Collector for the purpose of having the proper Stamp affixed to or impressed upon it within six weeks from the date of its execution. If the Collector be satisfied that the omission or neglect to execute such Deed, Instrument, or Writing on paper bearing the proper Stamp arose solely from urgent necessity or unavoidable accident, he may remit the penalty prescribed by this Section.

[Penalty if executed on unstamped or insufficiently stamped paper and brought to be stamped after six weeks of execution but within four months of that date. Penalty if brought after four months.]

Clause 2.—If any Deed, Instrument, or Writing requiring to be stamped under Section II. of this Act, which shall have been executed on unstamped or insufficiently stamped paper, shall be brought to such Collector for the purpose of being properly stamped after six weeks from the date of its execution, but within four months from that date, such Collector, if satisfied that the omission or neglect to execute such Deed, Instrument, or Writing on paper bearing the proper Stamp, did not arise from any intention to evade the payment of the Stamp Duty prescribed by this Act for such Deed, Instrument, or Writing, or otherwise to defraud the Government, may, on payment of a sum sufficient to make up the proper amount of Stamp Duty, and as a penalty treble the amount required to make up the same, direct that the requisite Stamp be impressed on such Deed, Instrument, or Writing; or if such Deed, Instrument, or Writing shall not be brought to such Collector until after the expiration of four months from the date of its execution, the requisite Stamp may be ordered to be impressed on payment of the sum required to make up the proper amount of Stamp Duty, and as a penalty twenty times the amount required to make up the same

[Collector to determine whether, on payment of penalty, a Deed, &c., executed on unstamped or insufficiently stamped paper shall be stamped.]

Clause 3.—It shall be the duty of the Collector of the Stamp Revenue of the District, to determine whether the requisite Stamp shall be impressed on any Deed, Instrument, or Writing falling under the last two preceding Clauses, which shall have been executed on unstamped or insufficiently stamped paper.

[Collector to decide the proper amount of Stamp Duty to be impressed upon any Deed, &c., under this Section.]

Clause 4.—Whenever a doubt shall arise respecting the proper amount of the Stamp to be impressed under this Section on any Deed, Instrument, or Writing, the Collector of Stamp Revenue of the District shall determine the amount of Stamp to be impressed upon such Deed, Instrument, or Writing.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৬ মে।]

হের সেই দলীলে কি পত্রে কি লিপিতে উপযুক্ত ইষ্টাম্প বসাইবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু ইহাতে প্রায়োজন যে সেই দলীল কি পত্র কি লিপি যে তারিখে করা যায় সেই তারিখঅবধি ছয় সপ্তাহের মধ্যে উপযুক্ত ইষ্টাম্প বসাইবার কি ছাপাইবার নিমিত্তে কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত করা যায়। সেই দলীল কি পত্র কি লিপি উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার যে ত্রুটি কি চুক, তাহা অত্যাবশ্যক স্থলে কি অনিবার্য্য কোন ঘটনাপ্রযুক্ত হইয়াছে, অন্য কারণে নয়, ইহা যদি কালেক্টর সাহেব স্বদ্বোধমতে জানিতে পান, তবে তিনি এই ধারার নির্দ্দিষ্ট অর্থদণ্ড ক্ষমা করিতে পারিবেন।

[ইষ্টাম্পবিনা কি ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা হইয়া যদি লিখিবার তারিখঅবধি ছয় সপ্তাহের পরে কিন্তু চারি মাসের মধ্যে আনা যায়, কিম্বা চারি মাসের পরে আনা যায়, তবে তাহার দণ্ডের কথা।]

২ প্রকরণ।—এই আইনের ২ ধারামতে যাহা ইষ্টাম্প কাগজে লিখিতে হয়, এমত কোন দলীল কি পত্র কি লিপি যদি ইষ্টাম্পবিনা কি ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, ও যদি তাহা লিখিবার তারিখঅবধি ছয় সপ্তাহের পরে কিন্তু ঐ তারিখঅবধি চারি মাসের মধ্যে উপযুক্ত ইষ্টাম্প বসাইবার জন্যে উক্ত কালেক্টর সাহেবের নিকটে আনা যায়, তবে ঐ দলীল কি পত্র কি লিপি উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার যে ত্রুটি কি চুক হয় তাহা সেই দলীল কি পত্র কি লিপির উপর এই আইনের নির্দ্ধারিত ইষ্টাম্পের মাসুল না দেওয়ার ইচ্ছাতে, কিম্বা প্রকারান্তরে গবর্ণমেণ্টের প্রাপ্য হরণ করিবার অভিপ্রায়ে হয় নাই, ইহা যদি কালেক্টর সাহেব স্বদ্বোধমতে জানিতে পান, তবে ইষ্টাম্পের মাসুল পূরণার্থ উপযুক্ত টাকা দেওয়া গেলে, ও সেই মাসুল পূরণার্থ উপযুক্ত টাকার তিন গুণ অর্থদণ্ডস্বরূপে দেওয়া গেলে, ঐ কালেক্টর সাহেব সেই দলীলে কি পত্রে কি লিপিতে উপযুক্ত ইষ্টাম্প বসাইবার আজ্ঞা করিতে পারিবেন। সেই দলীল কি পত্র কি লিপি লিখিবার তারিখঅবধি চারি মাস গত হইলেপর, যদি উক্ত কালেক্টর সাহেবের নিকটে আনা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মাসুল পূরণার্থে যত টাকা দিতে হয় তাহা দেওয়া গেলে ও সেই মাসুল পূরণার্থ উপযুক্ত টাকার বিশ গুণ দণ্ডস্বরূপে দেওয়া গেলে, তাহাতে উপযুক্ত ইষ্টাম্প ছাপাইবার আজ্ঞা হইতে পারিবে।

[দণ্ডের টাকা দেওয়া গেলে পর ইষ্টাম্পবিনা কি অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা ঐ দলীলপ্রভৃতিতে ইষ্টাম্প দেওয়া কর্ত্তব্য কি না, ইহা কালেক্টর সাহেবের নির্দ্ধার্য্য করিবার কথা।]

৩ প্রকরণ।—ইহার পূর্ব্ব লিখিত দুই প্রকরণের উল্লিখিত যে দলীল কি পত্র কি লিপি ইষ্টাম্পবিনা কি ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তাহাতে উপযুক্ত ইষ্টাম্প বসাইতে হইবেক কি না, ইহা নির্দ্ধার্য্য করা জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের কর্ত্তব্য কর্ম্ম।

[কোন দলীলপ্রভৃতিতে উপযুক্ত বলিয়া কত টাকার ইষ্টাম্প বসাইতে হইবে তাহা ইহার পূর্ব্বের ধারামতে কালেক্টর সাহেবের নিরূপণ করিবার কথা।]

৪ প্রকরণ।—কোন দলীলে কি পত্রে কি লিপিতে উপযুক্ত বলিয়া কত টাকার ইষ্টাম্প এই ধারামতে বসাইতে হইবেক, এই বিষয়ের যদি কোন সন্দেহ থাকে, তবে সেই দলীলে কি পত্রে কি লিপিতে যে মূল্যের ইষ্টাম্প বসাইতে হইবেক তাহা জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেব নির্দ্ধার্য্য করিবেন।

[Board of Revenue, &c., may in certain cases order the proper Stamp to be impressed.]

Clause 5.—In any case falling within this Section in which it shall appear to the Board of Revenue or the Chief Controlling Revenue Authority that a Collector of Stamp Revenue has directed an improper Stamp to be impressed upon any Deed, Instrument, or Writing, such Board or other authority as aforesaid, may, if the Stamp ordered by the Collector to be impressed upon such Deed, Instrument, or Writing shall not have already been impressed thereupon, order the proper Stamp to be impressed such Deed, Instrument, or Writing upon payment of the proper amount of Stamp Duty and the penalty to which the holder of such Deed, Instrument, or Writing is liable under Clause 1 or Clause 2 of this Section.

[Mitigation or return of penalty under this Section.]

Clause 6.—The Board of Revenue or other Chief Controlling Revenue Authority may, upon petition, order any penalty imposed under this Section to be mitigated, and if paid, may order the whole or any part of it to be returned.

[The Stamp impressed under the preceding Section to be taken to be the proper Stamp.]

XVI. The Stamp which shall be impressed under the last preceding Section, shall be taken in any Court of Justice to be the proper Stamp required by this Act for the Deed, Instrument, or Writing on which the same is impressed.

[In cases falling under Section XV., Civil Courts may receive in evidence unstamped or insufficiently stamped Deeds, on payment of the proper Stamp Duty and penalty.]

XVII. *Clause* 1.—In any case in which a Stamp might be impressed under Section XV. of this Act, a Civil Court may receive in evidence any Deed, Instrument, or Writing not bearing the Stamp prescribed by Schedule A annexed to this Act on payment into Court of the proper amount of Stamp Duty to be determined by the Court, whose decision on the point shall be final, together with the penalty required by the said Section.

[Procedure on payment under preceding Clause.]

Clause 2.—An entry of such payment setting forth the amount thereof shall be made in a book to be kept by the Court, and shall also be endorsed on the back of the Deed, Instrument, or Writing, and shall be signed by the Court. The Court shall, at the end of every month, make a return to the Collector of the Stamp Revenue of the District, of the money (if any) which it has so received, distinguishing between the sums received by way of penalty and the sums received by way of Duty, stating the number and title of the suit,

[কোন২ স্থলে উপযুক্ত ইষ্টাম্প বসাইবার আজ্ঞা করিতে রেবিনিউ বোর্ডপ্রভৃতির ক্ষমতার কথা।]

৫ প্রকরণ।—এই ধারার উল্লিখিত কোন স্থলে যদি রেবিনিউ বোর্ডের সাহেবেরা কিম্বা রাজস্বের তত্ত্বাবধারণকারি প্রধান কার্য্যকারক সাহেব দেখিতে পান, যে ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কোন কালেক্টর সাহেব কোন দলীলে কি পত্রে কি লিপিতে অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প বসাইবার আজ্ঞা করিয়াছেন, তবে সেই ইষ্টাম্প তৎকালপর্য্যন্ত বসান না গেলে, ঐ বোর্ড কি উক্ত অন্য কার্য্যকারক সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে, সেই দলীল কি পত্র কি লিপি যে ব্যক্তির হয়, তিনি ইষ্টাম্পের মামুলের উপযুক্ত টাকা দিলে, ও তাহার এই ধারার প্রথম কি দ্বিতীয় প্রকরণমতে যত দণ্ড দিতে হয় তাহা দিলে পর, সেই দলীলে কি পত্রে কি লিপিতে উপযুক্ত ইষ্টাম্প বসান যায়।

[এই ধারামতের দণ্ড লঘু কি প্রতিদান করিবার কথা।]

৬ প্রকরণ।—রেবিনিউ বোর্ডের নিকটে কি রাজস্বের তত্ত্বাবধারক প্রধান অন্য কার্য্যকারক সাহেবের নিকটে দরখাস্ত হইলে, তাঁহারা কি তিনি এই ধারামতের নির্দ্ধারিত কোন দণ্ড লঘু করিবার আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা যদি সেই দণ্ড দেওয়া গিয়া থাকে, তবে তাহার সমুদয় কি কোন অংশ ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[ইহার পূর্ব্বের ধারামতে যে ইষ্টাম্প বসান যায় তাহাই উপযুক্ত ইষ্টাম্প জ্ঞান হইবার কথা।]

১৬ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে যে ইষ্টাম্প বসান যায় তাহা সকল আদালতে ঐ২ দলীলের কি পত্রের কি লিপির এই আইনের আজ্ঞামতে উপযুক্ত ইষ্টাম্প বলিয়া জ্ঞান হইবে ইতি।

[১৫ ধারার উল্লিখিত স্থলে দেওয়ানী আদালতে ইষ্টাম্পের উপযুক্ত মামুল ও দণ্ড দেওয়া গেলে, ইষ্টাম্পবিনা কি ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা দলীল প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবার কথা।]

১৭ ধারা। ১ প্রকরণ।—এই আইনের ১৫ ধারামতে যে স্থলে ইষ্টাম্প বসান যাইতে পারে, এমত কোন স্থলে কোন দলীল কি পত্র কি লিপি এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্ধারিত মূল্যের ইষ্টাম্প কাগজে না করা গেলেও যদি দেওয়ানী আদালতে উপস্থিত করা যায়, তবে ইষ্টাম্পের উপযুক্ত মামুল ও অর্থদণ্ড উক্ত ধারানুসারে উক্ত আদালতে দেওয়া গেলে, সেই দলীল কি পত্র কি লিপি ঐ আদালতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবেক। ইষ্টাম্পের কত মামুল উপযুক্ত হয় তাহা ঐ আদালত নির্দ্ধার্য্য করিবেন, ও সেই বিষয়ে সেই আদালতের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

[ইহার পূর্ব্বের প্রকরণমতে টাকা দেওয়া গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২ প্রকরণ।—উক্ত প্রকারের টাকা যে দেওয়া গেল, ও যত টাকা দেওয়া যায়, এই কথা আদালতে রাখা এক বহীতে লিখিতে হইবে, ও সেই কথা সেই দলীলের কি পত্রের কি লিপির পৃষ্ঠেও লেখা যাইবেক, ও তাহাতে আদালত স্বাক্ষর করিবেন। কোন আদালত উক্ত প্রকারের টাকা প্রাপ্ত হইলে প্রতিমাসের শেষে তাহার রিপোর্ট জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন, ও তাহার মধ্যে যত টাকা দণ্ডস্বরূপ ও যত টাকা মামুল বলিয়া পান তাহা বিশেষ করিয়া লিখিবেন, ও মোকদ্দমার নম্বর ও খ্যাতি, ও যে পক্ষের স্থানে ঐ টাকা প্রাপ্ত হওয়া যায়, ও সেই দলীল

and the name of the party from whom such money was received, and the date, if any, and description of the document, for the purpose of identifying the same; and the Court shall pay over the money so received to such Collector, or to such person as he may appoint to receive the same. Such Collector or other proper Authority shall, upon the production of the Deed, Instrument, or Writing, with the endorsement hereinbefore mentioned, cause it to be stamped thereon with a Stamp of the amount paid into Court on account of such Duty. The provisions contained in Clause 6 Section XV. of this Act as to the mitigation or payment of penalties paid to the Collector, shall be applicable to penalties paid into Court under this Section.

[No unstamped or insufficiently stamped Deed, &c., to be stamped except as aforesaid.]

XVIII. No Deed, Instrument, or Writing executed on unstamped or insufficiently stamped paper, shall be stamped at any time after the execution thereof, except as hereinbefore provided.

[Procedure (in cases other than those provided for in Sections XV. and XVII.) for determining the proper amount of Stamp Duty to be impressed on any Deed.]

XIX. When in any case other than the cases provided for in Sections XV. and XVII. of this Act, any person shall entertain any doubt respecting the proper amount of Stamp Duty for any Deed, Instrument, or Writing, he may apply to the Board of Revenue or the Chief Controlling Revenue Authority, either directly or through the Collector of Stamp Revenue of the District, for an adjudication with a view to remove such doubt, and shall at the same time pay a fee of ten Rupees, and thereupon such Board or other Authority as aforesaid shall determine the amount of Stamp which such Deed, Instrument, or Writing should bear, and on payment thereof, shall cause such Deed, Instrument, or Writing to be impressed with such Stamp, and an additional Stamp denoting that such adjudication fee has been paid. A Deed, Instrument, or Writing so stamped shall be received in evidence as properly stamped in any Court of Justice.

[Cost of transmitting Deed, &c. to be stamped, by whom to be paid.]

XX. The cost of transmitting by post any Deed, Instrument, or Writing required to be stamped under any of the foregoing Sections of this Act, and the cost of registering the same at the Post Office for transmission, shall, in all cases, be borne by the party applying to have such Deed, Instrument, or Writing stamped.

[To be continued.]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৬ মে।]

তারিখ লেখা থাকিলে সেই তারিখ, ও সেই দলীল চিহ্নিবার জন্যে তাহার মর্ম্মও লিখিবেন। ও সেই আদালত উক্ত প্রকারের প্রাপ্ত টাকা ঐ কালেক্টর সাহেবকে, কিম্বা সেই টাকা গ্রহণ করণার্থে তিনি অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে দিবেন। পূর্ব্বোক্তমতের পৃষ্ঠে লিখিত কথা সমলিত উক্ত দলীল কি পত্র কি লিপি উক্ত কালেক্টর সাহেবের কি উপযুক্ত অন্য কার্য্যকারক সাহেবের নিকটে উপস্থিত করা গেলে, মাসুলের নিমিত্তে যত টাকা আদালতে দেওয়া গিয়াছে তত টাকার ইষ্টাম্প তিনি সেই দলীলপ্রভৃতিতে বসাইবেন। কালেক্টর সাহেবকে যে অর্থদণ্ড দেওয়া যায় তাহার ন্যূন করিবার কি দিবার যে২ বিধান এই আইনের ১৫ ধারার ৬ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা এই ধারামতে আদালতে দেওয়া অর্থদণ্ডের বিষয়েও বর্ত্তিবে ইতি।

[ইষ্টাম্পবিনা কি ন্যূন মূল্যের ইষ্টাম্পকরা দলীলপ্রভৃতিতে কেবল পূর্ব্বোক্তমতে ইষ্টাম্প বসাইবার কথা।]

১৮ ধারা। কোন দলীল কি পত্র কি লিপি যদি ইষ্টাম্পবিনা কি ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তবে তাহাতে স্বাক্ষর করা গেলে পর কোন সময়ে কেবল ইহার পূর্ব্বের নির্দ্দিষ্টমতে ইষ্টাম্প দেওয়া যাইতে পারিবে ইতি।

[১৫ ও ১৭ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন দলীলে বসাইবার ইষ্টাম্পের উপযুক্ত মূল্য নির্দ্ধারণের কথা।]

১৯ ধারা। এই আইনের ১৫ ও ১৭ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন কোন স্থলে কোন দলীলের কি পত্রের কি লিপির যে মূল্যের উপযুক্ত ইষ্টাম্প হইবেক এই বিষয়ে যদি কোন ব্যক্তির কোন সন্দেহ থাকে, তবে তিনি সেই বিষয় নিরূপণ হইবার জন্যে সেই সন্দেহ ভঞ্জনার্থে জিলার ইষ্টাম্পহইতে উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের দ্বারা, কিম্বা একেবারে, রেবিনিউ বোর্ডের কিম্বা রাজস্বের তত্ত্বাবধারণকারি প্রধান কার্য্যকারক সাহেবের নিকটে প্রার্থনা করিবেন। ও তৎকালে দশ টাকা রসুমও দিবেন। তাহা হইলে এ দলীল কি পত্র কি লিপি মত টাকার ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক তাহা উক্ত বোর্ড কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেব নির্দ্ধারণ করিবেন। ও সেই টাকা দেওয়া গেলে তাঁহারা কি তিনি সেই দলীলে কি পত্রে কি লিপিতে উক্ত মূল্যের ইষ্টাম্প বসাইবেন। ও ইষ্টাম্প নিরূপণার্থ রসুমের টাকা দেওয়া গিয়াছে ইহার নিদর্শনস্বরূপে অন্য এক ইষ্টাম্প বসাইবেন। উক্ত প্রকারে ইষ্টাম্পকরা দলীল কি পত্র কি লিপি উপযুক্তমতে ইষ্টাম্প হইয়াছে বলিয়া সকল আদালতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক ইতি।

[ইষ্টাম্প হইবার জন্যে দলীলপ্রভৃতি পাঠাইবার ব্যয় যাঁহারদের দিতে হইবেক তাহার কথা।]

২০ ধারা। এই আইনের ইহার পূর্ব্বলিখিত কোন ধারাক্রমে যে কোন দলীলে কি পত্রে কি লিপিতে ইষ্টাম্প বসান প্রয়োজন হয়, তাহা ডাকযোগে প্রেরণ করিবার ব্যয়, ও তাহা প্রেরণার্থে ডাক ঘরে রেজিষ্টর করণের ব্যয়, যে ব্যক্তি ঐ দলীলে কি পত্রে কি লিপিতে ইষ্টাম্প বসাইবার প্রার্থনা করেন তাঁহারই সর্ব্বদা দিতে হইবেক ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 23rd April 1862, and is hereby promulgated for general information :—

ACT No. XI. OF 1862.

An Act to amend Act X. of 1860 (*to amend Act VII. of* 1859, *to alter the Duties of Customs on goods imported or exported by Sea*).

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law relating to Customs Duties; It is enacted as follows :—

[Customs Duties to be levied as prescribed in the Schedules annexed to this Act. Proviso.]

I. From and after the passing of this Act, in lieu of the Customs Duties authorized to be charged in Act VII. of 1859 (*to alter the Duties of Customs on goods imported or exported by Sea*), Act XXIII. of 1859 (*to alter the rates of Duty on goods imported or exported by land from certain Foreign Territories into or from the Presidencies of Madras and Bombay respectively*), and Act X. of 1860 (*to amend Act VII. of* 1859, *to alter the Duties of Customs on goods imported or exported by Sea*), there shall be levied and collected the Duties as contained in the two Schedules A and B annexed to this Act. Provided always that nothing herein contained shall be deemed to alter the existing Duties upon Salt and Opium, or to authorize the levy of Duties in any free Port, or to affect the provisions of Act VI. of 1848 (*for equalizing the Duties on goods imported and exported on Foreign and British bottoms, and for abolishing Duties on goods carried from Port to Port in the Territories subject to the Government of the East India Company*), and of Act VII. of 1848 (*to except certain free Ports from the operation of Section III. Act No. VI. of* 1848, *and otherwise to amend that Act*).

SCHEDULE A.

Rates of Duty to be charged on the following goods imported by Sea into any Port of India not being a free Port :—

1.	Bullion and Coin	Free.
2.	Precious Stones and Pearls ...	,,
3.	Grain and Pulse	,,
4.	Horses and other living Animals ..	,,
5.	Ice	,,
6.	Coal, Coke, Bricks, Chalk, and Stones	,,
7.	Cotton Wool	,,
8.	Wool	,,
9.	Flax	,,
10.	Hemp	,,

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর ১৮৬২ সালের ২৩ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন। তাহা এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ১১ আইন।

১৮৬০ সালের ১০ আইন (অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রপ্তানীহওয়া দ্রব্যের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার ১৮৫৯ সালের ৭ আইন সংশোধন করিবার আইন) সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

কষ্টমের মাসুলবিষয়ের আইন সংশোধন করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান হইয়াছে।

[কষ্টমের মাসুল এই আইনের তফসীলমতে আদায় করিবার কথা ও বর্জ্জিত কথা।]

১ ধারা। ১৮৫৯ সালের ৭ আইন (অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রপ্তানী হওয়া মালের কষ্টমের মাসুল-পরিবর্ত্তন করিবার আইন) ও ১৮৫৯ সালের ২৩ আইন (অর্থাৎ বোম্বাই ও মান্দ্রাজ প্রসীডেন্সীর মধ্যে যে সকল দ্রব্য ভিন্নদেশে কি ভিন্নদেশহইতে স্থলপথে আমদানী কি রপ্তানী হয় তাহার উপর মাসুল যে হারে লওয়া যাইতেছে তাহা পরিবর্ত্তন করিবার আইন) ও ১৮৬০ সালের ১০ আইন (অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রপ্তানী হওয়া মালের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার ১৮৫৯ সালের ৭ আইন সংশোধন করিবার আইন) ক্রমে কষ্টমের যে মাসুল আদায় করিবার অনুমতি দেওয়া যায় তাহার পরিবর্ত্তে, এই আইন প্রচলিত হইবার কালাবধি এই আইনের A ও B চিহ্নিত দুই তফসীলের লিখিত মাসুল ধার্য্য ও আদায় হইবেক। কিন্তু নিমক ও আফীনের উপর যে মাসুল এখন ধার্য্য আছে তাহার পরিবর্ত্তন, কিম্বা বিনামাসুলের কোন বন্দরে মাসুল বসাইবার অনুমতি, অথবা (ভিন্নাধিকার দেশীয় এবং ব্রিটনীয় জাহাজের দ্বারা আমদানী ও রপ্তানীহওয়া দ্রব্যের মাসুল তুল্য করণের এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশের এক বন্দরহইতে অন্য বন্দরে রপ্তা হওয়া দ্রব্যের মাসুল রহিত করণার্থ,) ১৮৪৮ সালের ৬ আইনের, ও (১৮৪৮ সালের ৬ আইনের ৩ ধারা ক্রতক্ব বেমাসুলী বন্দরে চলন না হওনের এবং অন্য প্রকারে সেই আইন সংশোধনের) ১৮৪৮ সালের ৭ আইনের বিধানের অন্যথা এই আইনের কোন কথাক্রমে হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

A চিহ্নিত তফসীল।

ভারতবর্ষের অন্তর্গত বেমাসুলী বন্দর ভিন্ন যে কোন বন্দরে পশ্চাৎ লিখিত কোন মাল সমুদ্রপথে আমদানী হয় তাহার উপর এই হারে মাসুল লাগিবে।

১।	সোণারূপা ও মুদ্রার উপর ...	মাসুল নাই।
২।	মণি মুক্তাদির উপর ...	ঐ
৩।	ডাইল কলাইপ্রভৃতি শস্যের উপর	ঐ
৪।	ঘোড়া ও জীবৎ অন্য পশ্বাদির উপর	ঐ
৫।	বরফের উপর	ঐ
৬।	কয়লা ও কোক (অর্থাৎ পোড়া কয়লা) ও ইট ও খড়ি ও পাতরের উপর	ঐ
৭।	কার্পাসের তুলার উপর ...	ঐ
৮।	পশমের উপর ...	ঐ
৯।	পাটের উপর ...	ঐ
১০।	শণের উপর ...	ঐ

11.	Jute	Free.	১১। চাঁচা শণের উপর ... মামুল না।
12.	Hides and Skins, Raw	,,	১২। কাঁচা চামড়ার উপর ... ঐ
13.	Books	,,	১৩। ছেতাবের উপর .. ... ঐ
14.	Paper	,,	১৪। কাগজের উপর ... ... ঐ
15.	Maps, Prints, Music, and Works of Art	,,	১৫। ম্যাপ ও ছাপাকরা ছবি ও অক্ষর লিখন ও বিদ্যাঘটিত কর্ম্মের উপর ... ... ঐ
16.	Seeds when imported by any Public Society for gratuitous distribution	,,	১৬। বীজ অর্থাৎ বিনামুল্যে বিলি করিবার জন্যে কোন সোসাইটী দ্বারা যে বীজ আমদানী হয় তাহার উপর ... ... ঐ
17.	Agricultural Implements ...	,,	১৭। চাষ করিবার যন্ত্রের উপর ... ঐ
18.	Machinery of all kinds ...	,,	১৮। সকল প্রকারের কলপ্রভৃতির উপর ... ... ঐ

And the Collector of Customs, subject to the general orders of the Government of India, shall decide what articles come within the definition of Machinery, and such decision shall be final in law.

যন্ত্রের মধ্যে কি২ দ্রব্য ধরিতে হইবেক তাহা কষ্টমের কালেক্টর সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের সাধারণ আজ্ঞাক্রমে নির্দ্ধার্য্য করিবেন ও তাঁহার নির্দ্ধারণ চূড়ান্ত হইবেক।

19.	Military and other Regulation Uniforms and Accoutrements when imported for private use by persons in the Public Service.	Free.

১৯। সৈন্যেরদের ও আইনমতে নিরূপিত পোশাকপ্রভৃতি যখন রাজকীয় কোন কার্য্যকারক স্বীয় ব্যবহারার্থে আমদানী করান্ তখন তাহার উপর ... ... ঐ

20.	Guano and manures of all kinds ...	,,	২০। গুআনো ও সকল প্রকারের সারের উপর ... ... ঐ
21.	Porter, Ale, Beer, Cider, and other similar fermented Liquors ...	2 annas the imperial gallon.	২১। পর্টর, এল, বীর, সাইডর ও সেইপ্রকারের গাঁজাধরা অন্য শরাবের উপর ... ইমপিরিয়ল গালন প্রতি ৴০ আনা।
22.	Wines and Liqueurs ...	2 Rupees the imperial gallon. Except light Wines of value not exceeding 12 Rupees per dozen, which shall pay 1 Rupee the imperial gallon.	২২। ওয়াইন ও লিকিউর ... ইমপিরিয়ল গালনপ্রতি ২৲ টাকা কিন্তু কোমল যে ওয়াইনের মুল্য ডজন প্রতি ১২ টাকার অধিক না হয় তাহার ইমপিরিয়ল গালনপ্রতি ১৲ টাকা।
23.	Spirits ...	3 Rupees the imperial gallon. And the duty to be rateably increased as the strength exceeds London Proof.	২৩। তীব্র শরাবের উপর ... ইমপিরিয়ল গালনপ্রতি ৩৲ টাকা ও তাহার তীব্রতা লণ্ডন প্রুফের যত অধিক হয় তদনুসারে মাসুল বৃদ্ধি হইবেক।
24.	Bottles	Free.	২৪। বোতলের উপর ... মাসুল নাই।
25.	Tobacco unmanufactured	20 per cent *ad valorem*.	২৫। জোক্কার ... মুল্যানুসারে শত করা ২০৲ টাকা হিসাবে।
26.	Tobacco manufactured.		২৬। প্রস্তুত করা তামাক
27.	Piece Goods ...	5 per cent *ad valorem*.	২৭। কাপড়ের থান। ... মুল্যানুসারে শত করা ৬৲ টাকা হিসাবে।
28.	Twist	3½ per cent *ad valorem*.	২৮। সূতা .... মুল্যানুসারে শত করা ৩৷৷০ টাকা হিসাবে।

29.	All articles not included in the above enumeration.	10 per cent *ad valorem.*

SCHEDULE B.

Rates of Duty to be charged upon goods exported by Sea from any Port in India not being a free Port.—

1.	Bullion and Coin	Free.
2.	Precious Stones and Pearls ...	„
3.	Horses and other living Animals	„
4.	Sugar and Rum	„
5.	Spirits	„
6.	Tobacco and all preparations thereof	„
7.	Tea	„
8.	Coffee	„
9.	Raw Silk and Silk Chussum ...	„
10.	Cotton Wool	„
11.	Wool	„
12.	Flax	„
13.	Hemp	„
14.	Jute	„
15.	Hides and Skins, Raw ...	„
16.	Books	„
17.	Maps, Prints, and Works of Art	„
18.	Teak Timber	„
19.	Coals	„
20.	Iron	„
21.	Grain and Pulse of all sorts ...	2 annas the Indian Maund.
22.	Saltpetre ...	2 Rupees the Indian Maund.
23.	Indigo ...	3 Rupees the Indian Maund.
24.	Lac Dye and Shell Lac ...	4 per cent *ad valorem.*
25.	All country articles not enumerated or named above	3 per cent *ad valorem.*

M. WYLIE,
Depy. Secy. to the Govt. of India,
Home Department.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 23rd April 1862, and is hereby promulgated for general information:—

ACT No. XII. OF 1862.

An Act to repeal Act II. of 1835 so far as it relates to the Provinces of Arracan and Tenasserim.

[Preamble.]

WHEREAS the Provinces of Arracan and Tenas-

২৯।	উক্ত ফর্দ্দে যে সকল দ্রব্য ধরা যায় নাই তাহার উপর ...	মূল্যানুসারে শত করা ১০৲ টাকা হিসাবে।

B চিহ্নিত তফসীল।

ভারতবর্ষের অন্তর্গত যে২ বন্দর রেসামুলী বন্দর নয়, তাহা২ইতে যে দ্রব্য সমুদ্রপথে রপ্তানী হয় তাহার উপর এই মাসুল লাগিবে।

১।	সোণারূপা ও মুদ্রার উপর ...	মাসুল নাই।
২।	মণি মুক্তাদির উপর ...	ঐ
৩।	ঘোড়া ও জীবৎ অন্য পশ্বাদির উপর	ঐ
৪।	চিনী ও রমের উপর ...	ঐ
৫।	তীব্র শরাবের উপর ...	ঐ
৬।	তামাক ও তাহাতে প্রস্তুত সকল দ্রব্যের উপর	ঐ
৭।	চার উপর	ঐ
৮।	কাওয়ার উপর	ঐ
৯।	রেশম ও চষমের উপর ...	ঐ
১০।	কার্পাসের উপর ...	ঐ
১১।	পশমের উপর	ঐ
১২।	পাটের উপর	ঐ
১৩।	শণের উপর	ঐ
১৪।	চাঁচা শণের উপর ...	ঐ
১৫।	কাঁচা চামড়ার উপর ...	ঐ
১৬।	কেতাবের উপর... ...	ঐ
১৭।	ম্যাপ ও ছাপাকরা ছবি ও বিদ্যাঘটিত কর্ম্মের উপর ...	ঐ
১৮।	সেগুন কাটের গুঁড়ির উপর ...	ঐ
১৯।	কয়লার উপর	ঐ
২০।	লৌহের উপর	ঐ
২১।	ডাইল কলাইপ্রভৃতি শস্যের উপর	মোনপ্রতি ৵০ আনা।
২২।	শোরার উপর	মোনপ্রতি ২৲ টাকা
২৩।	নীলের উপর	মোনপ্রতি ৩৲ টাকা।
২৪।	লাহার রঙ্গ ও চাপড়া লাহার উপর	মূল্যানুসারে শতকরা ৪৲ টাকার হিসাবে।
২৫।	দেশীয় যে সকল দ্রব্য এই ফর্দ্দে ধরা যায় নাই তাহার উপর	মূল্যানুসারে শতকরা ৩৲ টাকার হিসাবে।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ২৩ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ১২ আইন।

আরাকান ও থনাসরিম প্রদেশসম্পর্কে ১৮৩৫ সালের ২ আইন রহিত করিবার আইন।

[হেতুবাদ।]

আরাকান ও থনাসরিম প্রদেশ পিগু ও মার্ত্তাবান

serim have been united with the Provinces of Pegu and Martaban in one general administration under a Chief Commissioner of British Burmah, and it is no longer expedient that the functionaries who are or may be appointed in the said Provinces should be under the control and superintendence of the Court of SudderDewanny and Nizamut Adawlut, or of the Board of Revenue; It is enacted as follows:—

[Repeal of Act II. of 1835 as regards Arracan and Tenasserim, Proviso.]

I. So much of Act II. of 1835 as relates to the said Provinces of Arracan and Tenasserim is hereby repealed: provided that any appeals or other matters relating to the said Provinces, and now pending before the Court of Sudder Dewanny and Nizamut Adawlut, or before the Board of Revenne, shall be heard and determined as if this Act had not been passed.

M. WYLIE,
Depy. Secy. to the Govt. of India.
Home Department.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on 23rd April 1862, and is hereby promulgated for general information:—

ACT No. XIII. OF 1862.

An Act to provide for a new Silver and a new Copper Coinage.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for a new Silver and a new Copper Coinage; It is enacted as follows:—

[Repeal of Acts.]

I. From the 1st day of November 1862 so much of the 1st and 2nd Sections of Act XVII. of 1835 (*relating to Gold and Silver Coinage*) as provides that only the Silver Coins therein mentioned shall be coined at the Mints within the territories of the East India Company, and that such Coins shall bear on the reverse the words "The East India Company": also Act XXXI. of 1837 (*relating to Coinage*), Act XXI. of 1838 (*relating to the Silver Coin*), Act XXI. of 1835, Act XXII. of 1844, and Act XI. of 1854 (*relating to the Copper Coin*), shall be repealed, except as to any act already done or Coin already coined or issued under the same.

[Description of Coins.]

II. From the 1st day of November 1862, except as provided by Act VI. of 1847 (*for establishing a Copper Currency in the Settlements of Penang, Singapore, and Malacca*) in respect of Cents, half Cents, and quarter Cents, no Silver or Copper Coins, except those mentioned below, shall be coined at the Mints in British India':—

প্রদেশসহিত ব্রিটনীয় ব্রহ্মা দেশের প্রধান কমিসানর সাহেবের কর্ত্তৃত্বের অধীন করা গিয়াছে, ও যে কার্য্যকারকেরা উক্ত সকল প্রদেশে নিযুক্ত আছেন কি হইবেন তাঁহারদের এইক্ষণে সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের কিম্বা রেবিনিউ বোর্ডের কর্ত্তৃত্ব ও তত্ত্বাধীনে থাকা বিহিত নহে, এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইয়াছে।

[আরাকান ও থনাসরিম প্রদেশসম্পর্কে ১৮৩৫ সালের ২ আইন রহিত হইবার কথা ও রহিত কথা।]

১ ধারা। উক্ত আরাকান ও থনাসরিম প্রদেশে ১৮৩৫ সালের ২ আইনের যেপর্য্যন্ত সম্পর্ক থাকে, সেইপর্য্যন্ত ঐ আইন এই ধারাক্রমে রহিত হইল। পরন্তু উক্ত প্রদেশসম্পর্কীয় যে সকল আপীল কি অন্য কার্য্য এইক্ষণে সদর দেওয়ানী কি নিজামৎ আদালতের কিম্বা বোর্ড রেবিনিউর সম্মুখে উপস্থিত আছে, তাহা এই আইন প্রচলিত না হওয়ার ন্যায় শুনা যাইবে ও নিষ্পত্তি হইবে ইতি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ২৩ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ১৩ আইন।

রূপার ও তামার নূতন মুদ্রা করণের আইন।

[হেতুবাদ।]

রূপার ও তামার নূতন মুদ্রা করা বিহিত এই কারণে এই২ বিধান হইল।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। সোণা ও রূপার মুদ্রা বিষয়ি ১৮৩৫ সালের ১৭ আইনের ১ ও ২ ধারার যে২ কথাতে এই বিধান হইয়াছিল যে কেবল ঐ ধারার লিখিত রূপার মুদ্রা ক্লোম্পানি বাহাদুরের দেশের অন্তর্বর্ত্তি টাকশালে প্রস্তুত হইবে, ও তাহার এক পিঠে The East India Company এই কথা দেওয়া যাইবে, সেই বিধান ও মুদ্রা বিষয়ি ১৮৩৭ সালের ৩১ আইন ও রূপার মুদ্রা বিষয়ি ১৮৩৮ সালের ২১ আইন ও তামার মুদ্রাবিষয়ি ১৮৩৫ সালের ২১ আইন ও ১৮৪৪ সালের ২২ আইন ও ১৮৫৪ সালের ১১ আইন, ১৮৬২ সালের নবেম্বর মাসের প্রথম দিবসাবধি রহিত হইবে, কিন্তু তৎপূর্ব্বে যে কোন ক্রিয়া করা যায় কিম্বা উক্ত আইনক্রমে যে কোন মুদ্রা প্রস্তুত কি চলন হয় তদ্বিষয়ে ঐ২ আইন রদ হইবেক না ইতি।

[যে২ প্রকারের মুদ্রা হইবে তাহার কথা।]

২ ধারা। ১৮৪৭ সালের ৬ আইনে (অর্থাৎ পিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা বসতি স্থানের তামার মুদ্রা চলন করাইবার আইনে) সেণ্ট ও অর্দ্ধ সেণ্ট ও চতুর্থাংশ সেণ্টনামক মুদ্রাসম্পর্কে যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলছাড়া, ১৮৬২ সালের নবেম্বর মাসের প্রথম দিবসাবধি পশ্চাৎ লিখিত মুদ্রাভিন্ন রূপার ও তামার কোন মুদ্রা ব্রিটনীয় ভারতবর্ষের টাকশালে প্রস্তুত হইবে না।

Silver Coin.

A Rupee to be called the Government Rupee.

A Half Rupee.

A Quarter Rupee or Four Anna Piece.

An Eighth of a Rupee or Two Anna Piece.

Copper Coin.

A Double Pice or Half Anna.

A Pice or Quarter Anna.

A Half Pice or one-eighth of an Anna.

A Pie, being one-third of a Pice, or one-twelfth of an Anna.

[Weight and Standard of Silver Coins.]

III. The Rupee so coined shall be of the same weight and standard as those provided for the Company's Rupee by the said Act XVII. of 1835, that is to say, the weight shall be 180 grains Troy, and the standard as follows:—$\frac{11}{12}$th or 165 grains of pure Silver; $\frac{1}{12}$th or 15 grains of Alloy. The other Silver Coins shall be of proportionate weight and of the same standard.

[Weight of Copper Coins.]

IV. The Copper Coins so coined shall be of the weight prescribed for Coins of the same denominations respectively by Acts XXI. of 1835 and XI. of 1854, that is to say:

The Double Pice shall weigh		200	grains Troy.
The Pice	...	100	„
The Half Pice	...	50	„
The Pie	...	$33\frac{1}{3}$	„

[Inscriptions on Coins.]

V. Until the Governor General in Council shall otherwise order under the power hereinafter reserved, the Silver and Copper Coins so coined shall bear on the obverse the likeness and the name of Her Majesty Queen Victoria, and the inscription "Victoria Queen," and on the reverse the designation of the Coins in English filled by the word "India," with such date and embellishments on each Coin as the Governor General in Council shall from time to time direct.

[Governor General in Council may order other devices, &c.]

VI. It shall be lawful for the Governor General in Council, from time to time, to direct the coining and issuing of all Coins authorized by this Act, and to prescribe, in lieu of the likeness and inscription as heretofore prescribed, such other devices and inscriptions and embellishments for all or any of the Coins hereby authorized as, by an order in Council to be published in the Official *Gazette*, he may direct.

[Rupee and Half Rupee to be legal tender.]

VII. The said Rupee and Half Rupee shall be a legal tender in payment or on account of all engagements whatever, provided the Coin shall not have lost more than two per cent. in weight, and

রূপার মুদ্রা।

টাকা। তাহার নাম হইবে গবর্ণমেণ্টের টাকা।

আধুলি

সিকি।

দু'আনি।

তামার মুদ্রা।

ডবল পয়সা অর্থাৎ অর্দ্ধআনা।

পয়সা অর্থাৎ আনার চতুর্থ ভাগ।

অর্দ্ধপয়সা অর্থাৎ আনার অষ্টম ভাগ।

পাই অর্থাৎ পয়সার তৃতীয় ভাগ কি আনার দ্বাদশ ভাগ ইতি।

[রূপার মুদ্রার ওজন ও ধাতুর পরিমাণ।]

৩ ধারা। উক্ত প্রকারের নির্ম্মিত টাকা, ১৮৩৫ সালের উক্ত ১৭ আইনমতের কোম্পানির টাকার নির্দ্ধারিত ওজনের সমান, ও ধাতুর তদ্রূপ পরিমাণ হইবে, অর্থাৎ তাহার ওজন ১৮০ গ্রেন ট্রয়, ও তাহার ১২ অংশের ১১ অংশ অর্থাৎ ১৬৫ গ্রেন খাটি রূপা, ও এক অংশ অর্থাৎ ১৫ গ্রেন খাইদ। রূপার অন্য সকল মুদ্রার তদনুযায়ি ওজন ও ধাতুর তদনুযায়ি পরিমাণ হইবে ইতি।

[তামার মুদ্রার ওজন।]

৪ ধারা। উক্ত প্রকারের যে তামার মুদ্রা প্রস্তুত হইবে তাহার ওজন, ১৮৩৫ সালের ২১ আইন ও ১৮৫৪ সালের ১১ আইনমতের সেই মুদ্রার নির্দ্দিষ্ট ওজনের সমান হইবে অর্থাৎ

ডবল পয়সার	ওজন	২০০	গ্রেন ট্রয়।
পয়সার	ঐ	১০০	ঐ।
অর্দ্ধপয়সার	ঐ	৫০	ঐ।
পাইয়ের	ঐ	$৩৩\frac{1}{3}$	ঐ।

[মুদ্রাতে মুদ্রিত কথা।]

৫ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরকে পশ্চাৎ লিখিত ধারামতে যে ক্ষমতার্পণ হয়, তৎক্রমে তিনি যত কাল প্রকারান্তরের আজ্ঞা না করেন, তত কালপর্য্যন্ত উক্ত প্রকারের প্রস্তুত রূপার ও তামার মুদ্রার এক পিঠে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার প্রতিকৃতি ও নাম ও Victoria Queen, এবং অপর পিঠে ইঙ্গরেজী অক্ষরে ঐ মুদ্রার নাম ও India, এবং হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর প্রত্যেক মুদ্রাতে যে তারিখ ও শোভাকর যে চিহ্ন সময়ে২ দিবার আজ্ঞা করেন তাহা, দেওয়া যাইবে ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অন্যান্য অঙ্কাদির আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

৬ ধারা। এই আইনমতে যে সকল মুদ্রা করিবার অনুমতি হয় তাহার প্রস্তুতকরণ ও চলন বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সময়ে২ আজ্ঞা করিতে পারিবেন, ও যে প্রতিকৃতি ও মুদ্রিত কথা পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার পরিবর্ত্তে এই আইনের নির্দ্দিষ্ট সকল কি কোন মুদ্রাতে অন্য প্রকারের যে অঙ্কিত ও মুদ্রিত কথা ও শোভাকর চিহ্ন হজুর কৌন্সেলে আজ্ঞা করেন তাহা নির্দ্দিষ্ট করিতে পারিবেন, সেই আজ্ঞা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবে ইতি।

[টাকা ও আধুলি আইনমতের চলন মুদ্রা হইবার কথা।]

৭ ধারা। উক্ত টাকা ও আধুলি সকল প্রকারের প্রতিজ্ঞাসম্বন্ধে আইনমতের চলন মুদ্রা হইবে, কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ মুদ্রার ওজনের শতাংশের দুই অংশের অধিক ক্ষয় না হয়। ও তাহা ছাড়া কি উথা

provided it shall not have been clipped or filed, or have been defaced or diminished otherwise than by use.

[Quarter and Eighth Rupee how to be legal tender.]

VIII. The Quarter Rupee and Eighth of a Rupee shall be legal tender only for the fractions of a Rupee, subject to the same provisions as in the last preceding Section mentioned.

[Copper Coin how to be legal tender.

IX. The Double Pice shall be a legal tender for a thirty-second part of a Rupee or for half an Anna.

The Pice for a sixty-fourth part of a Rupee, or for one-fourth of an Anna.

The Half Pice for a hundred-and-twenty-eighth part of a Rupee, or for one-eighth of an Anna; and the Pie, one-third of a Pice, for a hundred-and-ninety-second part of a Rupee, or the twelfth of an Anna.

Provided that none of the said Copper Coins shall be a legal tender, except for the fractions of a Rupee, and except in the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca for the fractions of a Dollar at the rate fixed by Act XVII. of 1855, *viz*:—The Pice for a hundred-and-fortieth part of a Dollar; the double pice for a seventieth part of a Dollar; the Pie for a four-hundred-and-twentieth part of a Dollar; and the Half Pice for a two-hundred-and-eightieth part of a Dollar.

[Coin coined under former Acts still to be legal tender.]

X. All Silver Coin of the weight and standard specified in the said Acts XVII. of 1835, and XXI. of 1838, issued since the passing of those Acts respectively and before the first day of November 1862 and declared by those Acts respectively to be a legal tender, and all Copper Coins of the weight specified in the said Acts XXI. of 1835, XXII. of 1844, and XVII. of 1855 issued since the passing of those Acts respectively and before the first day of November 1862, and declared by those Acts respectively to be a legal tender, shall continue to be a legal tender for the amounts thereof respectively, subject to the same conditions and provisions as under those Acts respectively, anything in this Act contained notwithstanding.

[Existing Acts to continue in force.]

XI. All Acts and Laws in force in British India at the time of the passing of this Act respecting the Queen's Coin, or the Silver or Copper Coin current in British India, and not repugnant to the provisions of this Act, shall be and continue in full force and effect, and shall be applied to the Silver and Copper Coin to be coined in pursuance of this Act.

[Definition of British India.]

XII. The words "British India" in this Act denote the territories which are or may become

দ্বারা ঘষা না হয়, কিম্বা ব্যবহারক্রমে ক্ষয়হওয়াভিন্ন, অন্য প্রকারে তাহার অক্ষর উঠিয়া না যায় কি তাহার হ্রাস না হয় ইতি।

[সিকি ও দুআনি যে প্রকারে আইনমতের চলন মুদ্রা হইবে তাহার কথা।]

৮ ধারা। সিকি ও দুআনি ইহার পূর্ব্বের লিখিত ধারার বিধান অনুসারে কেবল টাকার রেজকি মুদ্রা স্বরূপে আইনমতের চলন মুদ্রা হইবে ইতি।

[তামার মুদ্রা যেরূপে আইনমতের চলন মুদ্রা হইবে তাহার কথা।]

৯ ধারা। ডবল পয়সা টাকার দ্বাত্রিংশতাংশস্বরূপে অর্থাৎ আধ আনাস্বরূপে আইনমতের চলন মুদ্রা হইবে।

পয়সা এক টাকার ৬৪ ভাগের এক ভাগস্বরূপে অর্থাৎ এক আনার চতুর্থাংশস্বরূপে আইনমতের চলন মুদ্রা হইবে।

আধপয়সা টাকার ১২৮ অংশের এক অংশ অর্থাৎ এক আনার অষ্টমাংশস্বরূপে, ও পয়সার তৃতীয় অংশ এক পাই টাকার ১৯২ অংশের এক অংশ অর্থাৎ আনার দ্বাদশাংশস্বরূপে চলন হইবে।

কিন্তু উক্ত তামার মুদ্রা টাকার ভগ্নাংশস্বরূপ না হইলে, ও পূলু পিনাঙ্গ ও সিঙ্গপুর ও মালাকা নামক বসতি স্থানে ১৮৫৫ সালের ১৭ আইনের নির্দ্দিষ্টমতে ডালরের ভগ্নাংশস্বরূপ অর্থাৎ পয়সা এক ডালরের ১৪০ অংশের এক অংশ, ও ডবল পয়সা ডালরের ৭০ অংশের এক অংশ ও পাই ডালরের ৪২০ অংশের এক অংশ ও আধপয়সা ডালরের ২৮০ অংশের এক অংশস্বরূপ না হইলে, আইনমতের চলন মুদ্রা হইবে না ইতি।

[পূর্ব্বং আইনমতে যে মুদ্রা প্রস্তুত হয় তাহা আইনমতের মুদ্রাস্বরূপে চলিবার কথা।]

১০ ধারা। ১৮৩৫ সালের উক্ত ১৭ আইনের ও ১৮৩৮ সালের ২১ আইনের নির্দ্দিষ্ট ওজনের ও ধাতুর নির্দ্দিষ্ট পরিমাণের যে সকল রূপার মুদ্রা এই আইন প্রচলিত হইবার পরে ও ১৮৬২ সালের নবেম্বর মাসের প্রথম দিবসের পূর্ব্বে বাহির হয়, ও সেই আইনক্রমে আইনমতের চলন মুদ্রা প্রকাশ হয়, সেই সকল রূপার মুদ্রা, ও ১৮৩৫ সালের উক্ত ২১ আইনের ও ১৮৪৪ সালের ২২ আইনের ও ১৮৫৫ সালের ১৭ আইনের নির্দ্দিষ্ট ওজনের যে সকল তামার মুদ্রা এই আইন প্রচলিত হইবার পরে ও ১৮৬২ সালের নবেম্বর মাসের প্রথম দিবসের পূর্ব্বে বাহির হয় ও সেই আইনক্রমে আইনমতের চলন মুদ্রা বলিয়া প্রকাশ হয়, সেই সকল তামার মুদ্রা, এই আইনের নিয়ম ও বিধানের অধীনে এই মুদ্রার মূল্যানুসারে আইনমতের মুদ্রাস্বরূপে চলিতে থাকিবে, এই আইন বলবৎ হইলেও চলিতে থাকিবে ইতি।

[চলিত আইন প্রবল থাকিবার কথা।]

১১ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে মহারাণীর মুদ্রার কি ব্রিটনীয় ভারতবর্ষের চলিত রূপার কি তামার মুদ্রার বিষয়ে যে সকল আইন ও আক্ট ব্রিটনীয় ভারতবর্ষে প্রচলিত আছে ও এই আইনের বিধানের বিপক্ষ না হয়, তাহা সম্পূর্ণরূপে বলবৎ ও ফলবৎ হইবে ও থাকিবে, ও তাহা এই আইনমতের প্রস্তুত রূপার ও তামার মুদ্রার প্রতি খাটিবে ইতি।

[ব্রিটনীয় ভারতবর্ষ এই কথার অর্থ।]

১২ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষ এই যে কথা এই আইনেতে আছে তাহাতে "ভারতবর্ষের আরো উত্তম

vested in Her Majesty by the Statute 21 and 22 Vic., c. 106, entitled "An Act for the better Government of India."

M. WYLIE,
Depy. Secy. to the Govt. of India,
Home Department.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 23rd April 1862, and is hereby promulgated for general information :—

ACT No. XIV. OF 1862.

An Act to amend Act XIV. of 1859 (*to provide for the limitation of suits.*)

[Preamble.]

WHEREAS it is expedient to postpone the operation of so much of Act XIV. of 1859 as limits the period for the commencement of suits for the amount of bills for articles sold by retail where the cause of action arose before the passing of that Act; It is enacted as follows :—

[Suits now pending or instituted before 1st January 1865, for articles sold by retail, in cases wherein cause of action arose before the passing of Act XIV. of 1859, to be tried and determined as if that Act had not been passed.]

1. All suits that may now be pending or that shall be instituted before the 1st of January 1865, to recover the amount of bills for any articles sold by retail, shall, in all cases in which the cause of action arose before the passing of the said Act XIV. of 1859, be tried and determined as if that Act had not been passed.

M. WYLIE,
Depy. Secy. to the Govt. of India,
Home Department.

ORDERS BY THE SUDDER DEWANNY ADÀWLUT.

APPOINTMENT.

The 28th April, 1862.

Baboo Gourchunder Mozoomdar, to be Moonsiff of Satkheerah, in 24-Pergunnahs.

LEAVE OF ABSENCE.

The 2nd May, 1862.

Moulvy Ameenoodeen Ahmed, Moonsiff of Sonamookhy, Zillah West Burdwan, for 3 months, from the 10th April, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Register.*

[*Government Gazette, 6th May*, 1862.]

রূপে কর্ত্তৃত্ব করিবার আইন" নামে বিক্টরিয়া মহারাণীর ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ক্রমে যে সমস্ত দেশ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তিবে তাহাই বুঝাইবে ইতি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী

হজুর কৌনসেলে ভারতবর্ষের শ্রীযুত গবনর জেনরল বাহাদুরের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ১৮৬২ সালের ২৩ আপ্রিল তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। তাহা এইক্ষণে সর্ব্ব-সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬২ সালের ১৪ আইন।

মোকদ্দমা করিবার মিয়াদের বিধানের ১৮৫৯ সালের ১৪ আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

যে দ্রব্যের খুচরা বিক্রয় হইয়াছে তাহার বিলের টাকা পাইবার কোন মোকদ্দমার হেতু ১৮৫৯ সালের ১৪ আইন প্রচলিত হইবার পূর্ব্বে হইলে তদ্রূপ মোকদ্দমা আরম্ভ করিবার মিয়াদ উক্ত আইনের যে কথাক্রমে নির্দ্ধারিত হইয়াছে সেই কথা প্রবল হইবার কাল গৌণ করা বিহিত। এই হেতুতে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[খুচরা বিক্রীত দ্রব্যের মোকদ্দমার হেতু ১৮৫৯ সালের ১৪ আইন প্রচলিত হইবার পূর্ব্বে হইলে, তদ্রূপের যে কোন মোকদ্দমা এইক্ষণে উপস্থিত থাকে কি ১৮৬৫ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে উপস্থিত করা যায়, উক্ত আইন প্রচলিত না হইবার ন্যায় তাহার বিচার ও নিষ্পত্তি হইবার কথা।]

১ ধারা। খুচরারূপে যে দ্রব্য বিক্রয় হয় তাহার বিলের টাকা আদায়ের জন্যে যে সকল মোকদ্দমা এইক্ষণে উপস্থিত আছে, কিম্বা ১৮৬৫ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে উপস্থিত করা যাইবে, তাহার হেতু যদি ১৮৫৯ সালের উক্ত ১৪ আইন প্রচলিত হইবার পূর্ব্বে হইয়া থাকে, তবে এ আইন প্রচলিত না হইবার মত, উক্ত মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি হইবেক ইতি।

এম ওয়াইলি।
হোমডিপার্টমেণ্টে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২। ২৮ আপ্রিল।

শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার জিলা চব্বিশ পরগণার সাতক্ষীরার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬২। ২ মে।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখির মুনসেফ শ্রীযুত মৌলবী আমীনুদ্দীন আহমদ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে আপ্রিল মাসের ১০ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিনসেপ।
রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

১২২০B নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১০ আপ্রিল।

ফৌজদারী মোকদ্দমায় দারজীলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে দণ্ডের আজ্ঞা করেন তাহার উপর আপীল গ্রাহ্য করিতে দিনাজপুরের জজ সাহেব ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ২১ আপ্রিল।

মেজর শ্রীযুত জি বর্ণর সাহেব (Major G. Verner,) ছোট নাগপুরের কমিস্যনরের কর্ম্ম করিবেন। তাঁহার না পঁহুছনপর্য্যন্ত মেজর শ্রীযুত জে এস ডেবিস সাহেব (Major J. S. Davies,) কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডাকাইতী কমিস্যনর সাহেবের অধীন ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত জে কোবর্ণ সাহেব (Mr. J. Cockburn,) বগুড়াতে মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

পাদরী শ্রীযুত এম ব্রনসন সাহেব (Rev. M. Bronson,) নৌগাঁয়ে বিবাহের রেজিষ্টার হইবেন।

ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কলেক্টর শ্রীযুত মৌলবী আবদুল মজীদ জাহানাবাদ মহকুমার ভার পাইয়াছেন ও তিনি বর্দ্ধমান ও হুগলী জিলার মধ্যে মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চণ্ডীচরণ সিংহ মুনশীগঞ্জ মহকুমার ভার পাইয়াছেন ও তিনি ঢাকা জিলার মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত জে ফিন স্মিথ সাহেব (Mr. J. Phin Smith,) আগামি মাসের ১ তারিখঅবধি মেডিকাল কালেজে দন্ত রোগ চিকিৎসার অধ্যাপক হইবেন।

১৮৬২ সাল ২২ আপ্রিল।

শ্রীযুত এ আর তামসন সাহেব (Mr. A. R. Thompson,) ঢাকার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ সি সদরলাণ্ড সাহেব (Mr. H. C. Sutherland,) রাজশাহীর মাজিস্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি বি গারেট সাহেব (Mr. C. B. Garrett,) হুগলীর মাজিস্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

নীচের লিখিত মহাশয়েরা অনরারি মাজিস্ট্রেট হইবেন ও তাঁহারা পশ্চাৎ লিখিত জিলার মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিবেন। অর্থাৎ

চব্বিশপরগণাতে শ্রীযুত হিউ ফ্রেজর সাহেব (Mr. Hugh Fraser.)

মেদিনীপুরে শ্রীযুত জে বোটেলো সাহেব (Mr. J. Botellho.)

কামরূপে শ্রীযুত চৌধুরী ললিতরাম সিংহ।

যশোহরে বিশেষ কর্ম্মে প্রেরিত শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) জিলা ফরীদপুরের সান্তোর ও নলদাই ও গঙ্গাপৎ পরগনায়, ও জিলা পাবনার নরশাকই ও মহমশাই ও নসবশাই ও বেলগাছা পরগনায় ১৮২৯ সালের ২ আইনমতে রেবিনিউ কমিস্যনর ও সিবিল জজ ও ভূমির রাজস্বের কালেক্টর হইবেন।

চব্বিশপরগনা ও যশোহর ও নদীয়া ও পাবনাতে একটিৎ ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণবিহারী মুখুয্যা ফরীদপুর জিলার সান্তোর ও নলদাই ও গঙ্গাপৎ পরগনাতেও ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

যশোহরে ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীচন্দ্র বাঁড়ুয্যা ফরীদপুর জিলার সান্তোর ও নলদাই ও গঙ্গাপৎ পরগনাতে ও পাবনা জিলার নসরকশাই ও মোহমশাই ও নসবশাই ও বেলগাছি পরগনাতেও ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

নদীয়ার একটিৎ ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ সাদিক ফরীদপুর জিলার সান্তোর ও নলদাই ও গঙ্গাপৎ পরগনাতে ও পাবনা জিলার নসরকশাই ও মোহমশাই ও নসবশাই ও বেলগাছী পরগনাতেও ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

যশোহর ও চব্বিশপরগনা ও নদীয়া ও পাবনা জিলার একটিৎ ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বরদাপ্রসাদ মুস্তফী ফরীদপুর জিলার সান্তোর ও নলদাই ও গঙ্গাপৎ পরগনাতেও ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

যশোহর ও নদীয়া ও চব্বিশপরগনা ও ফরীদপুর জিলার একটিৎ ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু আনন্দমোহন মজুমদার পাবনা জিলার নসরকশাই ও মোহমশাই ও নসবশাই ও বেলগাছী পরগনাতেও ডেপুটী মাজিস্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

রাজধানীতে ইনকম টাকসের আসেসর শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ চতুর্থ শ্রেণীহইতে তৃতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু উমেশচন্দ্র মুখুয্যা জিলা রঙ্গপুরে ১৮৬০ সালের ৩২ আইনমতে আসেসর ও ডেপুটী কালেক্টর হইবেন।

পাবনার ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াহিদুয়দী চব্বিশপরগনায় নিযুক্ত হইয়াছেন তিনি চিলপুরে বাস করিবেন ও সেই জিলাতে মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত জে এস রীস সাহেব (Mr. J. S. Rees,) প্রসীডেন্সী কালেজে পুরাবৃত্ত ইতিহাস ও রাজনীতি বিদ্যার অধ্যাপকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু রমাপ্রসাদ নন্দী প্রসীডেন্সী কালেজে গণিত বিদ্যার সহকারি অধ্যাপকের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ২১ আপ্রিল।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব খিদিরপুরের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক পাদরী শ্রীযুত ডাক্তর মাজুকেলি সাহেবকে (Rev. Dr. Mazuchelli,) দুই মাসের যে ছুটী দেন তাহা স্থিরতর হইয়াছে।

১৮৬২ সাল ২২ আপ্রিল।

পূরণিয়ার মাজিস্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ লাএফ রাবিনুসন সাহেব (Mr. W. LeF. Robinson,) নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনের পূর্ব্বে দশ দিনের ছুটী পাইয়াছেন।

ইস্কুলের ইনসেপক্টর শ্রীযুত এচ উডরো সাহেব (Mr. H. Woodrow,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামনারায়ণ সমাদ্দার অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

Numb. 1189. ১১৮৯)

(৩৪৯)

The 13 "

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 13, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১৩ মে।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

ACT No. X. OF 1862.

An Act to consolidate and amend the Law relating to Stamp Duties.

[Continued from page 336.]

[Government not responsible for loss or damage to Deed, &c.]

XXI. The Government shall not be responsible for any loss or damage which shall occur in respect of any Deed, Instrument, or Writing entrusted to the Collector of Stamp Revenue of the District for the purpose of being stamped, and no person employed by the Government in the Stamp Department shall be responsible for any such loss or damage, unless such person shall wilfully, fraudulently, or by gross negligence cause such loss or damage.

[Provisions of Sections XV. and XVII. not to extend to Bills of Exchange, &c.]

XXII. The provisions of Sections XV. and XVII. of this Act shall not extend to Bills of Exchange or other forms of orders for money, or to Receipts for money.

[Exemption from further penalties than those prescribed in Section XV. or XVII.]

XXIII. The payment of any penalty under Section XV. or Section XVII. of this Act shall exempt the person paying the same from any further penalty for any such omission or neglect as is therein described, and if any other such penalty shall already have been imposed, the same shall be taken so far as it goes in reduction of any penalty under the said Sections.

[Persons receiving unstamped Draft or Order for payment of money on demand may affix Stamps thereto.]

XXIV. When any Draft or Order for the

হোম ডিপার্টমেণ্ট।

বাবস্থাপক।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ১০ আইন।

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

[৩৩৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[দলীলপ্রভৃতির হানি কি ক্ষতি হইলে গবর্ণমেণ্টের দায়ী না হইবার কথা।]

২১ ধারা। কোন দলীল কি পত্র কি লিপি ইষ্টাম্প হইবার জন্যে জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের জিম্মায় অর্পণ হইলে, যদি ঐ দলীলপ্রভৃতির কিছু হানি কি ক্ষতি হয়, তবে গবর্ণমেণ্ট তাহার নিমিত্তে দায়ী হইবেন না। ও ইষ্টাম্প ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কর্ম্মকারকও তদ্রূপ কোন হানির কি ক্ষতির নিমিত্তে দায়ী হইবেন না। কিন্তু যদি সেই কর্ম্মকারক ইচ্ছাপূর্ব্বক কি প্রতারণাক্রমে কিম্বা গুরুতর অনবধানতাক্রমে ঐ হানি কি ক্ষতি জন্মান, তবে তিনি দায়ী হইবেন ইতি।

[১৫ ও ১৭ ধারার বিধান বিল অফ এক্সচেঞ্জপ্রভৃতির উপর না বর্ত্তিবার কথা।]

২২ ধারা। এই আইনের ১৫ ও ১৭ ধারার বিধান কোন বিল অফ এক্সচেঞ্জের প্রতি কিম্বা টাকা দিবার অন্য প্রকার আর্ডরের প্রতি কি টাকার রসিদের প্রতি খাটিবে না ইতি।

[১৫ ও ১৭ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের অতিরিক্ত দণ্ড না হওয়ার কথা।]

২৩ ধারা। কোন ব্যক্তি এই আইনের ১৫ কি ১৭ ধারামতে কোন দণ্ড দিলে পর ঐ ধারার নির্দ্দিষ্ট চুক কি ত্রুটির নিমিত্তে তাহার অধিক কোন দণ্ড হইবে না। ও যদি তদ্রূপ অন্য দণ্ডের আজ্ঞা পূর্ব্বে হইয়া থাকে, তবে যত টাকা দণ্ড হয় তাহা উক্ত ধারামতের কোন দণ্ডের টাকার একাংশস্বরূপ জ্ঞান হইয়া তাহাহইতে বাদ দেওয়া যাইবেক ইতি।

[কোন ব্যক্তি ইষ্টাম্পভিন্ন কোন দ্রাফ্‌ট কি আর্ডর পাইলে তাঁহার তাহাতে ইষ্টাম্প বসাইতে পারিবার কথা।]

২৪ ধারা। যাহার এক আনা মাসুল লাগে, টাকা

payment of money on demand chargeable with the Stamp duty of one anna shall come to the hand of any person unstamped, it shall be lawful for such person to affix thereto the necessary adhesive Stamp and to cancel the same in the manner required by this Act, and upon so doing to charge the duty against the person who ought to have paid the same, or to deduct such duty from the sum so directed to be paid, and such Draft or Order shall, so far as relates to the Stamp duty chargeable thereon, be good and vaild; but this shall not relieve any person from the liability to the penalty which he may have incurred by issuing the said Draft or Order unstamped.

[Penalty for executing or receiving only one number of a Policy of Marine Insurance purporting to be drawn in a set of two.]

XXV. If any person shall, within the British Territories in India, execute any Policy of Marine Insurance, purporting to be drawn in a set of two, and shall not at the same time execute on paper duly stamped as required by this Act, the two numbers of which such Policy purports the set to consist, every such person so offending shall forfeit a sum not exceeding one thousand Rupees.

[Refund in certain cases of half the amount of Stamp duty on plaint in the event of agreement, compromise, or satisfaction.]

XXVI. In modification of so much of Section 98 of the Code of Civil Procedure as declares that on the application of the plaintiff reciting the substance of any agreement, compromise, or satisfaction, in accordance with which a suit is adjusted and disposed of, the Court, if satisfied that such agreement, compromise, or satisfaction has been actually entered into or made, shall grant a certificate to the plaintiff, authorizing him to receive back from the Collector the full amount of Stamp Duty paid on the plaint, if the application shall have been presented before the settlement of issues, or half the amount if presented at any time after the settlement of issues and before any witness has been examined,—it is enacted that if such application shall have been presented before the suit is called up for the settlement of issues, or in suits in which the summons to the defendant shall be for the final disposal of the suit, as directed in Section 41 of the said Code, and in Section 9 of Act XLII. of 1860 (*for the establishment of Courts of Small Causes beyond the local limits of the jurisdiction of the Supreme Courts established by Royal Charter*) before the hearing of the suit has commenced, the Court, if satisfied that such agreement, compromise, or satisfaction has been actually entered into or made, shall grant a certificate to the plaintiff, authorizing him to receive back from the Collector, half the amount of Stamp Duty paid on the plaint. Provided that no such certificate shall be granted if the adjustment between the parties be such as to require a decree to pass, on which

দিবার এমত কোন খাড়া দ্রাফ্‌ট কি আর্ডর যদি ইষ্টাম্প-বিনা কোন ব্যক্তিকে দেওয়া যায়, তবে তিনি তাহাতে উপযুক্ত আটাল ইষ্টাম্প আপনি বসাইয়া এই আইনের নির্দ্দিষ্টমতে তাহা অকর্ম্মণ্য করিতে পারিবেন, ও তাহা করিয়া যে ব্যক্তির ঐ মাসুল দেওয়া উচিত ছিল তাঁহার স্থানে লইতে পারিবেন, কিম্বা ঐ দ্রাফ্‌টে যত টাকা দিবার আজ্ঞা হয় তাহাহইতে ঐ মাসুল বাদ দিতে পারিবেন। ও সেই দ্রাফ্‌টের কি আর্ডরের উপর যে ইষ্টাম্প লাগে তৎসম্পর্কে ঐ দ্রাফ্‌ট কি আর্ডর উত্তম ও সিদ্ধ হইবেক। কিন্তু ইহাতে ঐ অন্য ব্যক্তির ইষ্টাম্প-বিনা উক্ত দ্রাফ্‌ট কি আর্ডর দেওনেতে যে দণ্ড ঘটে তাহার দায়হইতে সেই ব্যক্তি মুক্ত নহেন ইতি।

[মারীন ইনসুরান্সের পালিসীর দুই কেতা লেখা হওয়ার মর্ম্ম প্রকাশ হইলে তাহার কেবল এক কেতা লিখিবার কি গ্রহণ করিবার দণ্ডের কথা।

২৫ ধারা। মারীন ইনসুরান্সের যে পালিসীর কথার দ্বারা বোধ হয় যে তাহার দুই কেতা লেখা হইয়াছে, এমত কোন পালিসী যদি কোন ব্যক্তি ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের অন্তর্গত কোন স্থানে করিয়া, ঐ পালিসীর যে দুই কেতা লেখা হইবার মর্ম্ম প্রকাশ হয় সেই দুই কেতা যদি সেই সময়ে এই আইনের আজ্ঞামতে উপযুক্ত ইষ্টাম্প কাগজে না লেখেন, তবে এতদ্রূপ অপরাধি প্রত্যেক ব্যক্তির এক সহস্র টাকার অনধিক অর্থ দণ্ড হইবে ইতি।

[কোন২ স্থলে রফানামা কি রাজীনামা কি সোলেনামা হওয়াতে নালিশের আরজীর যে ইষ্টাম্পের মাসুল লাগে তাহার অর্দ্ধেক ফিরিয়া পাইবার কথা।

২৬ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ২৮ ধারাতে এই বিধান হইয়াছিল যে, "কোন মোকদ্দমা রফানামা কি রাজীনামা কি সোলেনামাক্রমে রফা কি নিষ্পত্তি হইলে, যদি ফরিয়াদী দরখাস্ত লিখিয়া সেই রফানামার কি রাজীনামার কি সোলেনামার মর্ম্ম ব্যক্ত করে, ও তাহাতে উভয় পক্ষ প্রবর্ত্ত হইয়াছে কি তাহা করিয়াছে আদালত যদি এই কথা স্বদ্ধোধমতে জানিতে পান, তবে ইসু নির্ণয় করণের পূর্ব্বে সেই দরখাস্ত দেওয়া গেলে, নালিশের আরজীর নিমিত্তে যত ইষ্টাম্পের মাসুল দেওয়া গিয়াছিল তাহা সমুদয়, কিম্বা ইসু নির্ণয় হইবার পরে ও কোন সাক্ষিরদের সাক্ষ্য লওয়া যাইবার পূর্ব্বে সেই দরখাস্ত দেওয়া গেলে ঐ ইষ্টাম্পের মাসুলের অর্দ্ধেক, ফরিয়াদী কালেক্টর সাহেবের স্থানে ফিরিয়া পাইতে পারিবে, এই মর্ম্মের সর্টিফিকট আদালত ফরিয়াদীকে দিবেন।" এইক্ষণে সেই বিধান মতান্তর হইয়া এই বিধান হইতেছে। ইসু নির্ণয় করণের নিমিত্তে মোকদ্দমা তলব হইবার পূর্ব্বে, অথবা উক্ত আইনের ৪১ ধারামতে ও "রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত সুপ্রীম কোর্টের এলাকার সীমার বাহিরে ক্ষুদ্র মোকদ্দমার আদালত সংস্থাপনার্থ" ১৮৬০ সালের ৪২ আইনের ৯ ধারামতে, যে মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে আসামীর নামে সমন জারী হয়, সেই মোকদ্দমা শুনিবার কার্য্য আরম্ভ হইবার পূর্ব্বে, যদি সেইরূপ দরখাস্ত দেওয়া যায়, তবে ঐ রফানামাতে কি রাজীনামাতে কি সোলেনামাতে উভয় পক্ষ প্রকৃত ভাবে প্রবর্ত্ত হইয়াছে কি তাহা করিয়াছে, আদালত ইহা স্বদ্বোধমতে জানিতে পাইলে, নালিশের আরজীর নিমিত্তে ইষ্টাম্পের যে মাসুল দেওয়া গিয়াছে তাহার অর্দ্ধেক ফরিয়াদী কালেক্টর সাহেবের স্থানে ফিরিয়া পাইতে পারিবে এই মর্ম্মের সর্টিফিকট আদালত ফরিয়াদীকে দিবেন। কিন্তু উভয় পক্ষের মধ্যে যে রফা হইয়াছে তাহাতে যদি ডিক্রী হওয়া প্রয়োজন হয়, ও ডিক্রীজারীর পরওয়ানা লওয়া

process of execution can be taken out, or in any appealed suit.

[What sum recoverable under a writing bearing an optional stamp.]

XXVII. No larger sum shall be recoverable in any Court of Justice by reason of any Deed, Instrument, or Writing, for which an optional Stamp is indicated to be proper by the Schedule A annexed to this Act than the largest sum for which, if specially stated in a Deed, Instrument, or Writing of the same denomination, the Stamp actually used under the option so given would be of sufficient value. And no such Deed, Instrument, or Writing shall be held by any Court of Justice to be valid in respect to any sum of money larger than that for which the Stamp on the said Deed, Instrument, or Writing would be sufficient.

[Stamp on certain affidavits.]

XXVIII. No Justice of the Peace or any Officer, before whom an affidavit not made for the immediate purpose of being filed, read, or used in any Court of Justice, may be taken, shall receive or attest such affidavit, unless it be written on a Stamp of not less than the value prescribed by the Schedule A annexed to this Act.

[Expense of providing Receipt Stamps, &c.]

XXIX. Every person receiving payment of any sum of money, the receipt for which under this Act requires a Stamp, shall (if required) give a receipt, bearing the proper Stamp indicated by this Act, and shall bear the expense of furnishing the same, and in case of refusal, shall be liable to a penalty not exceeding one hundred Rupees. The expense of providing the Stamp of any Bill of Exchange, Letter of Credit, Draft, Cheque on a Banker or other person, Promissory Note, or other Order or Obligation for the payment of money made or drawn in the British Territories in India (not being a Bond, Instrument, or Writing bearing the attestation of one or more witnesses), shall be borne by the person making or drawing the same.

[Stamp Duties under Schedule B. Proviso.]

XXX. Except in any Court of Justice established by Royal Charter, or in any Court of Small Causes established within the local limits of the jurisdiction of any such Court, no Instrument, or Writing of any of the kinds specified as requiring Stamps in the Schedule B annexed to this Act, shall be filed, exhibited, or recorded in any Court of Justice or Government Office, or shall be received or furnished by any public Officer, unless such In-

যাইতে পারে, তবে, কিম্বা অপীলী কোন মোকদ্দমায় উক্ত প্রকারের কোন সর্টিফিকট দেওয়া যাইবে না ইতি।

[যে লিপিতে স্বেচ্ছামত মূল্যের ইষ্টাম্প রসাইবার অনুমতি হয় সেই লিপিক্রমে যত টাকা আদায় হইতে পারিবে তাহার কথা।]

২৭ ধারা। কোন২ দলীল কি পত্র কি লিপি স্বেচ্ছামতে যত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তাহাই এই আইনের A চিহ্নিত তফসীলে উপযুক্ত বলিয়া নির্দ্ধারিত হইয়াছে। সেই দলীলপ্রভৃতির প্রমাণে যত টাকা কোন আদালতে আদায় হইতে পারিবে তাহার বিধি এই। উক্ত অনুমতিক্রমে স্বেচ্ছামতে যত মূল্যের ইষ্টাম্প কাগজ ব্যবহার হইয়াছে তত মূল্যের কাগজে লেখা সেই প্রকারের অন্য যে দলীলে কি পত্রে কি লিপিতে টাকা স্পষ্টরূপে ব্যক্ত থাকে, তাহাতে অত্যধিক যত টাকা নির্দ্দিষ্ট হয় তত টাকাপর্য্যন্ত ঐ দলীল প্রমাণে আদায় হইতে পারিবেক, তাহার অধিক কোন আদালতে আদায় হইতে পারিবে না। ও সেই দলীলে কি পত্রে কি লিপিতে যত ইষ্টাম্প থাকে সেই ইষ্টাম্প যত টাকার দলীলের উপযুক্ত হয়, তাহার অধিক টাকার নিমিত্তে কোন আদালত ঐ দলীল কি পত্র কি লিপি সিদ্ধ জ্ঞান করিবেন না ইতি।

[কোন২ আফিডেবিটের উপর ইষ্টাম্পের কথা।]

২৮ ধারা। আদালতে দাখিল কি পাঠ কি ব্যবহার হইবার অব্যবহিত অভিপ্রায়ে যে আফিডেবিট করা যায়, তদ্ভিন্ন যে আফিডেবিট কোন জষ্টিস অফ দি পীসের কি অন্য কার্য্যকারকের সম্মুখে করা যাইতে পারে, তাহা এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের অন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা না গেলে তিনি তাহা গ্রাহ্য করিবেন না ও তাহাতে স্বাক্ষর করিবেন না ইতি।

[রসীদের ইষ্টাম্পপ্রভৃতির খরচ যাহার দিতে হইবে তাহার কথা।]

২৯ ধারা। কোন ব্যক্তি কোন টাকা প্রাপ্ত হইলে যদি এই আইনমতে ঐ টাকার রসীদে ইষ্টাম্প দিবার আজ্ঞা হয়, তবে তাঁহাকে আদেশ হইলে তিনি এই আইনের নির্দ্দিষ্ট উপযুক্ত ইষ্টাম্প ঐ রসীদে দিবেন ও সেই ইষ্টাম্পের খরচ তাঁহার দিতে হইবে। যদি দিতে স্বীকার না করেন, তবে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের অন্তর্গত স্থানে কোন ব্যাঙ্কের কি অন্য ব্যক্তির উপর যে কোন বিল অফ এক্সচেঞ্জ (অর্থাৎ হুণ্ডী) কি লেটর অফ ক্রেডিট (অর্থাৎ বরাৎ চিঠী) কি ড্রাফট কি চ্যীক কিম্বা (এক কি ততোধিক সাক্ষির স্বাক্ষরযুক্ত কোন খৎ কি পত্র কি লিপিভিন্ন) টাকা দিবার যে কোন প্রমিসরি নোট (অর্থাৎ অঙ্গীকারপত্র) কি অন্য অর্ডর (অর্থাৎ আজ্ঞা) কি নিবন্ধন করা যায় কি লেখা যায়, তাহাতে যে ইষ্টাম্প দিতে হইবে সেই ইষ্টাম্পের খরচ যে ব্যক্তি ঐ দলীল করেন কি লেখেন তাঁহারই দিতে হইবে ইতি।

[B চিহ্নিত তফসীলমতের ইষ্টাম্পের কথা ও বর্জ্জিত কথা।]

৩০ ধারা। এই আইনের B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট ইষ্টাম্প কাগজে যাহা লিখিতে হইবে এমত কোন পত্রের কি লিপির উক্ত B চিহ্নিত তফসীলে উপযুক্ত বলিয়া যে ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে তাহার অন্যূন মূল্যের ইষ্টাম্পকাগজে যদি লেখা না থাকে, তবে সেই পত্র কি লিপি (রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালত কিম্বা তদ্রূপ কোন আদালতের এলাকার সীমার মধ্যে স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতভিন্ন) অন্য কোন আদালতে কি গবর্ণমেণ্ট আফিসে দাখিল করা

strument or Writing be upon a Stamp of a value not less than that indicated to be proper for it by the said Schedule B. Provided that nothing in this Act shall be held to repeal any special provision in the Code of Civil Procedure or in any other Act or Regulation for the use of plain or unstamped paper in any judicial proceeding, unless such provision shall be expressly repealed by this Act.

যাইবে না কি প্রমাণস্বরূপে উপস্থিত করা যাইবে না কি রিকার্ড হইবে না, কিম্বা রাজকীয় কোন কার্য্যকারকের দ্বারা গ্রাহ্য হইবে না ও দেওয়া যাইবে না। কিন্তু আদালত সম্পর্কীয় কোন কার্য্যে শাদা কি ইষ্টাম্পবিনা কাগজ ব্যবহার হইবার কোন বিশেষ বিধান যদি দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনে কিম্বা অন্য কোন আইনে নির্দ্দিষ্ট থাকে, তবে সেই বিধান এই আইনক্রমে স্পষ্টরূপে রহিত না করা গেলে, এই আইনের কোন কথাদ্বারা রহিত হইল এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[Effect of provision contained in the Schedules.]

XXXI. Every provision contained in the Schedules annexed to this Act, shall be of the same force as if it were contained in the body of the Act.

[তফসীলের লিখিত বিধানের ফলের কথা।]

৩১ ধারা। এই আইনসংযুক্ত তফসীলে যে সকল বিধান থাকে, তাহা এই আইনের মূল পাঠে লিখিত হওয়ার ন্যায় বলবৎ হইবে ইতি।

[Decision of questions regarding valuation of claims.]

XXXII. All questions relating to the valuation of claims for the purpose of determining the amount of Stamp Duty chargeable under Schedule B. annexed to this Act, on any petition of plaint or appeal, shall be decided by the Court in which such petition of plaint or appeal is filed, subject to any appeal to which the orders of such Court are open.

[দাওয়ার মূল্য নিরূপণের বিবাদ নিষ্পত্তির কথা।]

৩২ ধারা। এই আইনের B চিহ্নিত তফসীলঅনুসারে কোন নালিশের আরজী কি আপীলের দরখাস্ত যত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে, ইহা নির্দ্ধার্য্য করণার্থে দাওয়ার যে মূল্য ধরিতে হইবেক এই বিষয়ে যদি কোন বিবাদ হয়, তবে সেই নালিশের আরজী কি আপীলের দরখাস্ত যে আদালতে দেওয়া যায়, সেই আদালত ঐ বিবাদ নিষ্পত্তি করিবেন। ও সেই আদালতের হুকুমের উপর যেরূপ আপীল হইতে পারে ঐ নিষ্পত্তির উপরও সেইরূপ আপীল হইতে পারিবে ইতি।

[Governor General in Council may lower rates of Stamp Duty in any District, or altogether exempt the same, &c.]

XXXIII. The Governor-General of India in Council may, from time to time, by an order to be published in the Official *Gazette*, direct that in the whole or in any part of the British Territories in India to be specified in such order, such lower rates of Stamp Duty as he shall prescribe, shall be taken on all or any of the Deeds, Instruments, or Writings specified in the Schedules annexed to this Act, or altogether exempt the same, and in like manner, as occasion shall require, cancel or vary such order to the extent of the powers hereby given. Such cancelment or variation shall also be notified in the Official *Gazette*.

[কোন জিলাতে ইষ্টাম্পের মাসুল ন্যূন করিতে কি তাহা একেবারে উঠাইয়া দিতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা।]

৩৩ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সময়ে২ সরকারী গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক আজ্ঞা করিতে পারিবেন যে ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের সমস্ত স্থানে কিম্বা ঐ অনুজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট কোন২ স্থানে, যে২ দলীল কি পত্র কি লিপি এই আইন সংযুক্ত তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার সমুদয় কি কোন২ দলীলের উপর তদীয় নির্দ্ধারণানুসারে ইষ্টাম্পের ন্যূন মাসুল লওয়া যায় কিম্বা তাহার মাসুল একেবারে উঠাইয়া দেওয়া যায়। তদ্রূপেও তিনি প্রয়োজনমতে এই ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে ঐ আজ্ঞা রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন। তাহা রহিত কি পরিবর্ত্তন হওয়ার সম্বাদও সরকারী গেজেটে প্রকাশ হইবেক ইতি।

[Appointment of Officers for Collection of Stamp Revenue.]

XXXIV. The local Government shall appoint Officers for the collection of the Stamp Revenue, and shall assign Districts to such Officers.

[ইষ্টাম্পের দ্বারা উৎপন্ন রাজস্ব আদায়করণার্থ কার্য্যকারকদিগের নিযুক্ত হইবার কথা।]

৩৪ ধারা। ইষ্টাম্পদ্বারা যে রাজস্ব উৎপন্ন হয় তাহা আদায় করণার্থে স্থানবিশেষের গবর্ণমেণ্ট কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবেন, ও সেই কর্ম্মকারকেরদের যে২ স্থানে কর্ম্ম করিতে হইবেক তাহাও নির্দ্ধার্য্য করিবেন ইতি।

[Orders of Collectors of Stamp Revenue open to revision by Board of Revenue, &c.]

XXXV. All orders passed by the Collectors of Stamp Revenue shall be open to revision by the Board of Revenue or other chief Controlling Revenue Authority, except orders passed under Section XV. of this Act when the Collector shall allow a Deed, Instrument, or Writing not bearing the proper Stamp to have the proper Stamp impressed upon it, and orders passed under Section L. of this Act, when the Collector

[ইষ্টাম্পহইতে উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবেরদের আজ্ঞা রেবিনিউ বোর্ডপ্রভৃতির দ্বারা সংশোধন হইতে পারিবার কথা।]

৩৫ ধারা। ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবেরা যে সকল আজ্ঞা করেন, তাহা রেবিনিউ বোর্ডের সাহেবেরা কিম্বা রাজস্বের তত্ত্বাবধারক অন্য প্রধান কার্য্যকারক সাহেব সংশোধন করিতে পারিবেন। কিন্তু যখন কালেক্টর সাহেব অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিত কোন দলীলে কি পত্রে কি লিপিতে উপযুক্ত ইষ্টাম্প বসাইবার অনুমতি দেন তখন এই আইনের ১৫ ধারামতে তিনি যে আজ্ঞা করেন, অথবা কোন ইষ্টাম্পের ক্ষতি হইলে কি তাহা মলিন ও

shall allow a new Stamp or the value in money to be given in lieu of any Stamp which shall have been damaged, soiled, or rendered unfit for use. All such orders shall be final and shall not be open to revision.

[Licensed Stamp Venders.]

XXXVI. The local Government may license or cause to be licensed Venders of Stamps, and may direct how and under what conditions Stamps may be supplied to such Venders for sale, and what accounts of such Stamps shall be kept by them. The license may be for any time, and may at any time be revoked by the authority granting the same.

[Licenses and Schedules to be stuck up in Stamp Vender's shop.]

XXXVII. Every Vender of Stamps shall, at all times, have his license, together with the Schedules annexed to this Act, in the Vernacular language of the District, stuck up in a conspicuous situation in the place where he sells the Stamps, on pain of a fine not exceeding fifty Rupees.

[Endorsement of Stamps by Venders.]

XXXVIII. Every Vender of Stamps shall write on the back of every Stamp which he sells, except adhesive Stamps and Stamps used for Receipts, or for Bills of Exchange, Promissory Notes, Drafts, or other Orders for money, Agreements for loans falling under Article 13 of the Schedule A annexed to this Act, or Bills of Lading, the date of sale, the name of the person to whom the Stamp is issued, and his own ordinary signature, on pain of a fine not exceeding one hundred Rupees.

[Penalty for Vender writing a false name or date.]

XXXIX. Any Vender who shall knowingly write a false name or date on the back of any Stamp which he is required to endorse under the last preceding Section, shall be punished by a fine not exceeding five hundred Rupees, or imprisonment with or without hard labor not exceeding three months, or both.

[Delay by Stamp Vender in issuing Stamps.]

XL. Every Vender of Stamps shall, without delay, deliver any Stamp which he has in his possession for sale, on demand by any person tendering the value in any currency which the Vender is duly authorized to receive in payment for Stamps, on pain of a fine not exceeding one hundred Rupees.

[Stamp Vender accepting any consideration other than that authorized.]

XLI. Any Vender who demands or accepts for any Stamp any consideration other than the value thereof in such currency as he is duly autho-

কর্ম্মের অনুপযুক্ত হইলে যখন কালেক্টর সাহেব তৎপরিবর্ত্তে নূতন ইষ্টাম্প দিবার কিম্বা ইষ্টাম্পের মূল্য দিবার অনুমতি দিয়া এই আইনের ৫০ ধারামতের আজ্ঞা করেন, তখন তাঁহার সেই আজ্ঞা চূড়ান্ত হইবেক, ও তাহা সংশোধন হইতে পারিবেক না ইতি।

[অনুমতিপত্র প্রাপ্ত ইষ্টাম্প বিক্রেতারদের কথা।]

৩৬ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট কোন ব্যক্তিদিগকে ইষ্টাম্প বিক্রয় করিবার অনুমতিপত্র দিতে কি দেওয়াইতে পারিবেন। ও বিক্রয় হইবার জন্যে সেই ইষ্টাম্প যে প্রকারে ও যে নিয়মমতে ঐ বিক্রেতারদিগকে দেওয়া যাইবেক ও তাঁহারদের সেই ইষ্টাম্পের যে হিসাব রাখিতে হইবেক তাহারও আজ্ঞা করিতে পারিবেন। সেই অনুমতিপত্র নিরূপিত কোন সময়ের নিমিত্তে হইতে পারিবে, ও যিনি অনুমতিপত্র দিলেন তাঁহারই আজ্ঞাক্রমে তাহা কোন সময়ে রহিতও হইতে পারিবেক ইতি।

[অনুমতিপত্র ও তফসীল ইষ্টাম্প বিক্রেতার দোকানে লটকাইয়া রাখিবার কথা।]

৩৭ ধারা। প্রত্যেক জন ইষ্টাম্প বিক্রেতা যে ঘরে ইষ্টাম্প বিক্রয় করেন সেই ঘরের কোন প্রকাশ স্থানে জিলার চলন ভাষাতে আপনার অনুমতিপত্র ও এই আইনের লিখিত তফসীল সর্ব্বদাই লটকাইয়া রাখিবেন। না রাখিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[ইষ্টাম্পকাগজের পৃষ্ঠে ঐ বিক্রেতারদের নামাদি লিখিবার কথা।]

৩৮ ধারা। প্রত্যেক জন ইষ্টাম্প বিক্রেতা যে২ ইষ্টাম্প বিক্রয় করেন তাহার প্রত্যেকের পৃষ্ঠে ঐ ইষ্টাম্প যে তারিখে বিক্রয় করেন তাহা ও যে ব্যক্তিকে ঐ ইষ্টাম্প দেওয়া যায় তাহার নাম, ও আপনার সাধারণমতের স্বাক্ষর লিখিবেন। না লিখিলে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইবেক। কিন্তু আটাল ইষ্টাম্পেরপৃষ্ঠে কি রসীদে কিম্বা বিল অফ এক্সচেঞ্জে কি প্রমিসরি নোটে কি ড্রাফ্টে কি টাকার অন্য আর্ডরে কিম্বা এই আইনের A চিহ্নিত তফসীলের ১৩ প্রকরণের লিখিত ঋণসম্পর্কীয় নিয়মপত্রে কি বিল অফ লেডিঙ্গে যে ইষ্টাম্প বসাইতে হইবে, তাহার পৃষ্ঠে লিখিবেন না ইতি।

[বিক্রেতা অপ্রকৃত নাম কি তারিখ লিখিলে তাহার দণ্ডের কথা।]

৩৯ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে যে ইষ্টাম্পের পৃষ্ঠে বিক্রেতার লিখিতে হইবেক তাহাতে যদি জানপূর্ব্বক অপ্রকৃত নাম কি তারিখ লেখেন, তবে তাঁহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড কিম্বা কঠিন পরিশ্রম সহিত কি বিনাপরিশ্রমে তিন মাসের অনধিক কাল কয়েদ, কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[ইষ্টাম্প বিক্রেতা ইষ্টাম্প দিতে বিলম্ব করিলে তাহার কথা।]

৪০ ধারা। ইষ্টাম্পবিক্রেতার কাছে বিক্রয় হইবার জন্যে যে ইষ্টাম্প কাগজ থাকে, এমত কোন কাগজ যদি কেহ লইতে চাহে, ও সেই ইষ্টাম্প কাগজের নিমিত্তে বিক্রেতার যে প্রকারের মুদ্রা গ্রহণ করিবার অনুমতি আছে এমত কোন চলন মুদ্রাতে যদি তাহার মূল্য দিতে চাহে, তবে ইষ্টাম্পবিক্রেতা তাহাকে অগৌণে সেই কাগজ দিবেন। না দিলে তাহার এক শত টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

[যে মুদ্রা লইবার অনুমতি হয় তদ্ভিন্ন ইষ্টাম্পবিক্রেতা অন্য দ্রব্য গ্রহণ করিলে তাহার কথা।]

৪১ ধারা। ইষ্টাম্পবিক্রেতা ইষ্টাম্প কাগজের নিমিত্তে যে প্রকারের মুদ্রা গ্রহণ করিবার অনুমতি উপযুক্তমতে পাইয়াছেন, সেই প্রকারের মুদ্রাভিন্ন ঐ কাগজের

rized to receive in payment for Stamps, shall be punished by a fine not exceeding one hundred Rupees.

[Stamp Vender accepting any consideration exceeding the value of the Stamp.]

XLII. Any Vender who demands or accepts for any Stamp any consideration exceeding the value of such Stamp, shall be punished by imprisonment with or without hard labor for a period not exceeding six months, or by a fine not exceeding ten times the value so demanded or accepted, or by both, and it shall be in the discretion of the Court or Officer passing the sentence to direct the value of the excess to be refunded out of such fine to any person from whom such excessive consideration may have been accepted.

[Illegal sale of old Stamps.]

XLIII. Any Vender or other person who, after any period which may have been appointed by the Governor General of India in Council for the commencement of the use of new Stamps, sells any old Stamps, shall be punished by a fine not exceeding one hundred Rupees.

[Stamp Vender refusing or omitting to render accounts.]

XLIV. If any Vender refuse or omit to render any account required from him, or to permit the Collector of the Stamp Revenue of the District or any Officer duly authorized by such Collector to inspect his accounts or to examine the store of Stamps in his possession, it shall be lawful for such Collector to proceed against such Vender for the recovery of the value of the balance of Stamps standing against him in the books of such Collector, or for the recovery of the balance of money standing against such Vender in the said books, in the same manner as Collectors of Land Revenue are authorized by law to proceed against persons owing revenue or rent to Government.

[Delivery of Stamps, &c., by Vender on determination of his license.]

XLV. Any Vender who, upon the determination, revocation, or resignation of his license, does not, within such reasonable time as shall have been prescribed by the Collector of the Stamp Revenue of the District, make over to some officer duly authorized to receive the same, an account of the Stamps entrusted to him for sale on the part of Government, together with any such Stamps remaining, or which ought to be remaining for sale in his hands, and any balance of cash which may be due from him to Government in respect of such Stamps, shall be liable to a fine not exceeding five hundred Rupees; provided always that no Vender shall, by the payment of such fine, be exempt from any punishment provided by law for any embezzlement of which he shall have been guilty, or from such proceeding as by the last

মূল্যস্বরূপ যদি অন্য কোন দ্রব্য চাহেন কি লন, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[ইষ্টাম্প বিক্রেতা ইষ্টাম্পের মূল্যের অতিরিক্ত কিছু গ্রহণ করিলে তাহার কথা।]

৪২ ধারা। যদি কোন ইষ্টাম্পবিক্রেতা কোন ইষ্টাম্পের নিমিত্তে ঐ ইষ্টাম্পের মূল্যের অতিরিক্ত কিছু চাহেন কি গ্রহণ করেন, তবে তাঁহার ছয় মাসের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হওন দণ্ড, কিম্বা যত চাহিয়াছেন কি গ্রহণ করিয়াছেন তাহার দশ গুণপর্য্যন্ত অর্থদণ্ড, কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক। ও যে আদালত কি কার্য্যকারক ঐ দণ্ডের আজ্ঞা করেন, তিনি স্বীয় বিবেচনামতে এই আজ্ঞাও করিতে পারিবেন যে, অতিরিক্ত মূল্য যে ব্যক্তির স্থানে লওয়া গিয়াছে তাঁহাকে সেই অর্থদণ্ডহইতে ঐ অতিরিক্ত মূল্য ফিরিয়া দেওয়া যায় ইতি।

[পুরাতন ইষ্টাম্প কাগজ বেআইনীমতে বিক্রয় করিবার কথা।]

৪৩ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনেরল বাহাদুর নূতন ইষ্টাম্প চলন হইবার কোন সময় নিরূপণ করিলে, যদি তৎপরে কোন বিক্রেতা কি অন্য ব্যক্তি কোন পুরাতন ইষ্টাম্প বিক্রয় করেন, তবে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবেক ইতি।

[ইষ্টাম্প বিক্রেতা হিসাব না দিলে কি দিতে স্বীকার না করিলে তাহার কথা।]

৪৪ ধারা। কোন ইষ্টাম্পবিক্রেতাকে হিসাব দিবার আজ্ঞা হইলে যদি না দেন কি দিতে স্বীকার না করেন, কিম্বা জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবকে, কিম্বা তাঁহার দ্বারা উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারককে, সেই হিসাব দেখিতে না দেন, কিম্বা যে সকল ইষ্টাম্প কাগজ তাঁহার নিকটে থাকে তাহা দেখিতে না দেন, তবে গবর্ণমেণ্টের জমা কি খাজানা যাহারদের নিকটে প্রাপ্য হয় তাহারদের উপর ভূমির রাজস্বের কালেক্টর সাহেবেরা আইনমতে যেরূপে কার্য্য করিতে পারেন, উক্ত কালেক্টর সাহেবের খাতায় বিক্রেতার নামে যত ইষ্টাম্প কাগজ লেখা আছে তাহার বাকী মূল্য পাইবার নিমিত্তে কিম্বা উক্ত খাতায় ঐ বিক্রেতার নামে বাকী পাওনা যত টাকা লেখা আছে তাহা পাইবার নিমিত্তে, ঐ কালেক্টর সাহেব ঐ বিক্রেতার উপর সেই প্রকারের কার্য্য করিতে পারিবেন ইতি।

[বিক্রেতার অনুমতিপত্রের মিয়াদ অতীত হইলে তাহার ইষ্টাম্পকাগজপ্রভৃতি ফিরিয়া দিবার কথা।]

৪৫ ধারা। কোন বিক্রেতার অনুমতিপত্রের নির্দ্দিষ্ট কাল অতীত হইলে, কিম্বা সেই অনুমতিপত্র রহিত হইলে, অথবা তিনি তাহা ত্যাগ করিলে, গবর্ণমেণ্টের পক্ষে বিক্রয়ার্থে যে সকল ইষ্টাম্প তাঁহার হাতে দেওয়া গিয়াছিল তাহার হিসাব, ও যত ইষ্টাম্প তাহার হাতে বিক্রয়ার্থে থাকে কি থাকা উচিত তাহা, ও সেই ইষ্টাম্পের জন্যে গবর্ণমেণ্টের নিকটে তাঁহার যত টাকা দেনা থাকে তাহা, ঐ বিক্রেতা জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেব উপযুক্ত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে, ঐ হিসাব ও ইষ্টাম্পপ্রভৃতি গ্রহণ করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারককে দিবেন। না দিলে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবেক। কিন্তু উক্ত দণ্ড দিলেও ঐ বিক্রেতা স্থাপ্যহরণের দোষে দোষী হইলে ঐ দোষের যে দণ্ড আইনে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাহইতে তিনি মুক্ত হইবেন না। ও কোন ইষ্টাম্প কাগজের মূল্য, কিম্বা ঐ বিক্রেতার হাতে থাকা কিম্বা তাহার নামে লেখা যে টাকা প্রাপ্য হয় তাহা

preceding Section the Collector of the Stamp Revenue of the District is empowered to adopt for the recovery of the value of any Stamps or balance of cash remaining in the hands of or standing against such Vender.

[On death of Stamp Vender, unsold Stamps, &c., to be delivered to a duly authorized Officer.]

XLVI. Upon the death of any Vender, the person in possession of such Vender's effects shall, upon demand being made by the Collector of Stamp Revenue of the District or any Officer duly authorized by him, make over within a reasonable time to such Collector or Officer as aforesaid any Stamps which the deceased Vender shall have received for sale on the part of Government and shall not have sold at the time of his death, and any account kept by such deceased Vender in respect to such Stamps, of which Stamps and accounts such person as aforesaid may have the possession, or be able to obtain the possession, on pain of a fine not exceeding five hundred Rupees.

[Proceedings against sureties of Stamp Vender.]

XLVII. The Collector of Stamp Revenue of the District may call upon the surety of a Vender of Stamps, to make good the value of the balance of Stamps standing against such Vender in the books of such Collector, or the balance of money standing against such Vender in the books of such Collector, and on his failure to do so, may proceed against such surety for the recovery of the value of the balance of Stamps, or for the recovery of the balance of money as aforesaid, in the same manner as Collectors of Land Revenue are authorized by law to proceed against the surety of a person owing revenue or rent to Government.

[Unlicensed sale of Stamps.]

XLVIII. No person not being a licensed Vender of Stamps duly appointed, shall sell any Stamp unless it has been in an authorized manner obtained for use and not for sale, under pain of a fine not exceeding one hundred Rupees; provided that nothing in this Section shall be held to apply to any adhesive Stamp, or to any Stamp used for a Receipt, Bill of Exchange, Promissory Note, or other Order for money, or to an Agreement for a loan falling under Article 13 of the Schedule A annexed to this Act, or to a Bill of Lading.

[If licensed Vender die, or his license expire or be revoked.]

XLIX. If any licensed Vender die, or if his license expire or be revoked, the Stamps in the possession of such Vender of which, after deducting the percentage or discount allowed, he has paid the amount to Government, may within three months from the date of the death of such

আদায় করিবার জন্যে, এই আইনের ৪৪ ধারামতে জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের যে সকল কার্য্য করিবার ক্ষমতা আছে, তাহাইতেও সেই বিক্রেতা মুক্ত হইবেন না ইতি।

[ইষ্টাম্প বিক্রেতা মরিলে, যত ইষ্টাম্প কাগজপ্রভৃতি বিক্রয় না হইয়া থাকে তাহা উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারককে দিবার কথা।]

৪৬ ধারা। ইষ্টাম্প বিক্রেতার মৃত্যু হইলে, তাঁহার সম্পত্তি যে ব্যক্তির হস্তগত হয় তিনি, ঐ মৃত বিক্রেতা যে সকল ইষ্টাম্প গবর্ণমেণ্টের পক্ষে বিক্রয়ার্থে প্রাপ্ত হইয়া মৃত্যুকালপর্য্যন্ত বিক্রয় করেন নাই, ও ইষ্টাম্প সম্পর্কীয় যে হিসাব লিখিয়াছিলেন, এমত যে সকল কাগজ ও হিসাব ঐ ব্যক্তি প্রাপ্ত হন কি প্রাপ্ত হইতে পারেন, তাহা তিনি জিলার ইষ্টাম্প দ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের কিম্বা তাঁহার দ্বারা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের দাওয়াক্রমে, উপযুক্ত সময়ের মধ্যে উক্ত কালেক্টর সাহেবকে কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারককে দিবেন। না দিলে তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ইষ্টাম্প বিক্রেতার জামিনেরদের উপর কার্য্য হইবার কথা।]

৪৭ ধারা। জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের খাতায় বিক্রেতার নামে যত ষ্টাম্প কাগজ লেখা থাকে তাহার বাকী কাগজের মূল্য, কিম্বা ঐ কালেক্টর সাহেবের খাতায় ঐ বিক্রেতার নামে যত টাকা প্রাপ্য বলিয়া লেখা থাকে তাহা, ঐ কালেক্টর সাহেব ঐ বিক্রেতার জামিনকে আনিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। ও তিনি তাহা না দিলে, গবর্ণমেণ্টের জমা কি খাজানা যাহার স্থানে প্রাপ্য হয় তাহার জামিনের উপর ভূমির রাজস্বের কালেক্টর সাহেবেরা আইনমতের যে প্রকারের কার্য্য করিতে পারেন, ঐ বাকী ইষ্টাম্প কাগজের মূল্য কিম্বা পূর্ব্বোক্তমতের বাকী টাকা আদায় করিবার জন্যে পূর্ব্বোক্ত কালেক্টর সাহেব ঐ বিক্রেতারও জামিনের উপর সেই প্রকারের কার্য্য করিতে পারিবেন ইতি।

[অনুমতি পত্র বিনা ইষ্টাম্প বিক্রয়ের কথা।]

৪৮ ধারা। অনুমতিপ্রাপ্ত ও নিয়মিতরূপে নিযুক্ত ইষ্টাম্প বিক্রেতাভিন্ন কোন ব্যক্তি কোন ইষ্টাম্প কাগজ বিক্রয় করিবেন না, করিলে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইবে। কিন্তু কোন ব্যক্তি ক্রিয়ার্থে নহে, কেবল ব্যবহারার্থে কোন ইষ্টাম্প নিয়মিতরূপে প্রাপ্ত হইয়া পরে তাহা বিক্রয় করিলে, তাহার বাধা নাই। ও আটাল কোন ইষ্টাম্প কিম্বা রসীদের কি বিল অফ এক্সচেঞ্জের কি প্রমিসরী নোটের কি টাকার অন্য অর্ডরের অর্থাৎ আজ্ঞাপত্রের নিমিত্তে, কিম্বা এই আইনের A চিহ্নিত তফসীলের ১৩ প্রকরণের লিখিত প্রকারের ঋণ বিষয়ি নিয়মপত্রের কি বিল অফ লেডিঙ্গের নিমিত্তে যে কোন ইষ্টাম্প ব্যবহার হয়, তদ্বিষয়ে এই ধারার কোন কথা খাটিবে না ইতি।

[অনুমতিপ্রাপ্ত বিক্রেতা মরিলে কি, তাহার সেই পত্রের মিয়াদ অতীত হইলে কি তাহা রহিত করা গেলে তাহার কথা।]

৪৯ ধারা। অনুমতিপত্রপ্রাপ্ত কোন বিক্রেতা যখন মরেন, কিম্বা তাঁহার অনুমতিপত্রের নির্দ্দিষ্ট কাল অতীত হয়, কিম্বা যদি সেই অনুমতিপত্র রহিত হয়, তখন তিনি ডিস্কৌণ্ট কি শতকরা কতক টাকা বাদে যে ইষ্টাম্পের মূল্য গবর্ণমেণ্টকে দিয়াছেন এমত কোন ইষ্টাম্প তাঁহার

Vender, or from the date on which his license expired or was revoked, as the case may be, be brought to the Collector of Stamp Revenue of the District who shall repay such amount. Provided that such Stamps were actually in the possession of such Vender for the purpose of sale, and were procured by him from the Collector of Stamp Revenue of the District.

[Renewal of damaged or spoiled Stamps.]

L. *Clause* 1.—If any Stamp Paper, after having been obtained in the manner allowed by this Act, shall have become damaged, spoiled, or unfit for use either by any accident happening to the same, or because of some error in the drawing up or copying of any Deed, Instrument, or Writing thereupon, which being discovered before such Deed, Instrument, or Writing shall be finally signed and executed, renders the same of no avail; or when by reason of the death or refusal of the party whose signature may be necessary to effect the transaction intended by such Deed, Instrument, or Writing it remains incomplete and of no avail; or when by the refusal of any office or trust that may be granted by a Deed, Instrument, or Writing it has failed of the purpose intended; or if any Deed, Instrument, or Writing duly stamped shall not have been finally executed by reason of any accident having happened to the same or because of some error in the drawing up or copying thereof having been discovered the same is rendered of no avail; or if by reason of failure of consideration, the transaction intended by such Deed, Instrument, or Writing cannot be effected, or such transaction has been effected by some other Deed, Instrument, or Writing duly stamped, or in the case of a Promissory Note, Bill of Exchange, or the like, if by non-delivery to the payee or person acting on his behalf, or from other cause, the same is never brought to use, and in the case of a Bill of Exchange other than a Bill drawn in sets as provided in this Act if it shall not have been presented for acceptance; in all such cases, it shall be competent to the Collector of the Stamp Revenue of the District, upon delivery being made of such Stamped Paper, so damaged, spoiled, or rendered unfit for use, to cause a similar Stamp or Stamps of equal value to be delivered to the owner of such Stamp Paper, so damaged, spoiled, or rendered unfit for use, or to his representative, upon payment of the value of the Paper, on which the new Stamp shall be impressed. The provisions of this Section shall not extend to any Bill of Exchange drawn in a set, if any one of such set shall have been delivered to the payee or to any adhesive Stamp.

[Application for renewal.]

Clause 2.—The owner of any Stamp which

নিকটে থাকিলে, তাঁহার মৃত্যুর তারিখঅবধি অথবা বিষয়বিশেষে তাঁহার অনুমতিপত্রের নির্দ্ধারিত কাল অতীত হইবার কি তাহা রহিত হইবার তারিখঅবধি তিন মাসের মধ্যে, সেই কাগজ জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের নিকটে আনা গেলে, তিনি তাহার টাকা ফিরিয়া দিবেন। কিন্তু এমন স্থলে প্রয়োজন যে ঐ ইষ্টাম্প ঐ বিক্রেতার নিকটে বিক্রয় হইবার জন্যে থাকে ও তৎকর্ত্তৃক জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের স্থানে তাহা প্রাপ্ত হওয়া যায় ইতি।

[ইষ্টাম্পের ক্ষতি কি হানি হইলে তাহা নূতন করিবার কথা।]

৫০ ধারা। ১ প্রকরণ।—কোন ব্যক্তি এই আইনের অনুমতিক্রমে ইষ্টাম্প কাগজ প্রাপ্ত হইলে পর যদি কোন ঘটনাক্রমে সেই কাগজের ক্ষতি কি হানি হয় কি তাহা কর্ম্মের অনুপযুক্ত হয়, অথবা সেই কাগজে কোন দলীল কি পত্র কি লিপি লিখিবার কি নকল করিবার সময়ে যদি কিছু অশুদ্ধ হয় ও সেই দলীল কি পত্র কি লিপি স্বাক্ষরিত কি সিদ্ধ করা যাইবার পূর্ব্বে সেই অশুদ্ধতা প্রকাশ হওয়াতে যদি তাহা ব্যর্থ হয়, কিম্বা সেই দলীল কি পত্র কি লিপিক্রমে যে কার্য্য হইবার অভিপ্রায় থাকে তাহা সিদ্ধ করণার্থে যে ব্যক্তির স্বাক্ষরকরা আবশ্যক তাঁহার মৃত্যু হওয়াতে কি অস্বীকার করাতে যদি সেই দলীল অসিদ্ধ ও ব্যর্থ হইয়া থাকে, অথবা কোন দলীল কি পত্র কি লিপিদ্বারা যে পদ কি ট্রুষ্ট অর্পণ হয়, তাহা অস্বীকার হওয়াতে যদি সেই দলীলপ্রভৃতির অভিপ্রায় নিষ্ফল হয়, অথবা কোন দলীল কি পত্র কি লিপি উপযুক্ত ইষ্টাম্প কাগজে লেখা গেলে পর অকস্মাৎ তাহার কোন হানি হওয়াতে কিম্বা তাহার লিখনে কি নকল করণে কোন ভুল প্রকাশ হওয়াতে যদি শেষে স্বাক্ষর না হইয়া সেই দলীলপ্রভৃতি নিষ্ফল হইয়া যায়, অথবা কোন দলীল কি পত্র কি লিপিদ্বারা যে কর্ম্ম হইবার মনস্থ ছিল তাহার টাকা প্রাপ্ত না হওয়াতে যদি সেই কার্য্য নিষ্পন্ন হইতে না পারে, কিম্বা যদি উপযুক্তমতের ইষ্টাম্প করা অন্য কোন দলীল কি পত্র কি লিপিদ্বারা সেই কার্য্য পূর্ব্বে নিষ্পন্ন হইয়া থাকে,—অথবা প্রমিসরি নোট কি বিল অফ এক্সচেঞ্জপ্রভৃতি হইলে, তাহার টাকা যে ব্যক্তির প্রাপ্য হয় তাঁহাকে, কি তাঁহার পক্ষের কোন কর্ম্মকারককে ঐ নোটপ্রভৃতি না দেওয়াতে, কিম্বা অন্য কোন কারণে, যদি সেই নোটপ্রভৃতির কখন ব্যবহার না হয়, অথবা এই আইনের নির্দ্দিষ্টমতে যে বিলের দুই কি তিন কেতা করিতে হয়, তদ্ভিন্ন অন্য বিল অফ এক্সচেঞ্জ হইলে, যদি তাহা স্বীকার হইবার জন্যে কখন উপস্থিত করা না যায়,—তবে এমত প্রত্যেক স্থলে যে ইষ্টাম্প কাগজের উক্ত প্রকার ক্ষতি কি হানি হইয়াছে কিম্বা কর্ম্মের অনুপযুক্ত হইয়াছে, তাহা জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের হস্তে সমর্পণ করা গেলে, ও উক্ত প্রকারের হানি কি ক্ষতিগ্রস্থ কি কর্ম্মের অনুপযুক্ত ইষ্টাম্প কাগজের স্বামী কি তাহার স্থলাভিষিক্ত ব্যক্তি নূতন ইষ্টাম্প যাহাতে ছাপা হইবেক সেই কাগজের মূল্য দিলে, কালেক্টর সাহেব সেই প্রকারের ও তত্তুল্য মূল্যের এক কি অধিক ইষ্টাম্প কাগজ তাঁহাকে দেওয়াইতে পারিবেন। কিন্তু কোন বিল অফ এক্সচেঞ্জের দুই কি তিন কেতা লেখা গেলে তাহার কোন এক কেতা যদি টাকা প্রাপণিয়া ব্যক্তিকে দেওয়া যায়, তবে তাহার বিষয়ে, কিম্বা আটাল কোন ইষ্টাম্প বিষয়ে, এই ধারার বিধান খাটিবে না ইতি।

[নূতন কাগজ পাইবার দরখাস্তের কথা।]

২ প্রকরণ।—যে ব্যক্তির কোন ইষ্টাম্প কাগজ

shall be damaged, spoiled, or rendered unfit for use as aforesaid, shall prefer his application to the Collector of Stamp Revenue of the District in which he may have purchased the same, and if such Collector be of opinion that the application ought to be complied with, he shall deliver or cause to be delivered, subject to the provisions of this Act, to the party or his representative, a Stamp similar or of equal value to that which has been damaged, spoiled, or rendered unfit for use. Provided that the application be made within six months of the period when the Stamp shall have become damaged, spoiled, or rendered unfit for use.

[Collector may repay the amount of damaged Stamps, instead of giving new Stamps.]

Clause 3.—In any case in which under this Section a Collector may give a new Stamp in lieu of a Stamp damaged, spoiled, or rendered unfit for use, he may, if he shall see fit, repay to the party making the application the amount of such Stamp in money.

[Conveyance to state truly the amount of the purchase money.]

II. *Clause* 1.—From the time when this Act shall come into force, in case of the sale of any land, annuity, or other property, real or personal, moveable or immoveable, not being a share of any Banking Corporation or Joint Stock Company when the same is transferred by simple endorsement, or of any right, title, interest, or claim in any such property, when a Duty is imposed by this Act on the conveyance thereof, the full purchase or consideration money directly or indirectly paid, or secured or agreed to be paid for the same, shall be truly expressed and set forth in words at length in the principal Deed, Instrument, or Writing, whereby the property sold shall be conveyed to or vested in the purchaser or in any other person. Provided that if the Deed, Instrument, or Writing be framed in accordance with a form prescribed by any Act or Regulation in force, and shall not contain such purchase or consideration money, then such purchase or consideration money shall be truly expressed and set forth in words at the foot of such Deed, Instrument, or Writing. If the full purchase or consideration money shall not be fully and truly expressed and set forth in the manner above directed, the purchaser and seller shall each forfeit a sum not exceeding five hundred Rupees, and be charged with the payment of five times the amount of the excess of Duty which would have been payable for such Deed, Instrument, or Writing in respect of the full purchase or consideration money, if the same had been duly expressed in such Deed, Instrument, or Writing, beyond the amount of Duty actually paid for the same.

[*Government Gazette*, 13*th May*, 1862.]

পূর্ব্বোক্ত মতে হানি কি ক্ষতি হয় কি কর্ম্মের অনুপযুক্ত হয়, তিনি যে জিলাতে ঐ ইষ্টাম্প ক্রয় করিয়াছিলেন সেই জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেন। তাহাতে কালেক্টর সাহেব সেই প্রার্থনা গ্রাহ্য করা উপযুক্ত বোধ করিলে, উক্ত যে ইষ্টাম্প ক্ষতি কি হানি হইয়াছে কি কর্ম্মের অনুপযুক্ত হইয়াছে সেই প্রকারের কি তাহার তুল্য মূল্যের ইষ্টাম্প কাগজ এই আইনের বিধান মান্য করিয়া ঐ দরখাস্তকারিকে কি তাঁহার স্বলাভিষিক্তব্যক্তিকে দিবেন কি দেওয়াইবেন। কিন্তু সেই ইষ্টাম্পের হানি কি ক্ষতি কি তাহা কর্ম্মের অনুপযুক্ত যে কালে হইয়াছে, তাহার পর ছয় মাসের মধ্যে ঐ দরখাস্ত দিতে হইবেক।

[নূতন ইষ্টাম্প না দিয়া ঐ ক্ষতিহওয়া ইষ্টাম্পের মূল্য কালেক্টর সাহেবের দিতে পারিবার কথা।]

৩ প্রকরণ।—এই ধারামতে কালেক্টর সাহেব যে স্থলে ঐ ক্ষতি কি হানিহওয়া কি কর্ম্মের অনুপযুক্ত ইষ্টাম্পের পরিবর্ত্তে নূতন ইষ্টাম্প দিতে ক্ষমতাপন্ন হন, এমত স্থলে তিনি উপযুক্ত বোধ করিলে ঐ দরখাস্তকারিকে ঐ ইষ্টাম্পের মূল্যের টাকা ফিরিয়া দিতে পারিবেন ইতি।

[হস্তান্তর করণ পত্রে ক্রয়ের যথার্থ মূল্য লিখিবার কথা।]

৫১ ধারা। ১ প্রকরণ।—এই আইন প্রচলিত হইবার কালাবধি, ব্যাঙ্কের কর্ম্মকারি চার্টরপ্রাপ্ত কোন সমাজের কি জাইণ্ট ষ্টাক কোম্পানির যে শ্যার কেবল পৃষ্ঠে লিখনদ্বারা হস্তান্তর করা যায় সেই শ্যারভিন্ন, ভূমি কি বার্ষিক বৃত্তি কিম্বা স্থাবর কি অস্থাবর অন্য সম্পত্তি কি পাট্টাপ্রভৃতি কি বিষয়, কিম্বা তদ্রূপ সম্পত্তিতে কোন অধিকার কি স্বত্ব কি সম্পর্ক কি দাওয়া বিক্রয় হইলে, যদি এই আইনক্রমে তাহার হস্তান্তরকরণপত্রে ইষ্টাম্প ধার্য্য হয়, তবে মুখ্য যে দলীল কি পত্র কি লিপিক্রমে সেই বিক্রীত ভূম্যাদি ক্রেতার কি অন্য কোন ব্যক্তির প্রতি অর্পিত হয় কি বর্ত্তে, তাহাতে ঐ ভূম্যাদি ক্রয় করণার্থে কি তাহার বিনিময়ে যত টাকা সপষ্টরূপে কি চক্রান্তে দেওয়া গেল কি দিবার নিয়ম কি চুক্তি হইল, তাহা সম্পূর্ণরূপে প্রকাশ হইবে ও অক্ষরে লিখিয়া ব্যক্ত হইবেক। কিন্তু যদি সেই দলীল কি পত্র কি লিপি কোন প্রচলিত আইনের নির্দ্দিষ্ট পাঠে লেখা যায়, ও তাহা যত টাকাতে কি যে মূল্যের বিনিময়ে বিক্রয়াদি হয় তাহা যদি নির্দ্দিষ্ট না থাকে, তবে সেই বিক্রয়ের কি বিনিময়ের টাকা ঐ দলীলের কি পত্রের কি লিপির নিম্নভাগে যথার্থরূপে অক্ষরক্রমে ব্যক্ত ও প্রকাশ করিতে হইবে। সেই ভূম্যাদির মূল্য কি তাহার বিনিময়ে যত টাকা দেওয়া যায় তাহা যদি পূর্ব্বোক্তমতে সম্পূর্ণ ও যথার্থরূপে প্রকাশ ও ব্যক্ত না হয়, তবে ক্রেতা ও বিক্রেতা উভয়ের পাঁচ২ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইবে, ও উক্ত দলীল কি পত্র কি লিপি যত টাকার ইষ্টাম্প কাগজে লেখা হইয়াছে, এবং ঐ ভূম্যাদির মূল্য কি তাহার বিনিময়ে যে টাকা দেওয়া যায় তাহা সম্পূর্ণ মতে ঐ দলীলে ব্যক্ত থাকিলে তাহা যত টাকার ইষ্টাম্প কাগজে লেখা উচিত, ঐ উভয়ের মধ্যে যত টাকার ইষ্টাম্প বিশেষ হয় তাহার পাঁচ গুণ ঐ প্রত্যেক জনের দিতে হইবে।

[Penalty if person employed to prepare a conveyance inserts a less sum than the true purchase money.]

Clause 2.—If any person shall knowingly and wilfully insert or set forth in any such Deed, Instrument, or Writing, any less amount than the full and true purchase or consideration money directly or indirectly paid or secured or agreed to be paid for the same, he shall incur the penalties prescribed in the preceding Clause of this Section.

[যে ব্যক্তি ঐ স্ট্যাম্পের করণপত্র লিখিতে নিযুক্ত হন তিনি যথার্থ মূল্যের ন্যূন লিখিলে তাঁহার দণ্ডের কথা।]

২ প্রকরণ।—উক্ত ভূম্যাদির যত মূল্য কি তাহার বিনিময়ে যত টাকা সপষ্টরূপে কি চক্রান্তে দেওয়া গিয়াছে কি দিবার নির্দ্ধারিত নিয়ম কি চুক্তি হইয়াছে তাহার ন্যূন মূল্য যদি কোন ব্যক্তি জানিয়া ও ইচ্ছাপূর্ব্বক সেই দলীলে কি পত্রে কি লিখিতে লেখেন কি ব্যক্ত করেন, তবে তাঁহার এই ধারার প্রথম প্রকরণের নির্দ্দিষ্ট দণ্ড হইবেক ইতি।

[Prosecution only to be by Collector of Stamp Revenue, &c.]

LII. No person shall be proceeded against for any offence affecting the Public Revenue under this Act, except at the suit or prosecution of the Collector of the Stamp Revenue of the District or other Officer especially authorized by the Government in that behalf.

[ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেব প্রভৃতিভিন্ন অন্য কাহারও দ্বারা নালিশ না হইবার কথা।]

৫২ ধারা। এই আইনমতে রাজস্বের ক্ষতিকর কোন অপরাধহেতুক, জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেব কিম্বা তৎকর্ম্মের নিমিত্তে গবর্ণমেণ্টহইতে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকভিন্ন, কেহ কোন ব্যক্তির নামে নালিশ কি মোকদ্দমা করিতে পারিবেন না ইতি।

Offences cognizable by Magistrate or Justice of the Peace.]

LIII. Every offence punishable by this Act may be tried by any officer exercising the powers of a Magistrate or of a subordinate Magistrate of the First Class as defined in the Code of Criminal Procedure or by a Justice of the Peace.

[অপরাধ মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের বিচার্য্য হইবার কথা।]

৫৩ ধারা। এই আইনমতে যে কোন অপরাধের দণ্ড হইতে পারে, তাহার বিচার, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেটের কিম্বা অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্মকারি কোন কার্য্যকারকের কিম্বা জুষ্টিস অফ দি পীসের দ্বারা হইতে পারিবেক ইতি।

[Imprisonment in case of non-payment of fine.]

LIV. If any person sentenced to a fine under the provisions of this Act, shall not pay the fine to which he shall be sentenced, it shall be lawful for the Magistrate or Justice of the Peace who passed the sentence to issue his warrant to levy the amount by distress and sale of the goods and chattels of the party fined, or to sentence the offender to imprisonment until the payment of the fine, or the expiration of a term to be assigned, not exceeding three months, whichever shall first take place.

[অর্থদণ্ড না দেওয়া গেলে কারারুদ্ধ হইবার কথা।]

৫৪ ধারা। এই আইনের বিধানমতে যাঁহার অর্থদণ্ডের আজ্ঞা হয় তিনি যদি ঐ আজ্ঞামতের দণ্ড না দেন, তবে যে মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেব ঐ দণ্ডের আজ্ঞা করেন, তিনি ঐ দণ্ডাজ্ঞাপ্রাপ্ত ব্যক্তির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করণদ্বারা ঐ দণ্ডের টাকা আদায় হইবার পরওয়ানা জারী করিতে পারিবেন। অথবা সেই দণ্ডের টাকা না দেওনপর্য্যন্ত কিম্বা তিন মাসের অনধিক কোন নির্দ্দিষ্ট কালপর্য্যন্ত অপরাধিকে কারাবদ্ধ হইবার আজ্ঞা করিবেন। কিন্তু ঐ কালের মধ্যে অর্থদণ্ড দেওয়া গেলে অপরাধী মুক্ত হইবে ইতি।

[Rewards to informers.]

LV. A share not exceeding one-half of every fine imposed and recovered under this Act may be awarded by the Magistrate or Justice of the Peace imposing the fine to the informer.

গোয়েন্দারদের পুরস্কারের কথা।]

৫৫ ধারা। যে মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেব এই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞা করেন, তিনি সেই প্রত্যেক দণ্ডের যত টাকা আদায় হয় তাহার অর্দ্ধেকের অনধিক অংশ গোয়েন্দাকে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Interpretation. "Stamp." "Value." "Bill of Exchange." "Deed." "Paper." "Sheet." Number. Gender. "Month." "British Territories in India."]

[ইষ্টাম্প ও মূল্য ও বিল অফ এক্সচেঞ্জ ও দলীল ও কাগজ ও ফর্দ্দ ও মাস ও ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশ এই সকল শব্দের অর্থ, ও বচন ও লিঙ্গবিষয়ক কথা।]

LVI. Throughout this Act and the Schedules annexed to it, the word "Stamp," except when the contrary shall appear from the context, is used to signify a stamped piece of paper or other stamped material for writing on; and by the "Value" of a Stamp is meant a sum indicated by words or figures duly impressed upon such piece of paper or other material. The term 'Bill of Exchange" includes a Hoondee or any other Instrument of a like nature. The word "Deed" includes every Instrument of the nature of a Deed whether under a Seal or not. The word "Paper" includes Parchment, Vellum, or other similar material. The

৫৬ ধারা। এই আইনের সকল ধারাতে ও তৎসংযুক্ত তফসীলে, পূর্ব্বাপর কথাদ্বারা অর্থান্তর বোধ না হইলে, "ইষ্টাম্প" এই শব্দেতে ইষ্টাম্প করা কোন কাগজ ও ইষ্টাম্প করা অন্য যে দ্রব্য লিখনার্থে উপযুক্ত হয় সেই দ্রব্য বুঝাইবে। ইষ্টাম্পের "মূল্য" এই শব্দেতে যত টাকা কি আনা অঙ্ক কি অক্ষরদ্বারা উক্ত প্রকারের কাগজে কি অন্য দ্রব্যেতে নিয়মিতরূপে ছাপা থাকে তাহা বুঝাইবে। "বিল অফ এক্সচেঞ্জ" এই কথার মধ্যে হুণ্ডীকি সেই প্রকারের অন্য কোন দলীল বুঝাইবে। 'দেওলি" এই শব্দেতে দলীলের ভাবের যে কোন পত্র হয় তাহাতে মোহর দেওয়া যাউক কিম্বা যাউক সেই পত্র বুঝাইবে। "কাগজ" এই শব্দের মধ্যে পার্চমেণ্ট

word "Sheet" denotes a stamped paper or other material of the size prescribed by the Governor General in Council under Section IV. Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number. Words importing the masculine gender shall include females. The word "Month" means a Calendar month. The words "British Territories in India" denote the Territories vested in Her Majesty by the Statute 21 and 22 Vic., c. 106, entitled "An Act for the better government of India."

[Commencement of Act.]

LVII. This Act shall come into force on the 1st day of June 1862.

[To be continued.]

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st May 1862, and is hereby promulgated for general information:—

Act No. XV. of 1862.

An Act to amend the Code of Criminal Procedure.

[Preamble.]

Whereas it is expedient to amend the Code of Criminal Procedure in regard to the extension thereof to any parts of the Territories not subject to the General Regulations; It is enacted as follows:—

[With what restrictions, &c., Code of Criminal Procedure may be extended to a Non-Regulation Province.]

I. When, under the provisions of Section 445 of the Code of Criminal Procedure, the said Code has been or shall be extended to any part of the Territories not subject to the General Regulations of Bengal, Madras, or Bombay, it shall be lawful for the Governor General in Council, or for the local Government of such Territory, to vest the Chief Officer charged with the Executive administration of a District in Criminal matters, by whatever designation such Officer is called, with power to try all offences not punishable with death, and under the provisions of the said Code to pass sentence of imprisonment of either description for a term not exceeding seven years, including such solitary confinement as is authorized by law, or fine, or both.

[When Sudder Court consists of one Judge.]

II. When the Sudder Court in any part of the Territories to which the said Court of Criminal Procedure has been or shall be extended as aforesaid, shall consist of a single Judge, such Judge shall have all the powers of two or more Judges of the Sudder Court under Sections 398, 401, and 420 of the said Code.

[*Government Gazette*, 13*th May*, 1862.]

কি বেলম কি তদ্রূপের অন্য দ্রব্য গণ্য হইবে। "ফর্দ্দ" এই শব্দেতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ৪ ধারামতে যে পরিমাণ নির্দ্দিষ্ট করেন সেই পরিমাণের কোন ইষ্টাম্প কাগজ কি অন্য দ্রব্য বুঝাইবে। এক বচনের শব্দের মধ্যে বহুবচনান্ত সেই শব্দ ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনের সেই শব্দও বুঝাইবে। পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য হইবে। "মাস" এই শব্দেতে ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামতের মাস বুঝাইবে। "ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশ" এই কথাতে ভারতবর্ষের আরো উত্তমরূপে কর্তৃত্ব করিবার আইন নামে মহারাণী বিকটরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ক্রমে যে সকল দেশ শ্রীশ্রীমতীর প্রতি বর্ত্তে সেই সকল দেশ বুঝ ইবে ইতি।

[এই আইন প্রচলিত হইবার আরম্ভের কথা।

৫৭ ধারা। এই আইন ১৮৬২ সালের জুন মাসের ১ তারিখঅবধি প্রচলিত হইবেক ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিম্ন লিখিত আইন বিষয়ে শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ১ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ১৫ আইন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

সাধারণ আইনের অধীন প্রদেশের কোন স্থানে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রচলিত করণবিষয়ে ঐ আইন সংশোধন করা বিহিত। এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যে২ নিয়মপ্রভৃতিক্রমে আইনবহির্ভূত প্রদেশে প্রচলিত হইতে পারিবে তাহার কথা।]

১ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৪৫ ধারার বিধানানুসারে যখন সেই আইন বঙ্গ কি মান্দ্রাজ কি বোম্বাই দেশের সাধারণ আইনের অধীন দেশের কোন স্থানে প্রচলিত হয় কি হইবে, তখন হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা ঐ দেশবিশেষের গবর্ণমেণ্ট, ফৌজদারী বিষয়ে ঐ জিলার কর্ত্তৃত্বকার্য্য নির্ব্বাহ করিবার ভারপ্রাপ্ত যে প্রধান কার্য্যকারক থাকেন তাঁহার পদসম্পর্কীয় যে কোন খ্যাতি হউক, তাঁহাকে প্রাণদণ্ডের যোগ্য অপরাধভিন্ন সকল অপরাধের বিচার করিবার ক্ষমতার্পণ করিতে পারিবেন। ও সেই আইনের বিধানানুসারে সাত বৎসরের অনধিক কালপর্য্যন্ত কোন এক প্রকারে কয়েদ করিবার ও আইনমতে নির্জ্জনে কয়েদ হওনের বিধান থাকিলে তদ্রূপ কয়েদ করিবার কি অর্থদণ্ডের কি ঐ উভয় দণ্ডের আজ্ঞা করিবার ক্ষমতার্পণ করিতে পারিবেন ইতি।

[সদর আদালতে এক জন জজ সাহেব থাকিলে তাঁহার কথা।]

২ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের উক্ত আইন কোন প্রদেশের যে অংশে পূর্ব্বোক্তমতে প্রচলিত হয় কি হইবে, সেই অংশের সদর আদালতে যদি কেবল এক জন জজ সাহেব থাকেন, তবে উক্ত আইনের ৩৯৮ ও ৪০১ ও ৪২০ ধারামতে সদর আদালতের দুই কি ততোধিক জন জজ সাহেবের যে সকল ক্ষমতা থাকে, ঐ এক জন জজ সাহেবের সেই সকল ক্ষমতা থাকিবেক ইতি।

[Construction.]

III. This Act shall be taken and read as part of the Code of Criminal Procedure.

M. WYLIE,
Depy. Secy. to the Govt. of India,
Home Department.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 1st May 1862, and is hereby promulgated for general information :—

ACT No. XVI. OF 1862.

An Act to limit in certain cases the amount of assessment to the Duties chargeable after the 31st day of July 1862 under Act XXXII. of 1860 (for imposing duties on profits arising from Property, Professions, Trades, and Offices) and Act XXXIX. of 1860 (to amend Act XXXII. of 1860), and otherwise to modify the said Acts.

[Preamble.]

WHEREAS, by Act XXI. of 1861, power is given to limit in certain cases for the year commencing from the 31st day of July 1861, the amount of assessment to the Duties chargeable under Act XXXII. of 1860 (*for imposing Duties on profits arising from Property, Professions, Trades, and Offices*) and Act XXXIX. of 1860 (*to amend Act XXXII. of* 1860); and whereas it is expedient to give similar powers in respect of the said assessment for the whole or any of the remaining three years during which the said Acts XXXII. and XXXIX. of 1860 are to continue in force, to raise the limit of exemption contained in Section CXVII. of the said Act XXXII. of 1860, and otherwise to modify the said Acts XXXII. and XXXIX. of 1860; It is enacted as follows :—

[Issue of general notice regarding the rate and amount of assessment of Duties under Schedules 1 and 2 for the year commencing 31st July 1862.]

I. It shall be lawful for the Governor General of India in Council, by an order to be published in the Government Gazette, to direct that within the Territories or any part of the Territories subject to the local Government of any Presidency or place, the general or special notices required by Sections XXXVII. and XXXVIII. of the said Act XXXII. of 1860 shall not be issued for the year commencing from the 31st day of July 1862 in respect to the Duties contained in Schedules 1 and 2 of the said Act, and that in such Territories or part of such Territories the returns of profits or income chargeable with Duties under the said Schedules, as prescribed by Section XXXIX. of the said Act for the year commencing as above, shall not be required; but that in the place of such notices a general notice shall be issued in such

[এই আইনের অর্থের কথা।]

৩ ধারা। এই আইন ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের এক অংশের ন্যায় জ্ঞান ও পাঠ করিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্ট
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ১ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ১৬ আইন।

১৮৬০ সালের ৩২ আইন (অর্থাৎ সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীদ্বারা যে উপার্জ্জন হয় তাহার উপর টাকস ধার্য্য করিবার আইন) এবং ১৮৬০ সালের ৩২ আইন সংশোধনার্থে ১৮৬০ সালের ৩৯ আইনঅনুসারে যত টাকার উপর যে টাকস ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখের পরে ধার্য্য হইবেক তাহার সীমা নিরূপণ করণের ও প্রকারান্তরে উক্ত দুই আইন মতান্তর করণের আইন।

[ভেতবন্দ।]

১৮৬০ সালের ৩২ আইনমতে (অর্থাৎ সম্পত্তি ও বিদ্যাব্যবসায় ও কারবার ও চাকরীদ্বারা যে উপার্জ্জন হয় তাহার উপর টাকস অর্থাৎ মাসুল বসাইবার আইনমতে) ও ১৮৬০ সালের ৩২ আইন সংশোধন করিবার ১৮৬০ সালের ৩৯ আইনমতে যে টাকস ধার্য্য হইয়াছে, তাহা কোন২ স্থলে ১৮৬১ সালের জুলাই মাসের ৩১ তারিখঅবধি এক বৎসর পর্য্যন্ত সমান রাখিবার ক্ষমতা ১৮৬১ সালের ২১ আইনক্রমে দেওয়া গিয়াছিল, এবং ১৮৬০ সালের উক্ত ৩২ ও ৩৯ আইন অবশিষ্ট যে তিন বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবে তাহার সমস্ত কি কোন কালের নিমিত্তে উক্ত নির্দ্ধারিত টাকস বিষয়ে সেই প্রকারের ক্ষমতা দেওয়া, ও ১৮৬০ সালের উক্ত আইনের ১১৭ ধারামতে যে২ স্থলে উক্ত টাকস ক্ষমা হইতে পারে তাহা বিস্তারিত করা, ও ১৮৬০ সালের উক্ত ৩২ ও ৩৯ আইন প্রকারান্তরে মতান্তর করা বিহিত, এই২ কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর আরম্ভ হয়, সেই বৎসরের নিমিত্তে ১ ও ২ নম্বরের তফসীলমতের টাকস যে হারে ও যত ধার্য্য হইবেক তদ্বিষয়ের সাধারণ ইস্তিহার প্রকাশ করিবার কথা।]

১ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর গবর্ণমেণ্ট গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশপূর্ব্বক এই আদেশ করিতে পারিবেন যে, ১৮৬২ সালের জুলাই মাসের ৩১ তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে, ১৮৬০ সালের ৩২ আইনের ১ ও ২ নম্বরের তফসীলের লিখিত টাকস বিষয়ে যে সাধারণ কি বিশেষ এত্তেলা উক্ত আইনের ৩৭ ও ৩৮ ধারামতে প্রকাশ করিতে হয়, তাহা কোন প্রসীডেন্সীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্টের অধীন কোন২ দেশে কি দেশের কোন২ অংশে প্রকাশ না হয়, ও উক্ত দেশের মধ্যে কি উক্ত দেশের উক্ত অংশে উক্ত তফসীলঅনুসারে যে দ্রব্যের কি আয়ের উপর টাকস ধার্য্য হইতে পারে তাহার রিটর্ণ উক্ত বৎসরের নিমিত্তে উক্ত আইনের ৩৯ ধারার নির্দ্দিষ্টমতে লওয়া না যায়, কিন্তু তাহার পরিবর্ত্তে উক্ত দেশে কিম্বা সেই দেশের উক্ত অংশে এই মর্ম্মের সাধারণ জ্ঞাপনপত্র প্রকাশ হয় যে, পশ্চাৎ লিখিত বর্জ্জিত স্থলভিন্ন, উক্ত তফসীলের লিখিত

Territories or part of such Territories to the effect that, except as hereinafter provided, the assessment of the Duties contained in the said Schedules for the year commencing as above upon the several persons liable thereto either on their own behalf or on behalf of any other person, shall be at the same rate and on the same amount at and on which such persons were or shall be assessed for the year ending on the 31st day of July 1862.

[Form and publication of general notice.]

II. The general notice to be issued under the last preceding Section shall be in the form appended to this Act or to the like effect, and shall fix a period of two months after which the assessments under this Act shall be made. Such notice shall be published in the Official Gazette of the Presidency or place within which it is issued, and in such other manner as the local Government shall direct, and copies of such notice shall be affixed at the several places within such Territories or part of such Territories as are mentioned in Section XXXVII. of the said Act XXXII. of 1860

[Assessments to be made and recovered without requiring Returns of profits or income.]

III. After the expiration of the period specified in such notice, the Officers within such Territories or part of such Territories whose duty it is to make assessments under the said Acts XXXII. and XXXIX. of 1860, shall proceed, except as hereinafter provided, without requiring the Returns prescribed by Section XXXIX. of the said Act XXXII. of 1860 for the year commencing from the 31st day of July 1862 in respect to the Duties contained in Schedules 1 and 2 of the said Act, to assess the several persons in their respective jurisdictions liable to the said Duties, either on their own behalf or on behalf of any other person, for the year commencing as above, at the same rate and on the same amount at and on which such persons were or shall be assessed to the said Duties for the year ending on the date above mentioned, and shall proceed to collect and recover the amount of such assessments for the year in which the same are payable under the provisions contained in the said Act XXXII. of 1860 which are hereby declared applicable to the assessments so made.

[Payment of Duties.]

IV. The assessment ordered to be the assessment for the year commencing from the 31st day of July 1862, under the last preceding Section, shall, in the case of every person as aforesaid, who shall not claim in any such year to be assessed for such year under Act XXXII. of 1860 as hereinafter provided, be the assessment on every such person under Schedules 1 and 2 of the said Act XXXII. of 1860 for the year commencing as above, and the Duties imposed by the said Acts XXXII. and XXXIX. of 1860 under such Schedules shall be payable on such assessment in the same manner as if it had been made on a

টাক্স আপনারদের কি অন্যেরদের নিমিত্তে যে ব্যক্তিদের দিতে হয়, তাহারদের উপর ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখপর্য্যন্ত এক বৎসরের টাক্স যে হারে যত টাকা ধার্য্য হইয়াছে কি হইবে, সেই তারিখঅবধি আরম্ভ হইয়া এক বৎসরের টাক্স সেই হারে তত টাকা ধার্য্য হইবে ইতি।

[সাধারণ জ্ঞাপনপত্রের পাঠ ও তাহা প্রচার করণের কথা।]

২ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে যে সাধারণ জ্ঞাপনপত্র প্রকাশ করিতে হইবে, তাহা এই আইনসংযুক্ত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে। ও এই আইনমতের টাক্স ধার্য্য করিবার দুই মাস মিয়াদ তাহাতে নিরূপিত থাকিবে। সেই জ্ঞাপনপত্র যে প্রসীডেন্সীর কি স্থানের মধ্যে প্রকাশ হয় তাহার সরকারী গেজেটে, ও অন্য যে প্রকারে স্থানবিশেষের গবর্ণমেণ্ট আজ্ঞা করেন সেই প্রকারে, প্রচার করা যাইবে। এবং ঐ দেশের কিম্বা উক্ত দেশের এই অংশের যে স্থান ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের ৩৭ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ স্থানে ঐ জ্ঞাপনপত্রের নকল টাঙ্গান যাইবে ইতি।

[হেড্যের কি আয়র রিটর্ণ না লইয়া টাক্স ধার্য্য করিয়া আদায় করিবার কথা।]

৩ ধারা। সেই জ্ঞাপনপত্রের নিরূপিত মিয়াদ অতীত হইলে পর, উক্ত দেশের মধ্যে কি ঐ দেশের উক্ত অংশের মধ্যে যে কার্য্যকারকেরদের ১৮৬০ সালের উক্ত ৩২ ও ৩৯ আইনমতের টাক্স ধার্য্য করিতে হয়, তাঁহারা (পশ্চাৎ লিখিত স্থল বর্জ্জিয়া) উক্ত আইনের ১ ও ২ নম্বরের তফসীলের লিখিত টাক্স বিষয়ে ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের ৩৯ ধারার নির্দ্দিষ্ট রিটর্ণ, ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে না লইয়া, আপনং এলাকার মধ্যে যে ব্যক্তিরা আপনারদের কি অন্যেরদের নিমিত্তে উক্ত টাক্স দিবার যোগ্য হয়, তাহারদিগর, সেই তারিখে যে বৎসর শেষ হয় সেই বৎসরের নিমিত্তে যে হারে যত টাকা টাক্স ধার্য্য হইয়াছিল কি হয়, সেই তারিখে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তেও সেই হারে তত টাকা টাক্স ধার্য্য করিবেন ও সেই বৎসরের দেয় উক্ত টাক্স ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের লিখিত বিধানানুসারে সংগ্রহ ও আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। এই ধারাক্রমে উক্ত বিধান উক্ত প্রকারের ধার্য্যকরা টাক্সের প্রতি খাটান গেল ইতি।

[টাক্স দিবার কথা।]

৪ ধারা। ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয়, সেই বৎসরের যে টাক্স ধার্য্য হইবার আজ্ঞা পূর্ব্বের ধারামতে হইয়াছে, তাহাতে যদি পূর্ব্বোক্তমতের কোন ব্যক্তি অসম্মত হয়, তবে তাহার সেই বৎসরের টাক্স পশ্চাৎ লিখিত বিধানক্রমে ১৮৬০ সালের ৩২ আইনমতে ধার্য্য হইবার দাওয়া করিতে হইবেক। সেই বৎসরের মধ্যে যদি উক্ত প্রকারের দাওয়া না করে, তবে সেই ব্যক্তিরদের সেই বৎসরের নিমিত্তে ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের ১ ও ২ নম্বরের তফসীলমতের সেই টাক্স ধার্য্য হইবে। ও ১৮৬০ সালের উক্ত ৩২ ও ৩৯ আইনঅনুসারে সেই তফসীলমতের নির্দ্ধারিত টাক্স, ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের ৩৯ ধারামতের নূতন রি-

fresh Return made under Section XXXIX. of the said Act XXXII. of 1860; and all the provisions of the said Act XXXII. of 1860 for the collection and enforcement of payment of Duties assessed and payable under the said Act shall be applicable to the collection and enforcement of payment of the Duties under the assessments herein provided for.

[Claims to be assessed under Act XXXII. of 1860.]

V. If any person within such Territories or part of such Territories chargeable with the Duties contained in Schedules 1 and 2 of the said Act XXXII. of 1860 or either of them, for the year commencing from the 31st day of July 1862, shall object to the assessment provided by this Act, and shall claim to be assessed under the said Act XXXII. of 1860, he shall apply to the Commissioners, Collector, or Assessor within whose jurisdiction he resides, for forms of Returns of profits or income chargeable under the said Schedules or either of them, and such person shall, within the period mentioned in such general notice, deliver the Return for the year commencing as above, filled up in the manner and containing the declaration prescribed by the said Act XXXII. of 1860, at the Office of such Assessor, Commissioners, or Collector, and claim to be assessed thereon in the same manner as if this Act had not passed. No such claim to be assessed under the said Act XXXII. of 1860, shall be received unless made within the period aforesaid.

[১৮৬০ সালের ৩২ আইনমতে টাক্স ধার্য্য হওয়ার দাওয়ার কথা।]

৫ ধারা। ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয়, সেই বৎসরের নিমিত্তে ১৮৬০ সালের ৩২ আইনের ১ ও ২ নম্বরের তফসীল কিম্বা তদ্ভিন্ন কোন তফসীলমতের টাক্স উক্ত দেশের মধ্যে কি ঐ দেশের উক্ত অংশে যে ব্যক্তিরা দিবার যোগ্য হয়, এমত কোন ব্যক্তি যদি এই আইনমতের নির্দ্ধারিত টাক্স বিষয়ে আপত্তি করে, ও ১৮৬০ সালের ৩২ আইনমতে তাহার টাক্স ধার্য্য হইবার দাওয়া করে, তবে সেই ব্যক্তি যে কমিস্যানর কি কালেক্টর সাহেবের কি যে আসেসরের এলাকার মধ্যে বাস করে, তাঁহার নিকটে, ঐ২ তফসীল কি তদ্ভিন্ন কোন তফসীলমতে যে লভ্যের কি আয়ের উপর টাক্স ধার্য্য হইতে পারে তাহার রিটর্ণের পাঠ প্রার্থনা করিবে। তাহাতে সেই ব্যক্তি উক্ত তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে ঐ রিটর্ণ ১৮৬০ সালের উক্ত ৩২ আইনের নির্দ্দিষ্ট প্রকারে ও সেই আইনের নির্দ্দিষ্ট প্রতিজ্ঞা লিখিয়া ঐ সাধারণ জ্ঞাপনপত্রের লিখিত মিয়াদের মধ্যে ঐ আসেসরের কিম্বা কমিস্যানর কি কলেক্টর সাহেবের আফিসে দাখিল করিবে। ও তদনুসারে এই আইন জারী না হওয়ার মত তাহার টাক্স ধার্য্য হওয়ার দাওয়া করিতে পারিবে। ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে টাক্স ধার্য্য হইবার তদ্রূপ কোন দাওয়া পূর্ব্বোক্ত মিয়াদের মধ্যে না করা গেলে গ্রাহ্য হইবে না ইতি।

[Mode of assessment in such cases.]

VI. When any claim shall be made under the provisions of the last preceding Section within the time therein allowed, it shall be the duty of the Assessor, Commissioners, Special Commissioner, or Collector, as the case may be, to whom such claim is made, to assess the person making it on his profits or income chargeable under the said Schedules for the year commencing from the 31st day of July 1862 in accordance with the provisions of the said Act XXXII. of 1860, and all the provisions of the said Act shall be applicable to the Return and Declaration made by such person and to the assessment made upon him.

[তদ্রূপ স্থলে টাক্স ধার্য্য হইবার নিয়মের কথা।]

৬ ধারা। ইহার পূর্ব্বের ধারার বিধানমতে যখন ঐ ধারার নিরূপিত মিয়াদের মধ্যে কোন দাওয়া হয়, তখন যে আসেসরেরদের, কি বিষয় বিশেষে যে কমিস্যানর কি স্পেসিয়ল কমিস্যানর কি কালেক্টর সাহেবেরদের নিকটে ঐ দাওয়া করা যায় তাঁহারদের কর্ত্তব্য এই যে, ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে ঐ দাওয়াদারের উক্ত তফসীল অনুসারে যে লভ্যের কি আয়ের উপর টাক্স ধার্য্য হইতে পারে, তাহার উপর ১৮৬০ সালের উক্ত ৩২ আইন অনুসারে তাহার টাক্স ধার্য্য করেন, ও সেই ব্যক্তি যে রিটর্ণ ও প্রতিজ্ঞা করেন তদ্বিষয়ে ও তাহার উপর যে টাক্স ধার্য্য হয় তদ্বিষয়ে, উক্ত আইনের সকল বিধান খাটিবে ইতি।

[Saving of issue of special notice to a person who has made no Return for the year ending 31st July 1862, &c.]

VII. Nothing in this Act shall be held to debar the Commissioners of any Presidency Town or any Collector, from issuing or causing the issue of a special notice according to the form and in the manner provided by Section XXXVIII. of the said Act XXXII. of 1860, to any person residing within the jurisdiction of such Commissioners or Collector whom they or he shall consider liable to the Duties chargeable under the said Schedules 1 and 2, or either of them, for the year commencing from

[১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর শেষ হয় সেই বৎসরের রিটর্ণ যে ব্যক্তি দেয় নাই তাহাকে বিশেষ এত্তেলা দিবার কথা।]

৭ ধারা। কোন রাজধানীর কমিস্যানর সাহেবেরা কি কোন কালেক্টর সাহেব যদি বোধ করেন যে আপনারদের এলাকার মধ্যবাসি কোন ব্যক্তির উপর, ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর আরম্ভ হয়, সেই বৎসরের নিমিত্তে ১ ও ২ নম্বরের তফসীলমতে কিম্বা তদ্ভিন্ন কোন তফসীলমতে টাক্স ধার্য্য হইতে পারে কিন্তু ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসরের শেষ হয়, সেই বৎসরের নিমিত্তে উক্ত তফসীল অনুসারে তাহার লভ্যের কি আয়ের রিটর্ণ করিবার কোন বিশেষ

the 31st day of July 1862, but to whom a special notice requiring such person to make a Return of his profits or income under the said Schedules for the year ending on the 31st day of July 1861 shall not have been issued within such jurisdiction; or to any person to whom such special notice shall have been issued, but who shall not have been assessed to the said Duties for the said year by reason of the amount of his profits or income not rendering him liable to the said Duties or for any other cause; or to any person who, such Commissioners or Collector shall have reason to believe, made a fraudulent or obviously inadequate Return of his profits or income under the said Schedules or either of them for the said year, or for the year ending on the 31st day of July 1862, and who shall not have been surcharged upon such Return; or to any person who shall have been assessed to the Duties under the said Schedules or either of them on a Return of profits or income calculated upon any period less than a whole year. Provided that no notice shall be issued under this Section after the expiration of three months from the date of the general notice mentioned in Section I. of this Act.

[Paccedure on special notice.]

VIII. When a special notice shall be issued to any person under the provisions of the last preceding Section, all the provisions of the said Act XXXII. of 1860 as to special notices shall apply thereto and to any Return and Declaration made by such person and to the assessment of such person.

[Case of transfer of immoveable property.]

(*e*). In suits instituted for houses, gardens, and other things of value, real or personal, not of the descriptions above specified; as well as for any interest in land paying Revenue to Government or for any other right or thing not capable of valuation under the above rules, the amount shall be computed according to the estimated selling price, or when no such estimate can be made, at the sum at which the plaintiff shall estimate the value of his suit; and suits for damages or compensation for injury sustained, and the like, shall be valued at the amount claimed by plaintiff.	
(*f*). If an appeal or plaint, which shall have been rejected by the Lower Court on any of the grounds mentioned in the Code of Civil Procedure shall be ordered to be received, or if a suit shall be remanded in appeal for a second decision by the Lower Court, the Appellate Court shall grant to the Appellant a certificate, authorizing him to receive back from the Collector the full amount of Stamp Duty paid on the petition of appeal.	
Special Rule for the Presidency of Bengal.	
(*g*). In suits instituted in the Courts of Collectors and Deputy Collectors under Act X. of 1859, for the recovery of arrears of Government Revenue or rent of land paying Revenue to Government or of money in the hands of an Agent of such land the statement of claim shall be written on paper bearing a Stamp of one-fourth the value prescribed for suits instituted in the Civil Courts, and in all other suits instituted in the Courts of Collectors and Deputy Collectors under the said Act relating to lands paying Revenue to Government the statement of claim shall be written on paper bearing a Stamp of the value of 8 annas.	
12. Probate or Letters of Administration granted by any Court, or Certificate granted under Regulation VIII. 1827 of the Bombay Code (*to provide for the formal recognition of Heirs, Executors, and Administrators, and for the appointment of Administrators and Managers of property by the Courts*) or under Act XL. of 1858 (*for making better provision for the care of the persons and property of Minors in the Presidency of Fort William in Bengal.*)	*Rupees.* 4 *Annas.* 0
13. Razeenamah, Rufanamah, Soolunamah, or the like, that is to say:—	

PROPER STAMPS.

Any written application whereby, or according whereunto, a suit pending in a Court of Civil Judicature shall be adjusted, or be capable of adjustment, without an award of the presiding Judge or other Officer ... ...

To be charged as in Petitions where Pettiions are required to bear a Stamp.

SPECIAL RULE FOR THE PRESIDENCY OF BOMBAY.

Suits cognizable before Collectors under the operation of Chapter VIII. Regulation XVII. 1827 of the Bombay Code (*for the territories subordinate to Bombay, prescribing Rules for the assessment and realization of the Land Revenue, defining the relative rights in the land and its produce of the Government and the subject, of the superior holder and the tenant; vesting the Collector with judicial powers in cases regarding land, and its rent and produce, and declaring the circumstances under which exemption from the payment of Land Revenue is to be enjoyed*), as modified by Act XVI. of 1838, shall be subject to the same rules in regard to Stamps as are in force for the Courts of Civil Judicature.

GENERAL RULE.—If the subject matter of any plaint written statement, petition, or copy of a Decree or Order cannot be conveniently comprised within one Stamp Paper of the value prescribed by this Schedule, one or more additional pieces of paper may be used bearing a Stamp of the value required for Petitions. This Rule does not apply to copies of judgments; any additional piece of paper required for such copies do not require to be stamped.

M. WYLIE,
Deputy Secy. to the Govt. of India,
Home Department.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 12th May, 1862.

Baboo Oopendur Chunder Bose, B. L., to officiate as Moonsiff of Ookrah, Zillah Beerbhoom, during the absence on leave of Baboo Mohunlall Panday or until further orders.

Baboo Boistub Churn Doss, to officiate as Moonsiff of Bowfal, Zillah Backergunge, until further orders, on the full salary of a second grade Moonsiff.

The 13th May, 1862.

Moonshee Mohamed Rohuman, to officiate as Moonsiff of Hemtabad, Zillah Dinagepore, during the absence on leave of Moulvie Toffazul Rohoman, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 12th May, 1862.

Baboo Mohunlall Panday, Moonsiff of Ookrah,

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ১২ মে।

শ্রীযুত বাবু মোহনলাল পাণ্ডের অনুপস্থিতকালে কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র বসু B. L. জিলা বীরভূমের উখড়ার মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু বৈদ্যনাথচরণ দাস অন্য হুকুম না হওনপর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীর মুনসেফের সম্পূর্ণ বেতন প্রাপ্ত হইয়া জিলা বাকরগঞ্জের বহুফলের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৩ মে।

শ্রীযুত মৌলবী তফজ্জলরহমানের অনুপস্থিত কালে কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মুন্‌শী মহম্মদ রহমান জিলা দিনাজপুরের হেমতাবাদের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১২ মে।

জিলা বীরভূমের উখড়ার মুনসেফ শ্রীযুত বাবু মোহন-

Zillah Beerbhoom, for two months, from the 24th ultimo, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

The 13th May, 1862.

Moulvie Tuffazul Rohoman, Moonsiff of Hemtabad, Zillah Dinagepore, for three months, from the 28th ultimo, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

The 14th May, 1862.

Baboo Hurish Chunder Mitter, Moonsiff of Bhotmaree, Zillah Rungpore, for one month, in extension of the leave granted to him on the 18th February last, under Clause 1, Section VII. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP,
Register.

লাল পাণ্ডে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে গত মাসের ২৪ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৩ মে।

জিলা দিনাজপুরের হেমতাবাদের মুনসেফ শ্রীযুত মৌলবী তফজ্জল রহমান অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে গত মাসের ২৮ তারিখঅবধি ৩ মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৪ মে।

জিলা রঙ্গপুরের ভোটমারির মুনসেফ শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মিত্র গত ফেব্রুআরি মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

১৩১৯B নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৯ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে নুবিয়া নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৬ সালের ২০ আইনের অভিপ্রায় সফলার্থে যে গ্রাম সংযোগের কথা ১৮৬০ সালের ২৯ ডিসেম্বর তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হয়, তাহার সঙ্গে হাবড়া জিলার পশ্চাৎ লিখিত গ্রাম ধরিতে হইবেক অর্থাৎ

১, আরগড়।
২, সাতাশী।
৩, একশরা।
৪, পাকরা।
৫, নিশ্চিন্দা।
৬, ঠাকুরাণ চক।
৭, অভয়নগর।
৮, ঘোড়ঘাট।
৯, পুঙ্গলস।
১০, দুল্যে।
১১, ছাংগছা।
১২, বানুপুর।
১৩, কামরাঙ্গু।

---

২৪৬ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১ মে।

দিনাজপুরের জজ শ্রীযুত ই সান্ডিস সাহেব (Mr. E. Sandys,) ১৮৫২ সালের ১৫ আপ্রিল তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২১ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হয় তদ্নির্দ্দিষ্টমতে ঐ জিলাতে ১৮২৮ সালের ৩ আইনমতে বিশেষ কমিস্যানরের ক্ষমতা পাইয়াছেন।

সন্দ্বীপের মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় চাটিগাঁয়ে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নীচের লিখিত মুনসেফেরা ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

রাজশাহীতে শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ বসু।
রঙ্গপুরে শ্রীযুত বাবু মদনমোহন দত্ত।

১৮৬২ সাল ২ মে।

নদীয়া ও যশোহরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নিরঞ্জন মুখুয্যা পূর্ব্বদিয়াতে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৫ মে।

কলিকাতার কষ্টমর একটিং কালেক্টর শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) কষ্টমর কালেক্টর হইবেন।

শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson,) রাজশাহী এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর হইবেন, তিনি এইক্ষণে ছুটীক্রমে অনুপস্থিত আছেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) ঢাকা এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর কমিস্যনর হইবেন।

শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) ত্রিপুরার সিবিল ও সেশন জজ হইবেন, কিন্তু তিনি এইক্ষণে যে বিশেষ কর্ম্মে নিযুক্ত আছেন সেই কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ই এফ লাটুর সাহেব (Mr. E. F. Lautour,) বাঁকুড়াতে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনার জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) চাটিগাঁ এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ আর তমসন সাহেব (Mr. A. B. Thompson,) কিয়ৎকালের নিমিত্তে নদীয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৬ মে।

শাহাবাদের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

ত্রিহুতের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত ই এস

[*Government Gazette*, 20th *May*, 1862.]

পিয়র্সন সাহেব (Mr. E. S. Pearson,) ঐ জিলার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington,) ত্রিহুতের সিবিল ও সেশন জজ হইবেন, তিনি এইক্ষণে ছুটী ক্রমে অনুপস্থিত আছেন।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

ঢাকার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি এফ হার্বি সাহেব (Mr. C. F. Harvey,) ঐ জিলাতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত আর বি কক্রেল সাহেব (Mr. R. V. Cockerell,) বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, তিনি এইক্ষণে ছুটীক্রমে অনুপস্থিত আছেন।

শ্রীযুত এচ হানকি সাহেব (Mr. H. Hankey,) বাকরগঞ্জের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জে বিমস সাহেব (Mr. J. Beames,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরোক্ত নিয়োগ শ্রীযুত জি পি লেষ্টর সাহেবের (Mr. G. P. Leycester,) কর্ম্ম ত্যাগ করণের তারিখঅবধি প্রবল হইবে।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Taylor,) প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

ফরীদপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এল আর টটেনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) ঐ জিলাতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এফ আর, কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, তিনি এইক্ষণে ছুটীক্রমে অনুপস্থিত আছেন।

শ্রীযুত এ টি মাকলীন সাহেব (Mr. A. T. Maclean,) মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত সি বি গারেট সাহেব (Mr. C. B. Garrett,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরোক্ত নিয়োগ শ্রীযুত এ আবরক্রমি সাহেবের (Mr. A. Abercrombie,) ছুটীক্রমে গমনের তারিখঅবধি প্রবল হইবে।

শ্রীযুত ডবলিউ এচ টেরান সাহেব (Mr. W. H. Terraneau,) শালিখার লবণের গোলার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ১ মে।

ময়মনসিংহের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পি এ হম্‌ফ্রে সাহেব (Mr. P. A. Humphery,) গত মাসের ১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

নবম পোলীন পল্টনের অধ্যক্ষ মেজর শ্রীযুত জে এল নেশন সাহেব (Major J. L. Nation,) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের বিজ্ঞাপনমতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২০ মে।]

কাটওয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশানচন্দ্র মিত্র অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে এক পক্ষের ছুটী পাইয়াছেন।

পাবনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মদনমোহন মজুমদার অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ ফজল করীম গত মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল রব অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

ফরীদপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ গত পরীক্ষাকালে ঢাকায় উপস্থিত হইবার জন্যে যে সময় পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২ মে।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পি পি কারটার সাহেব (Mr. P. P. Carter,) গত ফেব্রুআরি মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৫ আপ্রিল।

শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Munro,) গত মাসের ১১ তারিখে তিন সপ্তাহের যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনা মতে রহিত হইল।

---

২৩৪ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৩ মে।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ষ্টআর্ট সাহেব (Mr. E. Stewart,) সাসীরাম এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন ও শাহাবাদে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৭ মে।

শ্রীযুত পি এ হম্‌ফ্রে সাহেব (Mr. P. A. Humphery,) কিয়ৎকালের নিমিত্তে ছিলটের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডাক্তর এ ফেলেমিং সাহেব (Dr. A. Fleming,) মুরশিদাবাদের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডাক্তর এম এচ লাকরষ্টীন সাহেব (Dr. M. H. Lackersteen,) বালেশ্বরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

নীচের লিখিত মুনসেফেরা, ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

দরঙ্গে মঙ্গলদায়ীর শ্রীযুত বাবু লক্ষ্মীনাথ বড়ুয়া ও কামরূপে বড়পেটার শ্রীযুত বাবু শ্রীগোবিন্দ বিশ্বাস।

সাতক্ষীরার মুনসেফ শ্রীযুত বাবু মহীন্দ্রনাথ মিত্র চব্বিশ পরগনাতে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ৫ মে।

নগওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াসিফুদ্দীন গত ডিসেম্বর মাসের ৫

তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্য কারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাঁচ মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৬ মে।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ রোস সাহেব (Mr. H. Rose,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনর মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৭ মে।

পুরীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জে ডিউরাণ্ট সাহেব (Mr. J. J. Durant,) গত মাসের ৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮২৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের বিজ্ঞাপনমতে পনর দিনের ছুটী পাইয়াছেন।

---

৩৮৯ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২ মে।

শ্রীযুত ডাক্তর এস বি পার্ট্রিজ সাহেব (Dr. S. B. Partridge,) কলিকাতায় গবর্ণমেণ্টের পক্ষে বিদেশ গমনকারি মজুরেরদের পীড়ার তত্ত্বাবধারক হইবেন।

শ্রীযুত জে এ কৌন্সেল সাহেব (Mr. J. A. Counsell,) কলিকাতার কষ্টমের আসিষ্টাণ্ট কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১০ মে।

হুগলীর একটিং জজ শ্রীযুত জে ই এস লিলি সাহেব (Mr. J. E. S. Lillie,) ঐ জিলাতে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫২ সালের ১৫ আপ্রিল তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২১ তারিখের কলিকাতার গেজেটে প্রকাশ হয় তন্নির্দ্দিষ্টমতে ১৮২৮ সালের ৩ আইনঅনুসারে খাস কমিস্যানরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant,) কিয়ৎকালের নিমিত্তে মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু দুর্গাগতি বাঁড়ুয্যা বীরভূমে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

রেবিনিউ বোর্ডের একটিং মেম্বর শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেব (Mr. H. D. H. Fergu-son,) রেবিনিউ বোর্ডের মেম্বর হইবেন।

পাটনা এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর একটিং কমিস্যানর শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) ঐ এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর কমিস্যানর হইবেন।

শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) কটক এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর কমিস্যানর হইবেন তিনি এইক্ষণে ছুটীক্রমে অনুপস্থিত আছেন।

নদীয়া এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর একটিং কমিস্যানর শ্রীযুত বি এচ শক সাহেব (Mr. V. H. Schalch,) ঐ এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর কমিস্যানর হইবেন।

ময়মনসিংহের একটিং জজ শ্রীযুত জে সি ডডসন সাহেব (Mr. J. C. Dodgson,) ঐ জিলার জজ হইবেন।

ঢাকা ও চাটিগাঁয়ের একটিং অতিরিক্ত জজ শ্রীযুত এফ এ এলফিনিষ্টন ডালরিম্পল সাহেব (Mr. F. A. Elphinstone Dalrymple,) ঐ২ জিলার অতিরিক্ত জজ হইবেন।

শ্রীযুত ই গ্রে সাহেব (Mr. E. Grey,) প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়াতে বিশেষ কর্ম্মোপলক্ষে থাকিবেন।

শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) দিনাজপুরের দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চব্বিশ পরগনার মাজিষ্ট্রেটের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ মাকফরসন সাহেব (Mr. W. Macpherson,) চাটিগাঁয়ের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এফ বি পিকক্ সাহেব (Mr. F. B. Peacock,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরোক্ত নিয়োগ বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি প্রবল হইবে।

শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie,) মেদনীপুরে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

১৮৬২ সাল ১২ মে।

শ্রীযুত ডবলিউ এ স্মেল্ট সাহেব (Mr. W. A. Smelt,) গত মাসের ১৪ তারিখঅবধি মুঙ্গেরের আফীসের সব ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার

LAND ADVERTISEMENT. ভূমির বিষয়ি ইশ্তিহার

জিলা কটক।

এতেলা নামা কাছারি কালেক্টরি জিলা কটক মধ্যম প্রদেশ জিলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মহাল নাগায়েত কিস্তি মাহ জানুআরি সন ১৮৬২ সাল মোতাবক সন ১২৬৯ সাল আটপণি বাকী পাওনা আদায় কারণ সন ১৮৬২ সাল মে মাহার ২৯ তারিখ মোতাবক সন ১২৬৯ সাল জ্যৈষ্ঠ মাহার ১৮ তারিখ বৃহস্পতিবার দিবসে এ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ৭ তারিখ মাহ মেই সন ১৮৬২ সাল।

চতুর্থ শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্য হওয়া মহাল নং ১৫৯৯ তৌজী হজুরি মহাল কিসমত ১০ দশ গণ্ডা তালুকে ঠোকরা পরগনে কিসমত কায়েমী কি তন্মধ্যে যে হক সদানন্দ পাটনায়েক মালজামিনদার মন্দরধর বিনু আলমুস্তাজর কিসমত তালুকে নতুনি পং কীলে কায়েমার প্রকাশ থাকে মুস্তাজরি মহাল মজকুরের বাকী আদায়ের কারণ নীলাম হইবেক কিন্তু মহাল মজকুরের দোরোবস্ত সদর জমা মবলগ ১,৪৯২৸৵৩ কোম্পানি মাত্র।

তারিখ সন সদর

W. C. Money, *Collector.*

[*Government Gazette*, 20*th May*, 1862.]

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

IN THE MATTER OF DOORGAPERSAUD and GOOLGARY MUL, Insolvents.

Take notice that by an order made in this matter bearing date the third day of May instant, it is ordered that Munsook Roy Suddasook of Cotton Street in Calcutta, and Jeemun Ram Hurmook Roy also of Cotton Street in Calcutta, and Hurronaum Doss Jumna Doss of Puggeah Putty in Burro-bazar in Calcutta, creditors of the said Insolvents, do on or before the seventh day of June next come in and prove their respective claims against the estate of the said Insolvents, and that in default of such proof their claims be expunged from the Schedule of the said Insolvents, dated this 13th day of May, 1862.

C. W. Hatch,
Attorney for the Official Assignee.

যোত্রহীন দুর্গাপ্রসাদ ও গুলগারি মল্লের বিষয়ে।

জানিতে হইবেক যে বর্ত্তমান মে মাসের ৩ তারিখে এই বিষয়ে আজ্ঞা হইয়াছিল যে, উক্ত যোত্রহীনেরদের মহাজন কলিকাতার কটনষ্ট্রিট নিবাসি শ্রীমনসুখ রায় সদাসুখ ও কলিকাতার ঐ কটনষ্ট্রিট নিবাসি জীবন রায় হরসুখ রায়, ও কলিকাতার বড় বাজারের পগেরাপটি নিবাসি হরনাম দাস যমুনা দাস এই তিন ব্যক্তির ঐ যোত্র-হীনেরদের ইষ্টেটের উপর যে২ দাওয়া থাকে তাহা তাঁহারদের আগামি জুন মাসের ৭ তারিখে কি তৎপূর্ব্বে উপস্থিত হইয়া প্রমাণ সিদ্ধ করিতে হইবেক। না করিলে তাঁহারদের দাওয়া উক্ত যোত্রহীনেরদের তফসীলহইতে উঠাইয়া দেওয়া যাইবেক ইতি ইং ১৮৬২ সাল তারিখ ১৩ মে।

সি ডবলিউ হাচ।
সরকারী অ্যাসিনীর উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

বিজ্ঞাপন।

(ফৌজদারী গাইড) অর্থাৎ হাল ২৫ ও ৪৫ আইন সহ ১৭৯৩ সালহইতে ১৮৬২ সালপর্য্যন্ত রদ ব্যতীত সমুদয় ফৌজদারী ও আবকারী, পোষ্টআপীসের, রেইলওয়ের ও রাস্তার, নগরের টাক্স, পুস্তক সত্য রক্ষা বিষয়ক আইন ও ১৮৬১ সালের ২৫ আইনমতে যে২ সরক্যুলর ও গবর্ণমেণ্টের বিজ্ঞাপন ও ফারম হইয়াছে তাহা ও আরো আবশ্যকী সরক্যুলর আদি একত্রে সংগ্রহ হইয়া উত্তম কাগজ, কালী, অক্ষরে মুদ্রাঙ্কন হইতেছে গবর্ণমেণ্টে রেজি-ষ্টরীকরাইয়া উত্তমরূপে জেলদ অর্থাৎ বান্ধাই হইয়া অতি অবায় প্রকাশ হইবে মূল্য স্বাক্ষরকারির জন্যে ৬৲ টাকা ও বিনাস্বাক্ষরকারির পক্ষে ৮৲ টাকা ধার্য্য করা হইয়াছে গ্রাহকগণ স্বস্ব নাম ধাম লিখিয়া পত্র পাঠাইলে পাইতে পারিবেন ইতি।

শ্রীদ্বারকানাথ বন্দ্যোপাধ্যায়।
জিলা হুগলির জাহানাবাদের আবকারীর দারোগা।

শস্তা দরে আইন বিক্রয়।

১৮৬০ সালের দণ্ডবিধান নামক ৪৫ আইন অর্থাৎ পেনেলকোট মূল্য ... ... ১৲

১৮৬০ সালের ৫ আইন ১৮৬১ সালের ৫ ও ২৫ ও ৩৩ আইন এবং সরক্যুলর অর্ডর সম্বলিত মূল্য ... ১৲

* শস্তা দর নিমিত্ত উক্ত আইনের ও মুদ্রাঙ্কন বিষয়ে কোন সংশয় করিবেন না বরঞ্চ অগ্রে এক কাপী গ্রহণানন্তর সুবিচারপূর্ব্বক পশ্চাৎ মূল্য পাঠাইয়া দিবেন। যদস্যাৎ গেজেটের অবিকল না হয় তবে প্রত্যর্পণ করিবেন।

শ্রীনৃত্যলাল শীল।
কলিকাতা বটতলার ২৪৬ নং পুস্তকালয়।

ইষ্টাম্পের আইন।

ইষ্টাম্পের নূতন আইন বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পাঠকেরদের সুগমরূপে বুঝিবার জন্যে ঐ আইনের সকল বিধানের সারসংগ্রহ নির্ঘণ্টস্বরূপে করা গিয়াছে ও তফসীলের নানা প্রকরণে যে২ দলীলের ইষ্টাম্প নির্ণয় হইয়াছে তাহার নির্ঘণ্ট অক্ষরক্রমে দেওয়া গিয়াছে। মূল্য ... ... ৷৵০ মাত্র।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের ও থাকর কোম্পানির পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২০ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1191. ১১৯১) (৩৯৭

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 27, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ২৭ মে।

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

[ইঙ্গরেজী ১৮৬২ সালের ১০ আইন।

ইষ্টাম্পের মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

[৩৯২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

A চিহ্নিত তফসীল।

যে দলীলে ও পত্রে ও লিপিতে এই আইনমতে ইষ্টাম্প দিতে হইবেক তাহা, ও সেই দলীলে ও পত্রে ও লিপিতে যত ইষ্টাম্প উপযুক্ত হয় তাহা এই তফসীলে নির্দ্দিষ্ট হইয়াছে।

নিয়মপত্র।	উপযুক্ত ইষ্টাম্প।
১। এগ্রীমেণ্ট অর্থাৎ নিয়মপত্র কিম্বা নিয়মপত্রের কোন চুম্বক কি স্মারকপত্র, যদি টাকা দিবার খতের কি নিবন্ধনপত্রের ন্যায় কিম্বা হস্তান্তরকরণপত্রের কিম্বা বন্ধকিপত্রের কি দানপত্রের কি যৌতুক ধন নিরূপণপত্রের ন্যায় না হয়, ও যদি এই তফসীলে তাহার অন্য বিধান না থাকে, তবে তাহা চুক্তির প্রমাণমাত্র হউক কিম্বা তাহাতে উভয় পক্ষ বদ্ধ হউক, সেই নিয়মপত্রের ...	১৲ টাকা।
মন্তব্য। উভয় পক্ষের কৃত নিয়মপত্রের প্রমাণার্থে যদি তাঁহারদের লিখিত দুই কি ততোধিক পত্র উপস্থিত করা যায়, তবে তাহার মধ্যে কোন এক পত্রেতে নিয়মপত্রের উপযুক্ত ইষ্টাম্প থাকিলেই যথাযোগ্য হয়।	
যদি সেই নিয়মপত্র কি চুম্বক কি স্মারকপত্র খতের কি টাকা দিবার অন্য নিবন্ধনপত্রের কিম্বা হস্তান্তর করণপত্রের কি বন্ধকীপত্রের কি দানপত্রের কি যৌতুক ধন নিরূপণপত্রের ন্যায় হয় তবে	এই তফসীলে এই২ পত্রের যে ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে সেই ইষ্টাম্প।
২। নিয়মপত্র অর্থাৎ বৎসরে২ কি নিরূপিত অন্য সময়ে২ টাকা দিবার যে নিয়মপত্রের অন্য ইষ্টাম্প এই তফসীলে ধার্য্য হয় নাই তাহাতে	দশ বৎসরপর্য্যন্ত দাতব্য ঐ টাকার খতের, কিম্বা ঐ টাকা মোটে ন্যূন হইলে মোট টাকার খতের যত ইষ্টাম্প তত।
৩। পাট্টার, কিম্বা কোন ভূমি কি ঘর কি স্থাবর অন্য সম্পত্তি যে নিয়ম কি শর্ত্তমতে ভাড়া দেওয়া যায় কি অধিকার কি দখল করা যায়, তাহার নিয়মপত্রের কি চুম্বকের কি স্মারকপত্রের	সেই নিয়ম ও শর্ত্তমতে সেই সম্পত্তির পাট্টার যত ইষ্টাম্প লাগে তত।

উপযুক্ত ইষ্টাম্প।

পুনশ্চ সেই নিয়মপত্র কি চুম্বক কি স্মারকপত্রক্রমে যেই ভূমির কি ঘরের কি অন্য স্থাবর সম্পত্তির কোন পাট্টা পরে করা গেলে তাহার উপর কেবল ॥৹ আট আনার ইষ্টাম্প লাগিবে। জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের নিকটে উপযুক্ত ইষ্টাম্প কাগজে লিখিত সেই নিয়মপত্র কি চুম্বক কি স্মারকপত্র উপস্থিত করা গেলে তিনি সেই পাট্টায় ঐ ইষ্টাম্প বসাইবেন, নতুবা বসাইবেন না।

৪। টাকা আগাম প্রাপ্ত হইয়া কোন দ্রব্য চাষ কি প্রস্তুত কি উৎপন্ন করিবার কি যোগাইবার কি সমর্পণ করিবার নিয়মপত্র।

৫০৲ টাকার অনধিক আগাম দেওয়া গেলে ...	৵৹
৫০৲ টাকার অধিক ও ১০০৲ টাকার অনধিক ঐ ...	৶৹
১০০৲ ঐ ২০০৲ ঐ ...	।৹
২০০৲ ঐ ৫০০৲ ঐ ...	॥৹
৫০০৲ টাকার অধিক দেওয়া গেলে	১৲

৫। ১০০৲ কি তদ্যোধিক টাকার ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন নিদর্শনপত্র কি রেলওয়ে স্কৃপ কিম্বা কোন জাইণ্টষ্টাক কোম্পানির শ্যার কি বিল অফ এক্সচেঞ্জ ক্রয় কি বিক্রয় করণার্থে কি তৎসম্পর্কে যে নিয়মপত্র কি চুক্তিপত্র কিম্বা নিয়মপত্রের যে চুম্বক কি স্মারকপত্র হয় তাহার ... ... ৵৹

বর্জ্জিত বিষয়।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন নিদর্শনপত্রের কি রেলওএ স্কৃপের কি কোন জাইণ্টষ্টাক কোম্পানির শ্যারের কি বিল অফ এক্সচেঞ্জের ১০০৲ টাকার ন্যূন মূল্য হইলে, তাহা ক্রয় কি বিক্রয় করণার্থে কি তৎসম্পর্কে যে নিয়ম কি চুক্তিপত্র হয় কি তাহার যে চুম্বক কি স্মারকপত্র হয় তাহার ইষ্টাম্প লাগিবে না।

কোন মাল কি বাণিজ্যদ্রব্য বিক্রয় করণার্থে কি তৎসম্পর্কে যে নিয়ম কি চুক্তিপত্র কিম্বা তাহার যে চুম্বক কি স্মারকপত্র হয় তাহার ইষ্টাম্প লাগিবে না।

৬। জাহাজ টানিবার জন্যে বাষ্পীয় জাহাজ ভাড়া করিবার নিয়মপত্র। যদি বন্দরের সীমার মধ্যে একি বার গমনের নিমিত্তে হয় তবে ... ... ॥৹

বন্দরের সীমার বাহিরে যাইবার নিমিত্তে হইলে .. ১৲

৭। মাসের কি অধিক কোন কালপর্য্যন্ত চাকরী করিবার কি স্বয়ং কর্ম্ম করিবার নিয়মপত্র।

সেই নিয়মক্রমে যে মাসিক বেতন নির্দ্ধার্য্য হয় তাহা ৫৲ টাকার অধিক না হইলে ... ... ৵৹

৫৲ টাকার অধিক কিন্তু ২০৲ টাকার অনধিক হইলে ... ।৹

২০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক হইলে ॥৹

অন্য কোন স্থলে ... ... ১৲

বর্জ্জিত বিষয়।

এক মাসের ন্যূন কোন কালপর্য্যন্ত চাকরী কি স্বয়ং কর্ম্ম করিবার নিয়মপত্রের ইষ্টাম্প লাগিবে না।

আফিডেবিট।

৮। আফিডেবিট কি ধর্ম্মতঃপ্রতিজ্ঞা কোন আদালতে অর্পণ কি পাঠ কি ব্যবহার করণের অব্যবহিত অভিপ্রায়ে না করা গেলে তাহার ফর্দ্দপ্রতি ... ... ১৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৭ মে।]

অর্পণপত্র।

৯। আসৈনমেণ্ট এতাবতা অর্পণপত্র যদি হস্তান্তর করণপত্র কি নিরূপণপত্র নামে নির্দ্দিষ্ট পত্রের ন্যায় না হয় ও যদি বিশেষমতে বর্জ্জিত না হয়, তবে

আট টাকার ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিত মুখ্য দলীলে কি পত্রে কি লিপিতে যে সম্পর্ক নির্দ্ধারিত হয় এমত সম্পর্কের অর্পণপত্র হইলে ...

অন্য কোন স্থলে ... ..

বর্জ্জিত বিষয়।

বিল অফ এক্সচেঞ্জ কি প্রমিসরি নোট কি ক্রয়বিক্রয়ের যোগ্য অন্য দলীল কি বিল অফ লেডিং কেবল পৃষ্ঠে লিখনদ্বারা হস্তান্তর হইলে ও ইন্সুরান্সের পালিসীর আসৈনমেণ্টক্রমে হস্তান্তর হইলে তাহার অর্পণপত্রের ইষ্টাম্প লাগিবে না।

বিল অফ একচেঞ্জপ্রভৃতি।

১০। বিল অফ এক্সচেঞ্জ কি বরাৎ চিঠী কি ড্রাফ্‌ট কি চ্যাক কি প্রমিসরি নোট কি হুণ্ডী, কিম্বা (এক কি অধিক জন সাক্ষির স্বাক্ষরিত খৎ কি পত্র কি লিপিভিন্ন) টাকা দিবার অন্য আর্ড়র অর্থাৎ আজ্ঞা কি নিবন্ধনপত্র হইলে।

যদি বিশ টাকার অধিকের হয় ও অন ডিমাণ্ড অর্থাৎ দাওয়ামাত্রে টাকা দিতে হয়, ও যে তারিখে দেওয়া যায় তাহা লেখা থাকে, তবে তাহার ... ...

এট সাইট অর্থাৎ বেমিয়াদী, অথবা তারিখঅবধি কি দর্শাইবার কালাবধি এক বৎসরের অনধিক মিয়াদের হুণ্ডিপ্রভৃতি

১০০৲	টাকার অনধিকের হইলে		
১০০৲	টাকার অধিক ও	২৫০৲	টাকার অনধিক
২৫০৲	ঐ	৫০০৲	ঐ
৫০০৲	ঐ	১০০০৲	ঐ
১০০০৲	ঐ	২৫০০৲	ঐ
২৫০০৲	ঐ	৫০০০৲	ঐ
৫০০০৲	ঐ	১০০০০৲	ঐ
১০০০০৲	ঐ	২০০০০৲	ঐ
২০০০০৲	ঐ	৩০০০০৲	ঐ

তাহার উর্দ্ধ ১০০০০৲ টাকার, কি দশসহস্রের কোন অংশের যদি কেবল এক কেতা হয়, তবে উক্ত ইষ্টাম্পের অতিরিক্ত ৬৲ টাকা, কিম্বা যদি দুই কেতা হয়, তবে প্রত্যেক কেতার ঐ ইষ্টাম্পের অধিক ৩৲ টাকা, কিম্বা যদি তিন কেতা হয়, তবে প্রত্যেক কেতার ঐ ইষ্টাম্পের অতিরিক্ত ২৲ টাকা।

যদি তাহাতে তারিখ না থাকে, তবে দর্শাইবার কালে অর্থাৎ বেমিয়াদী হুণ্ডীর ইষ্টাম্পের তুল্য ইষ্টাম্প লাগিবে, কিন্তু যদি তারিখ কি টাকা দিবার মিয়াদ নিরূপণ থাকে, তবে তত্তুল্য টাকার খতের যত ইষ্টাম্প ১২ প্রকরণে নির্দ্দিষ্ট আছে তত ইষ্টাম্প লাগিবে।

উপযুক্ত ইষ্টাম্প।

মুখ্য দলীলের যে ইষ্টাম্প সেই।

৮৲

৶০

এক কেতা মাত্র হইলে।	দুই কেতা হইলে প্রত্যেক কেতার এই ইষ্টাম্প লাগিবে।	তিন কেতা হইলে প্রত্যেক কেতার এই ইষ্টাম্প লাগিবে।
৶০	৶০	৶০
৵০	৵০	৵০
৷৵০	৷৵০	৷৵০
৷৷০	৷৷০	৷৷০
১৷৷০	১৷৷০	১৷৷০
৩৲	৩৲	১৲
৬৲	৩৲	২৲
১২৲	৬৲	৪৲
১৮৲	৯৲	৬৲

	উপযুক্ত ইষ্টাম্প।
যদি তিন কেতার অধিক হয় তবে তিন কেতা হইলে প্রত্যেকের যত ইষ্টাম্প লাগে ঐ তিনের অধিক প্রত্যেক কেতার ততই লাগিবে।	
যদি কেবল এক কেতা না হয়, তবে তাহার দুই কি তিন কেতা হইয়াছে এই কথা প্রত্যেক কেতায় নির্দ্দিষ্ট থাকিবে ও তাহা ঐ তিন কেতার প্রথম কি দ্বিতীয় কি তৃতীয় কেতা ইহা নির্দ্দিষ্ট থাকিবে।	
যদি তারিখের পর কি দর্শাইবার পর এক বৎসরের অধিক কালে টাকা দিতে হয় তবে, ...	ত৲ টাকার খতের যত ইষ্টাম্প ২২ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে তত।
বিল অফ লেডিং।	
১১। বিদেশে প্রেরণীয় মালের কি তজ্জন্যে বিল অফ লেডিঙ্গের ... —	একি বিলের কি স্বীকার পত্রের কি দলীলের কিম্বা তাহার প্রত্যেক কেতার প্রত্যেক অংশের ।৹ আনা।
বিল অফ সেল অর্থাৎ বিক্রয় পত্র। হস্তান্তর করণ-পত্র ও বন্ধকীপত্র দেখ।	
খৎ।	
১২। বাণ্ড এতাবতা খৎ কিম্বা নির্দ্দিষ্ট কি বিশেষ কতক টাকা নিয়মবিনা কি নিয়মক্রমে দিবার অন্য নি-বন্ধনপত্র যদি এই তফসীলে তাহার অন্য প্রকারের ইষ্টাম্প নির্দ্ধারিত না হইয়া থাকে কিম্বা ইষ্টাম্পহইতে মুক্ত না হয় তবে	
২৫৲ টাকার অনধিকের হইলে ...	৵০
২৫৲ টাকার অধিক ও ৫০৲ টাকার অনধিক	।০
৫০৲ ঐ ১০০৲ ঐ ...	।৵০
১০০৲ ঐ ২০০৲ ঐ ...	১৲
২০০৲ ঐ ৩০০৲ ঐ ...	২৲
৩০০৲ ঐ ৫০০৲ ঐ ...	৪৲
৫০০৲ ঐ ৭০০৲ ঐ ...	৫৲
৭০০৲ ঐ ১০০০৲ ঐ ...	৬৲
১০০০৲ ঐ ২০০০৲ ঐ ...	১০৲
২০০০৲ ঐ ৩০০০৲ ঐ ...	১৫৲
৩০০০৲ ঐ ৫০০০৲ ঐ ...	২৫৲
৫০০০৲ ঐ ১০০০০৲ ঐ ...	৩৫৲
১০০০০৲ ঐ ২০০০০৲ ঐ ...	৬০৲
২০০০০৲ ঐ ৪০০০০৲ ঐ ...	১০০৲
৪০০০০৲ ঐ ৬০০০০৲ ঐ ...	১২৫৲
৬০০০০৲ ঐ ৮০০০০৲ ঐ ...	১৫০৲
৮০০০০৲ ঐ ১০০০০০৲ ঐ ...	২০০৲
লক্ষ টাকার উর্দ্ধের প্রত্যেক অংশের ...	২০০৲
তাহার উর্দ্ধ প্রতি লক্ষ টাকার	২০০৲
১৩। খাতকের স্বীকার পত্র কি প্রমিসরি নোটসম্বিত কি তদ্ভিন্ন তাহার কোন অধিকারপত্র কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের নোট কি অন্য নিদর্শনপত্র কিম্বা কোন রেলওয়ের কি জাইণ্ট ষ্টক কোম্পানির শ্যার কি ডিবেন-চুর অর্থাৎ টাকা প্রাপ্য হইবার পত্র কি বিল অফ লেডিং কিম্বা বাণ্ডহৌসে কি অন্য গুদামে গচ্ছিত মালের ওয়ারেণ্ট কিম্বা কোন প্রকারের মালের অর্পণ পত্র গচ্ছিত করিয়া যে ঋণ দেওয়া যায় তাহার খৎ কি নিয়মপত্র। যদি সেই নিয়মপত্র খতের কিম্বা বিল অফ এক্সচেঞ্জের কি প্রমিসরি নোটের ন্যায়, অথবা যাঁহাতে পৃষ্ঠে লিখনদ্বারা ক্রয় বিক্রয়ের যোগ্য দলীল হইতে পারে এমন ভাবে না লেখা যায়, তবে যত টাকার হউক ঐ ঋণ এক মাসের অনধিক কালের নিমিত্তে হইলে	১৲ টাকা

এক মাসের অধিক ও দুই মাসের অনধিক কালের নিমিত্তে হইলে	৪৪ টাকা।
দুই মাসের অধিক ও তিন মাসের অনধিক কালের নিমিত্তে হইলে	তত্তুল্য টাকার খতের যত ইষ্টাম্প ১২ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে তত।
তিন মাসের অধিক কালের হইলে ...	তত টাকার খতের যত ইষ্টাম্প ১২ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে তত।
১৪। জাহাজের বোঝাই দ্রব্যের ও জাহাজের জামিনীতে ঋণ বিষয়ি খৎ কি অন্য নিবন্ধনপত্রের ...	যত টাকা কি যত টাকার হিসাব দিবার নিয়ম হয় তাহা, কিম্বা যে দ্রব্য সমর্পণ কি হস্তান্তর করিতে হইবেক তাহার মূল্য দিবার খতের যত ইষ্টাম্প ১২ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে তত।
১৫। গবর্ণমেণ্টের কোন নিদর্শনপত্র কিম্বা সাধারণ কোন কোম্পানির ষ্টাক হস্তান্তর করণের, কিম্বা যাহার মূল্য নিরূপণ হইতে পারে এমত কোন বিষয় কি দ্রব্য সমর্পণ করণের কি তাহার হিসাব দেওনের জামিনীস্বরূপ যে খৎ কি অন্য নিবন্ধনপত্র দেওয়া যায় ...	বৎসরের দেনা টাকার দশগুণ টাকা কিম্বা মোটে ন্যূন হইলে সেই মোট টাকা দিবার খতের যত ইষ্টাম্প ১২ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে তত।
১৬। খৎ কি অন্য নিবন্ধনপত্রদ্বারা যে মূল টাকা নির্দ্ধারিত হয় তাহার সুদভিন্ন, নির্দ্দিষ্ট কি অনির্দ্দিষ্ট কালের নিমিত্তে যে টাকা বৎসরে২ কি নিরূপিত অন্য২ সময়ে দিতে হইবেক তাহার খৎ কি নিবন্ধনপত্রের ...	স্বেচ্ছামতের ইষ্টাম্প লাগিবে।—আইনের ২৭ ধারা দেখ।
১৭। খৎ কি অন্য নিবন্ধনপত্র যত টাকার হয় তাহা নির্দ্দিষ্ট না হইলে সেই খতের কি নিবন্ধনপত্রের ...	ঐ নির্দ্দিষ্ট টাকার খতের যত ইষ্টাম্প ১২ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে তত।
যদি তাহাতে টাকা নির্দ্দিষ্ট থাকে, তবে ...	স্বেচ্ছামতের ইষ্টাম্প। আইনের ২৭ ধারা দেখ।
১৮। কোন পদের কর্ম্ম কি কোন কার্য্য উপযুক্তমতে নিষ্পন্ন করিবার খৎ কি অন্য নিবন্ধনপত্রের ও অন্য যে কোন খতের এই তফসীলে স্পষ্ট বিধান হয় নাই কি ইষ্টাম্পহইতে মুক্ত হয় নাই তাহার খৎ হইলে ...	সেই দলীল কি পত্র কি চুক্তিপত্র কি প্রতিজ্ঞাপত্র কি নিয়মপত্র যদি আট টাকার অনধিক মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায়, তবে তত্তুল্য ইষ্টাম্প, নতুবা আট টাকার ইষ্টাম্প লাগিবে।
১৯। হস্তান্তর করণপত্রের কি টাকার খতের যে ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে তত্তুল্য ইষ্টাম্প কাগজে লেখা কোন দলীলের কি পত্রের সহিত প্রতিপোষক জামিনীস্বরূপে, অথবা (টাকা দেওনের কি সম্পত্তি হস্তান্তর করণের কিম্বা কোন টাকার দাওয়া পরিশোধের চুক্তি কি প্রতিজ্ঞা কি নিয়মপত্রভিন্ন) অন্য কোন চুক্তিপত্র কি প্রতিজ্ঞা কি নিয়মপত্রমতে কর্ম্ম সমাধার জামিনীস্বরূপে, যে খৎ কি অন্য নিবন্ধনপত্র লওয়া যায় ...	২১ টাকা।
সর্টিফিকট।	
২০। সর্টিফিকট অর্থাৎ কোন জাইণ্ট ষ্টাক কি অন্য কোম্পানির কি প্রস্তাবিত কি অনুকল্পিত কোম্পানির কোন এক কি অধিক শ্যারেতে কি স্কুপেতে ঐ সর্টিফিকটধারি কিম্বা অন্য ব্যক্তির স্বত্ব কি অধিকার প্রকাশক কি প্রকাশ করিবার অভিপ্রায়ার্থক দলীল, অথবা সর্টিফিকটধারি কিম্বা অন্য ব্যক্তির এইক্ষণে কি ভাবিকালে তদ্রূপ কোন কোম্পানির এক কি অধিক শ্যারের কি স্কুপের স্বামী হওয়ার প্রকাশক কি স্বত্বদায়ক সর্টিফিকটের	৪৪ টাকা।
চার্টর পার্টী।	
২১। চার্টরপার্টী অর্থাৎ সমুদ্রগামী কোন জাহাজের চার্টর করিবার কি ভাড়া লইবার কোন নিয়মপত্রের কি চুক্তিপত্রের	২২ টাকা।
রফানামা।	
২২। রফানামা অথবা মহাজন ও খাতকের মধ্যে প্রতিজ্ঞাপত্র	৮০ টাকা।

হস্তান্তরকরণ পত্র।	উপযুক্ত ইষ্টাম্প।
২৩। হস্তান্তরকরণ পত্র অথবা টাকার বিনিময়ে কোন ভূমি কি বসত স্থান কি খাজানা কি বার্ষিক বৃত্তি কিম্বা স্থাবর কি অস্থাবর অন্য সম্পত্তি কি পাট্টাইত্যাদি কি বিষয়, কিম্বা কোন ভূমিতে কি বাটীতে কি খাজানাতে কি বার্ষিক বৃত্তিতে কি অন্য সম্পত্তিতে কোন স্বত্ব কি অধিকার কি দাওয়া কি সম্পর্ক বিক্রয় কি হস্তান্তর করণার্থে, এতাবতা মুখ্য কি অদ্বিতীয় যে দলীল কি পত্র কি লিপিদ্বারা বিক্রীত সম্পত্তি ক্রেতার কিম্বা তাঁহার আদেশমতে অন্য কোন ব্যক্তির প্রতি হস্তান্তর করা যাইবে কি প্রকারান্তরে অর্পিত হইবে, তজ্জন্যে কি তৎসম্পর্কে যে কোন রূপের কি প্রকারের দলীল কি পত্র করা যায়,	
তাহার যে মূল্য কি তাহার বিনিময়ে দত্ত যে টাকা তাহাতে ব্যক্ত কি অঙ্কিত থাকে তাহা এক শত টাকার অনধিক হইলে	১৲ টাকা।
১০০৲ টাকার অধিক ও ২০০৲ টাকার অনধিক হইলে	২৲
২০০৲ ঐ ৪০০৲ ঐ ...	৪৲
৪০০৲ ঐ ৮০০৲ ঐ ...	৮৲
৮০০৲ ঐ ১২০০৲ ঐ ...	১২৲
১২০০৲ ঐ ২০০০৲ ঐ ...	২০৲
২০০০৲ ঐ ৩০০০৲ ঐ ...	৩০৲
৩০০০৲ ঐ ৪০০০৲ ঐ ...	৪০৲
৪০০০৲ ঐ ৫০০০৲ ঐ ...	৫০৲
৫০০০৲ ঐ ৭৫০০৲ ঐ ...	৭৫৲
৭৫০০৲ ঐ ১০০০০৲ ঐ ...	১০০৲
১০,০০০৲ ঐ ২০০০০৲ ঐ ...	১৫০৲
২০০০০৲ ঐ ৪০০০০৲ ঐ ...	২০০৲
৪০০০০৲ ঐ ৬০০০০৲ ঐ ...	৩০০৲
৬০০০০৲ ঐ ৮০০০০৲ ঐ ...	৪০০৲
৮০০০০৲ ঐ ১০০০০০৲ ঐ ...	৫০০৲
ও তদূর্দ্ধ প্রত্যেক ৫০,০০০৲ টাকার ...	২০০৲
ও তাহার কোন অংশের	১০০৲
২৪। সম্পত্তির বিনিময়ে বার্ষিক বৃত্তি দেওয়া গেলে তাহার হস্তান্তর করণপত্র	ক্রয়ের মূল্য ঐ বার্ষিক বৃত্তির দশগুণের সমান হইলে হস্তান্তর করণেপত্রের যত ইষ্টাম্প তত।
২৫। যাহার অন্য ইষ্টাম্প নির্দ্ধারিত নাই এমত অন্য কোন প্রকারের হস্তান্তর করণপ্রত্র। এতাবতা হস্তান্তরিত সম্পত্তির মূল্য কিম্বা যাহার বিনিময়ে হস্তান্তরকরণ হয় তাহার মূল্য সেই হস্তান্তরকরণপত্রে ব্যক্ত কি দৃষ্ট হইলে	হস্তান্তর করণের বিনিময়ে ঐ মূল্যের সমান টাকা পত্রে ব্যক্ত থাকিলে তাহার যত ইষ্টাম্প লাগিত তত।
হস্তান্তর করণপত্রে মূল্য দৃষ্ট না হইলে ...	৫০৲ টাকা।
২৬। ব্যাঙ্কের কর্ম্মকারি সমাজের কি জাইণ্ট ষ্টাক কোম্পানির শ্যার দলীলদ্বারা কি পৃষ্ঠে লিখনদ্বারা হস্তান্তরকরণপত্র। যে শ্যার হস্তান্তর করা যায় তাহার মূল্য যদি বাজারে ১০০৲ টাকার অনধিক হয় তবে শ্যার প্রতি	।০
১০০৲ টাকার অধিক ও ২০০৲ টাকার অনধিক হইলে	॥০
২০০৲ ঐ ৩০০৲ ঐ	৸০
৩০০৲ ঐ ৪০০৲ ঐ	১৲
ও তদূর্দ্ধ শত টাকাপ্রতি অধিক ।০ আনার ইষ্টাম্প ও তদ্রূপ কোন শ্যারের অর্দ্ধ কি চতুর্থাংশ হস্তান্তর করণপত্রের উক্ত নিয়মানুযায়ি ইষ্টাম্প লাগিবে।	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৭ মে।]

	উপযুক্ত ইষ্টাম্প।
বর্জিত বিষয়।	
গবর্ণমেণ্টের কোন লোন কি কোম্পানির কাগজ হস্তান্তরকরণ পত্রের ইষ্টাম্প লাগিবে না।	
২৭। সৎসৃষ্টি পত্রের কি দলীলের ...	৮৲ টাকা।
অনুলিপি অর্থাৎ নকল।	
২৮। অনুলিপি এতাবতা কোন দলীলের কি পত্রের কি লিপির যথার্থ অনুলিপি কি তাহাহইতে যথার্থরূপে গৃহীত কথা বলিয়া যাহাতে স্বাক্ষর হয় কি সর্টিফিকট দেওয়া যায় ও দেওয়ানী কি রাজস্ব সম্পর্কীয় কোন মোকদ্দমায় যাহা প্রমাণস্বরূপে উপস্থিত করণার্থে দেওয়া যায়, কিম্বা ঐ দলীলের কি পত্রের কি লিপির কোন পক্ষের কিম্বা তদ্দ্বারা কোন লভ্য কি সম্পর্ক অব্যবহিতরূপে প্রাপ্ত কোন ব্যক্তির লাভ রক্ষণার্থে কি ব্যবহারার্থ করা যায়, এমত অনুলিপি কি গৃহীত কথার	
যদি মুখ্য দলীলের আট আনার অধিক কিন্তু দশ টাকার অনধিক ইষ্টাম্প লাগে তবে	মুখ্য দলীলের কি পত্রের কি লিপির ইষ্টাম্প ॥৹ আট আনার অধিক না হইলে তত্তুল্য ইষ্টাম্প।
তদি মুখ্য দলীলের ১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক ইষ্টাম্প লাগে তবে	১৲ টাকা।
যদি মুখ্য দলীলের ৫০৲ টাকার অধিক ইষ্টাম্প লাগে তবে	২৲ টাকা।
মন্তব্য। উপযুক্ত ইষ্টাম্প কাগজে লিখিত যে কোন অনুলিপি কোন সময়ে প্রমাণস্বরূপে উপস্থিত করা যায়, সেই নকল সেই অভিপ্রায়ে করা গিয়াছে এমন জ্ঞান হইবেক।	৫৲ টাকা।
২৯। যে ব্যক্তি দলীল কি পত্র কি লিপির একপক্ষ নহেন কিম্বা তৎক্রমে যাঁহার অব্যবহিতরূপে কোন লাভ কি সম্পর্ক প্রাপ্তি না হয়, এমত ব্যক্তির লাভ রক্ষণার্থে কি ব্যবহারার্থে ঐ অনুলিপি করা গেলে তাহার ফর্দ্দ প্রতি	১৲ টাকা।
৩০। অনুলিপি, এতাবতা কোন উইল কি টেষ্টামেণ্ট (অর্থাৎ কোন ব্যক্তির মরণোত্তরে তাঁহার স্থাবর কি অস্থাবর সম্পত্তিবিষয়ক তাঁহার ইষ্টজ্ঞাপক পত্রের) কি তাহার ক্রোড়পত্রের কিম্বা কোন উইলের কি ক্রোড় পত্রের প্রোবেট (অর্থাৎ প্রমাণপত্রের) কি প্রোবেটের অনুলিপি কি কোন লেটর অফ আডমিনিষ্ট্রেসন (অর্থাৎ মৃত ব্যক্তির সম্পত্তির অধ্যক্ষতা করিবার ক্ষমতাপত্রের) কিম্বা তদ্রূপ ইষ্টজ্ঞাপক উইলের কি দানপত্রের স্থিরীকরণ পত্রের কি তাহার কোন অংশের যথার্থ অনুলিপি বলিয়া, কিম্বা দেওয়ানী কি রাজস্বসম্পর্কীয় কোন মোকদ্দমায় প্রমাণ স্বরূপে উপস্থিত করণাভিপ্রায়ে কৃত, বলিয়া, যে অনুলিপিতে স্বাক্ষর হয় কি সর্টিফিকট দেওয়া যায় সেই অনুলিপির ...	১৲ টাকা।
৩১। কোন দলীল কি পত্র কি লিপিসংযুক্ত কোন দলীলের কি পত্রের কি লিপির অনুলিপি কি গৃহীত কথা	যে দলীলের কি লিপির কি পত্রের নকল করা যায় কি যাহাহইতে কথা গৃহীত হয়, তাহা যদি ॥৹ আনার অনধিক মূল্যের কাগজে লেখা থাকে, তবে তত্তুল্য মূল্যের, নতুবা ফর্দ্দপ্রতি ॥৹ আনার ইষ্টাম্প।
৩২। কোন গবর্ণমেণ্ট আফিসহইতে কোন রিকার্ডের কি পত্রের কি হিসাবের কি বর্ণনাপত্রের কি রিপোর্টের কি অন্য লিপির স্বাক্ষরিত কি সর্টিফিকটযুক্ত যে অনুলিপি কোন ব্যক্তিকে দেওয়া যায় তাহার ফর্দ্দপ্রতি	॥৹ আনা।

[*Government Gazette, 27th May*, 1862.]

	উপযুক্ত ইষ্টাম্প।
কোন আদালত কি রাজস্বসম্পর্কীয় কোন কাছারী প্রভৃতিহইতে আদালত কি রাজস্বসংক্রান্ত পত্রের যে অনুলিপি দেওয়া যায় তদ্বিষয়ে	B চিহ্নিত তফসীল দেখ।
বর্জিত বিষয়।	
যে কাগজপত্রের এই তফসীলে কোন ইষ্টাম্প নির্দ্দিষ্ট নাই তাহার যে অনুলিপি কোন রাজকীয় কার্য্যকারকের করিতে কি দিতে হয়, সেই অনুলিপির ইষ্টাম্প লাগিবে না।	
প্রতিলিপি।	
৩৩। পাট্টার প্রতিলিপির	পাট্টার যত টাকার ইষ্টাম্প তত।
বর্জিত বিষয়।	
কোন রায়ৎ কি ভূমির প্রকৃত কৃষক পাট্টার প্রতিলিপি করিলে, যদি সেই ব্যাপারের এক অংশস্বরূপে কোন পণ দিতে না হয়, তবে তাহার ইষ্টাম্প লাগিবে না।	
(মান্দ্রাজের।)	
মান্দ্রাজ প্রসীডেন্সীর অন্তর্গত, গবর্ণমেণ্টের মালগুজারী জমীবিষয়ে ভূম্যধিকারির ও রায়তের মধ্যে যে পাট্টা হয় তাহার প্রতিলিপির ইষ্টাম্প লাগিবে না।	
পাট্টার প্রতিলিপি এই শব্দের মধ্যে কবুলিয়ৎপ্রভৃতি ধরিতে হইবেক।	
প্রতিজ্ঞাপত্র।	
৩৪। প্রতিজ্ঞাপত্র, এতাবতা কোন স্থাবর সম্পত্তি কি তাহাতে কোন স্বত্ত্ব কি সম্পর্ক বিক্রয়করণ কি বন্ধক দেওনকালে, সেই সম্পত্তি কি স্বত্ত্ব কি সম্পর্ক হস্তান্তর কি অর্পণ কি সমর্পণ কি মুক্ত করণার্থে, অথবা সেই সম্পত্তির কি স্বত্ত্বের কি সম্পর্কের অধিকার কি নিষ্কণ্টকে ভোগ কি দায়হইতে মুক্ত করণার্থে, কিম্বা আরো দৃঢ় করণার্থে, কি প্রকারান্তরে তদ্বিষয়ে ক্ষতি নিবারণার্থে কিম্বা অধিকারপত্র কি তৎসম্পর্কীয় অধিকার প্রোথকপত্র উপস্থিত করণার্থে, কিম্বা তন্মধ্যে সমস্ত কি কোন অভিপ্রায়ে কোন সতন্ত্র প্রতিজ্ঞাপত্র, (এই তফসীলে হস্তান্তর করণপত্র বলিয়া যাহার মূল্যানুসারে ইষ্টাম্প ধার্য্য হয় এমত প্রতিজ্ঞাপত্র না হইলে,) তাহার	১০৲ টাকা।
৩৫। দানপত্র কি যৌতুক ধন নিরূপণপত্র অর্থাৎ বর্ত্তমানে কি ভাবিকালে যাহা সফল হইবেক, তাহার সময় নির্দ্ধারিত হইলে কি না হইলেও	হস্তান্তর করণ পত্রের তুল্য ইষ্টাম্প লাগিবে।
৩৬। যে কোন প্রকারের দলীলের এই তফসীলে প্রকারান্তরের ইষ্টাম্প ধার্য্য হয় নাই কি ইষ্টাম্পের মামুলহইতে মুক্ত হয় নাই তাহার	১৲ টাকা।
৩৭। যে কোন প্রকার দলীলের কি পত্রের কি লিপির এই আইনমতে ইষ্টাম্প ধার্য্য হইয়াছে তাহার ডুপ্লিকেটের কি প্রতিলিপির যদি এই তফসীলে প্রকারান্তরের ইষ্টাম্প ধার্য্য না হয় কিম্বা ইষ্টাম্পহইতে বিশেষমতে মুক্ত না হয়, তবে ...	
মুখ্য দলীলের ইষ্টাম্প ॥০ আনার অধিক কিন্তু ১০৲ টাকার অনধিক হইলে	মুখ্য দলীলের ইষ্টাম্প ॥০ আনার অনধিক হইলে তত্তুল্য ইষ্টাম্প।
মুখ্য দলীলের ইষ্টাম্প ১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক হইলে	১৲ টাকা।
মুখ্য দলীলের ইষ্টাম্প ৫০৲ টাকার অধিক হইলে ...	২৲ টাকা।
	৫৲ টাকা।

কিন্তু উপযুক্ত ইষ্টাম্প কাগজে লেখা ঐ মুখ্য দলীল জিলার ইষ্টাম্পদ্বারা উৎপন্ন রাজস্বের কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত না করা গেলে তিনি সেই ডুপ্লিকেট কি প্রতিলিপির ইষ্টাম্প বসাইবেন না।

বিনিময়পত্র।

৩৮। বিনিময়পত্র এতাবতা যে কোন দলীল কি পত্র কি লিপিক্রমে কোন স্থাবর সম্পত্তি অন্য সম্পত্তির বিনিময়ে হস্তান্তর কি সমর্পণ করা যায় তাহার ...

পাট্টা।

৩৯। পাট্টা এতাবতা খাজানা কি ভাড়াবিনা পণপ্রভৃতিস্বরূপে কোন টাকা দিয়া চিরকালীন কিম্বা কতক বৎসর মিয়াদী কিম্বা এক কি অধিক জনের জীবনান্তে যাহা রহিত হইবেক কিম্বা প্রকারান্তরের ঘটনার বশে যে পাট্টা দেওয়া যায় ... ...

৪০। পণপ্রভৃতিবিনা যে ভূমি কি বাটী কি স্থাবর অন্য সম্পত্তি ভাড়া কি খাজানা করিয়া দেওয়া যায় তাহার কোন পাট্টা

এক বৎসরের খাজানা কি ভাড়া ২৪৲ টাকার অনধিক হইলে ... ...

২৪৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক হইলে

৫০৲	ঐ	১০০৲	ঐ	...
১০০৲	ঐ	২৫০৲	ঐ	...
২৫০৲	ঐ	৫০০৲	ঐ	...
৫০০৲	ঐ	১০০০৲	ঐ	...
১০০০৲	ঐ	২০০০৲	ঐ	...
২০০০৲	ঐ	৪০০০৲	ঐ	...
৪০০০৲	ঐ	৬০০০৲	ঐ	...
৬০০০৲	ঐ	১০০০০৲	ঐ	...
১০০০০৲	ঐ	২৫০০০৲	ঐ	...
২৫০০০৲	ঐ	৫০০০০৲	ঐ	...

ও তদূর্দ্ধ প্রত্যেক ২৫০০০৲ টাকার ও তাহার কোন অংশের ... ...

৪১। পণপ্রভৃতিস্বরূপে কিছু টাকা না দিয়া যে ভূমি কি বাটী কি স্থাবর অন্য সম্পত্তি অনিরূপিত মিয়াদের নিমিত্তে ভাড়া কি খাজানা করিয়া দেওয়া যায় তাহার কোন পাট্টা ... ...

৪২। পণপ্রভৃতিক্রমে ভাড়ার কি খাজানার নিয়ম করত যে ভূমির কি বাটীর কি স্থাবর অন্য সম্পত্তির কোন পাট্টা দেওয়া যায় তাহার ... ...

বর্জ্জিত বিষয়।

রায়তকে কি প্রকৃত অন্য কৃষককে যে কোন পাট্টা দেওয়া যায় তাহার ইষ্টাম্প লাগিবে না। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ কার্য্যের অংশস্বরূপে কোন পণ না দেওয়া যায়।

(মান্দ্রাজের।)

মান্দ্রাজ প্রসীডেনসীতে গবর্ণমেণ্টের মালগুজারী জমীর বিষয়ে ভূম্যধিকারী ও রায়তের মধ্যে যে পাট্টা কি অন্য বন্দোবস্ত করা যায় তাহার ইষ্টাম্প লাগিবে না।

[*Government Gazette, 27th May*, 1862.]

উপযুক্ত ইষ্টাম্প।

হস্তান্তর করণপত্রের তুল্য ইষ্টাম্প।

ঐ পণপ্রভৃতির তুল্য মূল্যের হস্তান্তর করণপত্রের কি বিক্রয়পত্রের যত ইষ্টাম্প লাগে তত।

এক বৎসরের অনধিক মিয়াদের হইলে।	এক বৎসরের অধিক মিয়াদের হইলে।
।০	॥০
॥০	৸০
৸০	১৲
১৲	২৲
২৲	৪৲
৪৲	৮৲
৮৲	১৬৲
১৬৲	৩২৲
২৪৲	৪৮৲
৪০৲	৮০৲
১০০৲	২০০৲
২০০৲	৪০০৲
১০০৲	২০০৲

এক বৎসরের অধিক কালের পাট্টার তুল্য ইষ্টাম্প।

পণের বিনিময়ে হস্তান্তরকরণপত্র ও ভাড়ার কি খাজানার পাট্টা এই দুইয়ের যত ইষ্টাম্প লাগে সেই উভয়ের তুল্য ইষ্টাম্প।

	উপযুক্ত ইষ্টাম্প।
মোখ্তারনামা।	
৪৩। মোখ্তারনামা। B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট মোখ্তারনামাভিন্ন	৪৲ টাকা।
সেই মোখ্তারনামা যদি কেবল একি কার্য্যের উপলক্ষে হয় ও যে সম্পত্তির বিষয়ে ঐ কার্য্য হয় তাহার মূল্য যদি নির্দ্দিষ্ট থাকে ও ৫০০৲ টাকার অনধিক হয় তবে ...	১৲ টাকা।
৪৪। নিষ্পত্তি কি নালিশী বিষয় স্বীকার করিবার মোখ্তারনামা, কিন্তু অন্য যে দলীল এই আইনক্রমে মূল্যানুসারে ইষ্টাম্প্ কাগজে লেখা যায়, সেই দলীলের নির্দ্দিষ্ট কোন টাকা পরিশোধ করিবার প্রতিপোষক জামিনস্বরূপে না দেওয়া গেলে	খতের যে ইষ্টাম্প লাগে সেই।
ঐ মোখ্তারনামা পাঁচ শতের অধিক টাকা রক্ষা করণার্থে দেওয়া গেলে ও যে ব্যক্তি মোখ্তারনামা দেন তিনি সেই টাকার নিমিত্তে মোকদ্দমা চলনকালীন হুকুমমতে কি হুকুম জারীক্রমে কয়েদ থাকিলে	৪৲ টাকা।
যদি পূর্ব্বোক্তমতে প্রতিপোষক জামিনীস্বরূপে দেওয়া যায় তবে	৫৲ টাকা।
মন্তব্য। কোন আদালতে কিম্বা রাজস্বসম্পর্কীয় কার্য্যকারকেরদের সম্মুখে উপস্থিত থাকা মোকদ্দমা কি কোন প্রকারের কার্য্য চালাইবার জন্যে যাহা প্রয়োজন হয় এমত ওকালৎনামা কি মোখ্তারনামাপ্রভৃতির বিষয়ে ...	B চিহ্নিত তফসীল দেখ।
অনুমতিপত্র।	
৪৫। অনুমতিপত্র এতাবতা খাতক ঋণ শোধ করিতে না পারিলে মহাজন যে অনুমতিপত্রক্রমে তাহার অধিককাল নিরূপণ করেন তাহার	৮৲ টাকা।
বন্ধকীপত্র।	
৪৬। বন্ধকীপত্র, এতাবতা কোন স্থাবর সম্পত্তির অধিকার দিয়া কি না দিয়া, কিম্বা অস্থাবর কোন সম্পত্তির অধিকার না দিয়া, তাহার কি তদ্বিষয়ের যে কোন বন্ধকীপত্র কি কটকওয়ালা অর্থাৎ নিয়মে বদ্ধ বিক্রয়পত্র কি তর্পণপত্র কি পণপত্র কিম্বা বন্ধকীখৎক্রমে, কি বন্ধকীপত্রের কি নিয়মবদ্ধ বিক্রয়পত্রের কি পণপত্রের কি বন্ধকী খতের তুল্য প্রকারের কোন স্বীকারপত্রক্রমে যে টাকা প্রাপ্য হয় কি ঋণ দেওয়া যায়, তাহার প্রতিভূস্বরূপ হইলে সেই পত্রের, এবং প্রাপ্য কি ঋণ দেওয়া টাকা পরিশোধ হইবার প্রতিভূস্বরূপে যদি কোন সম্পত্তির অধিকারপত্র অর্পণ হয়, তবে তাহার সহিত যে কোন দলীল কি চুক্তিপত্র দেওয়া যায় তাহার ...	সেই প্রাপ্য কি ঋণ দেওয়া টাকার খতের যে ইষ্টাম্প লাগে তত্তুল্য ইষ্টাম্প।
৪৭। কোন অস্থাবর সম্পত্তি গ্রহণপূর্ব্বক যে টাকা ঋণস্বরূপে কি অগ্রীম দেওয়া যায় তাহার বন্ধকীপত্র কি নিয়মবদ্ধ বিক্রয়পত্র কি অর্পণপত্র কি পণপত্র কি বন্ধকীখৎ কিম্বা বন্ধকীপত্রের কি নিয়মবদ্ধ বিক্রয়পত্রের কি অর্পণপত্রের কি পণপত্রের কি বন্ধকীখতের তুল্য প্রকারের কোন স্বীকারপত্র হইলে	অঙ্গীকার পত্রের তুল্য ইষ্টাম্প।
৪৮। কোম্পানির কাগজ হস্তান্তর করিবার কিম্বা নিরূপিতকালের নিমিত্তে বার্ষিক টাকা দিবার কিম্বা যে বিষয়ের কি দ্রব্যের মূল্য নিরূপণ হইতে পারে তাহা ভবিষ্যৎ কোন কালে দিবার প্রতিভূস্বরূপে কোন স্থাবর সম্পত্তির কি তাহার কোন স্বত্ত্ব কি অধিকার কি সম্পর্কের অধিকার দিয়া কি না দিয়া, যে বন্ধকীপত্র কি নিয়মবদ্ধ বিক্রয়পত্র কি অর্পণপত্র কি পণপত্র কি বন্ধকীখৎ দেওয়া যায় তাহার	যত টাকা নির্দ্দিষ্ট হয় তাহার কি ঐ দ্রব্যের প্রকৃত মূল্যের টাকা দিবার খতের যে ইষ্টাম্প লাগে তত্তুল্য ইষ্টাম্প।

	উপযুক্ত ইষ্টাম্প।
৪৯। জীবনপর্য্যন্ত কিম্বা অন্য অনিরূপিত কালের নিমিত্তে বার্ষিক টাকা দিবার প্রতিভূস্বরূপে কোন স্থাবর সম্পত্তির কিম্বা তাহাতে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্কের অধিকার দিয়া যে বন্ধকীপত্র কি নিয়মবন্ধ বিক্রয়পত্র কি অর্পণপত্র কি পণপত্র কি বন্ধকী খৎ দেওয়া যায় তাহার	বার্ষিক যত টাকা দিতে হয় তাহার দশগুণ টাকার যত ইষ্টাম্প লাগে তত্তুল্য ইষ্টাম্প।
ঐ বন্ধকীপত্র যত টাকার প্রতিভূস্বরূপে হয় তাহা নিরূপিত কতক টাকার অধিক না হইবার নিয়ম থাকিলে	ঐ নিরূপিত টাকার বন্ধকীপত্রের যত ইষ্টাম্প লাগে তত ইষ্টাম্প।
বন্ধকীপত্র যে টাকার প্রতিভূস্বরূপ হয় তাহার সীমা নিরূপণ না হইলে	স্বেচ্ছামতের ইষ্টাম্প, আইনের ২৭ ধারা দেখ।
৫০। বন্ধকীপত্র যে টাকার প্রতিভূস্বরূপ হয় সেই টাকার খৎ যদি পূর্ব্বে হইয়া থাকে, কিম্বা অন্য কোন কারণবশতঃ অন্য যে কার্য্যের দলীল ইষ্টাম্প কাগজে লিখিতে হয় তদ্রূপ দলীল হওয়াতে যদি ঐ বন্ধকীপত্র ঐ কার্য্যের কেবল প্রতিপোষক প্রতিভূস্বরূপ হয়, এমত স্থলে	ঐ খৎ কি অন্য দলীল আট টাকার অনধিক মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা থাকিলে তাহার তুল্য ইষ্টাম্প। নতুবা আট টাকার ইষ্টাম্প।
মন্তব্য। উভয়পক্ষ ঐ বন্ধকের কার্য্য যে প্রকারে সিদ্ধ করিতে চাহে তদর্থে যদি এক দলীলের অধিকের প্রয়োজন হয়, তবে মুখ্য দলীল উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে করা গেলে সেই মুখ্য দলীলভিন্ন প্রত্যেক দলীলের	মুখ্য দলীল আট টাকার অনধিক মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা গেলে তত্তুল্য ইষ্টাম্প। নতুবা আট টাকার ইষ্টাম্প।
বর্জ্জিত বিষয়।	
বিল অফ এক্সচেঞ্জ অর্থাৎ হুণ্ডী সম্বলিত যে বন্ধকী খৎ থাকে তাহার ইষ্টাম্প লাগিবে না।	
বন্ধকী সম্পত্তি।	
৫১। বন্ধকী সম্পত্তির প্রত্যর্পণপত্র ...	অর্পণপত্রের তুল্য ইষ্টাম্প।
৫২। বন্ধকী সম্পত্তি মুক্ত করণের স্বত্বক্রমে মুক্তিকরণপত্র	হস্তান্তরকরণপত্রের তুল্য ইষ্টাম্প।
উকীল দ্বারা লিখিত কথা।	
৫৩। নোটেরিয়ল আক্ট, এতাবতা উকীলদ্বারা লিখিত যে পত্রের প্রকারান্তরের ইষ্টাম্প এই তফসীলে নির্দ্ধারিত নাই তাহার	২৲
সম্পত্তি বিভাগপত্র।	
৫৪। মহাল কিম্বা স্থাবর কি অস্থাবর সম্পত্তি, কিম্বা হিন্দুরদের মধ্যে যেমন হইয়া থাকে তেমনি সাধারণ ভূক্তভোগ পৃথক করণভাবে, উভয় পক্ষের সম্মতিক্রমে কি রাজকীয় কার্য্যকারককর্ত্তৃক যে বিভাগ করা যায়, সেই বিভাগপত্রের যে অনুলিপি প্রত্যেক অংশী লন, তাহার সেই অংশির অংশের মূল্য এক শত টাকার অধিক না হইলে	॥০
১০০৲ টাকার অধিক ও ২০০৲ টাকার অনধিক হইলে	১৲
২০০৲ ঐ ৪০০৲ ঐ ...	২৲
৪০০৲ ঐ ৬০০৲ ঐ ...	৪৲
৬০০৲ ঐ ৮০০৲ ঐ ...	৬৲
৮০০৲ ঐ ১০০০৲ ঐ ...	৮৲
তদোধিক চারিশত টাকার কি তাহার কোন অংশের	২৲
যে সম্পত্তি বিভাগ হয় তাহার সমুদয় কি একাংশ যদি নগদ টাকাভিন্ন অন্য সম্পত্তি হয়, ও যদি সেই সম্পত্তির কোন ভাগের ন্যূনতা পূরণার্থে ঐ সম্পত্তির টাকাভিন্ন অন্য টাকা দেওয়া যায় কি দিবার নিয়ম হয়, তবে	বিভাজ্য সম্পত্তি সমানাংশে বিভক্ত হইলে তাহার যে মূল্যের ইষ্টাম্প, এবং ঐ অংশের ন্যূনতা পূরণার্থে যত টাকা দেওয়া যায় কি দিবার নিয়ম হয় তত টাকার হস্তান্তর করণপত্রের কি বিক্রয়পত্রের যে মূল্যের ইষ্টাম্প হয়, সেই উভয় মূল্যের ইষ্টাম্প লাগিবে।

	উপযুক্ত ইষ্টাম্প।
বিমাপত্র।	
৫৫। ইন্‌সুরান্স পালিসি অর্থাৎ বিমাপত্র অথবা কোন নামান্তরে খ্যাত যে পত্রক্রমে কোন ব্যক্তির জীবনান্তে কিম্বা জীবৎমানে কোন গতিকবিশেষে অথবা ৫৬ প্রকরণের লিখিত সম্পত্তি ভিন্ন অন্য সম্পত্তি কি গৃহাদি দগ্ধ হইলে কতক টাকা দিবার নির্দ্ধারণ হয়	
এক২ সহস্র টাকার ও সহস্র টাকার প্রত্যেক ক্ষুদ্রাংশের	॥০
৫৬। বিমাপত্র এতাবতা কোন জাহাজের কি মূলুপের কি ভড়প্রভৃতির কিম্বা তাহাতে কোন দ্রব্যের কি সম্পত্তির কিম্বা কোন জাহাজের কি মূলুপের কি ভড়প্রভৃতির বোঝাই দ্রব্যের উপর, কিম্বা তৎসম্পর্কীয় অন্য কোন সম্পর্কের উপর, কিম্বা কোন যাত্রাকালীন বিমাপত্র। যে স্থলে ঐ বিমাপত্রদ্বারা নির্দ্ধারিত টাকার উপর শত করা ২৲ টাকার অনধিক প্রীমিয়ম লাগে সেই স্থলে	
নির্দ্ধারিত টাকা এক সহস্রের অধিক না হইলে	বিমাপত্রের এক কেতা মাত্র হইলে। ॥০ — দুইকেতা হইলে প্রত্যেকের ইষ্টাম্প। ।০
যদি নির্দ্ধারিত টাকা এক সহস্রের অধিক হয়, তবে এক কেতা মাত্র করা গেলে, প্রত্যেক সহস্র টাকার আট আনা ও দুই কেতা করা গেলে প্রত্যেক কেতার চারি আনা।	
নির্দ্ধারিত টাকার উপর শত করা দুই টাকার অধিক প্রীমিয়ম হইলে যদি সমুদয় টাকা এক সহস্রের অধিক না হয় তবে	বিমাপত্রের এক কেতা মাত্র হইলে। ১৲ — দুই কেতা হইলে প্রত্যেকের ইষ্টাম্প। ॥০
যদি এক সহস্র টাকার অধিকের বিমা হয়, তবে বিমাপত্রের এক কেতামাত্র করা গেলে তাহার প্রত্যেক সহস্র টাকার ও সহস্রের কোন ক্ষুদ্রাংশের ১৲ টাকা। যদি দুই কেতা হয় তবে প্রত্যেক কেতার আট আনা।	
যদি দুই কেতার অধিক করা যায়, তবে দুই কেতা হইলে প্রত্যেকের যত ইষ্টাম্প লাগে, উর্দ্ধ প্রত্যেকের ততই লাগিবে।	
মন্তব্য। আবরুকপত্রে অথবা বিমাপত্র দিবার কোন করারপত্রে ইষ্টাম্পের প্রয়োজন নাই। কিন্তু সেই পত্রে বিমাপত্রের নির্দ্দিষ্ট ইষ্টাম্প না থাকিলে সেই পত্রক্রমে কোন টাকা দেওয়া যাইবে না কি দাতব্য হইবেক না। ও নির্দ্দিষ্ট ইষ্টাম্পের বিমাপত্র দেওয়াইবার অভিপ্রায়ভিন্ন অন্য কোন কারণে ঐ পত্র ভারতবর্ষের কোন আদালতে অর্পণ হইবে না কি প্রমাণস্বরূপে দেওয়া যাইবে না কি রিকার্ড হইবে না।	
প্রমিসরি নোট অর্থাৎ অঙ্গীকার পত্র। বিল অফ এক্‌সচেঞ্জ দেখ...	
৫৭। প্রমিসরি নোট অর্থাৎ অঙ্গীকারপত্র। এতাবতা কিস্তিবন্দি করিয়া, কিম্বা ভিন্ন২ তারিখে, কতক টাকা দিবার অঙ্গীকারপত্রক্রমে সর্ব্বসুদ্ধ যত টাকা দিতে হইবে তাহা নির্দ্ধারিত ও নিশ্চিত হইলে	সেই সমুদয় টাকা দিবার খাতের যত ইষ্টাম্প লাগে তত।
প্রোটেষ্ট অর্থাৎ অস্বীকার পত্র।	
৫৮। প্রোটেষ্ট এতাবতা কোন বিল অফ এক্‌সচেঞ্জের কি অঙ্গীকারপত্রের টাকা দিবার অস্বীকার পত্রের ...	২৲

উপযুক্ত ইষ্টাম্প।

৫৯। জাহাজের কোন কাপ্তান সাহেবের কি অধ্যক্ষের প্রোটেষ্ট ... ... ২৲

৬০। জাহাজের কোন কাপ্তান সাহেবের কি অধ্যক্ষের প্রোটেষ্ট করিবার মনস্থের সম্বাদ পত্রের ... ৷৷০

রসীদ।

৬১। টাকা দত্ত হইবার কিম্বা টাকা কি প্রকারান্তরের দ্রব্য দিয়া ঋণ পরিশোধ হইবার রসীদ কি ফারখৎ। যে টাকা প্রাপ্ত হওয়া যায় কি যাহার রসীদ কি ফারখৎ দেওয়া যায় তাহা বিশ টাকার অধিক হইলে ... ৵০

সাধারণ বর্জ্জিত বিষয়।

মুদ্রাস্বরূপ কোন নোট কি প্রমিসরি নোট কি বিল অফ এক্সচেঞ্জ কিম্বা টাকার কোন নিদর্শনপত্র পঁহুছিবার যে স্বীকারপত্র ডাকে পাঠান যায় তাহার ইষ্টাম্প লাগিবে না।

গবর্ণমেণ্টের মালগুজারী ভূমির কোন রায়তকে কিম্বা অন্য প্রকৃত কৃষককে, তাহার কৃষিকরা ভূমির খাজানার যে রসীদ অর্থাৎ কবজ কি ফারখৎ দেওয়া যায় তাহাতে ইষ্টাম্প লাগিবে না।

উপযুক্তমতের ইষ্টাম্পকরা কোন অঙ্গীকারপত্রের কি বিল অফ এক্সচেঞ্জের কি ড্রাফ্টের কি টাকা দিবার আর্ডরের উপর যে রসীদ কি ফারখৎ লেখা যায় তাহাতে ইষ্টাম্প লাগিবে না।

উপযুক্তমতের ইষ্টাম্প কাগজে লেখা কোন বন্ধকীপত্রের কি প্রতিভূস্বরূপ অন্য পত্রের কি হস্তান্তরকরণ পত্রের কি নিরূপণপত্রের কি খতের কি অন্য পত্রের লিখিত টাকা প্রাপ্ত হইবার, কিম্বা তাহাতে যে মূল টাকা কি সুদ কি বার্ষিক বৃত্তি দিবার নিয়ম হয় তাহা প্রাপ্ত হইবার যে রসীদ কি ফারখৎ ঐ বন্ধকীপত্রপ্রভৃতির উপর কি তাহার মধ্যে লেখা যায় তাহাতে ইষ্টাম্প লাগিবে না।

কোন ব্যাঙ্কে কি বণিকের নিকটে গচ্ছিত যে টাকার হিসাব সুদসহিত কি সুদবিনা গচ্ছিতকারি ব্যক্তিকেদিতে হইবে, ও তদ্ভিন্ন অন্য কোন ব্যক্তির স্থানে কি দ্বারা ঐ টাকা প্রাপ্ত হইবার কথা ঐ হিসাবে লেখা না থাকে, এমত স্থলে ঐ ব্যাঙ্ক কি বণিকের হাতে যে টাকা গচ্ছিত হয় তাহার রসীদে ইষ্টাম্প লাগিবে না। কিন্তু কোন জাইণ্ট ষ্টাক কি অন্য কোম্পানির কি প্রস্তাবিত কি কল্পিত কোম্পানির কোন স্কুপ কি শ্যারের উপর টাকা দিবার আদেশ সম্পর্কে, ঐ শ্যারের নিমিত্তে কি তাহার পত্র সম্পর্কে যে টাকা দেওয়া যায় কি গচ্ছিত হয়, তাহা প্রাপকের রসীদ কি স্বীকারপত্র বিষয়ে এই বর্জ্জিত বিধি খাটিবে না। ঐ শেষোক্ত রসীদ কি স্বীকারপত্র যাঁহারই দ্বারা দেওয়া যাউক তাহার উপর রসীদের তুল্য ইষ্টাম্প লাগিবে।

মুক্তকরণ পত্র।

৬২। অছির কি ট্রষ্টীর প্রতি অর্পিত ভারহইতে তাঁহার মুক্তকরণপত্রের ... ... ১০৲

[*Government. Gazette, 27th May*, 1862.]

	উপযুক্ত ইষ্টাম্প।
৬৩। কোন নিয়মপত্রে কি পাট্টায় কি খতে কি দলীলে কি অন্য পত্রে যে তফসীল সংযুক্ত থাকে কি যাহার উল্লেখ হয় তাহার ফর্দ্দপ্রতি	॥০
নিরূপণপত্র।	
৬৪। নিরূপণপত্র ও স্ত্রীধন নিরূপণপত্রপ্রভৃতি। এতাবতা যে কোন দলীল কি পত্রক্রমে কোন টাকা কি কোম্পানির কাগজ কিম্বা স্থাবর কি অস্থাবর অন্য সম্পত্তি কোন প্রকারে কোন ব্যক্তির প্রতি কি তাঁহার উপকারার্থে নিরূপিত হয় কি নিরূপিত হইবার নিয়ম হয় তাহার	যত টাকা কি যত মূল্যের দ্রব্য নিরূপণ হয় কি নিরূপিত হইবার নিয়ম হয় তত টাকা দিবার খতের যে ইষ্টাম্প ১২ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে সেই। অথবা যে স্থলে মূল্য নিশ্চিত নাই সেই স্থলে যেচ্ছামতের ইষ্টাম্প। আইনের ২৭ ধারা দেখ।
শিপিং আর্ডর।	
৬৫। শিপিং আর্ডর এতাবতা কোন জাহাজে কোন মাল লইয়া যাইবার বিষয়ি কি তৎসম্পর্কীয় আজ্ঞাপত্রের	৵০
৬৬। ওয়ারণ্ট—বাণ্ড ছোসের	॥০
সাধারণ বর্জ্জিত বিধি।	
যে কোন প্রকারের দলীল কি পত্র কি লিপি গবর্ণমেণ্টের দ্বারা কি গবর্ণমেণ্টের পক্ষে কোন গবর্ণমেণ্টের কি বোর্ডের কি কমিস্যনের কি আদালতের কি কার্য্যকারকের কি এজেণ্টের দ্বারা করা যায় তাহার ইষ্টাম্প লাগিবে না।	
মন্তব্য কথা। কোর্ট ওয়ার্ডসের কি স্থানবিশেষের এজেণ্ট সাহেবের কিম্বা তদ্রূপ কোন কোর্টের কি এজেণ্ট সাহেবের আজ্ঞাধীনে কোন কার্য্যকারকের দ্বারা কিম্বা মুনিসিপল কমিস্যনরের দ্বারা কিম্বা কোন আদালতের নিযুক্ত কোন আডমিনিষ্ট্রেটর জেনরল কি রিসীবরের দ্বারা যে দলীল কি পত্র কি লিপি করা যায় তদ্বিষয়ে উক্ত বর্জ্জিত কথা খাটে না। ও বাকী মালগুজারী কি খাজানা আদায়ের জন্যে, কিম্বা আদালতের ডিক্রী কি হুকুম জারীক্রমে যে নীলাম হয়, তদ্বিষয়েও ঐ বর্জ্জিত কথা খাটে না। উক্ত কোন স্থলে ক্রেতা যে সময়ে ক্রয়ের টাকা দেন সেই সময়ে তৎসঙ্গে ঐ টাকার উপযুক্ত ইষ্টাম্পের মূল্য কিম্বা ইষ্টাম্প কাগজ দিতে হইবে। ও যে কার্য্যকারক নীলাম করেন তিনি তাঁহাকে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিত বিক্রয়পত্র দিবেন।	
রায়ত কি প্রকৃত অন্য কৃষক ভূম্যধিকারির নিকটে ভূমি ত্যাগ করণের যে পত্র দেন তাহাতে ইষ্টাম্প লাগিবে না।	
পূর্ব্বকৃত কোন নিরূপণপত্র কি দলীল কি উইলঅনুসারে কিম্বা তৎক্রমে দত্ত ক্ষমতামতে কার্য্য করত কোন ট্রষ্ট কি নিয়োগ প্রকাশ কি প্রকারান্তরের দলীলসহিত যে উইল কি টেষ্টমেণ্টপ্রভৃতি দেওয়া যায়, তাহাতে ইষ্টাম্প লাগিবে না।	
মন্তব্য কথা।	
(ক) উক্ত তফসীলঅনুসারে যে কোন দলীল কি পত্র কি লিপি ইষ্টাম্প কাগজে লিখিবার আজ্ঞা হয়, তাহা এক ইষ্টাম্প কাগজে না ধরিলে অধিক কাগজে লেখা যাইতে পারিবে। কিন্তু ঐ ইষ্টাম্প কাগজের যত মূল্য তফসীলে নির্দ্দিষ্ট হয়, ঐ সমুদয় কাগজের তত্তুল্য মূল্য হওয়া আবশ্যক।	

উপযুক্ত ইষ্টাম্প।

(খ) অনেক দলীল কি পত্র কি লিপি থাকিলে তাহার মধ্যে কোন্‌টা প্রধান এই বিষয়ের কোন সংশয় হইলে, ঐ দলীলসম্পর্কীয় ব্যক্তিরা আপনারদের মধ্যে তাহা নির্দ্ধার্য্য করিবেন। কিন্তু যে স্থলে একের অধিক দলীল থাকে সেই স্থলে মুখ্য দলীল আট টাকার অনধিক মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা হইলে, অন্য প্রত্যেক দলীল সেই দলীলের তুল্য ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক, (প্রতিপোষক দলীলের অতি উচ্চ ইষ্টাম্পের আট টাকা মূল্য) ও মুখ্য যে দলীলক্রমে হস্তান্তর কার্য্য নিষ্পন্ন হয়, তাহা অন্য সকল দলীলের মূল পাঠে নির্দ্ধারিত থাকিবেক ও তাহা উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা হইয়াছে এই কথাও নির্দ্দিষ্ট হইবে।

B চিহ্নিত তফসীল।

আদালত সম্পর্কীয় কাগজপত্রে যত ইষ্টাম্প লাগিবে তদ্বিষয়ের B চিহ্নিত যে তফসীল এই আইনের ৩০ ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই।

প্রার্থনাপত্র। রাজীনামা দেখ।

১। কোন রাজধানীর কষ্টমের কালেক্টর সাহেবকে যে প্রার্থনাপত্র দেওয়া যায়, ও ১৮৫৬ সালের ১৪ আইনমতে (অর্থাৎ কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা বসতি স্থানের পারিপাট্য ও সৌষ্ঠব করণের আইনমতে) মুনিসিপল কমিস্যনরকে কি কোন মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবকে যে প্রার্থনাপত্র দেওয়া যায় তাহার ... ।৹

জামিনীপত্র।

২। জামিনীপত্র এতাবতা কোন আদালত কি রাজস্ব সম্পর্কীয় কোন কার্য্যকারকদ্বারা কি তাঁহার আজ্ঞাক্রমে নির্দ্দিষ্ট কতক টাকার, কি নির্দ্দিষ্ট কতক টাকা দণ্ডের, কি অনির্দ্দিষ্ট টাকার যে হাজিরজামিনীপত্র কি প্রতিভূস্বরূপপত্র কি অন্য নিবন্ধনপত্র লওয়া যায় তাহার .... ॥৹

বর্জ্জিত বিষয়।

ফৌজদারী মোকদ্দমায় হাজিরজামীনীপত্রের ও মোকদ্দমা চালাইবার কি প্রমাণ দিবার প্রতিজ্ঞাপত্রের ও স্বয়ং উপস্থিত হইবার কি প্রকারান্তরের প্রতিজ্ঞাপত্রের ইষ্টাম্প লাগিবে না।

সর্টিফিকট।

৩। ১৮৬০ সালের ২৭ আইনমতের (অর্থাৎ উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকা আদায় করা সুগম করণের ও মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত লোকদিগকে যাহারা অপনং কর্জ্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহাদের বেঝুঁকী হওনের আইনমতের) সর্টিফিকট যে প্রাপ্য টাকা কি অন্য সম্পত্তিসম্পর্কে দেওয়া যায়, তাহা ৫০০৲ টাকার অনধিক এমত শপথ হইলে ... ৪৲

[*Government Gazette, 27th May*, 1862.]

	উপযুক্ত ইষ্টাম্প।
৫০০৲ টাকার অধিক কিন্তু ১০০০৲ টাকার অনধিক হইলে	৮৲
ও তদোধিক প্রত্যেক সহস্র টাকার কিম্বা তদোধিক সহস্রের কোন অংশের	৪৲
যে ব্যক্তিকে ঐ সর্টিফিকট দেওয়া যায় তিনি কি তাঁহার উত্তরাধিকারি কি স্থলাভিষিক্ত ব্যক্তি ঐ সর্টিফিকটের তারিখঅবধি দ্বাদশ মাস গত হইলে পর, ও তৎপরে ঐ সর্টিফিকট যে আদালত দেন সেই আদালত যে সময়ে আজ্ঞা করেন, সেই সময়ে ঐ সর্টিফিকটক্রমে যে সকল টাকা আদায় করিয়াছেন কি প্রাপ্ত হইয়াছেন তাহার বিবরণ ঐ আদালতে অর্পণ করিবেন। ও সেই সর্টিফিকট যাঁহাকে দেওয়া যায় তিনি যত টাকা প্রাপ্য কি সম্পত্তি শপথ করিয়াছেন, তদোধিক টাকা যদি সেই প্রকারে আদায় করেন কি প্রাপ্ত হন, তবে আদালত সর্টিফিকট রহিত করিয়া বর্দ্ধিত টাকার নিমিত্তে এই প্রকরণক্রমে যত মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে তত মূল্যের ইষ্টাম্প কাগজে নূতন সর্টিফিকট গ্রহণ করিতে ঐ ব্যক্তিকে আজ্ঞা করিবেন। নিরূপিত কালের মধ্যে ঐ বিবরণ অর্পণ না হইলে, আদালত ঐ সর্টিফিকট রহিত করিতে পারিবেন।	
ডিক্রীর নকল।	
৪। যে মোকদ্দমায় দাওয়ার মূল্য পঞ্চাশ টাকাপর্য্যন্ত হয় তাহাতে কিম্বা জাবেতামতের কোন আপীলী মোকদ্দমায়, সদর আদালতের অধীন কোন আদালতের, কিম্বা রাজস্বসম্পর্কীয় কোন আদালতের, ডিক্রীর নকলের	১৲
যদি সদর আদালতে কোন মোকদ্দমায় কি আপীলক্রমে ডিক্রী হয়, তবে তাহার নকলের ...	৪৲
৫। সদর আদালতের অধঃস্থ আদালতের কিম্বা রাজস্বসম্পর্কীয় কোন আদালতের ডিক্রীভিন্ন নিষ্পত্তির কি হুকুমের নকল	॥০
সদর আদালতের হইলে	১৲
সেই নিষ্পত্তি অন্য কোন ভাষায় তরজমা করা গেলে সেই তরজমার নকল পাইবার প্রার্থনা শাদা কাগজে হইতে পারিবে, ও সেই তরজমার নকল ঐ নিষ্পত্তির নকলের অতিরিক্ত কি তাহার পরিবর্ত্তে তত্তুল্য মূল্যের ইষ্টাম্প কাগজে দেওয়া যাইতে পারিবে।	
বর্জ্জিত বিষয়।	
যে মোকদ্দমায় দাওয়ার মূল্য পঞ্চাশ টাকাপর্য্যন্ত না হয়, আপীলক্রমে না হইয়া এমত মোকদ্দমায় কি তৎসম্পর্কে সদর আদালতের অধঃস্থ কোন আদালতে কিম্বা রাজস্বসম্পর্কীয় কোন আদালতে যে কোন নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম হয়, তাহার নকল ঐ আদালতহইতে লওয়া গেলে, সেই নকলের জন্যে ইষ্টাম্প লাগিবে না।	
৬। রাজস্ব কি আদালতসম্পর্কীয় কোন রুবকারীর কি হুকুমের যে নকলের বিধান ৫ প্রকরণে কি ঐ প্রকরণের বর্জ্জিত কথার মধ্যে না আইসে সেই নকলের, কিম্বা কোন হিসাব কি কৈফিয়ৎ কি রিপোর্টপ্রভৃতির যে নকল ব্যবহার কি দৃষ্টি করিবার জন্যে কোন দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্বসম্পর্কীয় আদালত কি কাছারীহইতে লওয়া যায়, কিম্বা আসল দলীলের পরিবর্ত্তে নথীতে অর্পণ হয় তাহার ফর্দ্দপ্রতি	॥০

৭। এই আইনের A চিহ্নিত তফসীলঅনুযায়ি ইষ্টাম্প্ কাগজে লিখিত যে দলীল কি পত্র কি লিপির নকল আসলের পরিবর্ত্তে নথীতে রাখা যায় সেই নকলের ... ...

বর্জ্জিত বিষয়।

যদি উক্ত A চিহ্নিত তফসীলমতে আসল দলীল কি পত্র কি লিপি ইষ্টাম্প কাগজে লিখিতে না হয়, তবে নকলের ইষ্টাম্প লাগিবে না।

লেটর অফ আডমিনিষ্ট্রেসন। প্রোবেট দেখ।

মোখ্তারনামা।

৮। মোখ্তারনামা ও ওকালৎনামা ও অন্য যে ক্ষমতাপত্র কোন আদালতে কি রাজস্বসম্পর্কীয় কোন কার্য্যকারকের সম্মুখে কোন মোকদ্দমা চালাইবার নিমিত্তে দাখিল কি উপস্থিত করা যায় তাহা

সদর আদালতে দাখিল হইলে ... ...

রেবিনিউ বোর্ডে কি রাজস্বের তত্ত্বাবধারক প্রধান অন্য কার্য্যকারক সাহেবের নিকটে দাখিল হইলে ...

রাজস্বের তত্ত্বাবধারক প্রধান কার্য্যকারক সাহেবভিন্ন রাজস্বের কমিস্যনর সাহেবের কি কষ্টমের কমিস্যনর সাহেবের সম্মুখে দাখিল হইলে ... ...

সদর আদালতভিন্ন দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে কিম্বা কোন কালেক্টর সাহেবের কি রাজস্ব সম্পর্কীয় অন্য কার্য্যকারকের নিকটে দাখিল হইলে ...

বর্জ্জিত বিষয়।

পল্টনের কোন হুদ্দাদার কি সিপাহী যে মোখ্তারনামা করে তাহাতে ইষ্টাম্প লাগিবে না।

যে স্থলে লিখিত মোখ্তারনামাবিনা উকীলের কোন ফৌজদারী আদালতে আসামীর পক্ষে উপস্থিত হইবার অনুমতি হয় সেই স্থলে কোন ইষ্টাম্পের প্রয়োজন নাই

আপীলের ওঅন্য দরখাস্ত।

৯। আপীলের দরখাস্ত। এতাবতা নালিশের আরজী অগ্রাহ্য করিবার কোন হুকুমের উপর কিম্বা যে ডিক্রী কি হুকুম আইনমতে ডিক্রীর তুল্য বলবৎ হয় তাহার উপর না হইয়া, অন্য আপীলের দরখাস্ত, ও কোন দেওয়ানী আদালতে যে দরখাস্ত কি প্রার্থনাপত্র দেওয়া যায় তাহা, নীচের লিখিত মূল্যের ইষ্টাম্প্ কাগজে লিখিতে হইবেক অর্থাৎ

সদর আদালতে ... ...

সদর আদালতের অধীন কোন আদালতে হইলে ...

উপযুক্ত ইষ্টাম্প।

ঐ মুখ্য দলীল ॥০ আনার অনধিক ইষ্টাম্প কাগজে লেখা গেলে তত্তুল্য ইষ্টাম্প, নতুবা ফর্দ্দপ্রতি ॥০ আনার ইষ্টাম্প।

	উপযুক্ত ইষ্টাম্প।
বঙ্গদেশের নিমিত্তে বিশেষ বিধি।	
১০। রেবিনিউ বোর্ডে কিম্বা রাজস্বের তত্ত্বাবধারক অন্য প্রধান কার্য্যকারকের নিকটে আপীলের যে দরখাস্ত দেওয়া যায় তাহার	২৲
রেবিনিউ বোর্ডে কিম্বা রাজস্বের তত্ত্বাবধারক অন্য প্রধান কার্য্যকারকের নিকটে অন্য কোন দরখাস্ত কি প্রার্থনা পত্র হইলে তাহার	১৲
অন্য কোন বিধানের কিম্বা এই তফসীলের বর্জ্জিত কথার অন্তর্গত নহে, এমত যে দরখাস্ত কি প্রার্থনাপত্র অন্য কোন ফৌজদারী আদালতে কি রাজস্ব সম্পর্কীয় অন্য কাছারীতে দেওয়া যায় তাহার ...	॥০
সাধারণ বর্জ্জিত বিষয়।	
পঞ্চাশ টাকার ন্যূন টাকার, কি ন্যূন মূল্যের কোন মোকদ্দমাসম্পর্কীয় যে দরখাস্ত কি প্রার্থনাপত্র কোন মুন্সেফের আদালতে, কিম্বা ১৮৫৯ সালের ৩ আইন মতে (অর্থাৎ সৈন্যেরদের ছাউনী স্থানের জাইণ্ট মাজিস্ট্রেট সাহেবদিগকে কোন২ স্থলে দেওয়ানী কার্য্য করিবার ক্ষমতা দেওনের ও তাঁহারদিগকে দলীল দস্তাবেজের রেজিষ্টর করণের আইনমতে) দেওয়ানী আদালতস্বরূপে উপবিষ্ট ছাউনি স্থানের কোন জাইণ্ট মাজিস্ট্রেট সাহেবের নিকটে, কিম্বা ১৮৬০ সালের ৪২ আইনমতে (অর্থাৎ রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত সুপ্রীম কোর্টের এলাকার সীমার বাহিরে ক্ষুদ্র মোকদ্দমার আদালত সংস্থাপন করিবার আইনমতে) স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতে উপস্থিত করা যায়, অথবা ১৮৫৯ সালের ১০ আইনমতে (অর্থাৎ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইনমতে) বিচারিত উক্ত মূল্যের কোন মোকদ্দমাসম্পর্কে যে দরখাস্ত কি প্রার্থনাপত্র কালেক্টর সাহেবের কি ডেপুটী কালেক্টরের নিকটে উপস্থিত করা যায়, তাহাতে ইষ্টাম্প লাগিবে না।	
প্রমাণ দিবার কি দলীল উপস্থিত করিবার জন্যে কোন সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে উপস্থিত করাইবার সমনের নিমিত্তে, কিম্বা কোন দস্তাবেজ উপস্থিত কি অর্পণ করণ বিষয়ে, যে প্রার্থনাপত্র হয় তাহার ইষ্টাম্প লাগিবে না।	
চৌকীদারী যে টাক্স ধার্য্য হয় তাহার বিরুদ্ধে কোন মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপীলের যে দরখাস্ত দেওয়া যায় তাহার ইষ্টাম্প লাগিবে না।	
পোলীসসম্পর্কীয় কোন বিষয়ে মাজিস্ট্রেট সাহেবের নিকটে যে পত্রাদি লেখা যায় তাহা রিকার্ড করিবার অভিপ্রায়ে না হইলে তাহার ইষ্টাম্প লাগিবে না।	

[গবর্ণমেণ্টগেজেট। ১৮৬২। ২৭ মে।]

	উপযুক্ত ইষ্টাম্প।
যে কালেক্টর সাহেব কি কার্য্যকারক বন্দোবস্ত করিতেছেন তাঁহার নিকটে ভূমির জমা ধার্য্যকরণ কি অধিকার নির্ণয় করণসম্পর্কীয় কিম্বা ভূমির উপর গবর্ণমেণ্টের রাজস্বের বন্দোবস্তসম্পর্কীয় অন্য কোন বিষয়ে, যে দরখাস্ত ঐ বন্দোবস্ত কার্য্য সমাপ্ত হইবার পূর্ব্বে দেওয়া যায়, তাহার ইষ্টাম্প লাগিবে না।	
সেই বিষয়ে রেবিনিউ বোর্ডের কি কমিস্যনর সাহেবের নিকটে যে দরখাস্ত করা যায় তাহার ইষ্টাম্প লাগিবে না।	
কোন দোষ কি অপরাধ বিষয়ে যে সকল দরখাস্ত কি প্রার্থনাপত্র কি অভিযোগ কি জ্ঞাপনপত্র লেখা যায় তাহার, ও কারাবদ্ধ ব্যক্তিদের ও বিচার হওনের নিমিত্তে কি প্রকারান্তরে যাহারদিগকে অবরোধ করা যায় কিম্বা আদালতের কিম্বা আমলাগণের হেফাজতে রাখা যায়, তাহারদের যে দরখাস্ত হয় তাহার কোন ইষ্টাম্প লাগিবে না।	
মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীর নিমিত্তে বর্জ্জিত বিষয়।	
রাজস্বের কার্য্যকারকের নিকটে দরখাস্ত কি প্রার্থনাপত্র ইষ্টাম্প কাগজে লেখা আবশ্যক নাই। কেবল বোম্বাই প্রসীডেন্সীর মধ্যে কালেক্টর সাহেবের বিচার্য্য মোকদ্দমাসম্পর্কে যে দরখাস্ত করা যায়, তাহার ইষ্টাম্প এই তফসীলের শেষভাগের লিখিত বিশেষ বিধিতে নির্দ্দিষ্ট হইয়াছে।	
নালিশ কি আপীল।	
১১। নালিশের আরজী কি আপীলের দরখাস্ত। অর্থাৎ যাহার প্রকারান্তরের বিধান হয় নাই এমত যে মোকদ্দমা কি আপীল কোন টাকা আদায়ের জন্যে কিম্বা কোন সম্পর্কে কি বিষয় কি দ্রব্য প্রাপণার্থে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত আদালতের এলাকার সীমার বহির্ভূত কোন দেওয়ানী আদালতে উপস্থিত করা যায় তাহাতে নালিশের আরজীর কি আপীলের দরখাস্তের ইষ্টাম্প।	
যে টাকার কি যে বিষয়ের দাওয়া হয় তাহা কি তাহার মূল্য	
১৬৲ টাকার অধিক ও ৩২৲ টাকার অনধিক হইলে	১৲
৩২৲ ঐ ঐ ও ৬৪৲ ঐ ঐ ...	২৲
৬৪৲ ঐ ঐ ও ১৫০৲ ঐ ঐ ...	৪৲
১৫০৲ ঐ ঐ ও ৩০০৲ ঐ ঐ ...	৮৲
৩০০৲ ঐ ঐ ও ৮০০৲ ঐ ঐ ...	১৬৲
৮০০৲ ঐ ঐ ও ১৬০০৲ ঐ ঐ ...	৩২৲
১৬০০৲ ঐ ঐ ও ৩০০০৲ ঐ ঐ ...	৫০৲
৩০০০৲ ঐ ঐ ও ৫০০০৲ ঐ ঐ ...	১০০৲
৫০০০৲ ঐ ঐ ও ১০০০০৲ ঐ ঐ ...	১৫০৲
১০০০০৲ ঐ ঐ ও ১৫০০০৲ ঐ ঐ ...	২৫০৲
১৫০০০৲ ঐ ঐ ও ২৫০০০৲ ঐ ঐ ...	৩৫০৲
২৫০০০৲ ঐ ঐ ও ৫০০০০৲ ঐ ঐ ...	৫০০৲
৫০০০০৲ ঐ ঐ ও ১০০০০০৲ ঐ ঐ ...	৭০০৲
১০০০০০৲ ঐ ঐ	১০০০
	২০০০৲

	উপযুক্ত ইষ্টাম্প।
মোকদ্দমা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকেষ্টে কিম্বা ১৮৫৯ সালের ৩ আইনমতে ছাউনির জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের অদালতে উপস্থিত হইলে, ও টাকা কি মোকদ্দমার মূল্য ৮৲ টাকার অধিক না হইলে	১৲
৮৲ টাকার অধিক হইয়া ১৬৲ টাকার অধিক না হইলে	২
১৬৲ টাকার অধিক হইয়া ৩২৲ টাকার অধিক না হইলে	৪
যদি ৩২৲ টাকার অধিক হয়, তবে ...	অন্য কোন আদালতে মোকদ্দমা হইলে যত ইষ্টাম্প লাগে তত।
১৮৫৯ সালের ১৪ আইনের ১৫ ধারামতে দখল পাইবার মোকদ্দমা উপস্থিত হইলে... ...	উপরোক্ত নির্দ্দিষ্ট হারের চতুর্থাংশ মূল্যের ইষ্টাম্প।

মন্তব্য কথা।

(ক) গবর্ণমেণ্টের মালগুজারীর যে ভূমি মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীর অন্তর্গত নহে, সেই ভূমি যদি সম্পূর্ণ এক মহাল হয়, কিম্বা যাহার হ্রাসবৃদ্ধি হইতে পারিবে এমত নির্দ্ধারিত জমার বিশেষ অংশ হয়, তবে সেই ভূমির নিমিত্তে মোকদ্দমা হইলে, ঐ মহালের কি তাহার পূর্ব্বোক্ত অংশের যত জমা বৎসরে২ গবর্ণমেণ্টে দিতে হয় তাহাই মোকদ্দমার মূল্য জ্ঞান হইবে। যদি সেই ভূমির চিরকালীন জমা ধার্য্য হইয়া থাকে, তবে ঐ বার্ষিক জমার তিনগুণ, মোকদ্দমার মূল্য ধরিতে হইবেক।

(খ) মান্দ্রাজ প্রসীডেন্সীর মধ্যে গবর্ণমেণ্টের মালগুজারী ভূমির নিমিত্তে মোকদ্দমা হইলে, যে বৎসরে মোকদ্দমা উপস্থিত করা যায় সেই বৎসরে মকঃসল তালুকদারেরদের কি দরইজারদারেরদের, কি রায়তেরদের ঐ ভূমির বার্ষিক উৎপন্ন যত দ্রব্য দিতে হইবে তাহার মূল্য ঐ সম্পত্তির মূল্য জ্ঞান হইবে।

(গ) বোম্বাই প্রসীডেন্সীর মধ্যে, গবর্ণমেণ্টের মালগুজারী ভূমির নিমিত্তে মোকদ্দমা হইলে, বৎসরের যত জমা ধার্য্য আছে তদনুসারে ঐ সম্পত্তির মূল্য ধার্য্য হইবে।

(ঘ) নিষ্কর ভূমির নিমিত্ত মোকদ্দমা হইলে, ঐ ভূমির রায়তেরদের কি পেটাও অন্য প্রজারদের সর্ব্বমুদ্ধ যত খাজানা বৎসরে২ দিতে হয় তাহার অষ্টাদশগুণ মোকদ্দমার মূল্য ধার্য্য হইবে।

(ঙ) পূর্ব্বোক্ত প্রকারের বিষয়ভিন্ন বাটী কি বাগানের কিম্বা স্থাবর কি অস্থাবর অন্য মূল্যবান বিষয়ের নিমিত্ত মোকদ্দমা হইলে, ও গবর্ণমেণ্টের মালগুজারী ভূমিতে কোন সম্পর্কের নিমিত্তে, কিম্বা পূর্ব্বোক্ত বিধিমতে তাহার মূল্য নিরূপণ হইতে না পারে এমত অন্য কোন স্বত্বের কি বিষয়ের নিমিত্তে মোকদ্দমা হইলে, সেই দ্রব্যাদি অনুমান যত মূল্যে বিক্রয় হইতে পারে তদনুসারে মোকদ্দমার মূল্য ধার্য্য হইবে। কিম্বা যদি তাহার বিক্রেয় মূল্যের অনুমান হইতে না পারে, তবে ফরিয়াদী আপনার মোকদ্দমার যে মূল্য করেন তাহাই তাহার মূল্য জ্ঞান হইবে। ও খেসারৎ কি ক্ষতিপূরণপ্রভৃতির নিমিত্তে যে মোকদ্দমা হয়, তাহা ফরিয়াদী যত টাকা দাওয়া করেন মোকদ্দমার তত টাকা মূল্য জ্ঞান হইবেক।

উপযুক্ত ইষ্টাম্প।

(ছ) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে যে২ হেতু নির্দ্দিষ্ট হইয়াছে তাহার কোন হেতুতে আপীল কি নালিশের আরজী অধঃস্থ আদালতে অগ্রাহ্য হইলে পর যদি তাহা গ্রাহ্য করিবার আজ্ঞা হয়, অথবা যদি আপীল হইয়া সেই মোকদ্দমা অধঃস্থ আদালতে দ্বিতীয়বার নিষ্পত্তির নিমিত্তে ফিরিয়া পাঠান যায়, তবে আপীল আদালত আপেলাণ্টকে এই মর্ম্মের সর্টিফিকট দিবেন, যে সেই আপেলাণ্ট আপীলের দরখাস্তের নিমিত্তে ইষ্টাম্পের যত মাসুল দিয়াছে তাহা কালেক্টর সাহেবের স্থানে ফিরিয়া পাইতে পারিবে।

৪ টাকা।

বঙ্গদেশের বিশেষ বিধি।

(ঙ) গবর্ণমেণ্টের বাকী জমা, কিম্বা গবর্ণমেণ্টের মালগুজারী জমীর খাজানা, কিম্বা তদ্রূপ জমীর গোমাশ্তার হস্তগত টাকা প্রাপণের নিমিত্তে যে সকল মোকদ্দমা ১৮৫৯ সালের ১০ আইনমতে কালেক্টর সাহেবের কিম্বা ডেপুটী কালেক্টরের আদালতে উপস্থিত করা যায়, তাহাতে দাওয়ার বর্ণনাপত্র, দেওয়ানী আদালতে উপস্থিত করা মোকদ্দমার নির্দ্দিষ্ট ইষ্টাম্পের চতুর্থাংশ মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। ও গবর্ণমেণ্টের মালগুজারী জমীর বিষয়ে অন্য যে সকল প্রকারের মোকদ্দমা উক্ত আইনমতে কালেক্টর সাহেবের ও ডেপুটী কালেক্টরের আদালতে উপস্থিত করা যায় তাহাতে দাওয়ার বর্ণনাপত্র ॥০ আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে।

দরখাস্ত ইষ্টাম্প কাগজে লিখিতে হইলে তত্তুল্য ইষ্টাম্প।

প্রোবেট।

১২। কোন আদালতের দত্ত প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেশনের, কিম্বা বোম্বাইদেশের চলিত ১৮২৭ সালের ৮ আইনক্রমে (অর্থাৎ উত্তরাধিকারি ও অছি ও আডমিনিষ্ট্রেটরদিগের দাঁড়ামতে স্বীকৃত হইবার, ও আদালতকর্ত্তৃক সম্পত্তির আডমিনিষ্ট্রেটর ও কর্ম্মনির্ব্বাহক ব্যক্তিদিগের নিযুক্ত হইবার বিধান করিবার আইনক্রমে) কিম্বা ১৮৫৮ সালের ৪০ আইনক্রমে (অর্থাৎ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গদেশস্থ নাবালগদিগের ও তাহারদের সম্পত্তির রক্ষণার্থে সুবিধান করিবার আইনক্রমে) যে সর্টিফিকট দেওয়া যায় তাহার ... ...

৪ টাকা।

রাজীনামাপ্রভৃতি।

১৩। রাজীনামা ও রফানামা ও সোলেনামাপ্রভৃতি অর্থাৎ

লিখিত যে কোন প্রার্থনাপত্রক্রমে কি অনুসারে দেওয়ানী আদালতে উপস্থিত থাকা কোন মোকদ্দমা বিচারপতির কি অন্য কার্য্যকারকের নিষ্পত্তি করণ ভঙ্গ চুকান যায় কি চুকাইয়া দেওয়া যাইতে পারে তাহার ...

[*Government Gazette, 27th May*, 1862.]

উপযুক্ত ইষ্টাম্প।

বোম্বাই প্রসীডেন্সীর নিমিত্তে বিশেষ বিধি।

বোম্বাইদেশের চলিত ১৮৩৮ সালের ১৬ আইনক্রমে মতান্তরিত ১৮২৭ সালের ১৭ আইনের (অর্থাৎ বোম্বাইয়ের অধীন দেশে ভূমির জমা ধার্য্য ও আদায় করণের বিধান নির্দ্দিষ্ট করিবার, ও ভূমিতে ও তদুৎপন্ন দ্রব্যেতে গবর্ণমেণ্টের এবং ভূম্যধিকারির অধীন ব্যক্তির ও প্রজার স্বত্ব নির্ণয় করিবার, ও ভূমি ও তাহার খাজানা ও উৎপন্ন দ্রব্যবিষয়ী মোকদ্দমার বিচার করিতে কালেক্টর সাহেবকে ক্ষমতা দিবার ও যে গতিকে ভূমি নিষ্করূপে ভোগ হইতে পারে তাহা নির্ণয় করিবার আইনের) ৮ অধ্যায়ক্রমে কালেকটর সাহেবেরদের বিচার্য্য সকল মোকদ্দমাতে ইষ্টাম্প সম্পর্কে দেওয়ানী আদালতে যে বিধি প্রবল আছে সেই বিধি চলিবেক।

সাধারণ বিধি।

কোন নালিশী আরজীর কি লিখিত বর্ণনার কি দরখাস্তের কিম্বা ডিক্রীর কি হুকুমের নকলের সমুদয় কথা যদি এই তফসীলের নির্দ্দিষ্ট মূল্যের এক ইষ্টাম্প কাগজে অনায়াসে না ধরে, তবে অবশিষ্ট কথা দরখাস্ত যত মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিতে হয় তত মূল্যের অন্য এক কি অধিক ফর্দ্দ কাগজে লেখা যাইতে পারিবে। এই বিধি নিষ্পত্তির নকলের বিষয়ে খাটে না। সেই নকলের জন্যে অধিক যত ফর্দ্দ লাগে তাহাতে ইষ্টাম্পের প্রয়োজন নাই।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্ট
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 928.

From H. T. Prinsep, Esquire, Register of the Sudder Dewanny Adawlut, to J. C. Dodgson, Esquire, Officiating Judge of Dacca.

Dated Calcutta, the 7th April, 1862.

In reply to your letter No. 113, dated the 11th ultimo, I am directed to inform you that Section 3, Act XXIII. of 1861 does not and was not intended to interfere with the provisions of Section 5 Act VIII. of 1859, defining the cases

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৯২৮ নম্বর।

ঢাকার একটিং জজ শ্রীযুত জে সি ডজসন সাহেবের নামে সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৭ আপ্রিল।

তোমার গত মাসের ১১ তারিখের ১১৩ নম্বরের পত্রের উত্তরে আমি আজ্ঞাক্রমে এই কথা জানাইতেছি। যে২ মোকদ্দমায় দেওয়ানী আদালতের এলাকা থাকে তাহা ১৮৫৯ সালের ৮ আইনের ৫ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। সেই ধারার বিধানের সঙ্গে ১৮৬১ সালের

in which the Civil Courts have jurisdiction. Act XXIII. of 1861 repeals Section 33, Act VIII. of 1859, but re-enacts it recast in Section 3, adding Section 4 to it. The word "and" between the words "arise" and "that" in Section 3, of XXIII. of 1861 must be read in a disjunctive and not a conjunctive sense; in other words Section 5, of Act VIII. of 1859, enacts that a Court of Justice has jurisdiction in personal action if either the cause of action have arisen or the defendant at the time of the commencement of the suit dwell or personally work for gain within the limit to which the jurisdiction of the court extends, and Section 3, of XXIII. of 1861 enacts that if neither one nor the other of these three facts are found to exist, a plaint involving a personal action should be returned to the plaintiff in order to its being presented in the proper court.

(Signed) H. T. PRINSEP,
Register.

MEMO.

No. 15.

Copy forwarded for the information and guidance of the Civil Authorities.

Sudder Dewanny Adawlut,
The 7th April, 1862.

(Signed) H. T. PRINSEP,
Register.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 4.

From H. T. Prinsep, Esquire, Register of the Nizamut Adawlut, to the Criminal Authorities in the Lower Provinces.

Dated Calcutta, the 22nd April, 1862.

I am directed to request that in future the following heading may be inserted as (11) of No. 71 of the Schedule of offences prescribed in Circular Order No. 19, dated 31st December last.

"(11) Cattle trespass, breach of Law relating to."

(Signed) H. T. PRINSEP,
Register.

No. 5.

From H. T. Prinsep, Esquire, Register of the Nizamut Adawlut, to the Magisterial Authorities in the Lower Provinces.

Dated Calcutta, 26th April, 1862.

The Court has reason to believe that some Magisterial officers consider themselves bound to commit parties to the Sessions in all cases in which

[*Government Gazette, 27th May*, 1862.]

২৩ আইনের ৩ ধারার কোন সম্পর্ক নাই ও সম্পর্ক থাকার অভিপ্রায়ও নাই। ১৮৬১ সালের ২৩ আইনেতে ১৮৫৯ সালের ৮আইনের ৩৩ ধারা রদ হইয়াছিল, কিন্তু তাহা মতান্তর হইয়া ঐ ২৩ আইনের ৩ ধারাতে পুনশ্চ প্রচলিত হইয়াছে ও তাহার সঙ্গে ৪ ধারা দেওয়া গেল। ১৮৬১ সালের ২৩ আইনের ৩ ধারাতে "নাই" এবং "আসামী" এই দুই শব্দের মধ্যে "ও" যে শব্দ আছে তাহা সমুচ্চয়ার্থক জ্ঞান করিতে হইবেক না কিন্তু অসৎ যোগার্থক। ফলতঃ ১৮৫৯ সালের ৮ আইনের ৪ ধারার বিধান এই। কোন আদালতের এলাকা যত দূর স্থানে ব্যাপে সেই স্থানের সীমার মধ্যে যদি অস্থাবর বিষয়ের কোন মোকদ্দমার হেতু উৎপন্ন হয়, কিম্বা মোকদ্দমার আরম্ভের সময়ে যদি আসামী ঐ সীমার মধ্যে বাস করে, কিম্বা লভ্যের নিমিত্তে স্বয়ং কর্ম্ম করে, তবে সেই মোকদ্দমায় ঐ আদালতের এলাকা থাকিবে। কিন্তু ১৮৬১ সালের ২৩ আইনের ৩ ধারার বিধান এই। পূর্ব্বোক্ত তিন অবস্থার মধ্যে কোন অবস্থা না থাকিলে, অস্থাবর বিষয়ি নালিশের আরজী উপযুক্ত আদালতে উপস্থিত করিবার জন্যে ফরিয়াদীকে ফিরিয়া দেওয়া যাইবেক।

এচ টি প্রিন্‌সেপ
রেজিষ্টর।

স্মারকপত্র।

১৫ নম্বর।

দেওয়ানী কার্য্যকারকেরদের জ্ঞাপনার্থে ও তদ্দৃষ্টে কার্য্য হওনার্থে এই পত্রের নকল তাঁহারদের নিকটে পাঠান যাইতেছে।

এচ টি প্রিনসেপ।
রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালত।
১৮৬২ সাল ৭ আপ্রিল।

সদর নিজামৎ আদালতের সরক্যুলর আর্ডর।

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারকেরদের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬২ সাল ২২ আপ্রিল।

আমি আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে গত ডিসেম্বর মাসের ৩১ তারিখের ১৯ নম্বরের সরক্যুলর আর্ডরের মধ্যে অপরাধের যে তফসীল নির্দ্দিষ্ট হইয়াছে তাহার ৭১ নম্বরের তৎভাগে (১১) বলিয়া নীচের লিখিত কথা লিখিতে হইবে।

(১১) "গোমেষ প্রভৃতির ক্ষেত্রে প্রবেশ নিবারণার্থ আইন লঙ্ঘনাপরাধ।"

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

৫ নম্বর।

বাঙ্গলা প্রভৃতি দেশের মাজিষ্ট্রেটী কার্য্যকারক সাহেবেরদের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২৬ আপ্রিল।

মাজিষ্ট্রেটী কোন২ কার্য্যকারক জ্ঞান করিয়া থাকেন যে, কোন অপরাধ হইলে তাহার অন্যাধিক যে দণ্ড দণ্ডবিধির আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে, সেই দণ্ড করা

the maximum punishment prescribed under the Penal Code is beyond their own competence. This course of procedure, I am directed to point out, is erroneous, and is opposed to Section 22 of the Code of Criminal Procedure, acting under which you should always look to column 7 of the Schedule affixed to the Code, and if you find that you are empowered to try and punish the parties committing the offence, you should, as a general rule, proceed to try them and only commit them to the Sessions Court when, from the existence of aggravating circumstances, a punishment beyond that which you are competent to award seems requisite for the ends of justice.

(Signed) H. T. PRINSEP,
Register.

ERRATUM.

At page 392 of the Bengallee Gazette under the heading of " Orders" by the Sudder Dewanny Adawlut for " Moonshee Mahomed Rohoman" read Moonshee Mahomed Rumzan.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 19th May, 1862.

Baboo Satcouree Deb, Moonsiff of Serajgunge, to be Moonsiff of Natore, Zillah Rajshahye.

Baboo Sreemohun Ghuttuck, Moonsiff of Nittrokonah, Zillah Mymensing, to be Moonsiff of Serajgunge, Zillah Rajshahye.

Baboo Umerto Lall Chatterjee, B. A. and B. L., to be Moonsiff of Nittrokonah, Zillah Mymensingh.

Baboo Lukhee Kant Diss, to be Moonsiff of Pauchpookoriah, in Zillah Tipperah.

Baboo Khetter Mohun Hatti, Officiating Moonsiff of Kandee, in Zillah Moorshedabad, is confirmed in the appointment.

The 21st May, 1862.

Baboo Nobokishen Sein, to be Moonsiff of Noornuggur, in Zillah Tipperah.

H. T. PRINSEP,
Register.

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর্ সাহেবের হুকুম।

৪৭০ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১২ মে।

শ্রীযুত জেম্‌সবলিউ আর এমসবরী সাহেব (Mr. J. W. R. Amesbury,) যশোহরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬২ সাল ১৪ মে।

শ্রীযুত এফ বি পীকক সাহেব (Mr. F. B. Peacock,)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৭ মে।]

তাঁহারদের ক্ষমতার অতিরিক্ত হইলে, তাঁহারদের সেই মোকদ্দমার অপরাধিদিগকে অবশ্য সেশন আদালতে সমর্পণ করিতে হইবে। সদর আদালতের সাহেবেরা ইহা জ্ঞাত হইয়া সেই রীতির দোষপ্রকাশ করিতে আজ্ঞা করিয়াছেন। তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের২২ ধারার বিপক্ষ। সেই ধারামতে তোমার কর্ত্তব্য যে ঐ আইনের তফসীলের ৭ ঘরে দৃষ্টি কর। তাহাতে অপরাধিরদের বিচার ও দণ্ড করিতে তোমার ক্ষমতা থাকিলে, সাধারণ মতে তোমার কর্ত্তব্য এই যে ঐ অপরাধিরদের বিচার কর। ও সেই মোকদ্দমায় প্রকৃতর কোন গতিক থাকা প্রযুক্ত যথার্থ বিচারের উপযুক্ত যে দণ্ড করা আবশ্যক বোধ হয় সেই দণ্ড করিতে তোমার ক্ষমতা নাই, এমত জ্ঞান করিলে সেই মোকদ্দমা সেশন আদালতে অর্পণ কর।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

অশুদ্ধশোধন।

বঙ্গলা গেজেটের ৩৯২ পৃষ্ঠায় সদর দেওয়ানী আদালতের হুকুমের মধ্যে মুন্‌শী মহম্মদ রহমান, এই নামের পরিবর্ত্তে মুন্‌শী মহমদ রামজান নাম পাঠ করিতে হইবে।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ১৯ মে।

সেরাজগঞ্জের মুন্‌সেফ শ্রীযুত বাবু সাতকৌড়ী দেব জেলা রাজশাহীর নাটোরের মুন্‌সেফ হইবেন।

জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীমোহন ঘটক জিলা রাজশাহীর সেরাজগঞ্জের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু অমৃতলাল চাটুর্য্যা B. A. ও B. L. জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু লক্ষীকান্ত দাস জিলা ত্রিপুরার পাঁচপুকুরিয়ার মুনসেফ হইবেন।

জিলা মুরশিদাবাদের কান্দির একটিং মুন্‌সেফ শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন হট্টি ঐ পদে স্থিরতররূপে নিযুক্ত হইয়াছেন।

১৮৬২ সাল ২১ মে।

শ্রীযুত বাবু নবকৃষ্ণ সেন জিলা ত্রিপুরার নুরনগরের মুনসেফ হইবেন।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই বি বেকর সাহেব (Mr. E. B. Baker,) কিয়ৎকালের নিমিত্তে পোলীসের ইন্‌সপেক্টর জেনরল সাহেবের আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৫ মে।

কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ কেন্দ্রপাড়া এলকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন ও ঐ জিলাতে তিনি এইক্ষণে যে ক্ষমতানুসারে কর্ম্ম করেন তদতিরিক্ত ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১২ মে।

তমলুকের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উদয় চাঁদ দত্ত গত জানুআরি মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৩ মে।

সরকারী মোকদ্দমার একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেমব্রেন্সর শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায় আপন কর্ম্মের ভার রেবিনিউ বোর্ডের সেক্রেটারী শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের (Mr. H. L. Dampier,) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন, তাঁহার অনুপস্থিত কালে অথবা অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত ডাম্পিয়র সাহেব আপন কর্ম্মের অতিরিক্ত তাঁহার কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৫ মে।

মেদিনীপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Monro,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন প্রস্তুত হওনের নিমিত্তে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৬ মে।

সাবেক লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের মোসাহেব কাপ্তান শ্রীযুত ই এচ ডি মাকফরসন সাহেব (Captain E. H. D. Macpherson, A. D. C.,) মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

অশুদ্ধ শোধন। গত আপ্রিল মাসের ৮ তারিখের বাঙ্গলা গেজেটের প্রকাশিত নিয়োগের মধ্যে দিনাজপুরের দাতব্য চিকিৎসালয়ের মেম্বর "শ্রীযুত মুনশী লালজান খাঁ" ও "শ্রীযুত বাবু গোপালচন্দ্র চৌধুরী" এই দুই নামের পরিবর্ত্তে "শ্রীযুত মুনশী মহম্মদ আলী খাঁ' ও "শ্রীযুত বাবু গোকুলচন্দ্র চৌধুরী" পাঠ করিতে হইবে।

---

৫৭০ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৬ মে।

শ্রীযুত পি এ কাবর্ক সাহেব (Mr. P. A. Cavorke,) কলিকাতার অনরারি মাজিষ্ট্রেট হইবেন।

চাটিগাঁয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আহম্মদ, পাবনায় নিযুক্ত হইয়াছেন সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ গ্রাণ্ট সাহেব (Mr. F. Grant,) নাটোর এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন ও রাজশাহীতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারায় নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারানুসারে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ভুলুয়ার নিমক চৌকীর একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু সূর্য্যকান্ত মুখুয্যা ঐ জিলার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

বালেশ্বরের নিমকের এজেণ্ট সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ সি মাজ সাহেব (Mr. W. C. Madge,) অষ্টম শ্রেণীহইতে সপ্তম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত আর সিনক্লেয়র সাহেব (Mr. R. Sinclair,) জলেশ্বরের নিমক চৌকীর অষ্টম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬২ সাল ১৭ মে।

কলিকাতাপ্রভৃতির একটিং ডেপুটী কালেক্টর ও আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে মাকেঞ্জি সাহেব (Mr. J. Mackenzie,) কলিকাতা রাজধানীর নিমিত্তে ১৮৬০ সালের ৩২ আইনানুসারে কমিস্যনর বোর্ডের মেম্বর ও সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২০ মে।

নীচের লিখিত মহাশয়েরা সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের অতিরিক্ত জজের কার্য্য করিবেন। অর্থাৎ

শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) ও

শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেব (Mr. W. S. Seton-Karr,) ও

শ্রীযুত এল এস জাকসন সাহেব (Mr. L. S. Jackson,)

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডার্সন সাহেব (Mr. W. H. Henderson,) বাকরগঞ্জে সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ জে আলেক্সাণ্ডর সাহেব (Mr. F. J. Alexander,) মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে টুইডি সাহেব (Mr. J. Tweedie,) চুয়াডাঙ্গা এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন ও নদীয়াতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার ক্ষমতা ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বিমস সাহেব (Mr. J. Beames,) পূরণীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডব্লিউ এল হিলি সাহেব (Mr. W. L. Heeley,) ময়মনসিংহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বি ওরগান সাহেব (Mr. J. B. Worgan,) দিনাজপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু অভয়চরণ মল্লিক বারাশৎ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন, ও চব্বিশ পরগনাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ বেবর্লী সাহেব (Mr. H. Beverley,) মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ জি মাকফরসন সাহেব (Mr. A. G. Macpherson,) আপন কর্ম্মের অতিরিক্ত কিয়ৎকালের নিমিত্তে কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার বিচারার্থ আদালতের প্রথম জজের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৫ মে।

পূরনিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ লা এফ রাবিনসন সাহেব (Mr. W. LeF. Robinson,) আপন কর্ম্মের স্থানে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি ডি ফিল্ড সাহেবের (Mr. C. D. Field,)

প্রতি অর্পণ করিয়া গত মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত নিয়মিত ছুটীক্রমে গমনার্থ প্রস্তুত হওনের নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন। শ্রীযুত ফিল্ড সাহেব কিয়ৎকালের নিমিত্তে পূরনিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ রোস সাহেব (Mr. H. Rose,) গত মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে দশ দিনের ছুটী পাইয়াছেন।

প্রসীডেন্সী কালেজের প্রাকৃতিক ইতিবৃত্তের অধ্যাপক শ্রীযুত ডাক্তর এচ হালিউর সাহেব (Dr. H. Halleur,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

প্রসীডেন্সী কালেজের পুরাবৃত্ত ও রাজনীতি বিদ্যার একটিং অধ্যাপক শ্রীযুত এস লব সাহেব (Mr. S. Lobb,) গত মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

পিরোজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দলীলউদ্দীন আহম্মদ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নন্দকুমার বসু আপন কর্ম্মের ভার আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বৈষ্ণবচরণ দাসের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন, তাঁহার অনুপস্থিত কালে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত উক্ত বৈষ্ণবচরণ দাস আপন কর্ম্মের অতিরিক্ত তাঁহার কর্ম্মও করিবেন।

চকদীঘির দাতব্য ঔষধালয়ের সব-আসিষ্টণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র শর্ম্মা গত মার্চ মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৯ মে।

সদর আদালতের জজ শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন

১৮৬২ সাল ১৯ মে।

দশম পোলীস পল্টনের লেফ্টেনেণ্ট শ্রীযুত এ এম মাকগ্রিগর সাহেব (Lieutenant A. M. Macgregor,) গত মাসের ১৯ তারিখে আপন পল্টনে পুনরাগমন করাতে গত মার্চ মাসের ১২ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১০ মে।

পরীক্ষক বোর্ডের রিপোর্টক্রমে প্রকাশ হইয়াছে যে নীচেরলিখিত আসিষ্টণ্ট ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন। অর্থাৎ

প্রথম শ্রেণীতে।

শ্রীযুত এফ এচ পেল্লিউ সাহেব (Mr. F. H. Pellew.)

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেব (Mr. W. H. D'Oyly.)

শ্রীযুত ডবলিউ সি ইডস সাহেব (Mr. W. C. Eades.)

শ্রীযুত টি এফ বগনোল্ড সাহেব (Mr. T. F. Bignold.)

শ্রীযুত ডবলিউ ও রাইলী সাহেব (Mr. W. O'Reilly.)

শ্রীযুত মৌলবী তছদ্দক আলী।

শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু।

শ্রীযুত মৌলবী জহুর আল্লা।

দ্বিতীয় শ্রেণীতে।

শ্রীযুত জে টুইডি সাহেব (Mr. J. Tweedie.)

শ্রীযুত সি ডি ফিল্ড সাহেব (Mr. C. D. Field.)

শ্রীযুত আর ডি হাইম সাহেব (Mr. R. D. Hime.)

শ্রীযুত এচ সি বি সি রেবান সাহেব (Mr. H. C. B. C. Raban.)

শ্রীযুত ডবলিউ আর লারমাইনী সাহেব (Mr. W. R. Larminie.)

শ্রীযুত এচ এল হারিসন সাহেব (Mr H. L. Harrison.)

শ্রীযুত বাবু কালিকাদাস দত্ত B. A. ও B. L.

শ্রীযুত বাবু রামাক্ষয় চাটুর্য্যা।

শ্রীযুত বাবু বৃক্ষচন্দ্র রায়।

শ্রীযুত জি সি এম স্মিথ সাহেব (Mr. G. C. M. Smith.)

শ্রীযুত এফ গ্রাণ্ট সাহেব (Mr. F. Grant.)

শ্রীযুত এচ এল জোন্স সাহেব (Mr. H. L. Jones.)

শ্রীযুত ডি ডবলিউ রিচি সাহেব (Mr. D. W. Ritchie.)

শ্রীযুত এচ ডবলিউ বারবর সাহেব (Mr. H. W. Barber.)

শ্রীযুত মৌলবী আহম্মদ।

শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ।

শ্রীযুত বাবু মহিমাচন্দ্র পাল।

শ্রীযুত মৌলবী আবদুল গফুর।

নিয়োগ।

১৮৬২ সাল ১০ মে।

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত মৌলবী তছদ্দক আলী চাটিগাঁয়ে, ও

শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু চাটিগাঁয়ে, ও

শ্রীযুত মৌলবী জহুর আল্লা মেদিনীপুরে।

নীচের লিখিত সাহেবেরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সনের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অন্তঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ১৮৫৯ সালের ১০ আইন অনুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে টুইডি সাহেব (Mr. J. Tweedie,) বর্দ্ধমানে।

শ্রীযুত আর ডি হাইম সাহেব (Mr. R. D. Hime,) কটকে।

শ্রীযুত এচ সি বি সি রেবান সাহেব (Mr. H. C. B. C. Raban,) পাটনাতে।

শ্রীযুত ডবলিউ আর লারমাইনি সাহেব (Mr. W. R. Larminie,) মুরশিদাবাদে।

শ্রীযুত এচ এল হারিসন সাহেব (Mr. H. L. Harrison,) বীরভূমে।

নীচের লিখিত কর্ম্মকারকেরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত বাবু কালিদাস দত্ত B. A. ও B. L. ছিল টে

শ্রীযুত বাবু রামকৃষ্ণ চট্টোপাধ্যায় ত্রিপুরাতে।

শ্রীযুত জি সি এম স্মিথ সাহেব (Mr. G. C. M. Smith,) সান্তাল পরগনাতে।

শ্রীযুত এফ গ্রাণ্ট সাহেব (Mr. F. Grant,) রঙ্গপুরে।

শ্রীযুত এচ এল জোন্স সাহেব (Mr. H. L. Jones,) বর্দ্ধমানে।

শ্রীযুত ডি ডবলিউ রিচি সাহেব (Mr. D. W. Ritchie,) ঢাকাতে।

শ্রীযুত এচ ডবলিউ বারবর সাহেব (Mr. H. W. Barber,) চাটিগাঁয়ে।

শ্রীযুত মৌলবী আহম্মদ চ টিগাঁয়ে।

শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ পূরশিরাতে।

শ্রীযুত বাবু মহিমাচন্দ্র পাল যশোহরে।

শ্রীযুত মৌলবী আবদুল গফুর বাকরগঞ্জে।

৬১৫ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৯ মে।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় পাবনা এ মনসুন সিংহে ১৮৬০ সালের ৫২ আইন অনুসারে কিয়ৎকালের নিমিত্তে আসেসর ও ডেপুটী কালেক্টর হইবেন।

মনস্বীপের মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় জিলা নোয়ালীতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬২ সাল ২১ মে।

নদীয়ার আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ দে পঞ্চম শ্রেণীহইতে চতুর্থ শ্রেণী ভুক্ত হইয়াছেন।

নীচের লিখিত একটিং ডেপুটী মাজিষ্ট্রেটেরা ও ডেপুটী কালেক্টরেরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু উমাচরণ বাঁড়ুয্যা পূরশিরাতে, ও

শ্রীযুত বাবু দীনবন্ধু মল্লিক ফরীদপুরে, ও

শ্রীযুত জে টেলর সাহেব (Mr. J. Taylor,) রঙ্গপুরে।

ছুটী।

১৮৬২ সাল ২২ মে।

মানভূমের চিকিৎসক শ্রীযুত ডবলিউ জে এলিস সাহেব (Mr. W. J. Ellis,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নাজির উদ্দীন মহম্মদ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মদনমোহন মজুমদার গত মাসের ৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২০ মে।

চিৎপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ওয়াহিদুন নবী বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করাতে গত আগষ্ট মাসের ১৪ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার

LAND ADVERTISEMENT. ভূমির বিষয়ি ইশ্তিহার

জিলা চব্বিশপরগনা।

ইশ্তিহারনামা কাছারী জিলা চব্বিশ পরগনা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলাস্থিত নিম্ন উক্ত ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেণ্টের জমিদারীর যে সত্ত্ব আছে তাহা গবর্নমেণ্টের সন ১৮৫৯ সালের ৩ নবেম্বর তারিখের ২৭২২ নং চিঠীর আজ্ঞাক্রমে অত্র জিলার কালেক্টরী কাছারীতে সন ১৮৬২ সালের ৩০ মে মোতাবক সন ১২৬৯ সালের ১৭ জ্যৈষ্ঠ শুক্রবার নীলাম হইবেক আর প্রকাশ করা যাইতেছে যে যে ব্যক্তি নীলাম খরীদ করিবেক তাহাকে নিম্নের লিখিত নিয়মের প্রতি অবলম্বন করিতে হইবেক ইতি।

বিক্রয়ের নিয়ম।

১। এই মহালের মূল্য যাহা ধার্য্য হইল তদপেক্ষায় যে কেহ উচ্চ ডাকিবেক তাহাকে লিখিত সদর জমার সহিত বিক্রয় করা যাইবেক।

২। নীলামের পূর্ব্ব যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে নীলাম হওয়া সত্ত্বে বহাল থাকিবেক ও বন্দবস্তী কাগজাৎ ও প্রচলিত আইনের দ্বারায় যাহাকে যে সত্ত্ব বর্ত্তিয়াছে তাহা স্থিরতর রহিবেক খোদকস্তা রাইয়ত মালের কর্ম্মকারকের কৃত জমাবন্দীতে যে দস্তখৎ করিয়াছে তাহার সত্ত্বকে সমান করিতে নীলাম খরিদার বাধ্য থাকিবেক।

৩। যদি ডাকপণ ১০০৲ টাকার অনধিক হয় তবে খরিদারকে তৎক্ষণাৎ তাহা দাখিল করিতে হইবেক।

৪। যদি ডাকপণ ১০০৲ টাকার অতিরিক্ত হয় তবে শতকরা ২৫৲ টাকার হিসাবে ফিচ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক যদি নীলামের দিনহইতে নীলামের দিবসকে এক দিবস গণনাপূর্ব্বক ১৫ দিবসের দিন দুই প্রহরপর্য্যন্ত অবশিষ্ট টাকা দাখিল না করে তবে ঐ ফিচের টাকা সরকারে জব্দ হইবেক।

[*Government Gazette, 27th May*, 1862.]

৫। যে ব্যক্তি মহাল খরীদ করিবেক তাহাকে রাস্তা প্রস্তুত ও মেরামত জন্য সদর জমার উপর শতকরা ২৲ টাকার হিসাবে দিতে হইবেক ইতি।

ইষ্টেটমেণ্টের নম্বর	তৌজির নম্বর	মহালের নাম ও পরগনা	মোট রকবা	সদর জমা	নিরূপিত উচ্চ মূল্য	কৈঃ
৪১	১০৬০	পরগনে মাইহাট্টী মৌৎ এলামপুর ওগয়রহ	৫১২৸১॥	৪১৩০৲২	৮২৬।৵৬	
২	১৮৬৮	পরগনে ময়দা মৌৎ ময়দা	২।১।৸৮	৭৲	১৪৲	
২	১৮৭০	পরগনে বুজুন মৌৎ বরাম্বা	৸৩৸৵৭॥	২৲	৪৲	
৩	১৮৭১	পরগনে বালিয়া মৌৎ বালিয়া	১॥৩।৬	৫৲	১০৲	

সন ১৮৬২। ২১ মে।

G Bright, *Collector*.

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE MAY and another, Insolvents.

On Saturday, the third day of May instant, upon an application of the Assignee in this matter it was ordered that the said Assignee do from and out of the sum of Company's Rupees 29,755 in his hands pay a dividend at the rate of Company's Annas ten per cent. (which will amount to the sum of Company's Rupees 15,000,) upon the several claims admitted on the Schedule of the said Insolvents so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

JOHN COCHRANE, *Official Assignee*.

Official Assignee's Office, Calcutta, 20th May, 1862.

কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জর্জ মে সাহেবের ও অন্যের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান মে মাসের ৩ তারিখ শনিবারে যে দরখাস্ত করেন তাহাতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমাতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ২৯,৭৫৫ টাকা আছে তাহাহইতে তিনি প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৷৵ আনার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৫,০০০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

জাম কাক্রেন সরকারী অ সৈনী।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২০ মে।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণজনগণকে জ্ঞাত করা যাইতেছে যে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের সন ১৮৫৯ সালের ৮ আইন ব্যতীত ৮ আইন সংশোধন ও ১৮৬০ সালের ৪২ আইন এবং সন ১৮৬১ সালের ১০।১২। ২৩ আইন উক্ত আইন সংশোধিত হইয়া একত্রে বান্ধাই মূল্য ১৸০ টাকা সন ১৮৬০। দণ্ডবিধাননামক ৪৫ আইন মূল্য ৸০ আনা ১৮৬১ সালের কার্য্যবিধান নামক ৫। ২৫। ৩৩ আইন ও সরক্যুলর অর্ডর সহিত মূল্য ১৲ টাকা এবং উক্ত দণ্ড বিধান ও কার্য্য বিধান একত্রে বান্ধাই মূল্য ২১০ টাকা বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে কলিকাতা চিতপুর রোড্ বটতলা ২৪৫ নং পুস্তকালয় ও সুধানিধি যন্ত্রে পত্র পাঠাইলে পাইবেন।

শ্রী ইন্দ্রনারায়ণ ঘোষ।

বিজ্ঞাপন।

ওকালতী পরীক্ষার্থিরদের প্রয়োজনীয় দেওয়ানী ও রেবিনিউ আদালতের বিচারসম্বন্ধীয় সরক্যুলর অর্ডর ও কনেষ্ট্রক্সন (আইনের অর্থ) ১৭৯৩ সালহইতে ১৮৬২সালের মে মাসপর্য্যন্ত যে সকল প্রকাশিত হইয়াছে তত্তাবৎহইতে সঙ্কলনপূর্ব্বক সিবিল গাইডের রিতানুসারে প্রত্যেক বিষয় পৃথক২ করিয়া "আদালত গাইড" নামে বঙ্গভাষায় পুস্তকাকারে ঢাকা সদরআমীনী আদালতের উকীল শ্রীযুত বাবু রামচন্দ্র ভৌমিক কর্ত্তৃক মুদ্রাঙ্কিত হইয়াছে প্রত্যেক খণ্ডের মূল্য ৩৲ টাকা বিদেশীয় গ্রাহকগণকে ডাকরিক্ত ৵০ আনা ডাকমাসুল দিতে হইবেক গ্রাহকেচ্ছুকগণ ডাকা পাঠাইয়া টুলীস্থ নূতন যন্ত্রালয়ের শাখা কার্য্যালয়ের অথবা অন্যত্র সদরআমীনী আদালতে উক্ত উকীল বাবুর নিকট মূল্য পাঠাইলে উক্ত পুস্তক পাইতে পারিবেন। যিনি অধিক সংখ্যক পুস্তক নগদ মূল্য দিয়া লইবেন তিনি শতকরা ২৲ টাকা কমিসান পাইবেন।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৭ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ভিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1192. ১১৯২ ৪২৫

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 3, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ৩ জুন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Excellency the Governor-General on the 1st May 1862, and is hereby promulgated for general information:—

ACT No. IV. OF 1862.

An Act for the better enforcement of discipline in the Great Jail at Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for the better enforcement of discipline and order amongst the criminal prisoners confined in the Great Jail of Calcutta, as well as for the more effectual superintendence over, and control of such prisoners; It is enacted as follows:—

[Authority over House of Correction vested in Commissioner of Police or such other Officer as Government may appoint.]

I. The authority hitherto exercised by the Sheriff of Calcutta over that part of the Great Jail which is termed the House of Correction, shall henceforth cease and determine; and the whole authority over the House of Correction and the prisoners confined therein, is hereby vested in the Commissioner of Police for Calcutta, or in such other Officer as the Government may from time to time appoint.

[Officer in whom control of House of Correction is vested empowered to take cognizance of breaches of discipline and to punish prisoners for certain offences. Proviso. Register of persons punished shall be kept.]

II. The Officer in whom the control of the

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

হুজুর কৌন্সেলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর্ নর্ সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীলশ্রীযুক্ত গবর্ণর্ নর্ জেনরল বাহাদুর ১৮৬২ সালের ১ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ৪ আইন।

কলিকাতার বড় জেলখানায় সুশাসনের পূর্ব্বাপেক্ষা সুনিয়ম করিবার আইন।

[হেতুবাদ।]

যে অপরাধিরা কলিকাতার বড় জেলখানায় বদ্ধ থাকে তাহারদের সুশাসন ও সুনিয়ম পূর্ব্বাপেক্ষা প্রবল করিবার, ও সেই কারাবদ্ধ ব্যক্তিরদের আরো সফলরূপে তত্ত্বাবধারণ ও তাহারদের উপর কর্ত্তৃত্ব হইবার বিধান করা বিহিত। এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[হরিণবাড়ীর কর্ত্তৃত্বভার পোলীসের কমিস্যনর সাহেবপ্রভৃতির প্রতি অর্পণ হইবার কথা।]

১ ধারা। বড় জেলখানার যে স্থান হরিণবাড়ী নামে খ্যাত হয়, সেই স্থানে কলিকাতার সরিফ সাহেব যে ক্ষমতাক্রমে পূর্ব্বাবধি কর্ম্ম করিয়া আসিতেছেন তাহা এই অবধি রহিত ও নিবৃত্ত হইবে। ও হরিণবাড়ী ও তাহাতে বদ্ধ ব্যক্তিরদের উপর সম্পূর্ণ ক্ষমতা এই ধারাক্রমে কলিকাতার পোলীসের কমিস্যনর সাহেবের প্রতি, কিম্বা অন্য যে কর্ম্মকারককে গবর্ণমেণ্ট সময়ে২ নিযুক্ত করেন তাঁহার প্রতি, অর্পিত হইল ইতি।

[সুশাসনের নিয়ম লঙ্ঘন হইলে হরিণবাড়ীর তত্ত্বাবধারকের তাহার বিচার করিবার, ও কোন২ অপরাধের নিমিত্তে বন্দিদিগকে দণ্ড করিবার ক্ষমতার কথা, ও বর্জ্জিত কথা, ও দণ্ডিত ব্যক্তিরদের রেজিষ্টরের কথা।]

২ ধারা। যে কর্ম্মকারকের প্রতি হরিণবাড়ীর

House of Correction shall be vested, is hereby empowered to take cognizance of all breaches of prison discipline, and to punish prisoners guilty of mutinous or violent conduct or of insolent language, or of contumacious refusal or wilful neglect to perform the work or wilful mismanagement of the work allotted to them, by placing them in solitary confinement, which shall not extend beyond three days, or in separate confinement for not more than seven days, or by confining them in irons for periods not exceeding four days. Provided that no person shall be detained in prison under the provisions of this Act beyond the term of his original sentence. A Register of all persons punished in the House of Correction under this Act shall be regularly kept by the Officer in whom the control of the House of Correction shall be vested, and shall be forwarded to Government once a month.

কর্ত্তৃত্বের ভার থাকে, তিনি ঐ কারাগারে সুশাসনের নিয়ম লঙ্ঘনকারদের বিচার করিতে, ও যাহারা বিদ্রোহিতা ও বলপ্রকাশ পূর্ব্বক কদাচরণ করিবার কিম্বা অশ্লীল বাক্য উচ্চারণ করিবার দোষী হয়, কিম্বা যাহারা আপনারদের প্রতি অর্পিত কর্ম্ম করিতে একেবারে অস্বীকার করিবার কি ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করিবার কিম্বা সেই কর্ম্ম ইচ্ছাপূর্ব্বক অনুপযুক্তমতে নির্ব্বাহ করিবার অপরাধী হয়, তাহারদিগকে একেকালে তিন দিনের অনধিককাল বিরলে বদ্ধ করিয়া, কিম্বা সাত দিনের অনধিককাল স্বতন্ত্র বদ্ধ করিয়া, কিম্বা প্রত্যেকবার চারি দিনের অনধিককাল পায়ে বেড়ী দিয়া বদ্ধ করিয়া তাহারদের দণ্ড করিতে ক্ষমতাপন্ন হইবেন। কিন্তু কোন ব্যক্তির যত কাল কারাবদ্ধ থাকিবার আজ্ঞা প্রথমে হয় তাহার অধিক কালপর্য্যন্ত সে এই আইনের বিধানমতে কারাগারে অবরুদ্ধ থাকিবে না। হরিণবাড়ীর তত্ত্বাবধারণের ভার যে কার্য্যকারকের প্রতি থাকে তিনি এই আইনমতের দণ্ডগ্রস্ত সকল লোকের এক রেজিষ্টর নিয়মিতরূপে রাখিয়া মাসে২ গবর্ণমেণ্টে পাঠাইবেন।

[Powers specified in Section II. vested in the Sheriff, or the Jailor, as regards Criminal prisoners in the Great Jail.]

[২ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা শরিফ সাহেবের প্রতি কিম্বা বড় জেলখানায় বদ্ধ অপরাধিরদের সম্পর্কে জেলরক্ষকের প্রতি অর্পণ হইবার কথা।]

III. The powers entrusted by the preceding Section of this Act to the Officer in whom the control of the House of Correction shall be vested, are hereby extended to the Sheriff of Calcutta for the time being as regards criminal prisoners in that part of the Great Jail which will remain under the control of the Sheriff. In the case of mutinous or violent conduct, or where it may be necessary in order to prevent an outbreak, the Jailor shall exercise, within that part of the Great Jail which will remain under the control of the Sheriff, the powers laid down in the preceding Section of this Act. Provided that the Jailor shall, within twenty-four hours of the exercise thereof, report every instance in which he shall exercise such powers, to the Sheriff, and the Sheriff shall have power to annul or alter the order as he may think fit. The Sheriff shall be bound to keep up a Register similar to that mentioned in the preceding Section of this Act.

৩ ধারা। হরিণবাড়ীর তত্ত্বাবধারণের ভারপ্রাপ্ত কার্য্যকারকের প্রতি এই আইনের দ্বিতীয় ধারাক্রমে যে ক্ষমতা প্রদান হইয়াছে সেই ক্ষমতা, কলিকাতার শরিফ যিনি যে সময়ে হন তাঁহার তত্ত্বাবধারণে কলিকাতার বড় জেলখানার যে অংশ থাকে, সেই অংশে বদ্ধ অপরাধিরদের সম্পর্কে ঐ শরিফ সাহেব প্রাপ্ত হইবেন। যদি কোন ব্যক্তি বিদ্রোহিতা কি বলপ্রকাশপূর্ব্বক কদাচরণ করে, কিম্বা যদি হঙ্গামা নিবারণার্থে আবশ্যক হয়, তবে বড় জেলখানার যে অংশ শরিফ সাহেবের তত্ত্বাবধারণে থাকে, সেই অংশে জেলরক্ষক সাহেব এই আইনের দ্বিতীয় ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে কার্য্য করিবেন। কিন্তু জেলরক্ষক সাহেব যে সময়ে সেই ক্ষমতানুসারে কার্য্য করেন তাহার পর চল্লিশ ঘণ্টার মধ্যে তিনি ঐ ক্ষমতাক্রমে কার্য্য করার রিপোর্ট শরিফ সাহেবের নিকটে করিবেন। তাহাতে শরিফ সাহেব স্বীয় বিবেচনামতে ঐ আজ্ঞা রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন। এই আইনের ২ ধারার লিখিত প্রকারের রেজিষ্টর শরিফ সাহেবেরও রাখিতে হইবেক ইতি।

[Certain prisoners may be ironed during removal to place of embarkation.]

[কোন২ বন্দিরদের জাহাজে উঠিবার স্থানে গমনকালে শৃঙ্খল বদ্ধ থাকিবার কথা।]

IV. It shall be lawful for the Jailor, or for the Keeper of the House of Correction, to cause any prisoner sentenced to transportation or penal servitude to be put in irons when it may be necessary to do so for the safe removal of such prisoner from the Jail to the place of embarkation.

৪ ধারা। কোন বন্দি ব্যক্তির দ্বীপান্তরপ্রেরণের কি দণ্ডরূপ পরিশ্রম করিবার আজ্ঞা হইলে, যদি জেলখানা হইতে জাহাজে উঠিবার স্থানপর্য্যন্ত তাহাকে নিরাপদে লইয়া যাইবার জন্যে তাহার পায়ে বেড়ী দেওয়া আবশ্যক হয়, তবে জেলরক্ষক সাহেব কিম্বা হরিণবাড়ীর রক্ষক সাহেব তাহার পায়ে বেড়ী দেওয়াইতে পারিবেন ইতি।

[Government may frame Rules for proper discipline, &c., of prisoners.]

[বন্দিরদের সুশাসনাদির বিধি গবর্ণমেণ্টের করিবার কথা।]

V. The Government is hereby authorized from time to time to frame Rules for the proper discipline of prisoners in the House of Correction, and

৫ ধারা। হরিণবাড়ীতে যাহারা বদ্ধ হয়, ও বড় জেলখানার যে অংশ শরিফ সাহেবের তত্ত্বাবধারণে থাকে সেই অংশে যে অপরাধিরা বদ্ধ হয়, তাহারদের

of criminal prisoners within that part of the Great Jail which will remain under the control of the Sheriff, with regard to their food, dress, hours of recreation and work, labor, classification, instruction, and all points in any way concerning the regularity and order of the said House of Correction and of such criminal prisoners as aforesaid.

[Rules to apply to all persons confined in the House of Correction or Great Jail under criminal sentence, and also to persons awaiting trial.]

VI. These Rules shall be applicable to all persons confined in any part of the said Great Jail or House of Correction under any judicial criminal sentence, whether such persons be confined there for the whole or for a part of their term of imprisonment, or be merely placed temporarily there pending their removal elsewhere, and also to persons awaiting their trial.

[Saving of power of Sheriff to remove prisoners sentenced to death to the Great Jail, &c.]

VII. Should any person under sentence of death be at any time confined in the House of Correction, the power of the Sheriff to remove the prisoner to that part of the Great Jail which will remain under the custody of the Sheriff or to such other place as may from time to time be fixed on as the place of execution, and to execute that sentence of death shall not in any wise be affected by this Act.

[Visiting Magistrates to be appointed: and to visit the Great Jail and House of Correction three times in each Quarter.]

VIII. The Magistrates of Police for the Town of Calcutta for the time being appointed under Act XIII. of 1856 (*for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several Stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca*) shall, on the 1st day of June next after the passing of this Act, and on the 1st day of June in every subsequent year, meet at the Calcutta Police Court for the purpose of nominating, and shall then and there nominate, two or more of their number, who shall consent thereto, to be Visitors of the said Great Jail and House of Correction. One or more of such Visiting Magistrates so nominated shall personally visit and inspect the said Great Jail and House of Correction at least three times in each quarter of a year and oftener if occasion shall require, and shall examine into the state of the buildings so as to form a judgment as to any alterations or additions which may appear necessary, and into the behaviour and conduct of the Officers of the said Great Jail and House of Correction, and the treatment, behaviour, and condition of the criminal prisoners confined therein.

আহারের, ও বস্ত্রের, ও বিশ্রাম ও পরিশ্রম করিবার কালের, ও তাহারদের কর্ম্মের ও শ্রেণীবদ্ধ হওয়ার ও শিক্ষা করিবার, ও হরিণবাড়ীর ও পূর্ব্বোক্ত অপরাধি বন্দিরদের সুনিয়ম ও সুধারার নিমিত্তে, যে সকল বিষয়ের কোন প্রকারে সম্পর্ক থাকে, তদ্বিষয়ে সুপারিনের উপযুক্ত বিধান সময়ে২ করিতে গবর্ণমেণ্টকে এই ধারাক্রমে ক্ষমতা প্রদান হইল ইতি।

[যাহারা অপরাধের দণ্ডাজ্ঞাক্রমে কি বিচার হইবার অপেক্ষায় হরিণবাড়ীতে কি বড় জেলখানায় বদ্ধ হয় তাহারদের সকলের প্রতি উক্ত বিধান খাটিবার কথা।

৬ ধারা। যে ব্যক্তিরা আদালতের বিচার্য্য অপরাধের দণ্ডাজ্ঞাক্রমে কারাবদ্ধ হইবার সমুদয় কাল কি কতক কাল উক্ত বড় জেলখানায় কি হরিণবাড়ীতে বদ্ধ থাকে, কিম্বা অন্য স্থানে প্রেরিত হইবার অপেক্ষায় কেবল কিয়ৎকালের নিমিত্তে থাকে, ও যে ব্যক্তিরা বিচার হইবার অপেক্ষায় তথায় থাকে, সেই সকল ব্যক্তির উপর উক্ত বিধান খাটিবে ইতি।

[যাহারদের প্রাণদণ্ডের আজ্ঞা হইয়াছে তাহারদিগকে বড় জেলখানায় ভূক্তিতে রাখিতে শরিফ সাহেবের ক্ষমতা রক্ষার কথা।]

৭ ধারা। যাহার প্রাণদণ্ডের আজ্ঞা হইয়াছে এমত কোন ব্যক্তি যদি কোন সময়ে হরিণবাড়ীতে বদ্ধ থাকে, তবে তাহাকে বড় জেলখানার যে অংশ শরিফ সাহেবের অধীন থাকে সেই অংশে লইয়া রাখিতে কিম্বা অন্য যে স্থান প্রাণদণ্ড করিবার স্থানস্বরূপ সময়ে২ নির্দ্ধারিত হয় সেই স্থানে তাহাকে লইয়া যাইতে, ও তাহার প্রাণদণ্ডের আজ্ঞা পূর্ণ করিতে শরিফ সাহেবের যে ক্ষমতা আছে তাহা এই আইনদ্বারা কোন প্রকারে খর্ব্ব হইবে না ইতি।

[পরিদর্শক মাজিষ্ট্রেট সাহেবদিগের নিযুক্ত হইবার ও তাঁহারদের তিন২ মাসে তিন বার বড় জেলখানায় ও হরিণবাড়ীতে যাইতে হইবার কথা।]

৮ ধারা। ১৮৫৬ সালের ১৩ আইন (অর্থাৎ কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা মোকামের পোলীসের বিধান করিবার আইন অনুসারে) যাঁহারা যে সময়ে কলিকাতানগরের পোলীসের মাজিষ্ট্রেটী পদে নিযুক্ত হন, তাঁহারা এই আইন প্রচলিত হইবার পর জুন মাসের প্রথম দিবসে, ও তৎপরে প্রতিবৎসরে জুন মাসের প্রথম দিবসে, উক্ত বড় জেলখানার ও হরিণবাড়ীর পরিদর্শকরিগকে মনোনীত করণার্থে কলিকাতার পোলীস কোর্টে একত্র বসিবেন, ও তৎকালে তৎস্থানে আপনারদের মধ্যে ঐ কর্ম্ম গ্রহণে সম্মত দুই কি ততোধিক ব্যক্তিকে পরিদর্শকস্বরূপে নিযুক্ত করিবেন। উক্ত প্রকারের মনোনীত পরিদর্শক মাজিষ্ট্রেট সাহেবেরদের এক কি অধিক জন প্রতিবৎসরের তিন২ মাসে অন্যূন তিনবার, ও প্রয়োজনমতে অধিকবার উক্ত বড় জেলখানায় ও হরিণবাড়ীতে স্বয়ং গমনপূর্ব্বক দৃষ্টি করিবেন, ও গৃহাদির কিছু পরিবর্ত্তন কি বৃদ্ধি করণ আবশ্যক জ্ঞান হইলে তদ্বিষয়ের মত স্থির করণের উপযুক্তরূপে ঐ গৃহাদির অবস্থার সন্ধান লইবেন, ও উক্ত হরিণবাড়ীর ও বড় জেলখানার কর্ম্মকারকেরদের আচার ব্যবহারের, ও যে অপরাধিরা বদ্ধ থাকে তাহারদের প্রতি যেরূপ আচার হইয়া থাকে ও তাহারদের যেরূপ আচার ও অবস্থা এই সকল বিষয়ের সন্ধান লইবেন ইতি।

[Visiting Magistrates to make Quarterly Reports to Government.]

IX. The Visiting Magistrates for the time being shall once in every quarter of a year make a report in writing to the Government, through the Sheriff and the officer in whom the control of the House of Correction shall be vested respectively, of the state of the said Great Jail and House of Correction, of what additions or alterations are required or shall have been made therein, of any abuses which have come to their knowledge in the management of the criminal prisoners, and of the general state of such prisoners as to discipline, employment, instruction, hard labor, and observance of rules.

গবর্ণমেণ্টের নিকটে পরিদর্শক মাজিষ্ট্রেট সাহেবেরদের তিন২ মাসে রিপোর্ট করিবার কথা।।

৯ ধারা। যাঁহারা যে সময়ে পরিদর্শক মাজিষ্ট্রেট হইবেন, তাঁহারা উক্ত বড় জেলখানার ও হরিণবাড়ীর অবস্থার, ও গৃহাদির যেরূপে পরিবর্ত্তন কি বৃদ্ধি করণ প্রয়োজন হয় কি যাহা করা গিয়াছে তদ্বিষয়ের, ও অপরাধি যে ব্যক্তিরা বন্ধ থাকে তাহারদের প্রতি আচরণ সম্পর্কে কোন অহিত ব্যাপার অবগত হইলে তদ্বিষয়ের, ও শাসন ও কর্ম্ম করণ ও শিক্ষা ও কঠিন পরিশ্রম ও বিধি পালন সম্পর্কে ঐ বন্দিরদের সাধারণ অবস্থার রিপোর্ট লিখিয়া প্রতিবৎসরের তিন২ মাসে একবার শরিফ সাহেবের দ্বারা কিম্বা হরিণবাড়ীর কর্ত্তৃপ্রভার যে কার্য্যকারকের প্রতি অর্পিত হয় তাঁহার দ্বারা গবর্ণমেণ্টে অর্পণ করিবেন ইতি।

[Visiting Magistrates to investigate and punish certain offences.]

[পরিদর্শক মাজিষ্ট্রেট সাহেবদিগের দ্বারা কোন২ অপরাধের বিচার ও দণ্ড হইবার কথা।।

X. In case any criminal prisoner within the said Great Jail or House of Correction shall be guilty of any repeated offence under Section II. of this Act or against the rules to be passed under this Act, or of any greater offence than is punishable under the said Section II. of this Act, the Sheriff or Officer for the time being having the control of the House of Correction, as the case may be, may notify the same to the Visiting Magistrates for the time being. Such Visiting Magistrates shall thereupon have power and are required to attend at the Great Jail or House of Correction, as the case may be, and enquire upon oath and determine concerning the matter so reported, and to order the offender to be punished by separate confinement for any term not exceeding one calendar month, of which six days may be ordered to be solitary confinement in periods of not more than three days each.

১০ ধারা। অপরাধ হেতুক বদ্ধ কোন ব্যক্তি যদি উক্ত বড় জেলখানায় কি হরিণবাড়ীতে এই আইনের ২ ধারার লিখিত কোন অপরাধ, কিম্বা এই আইনমতে যে২ বিধি করা যাইবে তাহার বিরুদ্ধ বারম্বার অপরাধ করে, কিম্বা এই আইনের ২ ধারামতে যাহার দণ্ডহইতে পারে তদপেক্ষা গুরুতর কোন অপরাধ করে, তবে শরিফ সাহেব কিম্বা বিষয়বিশেষে হরিণবাড়ীর তত্ত্বাবধারণের ভার যাঁহার প্রতি যে সময়ে থাকে তিনি তৎকালীন পরিদর্শক মাজিষ্ট্রেট সাহেবেরদিগকে সেই বিষয় জ্ঞাত করিতে পারিবেন। এবং ঐ মাজিষ্ট্রেট সাহেবদিগকে এই ক্ষমতা ও আজ্ঞা দেওয়া যাইতেছে যে, তাঁহারা উক্ত প্রকারের কথা অবগত হইলে, বড় জেলখানায় কিম্বা বিষয়বিশেষে হরিণবাড়ীতে গমনপূর্ব্বক যে বিষয়ের রিপোর্ট পাইয়াছেন তাহার সন্ধান শপথকরাণপূর্ব্বক লইয়া নিষ্পত্তি করেন, ও অপরাধির ইঙ্গরেজী পঞ্জিকামতের এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত স্বতন্ত্র বন্ধ হইবার আজ্ঞা করেন, তন্মধ্যে ছয় দিন অর্থাৎ একং বার তিন দিনের অনধিক কাল বিরুলে কয়েদ থাকার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Punishment for taking or attempting to take prohibited articles into the Great Jail.]

[নিষিদ্ধ দ্রব্য বড় জেলখানায় লইয়া যাইবার কি লইতে উদ্যোগ করিবার দণ্ডের কথা।।

XI. Whoever without due permission takes or attempts to take or throws or attempts to throw into any part of the said Great Jail any food or other article prohibited by the rules to be passed under this Act, shall be liable to be apprehended and brought before any Police Magistrate for the Town of Calcutta, and on conviction shall be liable to a fine not exceeding fifty Rupees, or to imprisonment with or without hard labor for any term not exceeding two months.

১১ ধারা। এই আইনমতে যে বিধি করা যাইবে তৎক্রমে যে আহারীয় কি অন্য দ্রব্য নিষিদ্ধ হয়, তাহা যদি কোন ব্যক্তি উপযুক্ত অনুমতি না পাইয়া উক্ত বড় জেলখানার কোন অংশে লইয়া যায় কি লইয়া যাইতে উদ্যোগ করে কি ফেলে, কি ফেলিতে উদ্যোগ করে, তবে সেই ব্যক্তি ধৃত হইয়া কলিকাতা নগরে পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রেরিত হইবার যোগ্য হইবে। ও তাহার ঐ দোষ প্রমাণ হইলে, পঞ্চাশ টাকার অনধিক দণ্ড দিবার অথবা দুই মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কিম্বা বিনাপরিশ্রমে কারাবদ্ধ হইবার যোগ্য হইবে ইতি।

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

এ জি মাকফরসন।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Excellency the Governor General on the 1st May 1862, and is hereby promulgated for general information :—

ACT No. V. OF 1862.

An Act to provide for the Periodical Survey of Steam Vessels in the Port of Calcutta.

[Preamble.]

WHEREAS it is desirable to provide for the survey, by competent Surveyors, of Steam Vessels in the Port of Calcutta, with a view to the due security of the lives of passengers, and of property shipped on board such Steam Vessels; It is enacted as follows :—

[Certain Steam Vessels liable to be surveyed twice a year.]

I. Every Steam Vessel plying on the river Hooghly or on any of the rivers or waters of Bengal, and every British Steam Vessel plying between Calcutta and any Indian Port or Ports, shall be liable to be surveyed twice in every year, in the manner hereinafter prescribed.

[Government to appoint one or more Surveyors.]

II. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to appoint a fit and proper person, or fit and proper persons, to be a Surveyor or Surveyors for the purposes of this Act.

[Authority to Surveyors to go on board Steamers for the purpose of surveying. Penalty for hindering them in making the survey or withholding required information.]

III. It shall be lawful for the said Surveyors in the execution of their duties to go on board any Steam Vessel, liable to be surveyed under this Act, as soon as reasonably may be after the arrival of such Steam Vessel in the Port of Calcutta, and not so as unnecessarily to hinder the loading or unloading of such Steam Vessel, or to detain or delay her from proceeding on any voyage or service, and to inspect such Steam Vessel or any part thereof, and any of the machinery, equipments, or articles on board thereof: and the Owner, Master, and Officers serving on board of such Vessel shall be bound to afford to the Surveyors all reasonable facility for such inspection or survey, and to afford them all such information respecting such Vessel and her machinery and equipments, or any part thereof respectively, as may be reasonably required by the Surveyors; and any person who shall refuse access to the Surveyors, or shall otherwise hinder them in the performance of their duty, or shall refuse or neglect to give any information which may reasonably be required of them, and which they have it in their power to give, shall be liable for each

[*Government Gazette, 3rd June*, 1862.]

হুজুর কৌন্সেলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর ১৮৬২ সালের ১ মে তারিখে স্বীয়সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬২ সালের ৫ আইন।

কলিকাতা বন্দরে বাষ্পীয় জাহাজের অবস্থার সন্ধান নিরূপিত সময়ের২ লওনের বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতা বন্দরের বাষ্পীয় জাহাজে যাঁহারা চড়নদার স্বরূপে গমন করেন তাঁহারদের ও সেই জাহাজে যে সম্পত্তি বোঝাই করিয়া দেওয়া যায় তাহার নিরাপদের অভিপ্রায়ে উপযুক্ত তত্ত্বধারকেরদের দ্বারা ঐ বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান হইবার বিধান করা বিহিত এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[কোন২ বাষ্পীয় জাহাজের অবস্থা বৎসরে দুইবার অনুসন্ধান হইবার কথা।]

১ ধারা। ভাগীরথী কিম্বা বঙ্গদেশের কোন নদীতে কি জলে যে সকল বাষ্পীয় জাহাজ গমনাগমন করে ও ব্রিটনীয় যে সকল বাষ্পীয় জাহাজ কলিকাতার ও ভারতবর্ষীয় কোন এক কি অধিক বন্দরের মধ্যে গমনাগমন করে সেই প্রত্যেক জাহাজের অবস্থার অনুসন্ধান পশ্চাৎ লিখিতমতে প্রতি বৎসরে দুইবার হইতে পারিবে ইতি।

[গবর্ণমেণ্টের এক কি অধিক জন অনুসন্ধানকারককে নিযুক্ত করিবার কথা।]

২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব এই আইনের অভিপ্রায় সফল করণার্থে উপযুক্ত এক কি অধিক ব্যক্তিকে অনুসন্ধানকারকস্বরূপে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[অনুসন্ধানকারকেরদের অনুসন্ধান করণার্থে বাষ্পীয় জাহাজে গমন করিবার ক্ষমতার কথা ও সেই কার্য্যে তাঁহারদের বাধা দিবার কিম্বা প্রয়োজনীয় সম্বাদ না দিবার দণ্ডের কথা।]

৩ ধারা। এই আইনমতে যে কোন বাষ্পীয় জাহাজের অনুসন্ধান হইতে পারে সেই জাহাজ কলিকাতা বন্দরে পঁহুছিলে পর যুক্তিমতে যত ত্বরায় হইতে পারে তত ত্বরায় উক্ত অনুসন্ধানকারকেরা ঐ বাষ্পীয় জাহাজে আপনারদের কর্ম্ম নির্ব্বাহার্থে গমন করিতে পারিবেন। কিন্তু ইহাতে সেই বাষ্পীয় জাহাজে মাল বোঝাই করিবার কিম্বা তুলিয়া লইবার অনাবশ্যকমতে বাধা না হয় কিম্বা সেই জাহাজ কোন স্থানে কি কোন কর্ম্মোপলক্ষে গমনাদ্যত হইলে তাহার অনাবশ্যকমতে আটক কি বিলম্ব না হয়। ও তাঁহারা ঐ বাষ্পীয় জাহাজ কি তাহার কোন অংশ কিম্বা ঐ জাহাজে থাকা কোন কল কি সরঞ্জাম কি দ্রব্য দৃষ্টি করিতে পারিবেন ও অনুসন্ধানকারকেরদের সেই দৃষ্টি কি অনুসন্ধানকরণ কার্য্যে ঐ জাহাজের স্বামির ও অধ্যক্ষের ও যে কর্ম্মকারকেরা জাহাজে থাকেন তাঁহারদের যুক্তিমতে ঐ অনুসন্ধানকারকেরদের সর্ব্ব প্রকারে সাহায্য করিতে হইবে ও তাঁহারা ঐ জাহাজের ও তাহার কলের ও সরঞ্জামের কি তাহার কোন অংশের যে কোন কথা যুক্তিমতে অবগত হইতে চাহেন তাহা তাঁহারদের জ্ঞাত করিতে হইবেক। ও যদি কোন ব্যক্তি ঐ অনুসন্ধানকারকদিগকে যাইতে না দেন কিম্বা তাঁহারদের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করণে প্রকারান্তরে বাধা দেন কিম্বা তাঁহারা যুক্তিমতে যে কোন কথা জিজ্ঞাসা করিতে পারেন তাহা জ্ঞাত করিতে পারিলেও যদি জ্ঞাত করিতে অস্বীকার করেন কি ত্রুটি করেন তবে সেই ব্যক্তি

offence to a penalty of five hundred Rupees, or to one month's imprisonment.

[Surveyors to grant Certificate and Declaration when they can with propriety do so.]

IV. When any survey is made under this Act, the Surveyors making such survey shall forthwith, if satisfied that they can with propriety do so, and on payment by the Owner or Master of the fees hereinafter mentioned, give to the Owner or Master of the Steam Vessel surveyed a Certificate and Declaration signed by them and framed as nearly as the circumstances of each case will admit in the Form set forth in Schedule A hereto annexed.

[No clearance to be given to a Steamer for a voyage for which she has not got a Certificate from the Surveyors.]

V. No Officer of Customs shall grant a clearance, nor shall any Pilot be assigned to any Steam Vessel, liable to be surveyed under this Act, which shall not have been duly furnished with a Certificate and Declaration under the provisions of this Act applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed; and if any Steam Vessel, liable to be surveyed under this Act, shall leave or attempt to leave the Port of Calcutta without such Certificate and Declaration applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed, the Owner or Master of such Steam Vessel shall be liable to a fine not exceeding one thousand Rupees for each offence; and if there be any Officer of Customs or any Pilot on board of such Steam Vessel, he may detain her until she is duly furnished with such Certificate and Declaration.

[Master or Officer who is a licensed Pilot attempting to take his ship out of Calcutta, without a proper Certificate, liable to lose his license.]

VI. If the Commander or any other Officer of a Tug Steamer or of any other Steam Vessel, liable to be surveyed under this Act, is a licensed Pilot, and shall leave or attempt to leave the Port of Calcutta in such Tug Steamer or Steam Vessel without such Tug Steamer or Steam Vessel being duly furnished with a Certificate and Declaration under the provisions of this Act, applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed, such Commander or other Officer shall be liable to have his license as a Pilot taken away from him entirely or suspended for any period by the Lieutenant-Governor of Bengal, as the Lieutenant-Governor may see fit to order.

তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকা অর্থদণ্ড কি এক মাস কয়েদ হইতে পারিবে ইতি।

(অনুসন্ধানকারকেরা সর্টিফিকট ও জ্ঞাপনপত্র উপযুক্তমতে দিতে পারিলে তাঁহাদের তাহা দিবার কথা।)

৪ ধারা। যখন এই আইনমতে কোন অনুসন্ধানকারকেরা ঐ অনুসন্ধান করেন তখন তাঁহারা সর্টিফিকট ও জ্ঞাপনপত্র উপযুক্তমতে দিতে পারেন ইহা স্বয়োধমতে জ্ঞাত হইলে ও স্বামী কি অধ্যক্ষ পশ্চাৎ লিখিতমতের ফিস দিলে পর যে বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান হইয়াছে তাহার স্বামিকে কি অধ্যক্ষকে সেই অনুসন্ধানকারকেরা আপনাদের স্বক্ষরিত সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিবেন। সেই সর্টিফিকট ও জ্ঞাপনপত্র বিষয় বুঝিয়া পশ্চাৎ লিখিত A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কি তাহার মর্ম্মতে লিখিতে হইবে ইতি।

(কোন বাষ্পীয় জাহাজের কোন স্থানে গমনের পূর্ব্বে অনুসন্ধানকারকেরদের সর্টিফিকট প্রাপ্ত না হইলে গমনের অনুমতিপত্র প্রাপ্ত না হইবার কথা।)

৫ ধারা। এই আইনমতে যে কোন বাষ্পীয় জাহাজের অনুসন্ধান হইতে পারে সেই জাহাজ কোন স্থানে গমন করিতে উদ্যত হইলে কি কোন কর্ম্মোপলক্ষে নিযুক্ত হইলে সেই গমন কি কর্ম্ম বিষয়ে যাহা খাটিতে পারে এমত সর্টিফিকট ও জ্ঞাপনপত্র এই আইনের বিধানমতে উপযুক্তরূপে প্রাপ্ত না হইলে কষ্টমের কোন কর্ম্মকারক ঐ জাহাজের গমন করিবার অনুমতিপত্র দিবেন না, ও কোন আড়কাটি সেই জাহাজে নিযুক্ত হইবেন না। এবং এই আইনমতে যে বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান হইতে পারে সেই জাহাজ কোন স্থানে গমনোদ্যত হইলে কিম্বা কোন কর্ম্মোপলক্ষে নিযুক্ত হইলে সেই গমনের কি কর্ম্মের বিষয়ে যাহা খাটিতে পারে এমত সর্টিফকট ও জ্ঞাপনপত্র প্রাপ্ত না হইলেও যদি কলিকাতা বন্দরহইতে প্রস্থান করে কি প্রস্থান করিতে উদ্যত হয়, তবে সেই বাষ্পীয় জাহাজের স্বামির কি অধ্যক্ষের তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে এক সহস্র টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। ও যদি সেই বাষ্পীয় জাহাজে কষ্টমের কোন কর্ম্মকারক কি কোন আড়কাটি থাকেন, তবে তদ্রূপ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র উপযুক্তমতে প্রাপ্ত না হওয়াপর্য্যন্ত তিনি জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

(জাহাজের উপযুক্ত সর্টিফিকট না হইলেও অধ্যক্ষ কি মালিম আপনি অনুমতিপ্রাপ্ত আড়কাটী হইয়া জাহাজ লইয়া যাইতে উদ্যোগ করিলে, তাঁহার সেই অনুমতিপত্র হরণ হইবার কথা।)

৬ ধারা। কোন টগ ষ্টীমরের (অর্থাৎ যে বাষ্পীয় জাহাজ অন্য জাহাজকে টানে এমত জাহাজের) কিম্বা অন্য যে বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান এই আইনমতে করা যাইতে পারে সেই জাহাজের অধ্যক্ষ কি অন্য কোন কর্ম্মকারক যদি অনুমতিপত্রপ্রাপ্ত আড়কাটী হন, এবং সেই টগ ষ্টীমর কি বাষ্পীয় জাহাজ গমন করিতে উদ্যত হইলে কি কোন কর্ম্মে নিযুক্ত হইলে সেই যাত্রার কি সেই কর্ম্মের বিষয়ে যাহা খাটিতে পারে, এমত সর্টিফিকট ও জ্ঞাপনপত্র এই আইনের বিধানক্রমে উপযুক্তমতে প্রাপ্ত না হইলেও, যদি সেই অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক ঐ টগ ষ্টীমারে কি অন্য বাষ্পীয় জাহাজে কলিকাতা বন্দরহইতে প্রস্থান করেন কি প্রস্থান করিতে উদ্যোগ করেন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যেমন আজ্ঞা করা উপযুক্ত বোধ করেন তেমনি ঐ অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক আড়কাটীস্বরূপে যে অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছেন তাহা এককালে তাঁহার স্থানহইতে লওয়া যাইতে পারিবেক কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যত কাল উচিত বোধ করেন তত কাল সেই অনুমতিপত্র স্থগিত হইবেক ইতি।

[Special survey may be ordered by Government on any British Steamer in the Port of Calcutta.]

VII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to give special directions to the Surveyors under this Act for the survey by them of any British Steamer lying in the Port of Calcutta and plying between Calcutta and any Port or Ports whatever, and the provisions of this Act shall apply (so far as the same are in any way applicable) to every Vessel so specially directed to be surveyed, and the Owner, Master, and Officers thereof.

[কলিকাতা বন্দরে ব্রিটনীয় যে বাষ্পীয় জাহাজ থাকে তাহার অবস্থার বিশেষ অনুসন্ধানবিষয়ে, গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

৭ ধারা। ব্রিটনীয় যে কোন বাষ্পীয় জাহাজ কলিকাতা বন্দরে থাকে ও কলিকাতার ও অন্য এক কি অধিক বন্দরের মধ্যে গমনাগমন করিয়া থাকে, এইমত কোন জাহাজের অবস্থার অনুসন্ধানের বিষয়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনমতের অনুসন্ধানকারিদিগকে বিশেষ আজ্ঞা করিতে পারিবেন। তাহাতে যে জাহাজের বিশেষমতে অনুসন্ধান হইবার আজ্ঞা হয় সেই জাহাজের বিষয়ে, ও তাহার স্বামির ও অধ্যক্ষের ও কর্ম্মকারকেরদের বিষয়ে এই আইনের বিধান যে কোন প্রকারে খাটিতে পারিবেক সেই প্রকারে খাটিবেক ইতি।

[Government may make Rules as to mode and time of conducting survey.]

VIII. The Lieutenant Governor of Bengal is hereby empowered to frame Rules as to the manner in which the surveys shall be made, and the times and places of such surveys, and the duties of the Surveyors. Provided that such Rules shall not be inconsistent with the provisions of this Act.

[অনুসন্ধান যেরূপে ও যে সময়ে ও স্থানে করা যাইবেক তদ্বিষয়ের ও অনুসন্ধানকারকদিগের কর্ত্তব্যকর্ম্মের বিধি করিতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে এই ধারাক্রমে ক্ষমতা দেওয়া গেল। কিন্তু সেই বিধি এই আইনের বিধানের অসঙ্গত না হয় ইতি।

[Penalty for Surveyor who receives fees, &c., for making a survey.]

IX. Any Surveyor demanding or receiving directly or indirectly from the Owner, Master, or Officer, of any Ship surveyed by him under the provisions of this Act, any fee or remuneration otherwise than as provided by this Act, shall be liable to dismissal, in addition to any other penalty to which he may by law be liable.

[অনুসন্ধানকারক অনুসন্ধানকার্য্যের নিমিত্তে ফীস প্রভৃতি গ্রহণ করিলে তাঁহার দণ্ডের কথা।]

৯ ধারা। কোন অনুসন্ধানকারক এই আইনের বিধানমতে কোন জাহাজের অবস্থার অনুসন্ধান করিয়া, এই আইনের বিধানমতে যে ফীস গ্রহণ করিতে পারেন তদ্ভিন্ন যদি ঐ জাহাজের স্বামির কি অধ্যক্ষের কি কর্ম্মকারকের স্থানে স্পষ্টরূপে কি চক্রান্তে কোন ফীস কি পুরস্কার চাহেন কি গ্রহণ করেন, তবে তিনি অপদস্থ হইতে পারিবেন ও তদ্ভিন্ন আইনমতে অন্য যে দণ্ডের যোগ্য হন তাঁহার সেই দণ্ড হইবেক ইতি।

[Fees to be paid for every survey made.]

X. For every survey made under this Act the Owner or Master of the Steam Vessel surveyed shall pay to the Surveyors making the same a fee calculated on the Tonnage of the Vessel according to the rates in Schedule B. hereto annexed.

[অনুসন্ধান হইলে প্রত্যেকবার যে ফীস দিতে হইবেক তাহার কথা।]

১০ ধারা। এই আইনমতে যখন কোন বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান হয়, তখন সেই জাহাজের স্বামী কি অধ্যক্ষ ঐ অনুসন্ধানকারকদিগকে ফীস দিবেন অর্থাৎ ঐ জাহাজে যত টন বোঝাই ধরে তদনুসারে এই আইনের B চিহ্নিত তফসীলের হারানুসারে ফীস দিবেন ইতি।

[Certificates to be always hung up in conspicuous part of Vessel.]

XI. Each Certificate and Declaration granted by Surveyors under this Act shall be hung up, and remain at all times suspended, in some conspicuous part of the Vessel for which the same is granted, where the same may be easily read; and in default of compliance with this provision, every Owner or Master shall be liable to a penalty not exceeding one hundred Rupees for each offence, such fine to be leviable by distraint or sale of personal property.

[সর্টিফিকট জাহাজের প্রকাশ স্থানে সর্ব্বদা লটকাইয়া রাখিবার কথা।]

১১ ধারা। অনুসন্ধানকারকেরা এই আইনমতে যে জাহাজের যে সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দেন, তাহা সেই জাহাজের প্রকাশ্য যে স্থানে অনায়াসে পাঠ হইতে পারে এমন স্থানে সর্ব্বদাই লটকাইয়া রাখিতে হইবেক। ও এই বিধানমতে কর্ম্ম হইবার ত্রুটি হইলে, স্বামির কি অধ্যক্ষের তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবেক ও কোন অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করণদ্বারা সেই টাকা আদায় হইতে পারিবেক ইতি।

[Certificate to be in force only six months; and be delivered up when expired or revoked. Proviso in case of Vessels absent from Port when Certificate expires.]

XII. No Certificate or Declaration shall be held to be in force for the purposes of this Act after the expiration of six Calendar months from the

[সর্টিফিকট কেবল ছয় মাস প্রবল থাকিবার কথা ও মিয়াদ গত হইলে কি তাহা অসিদ্ধ করা গেলে তাহা ফিরিয়া দিবার কথা ও সর্টিফিকটের মিয়াদ অতীত হওনসময়ে জাহাজ বন্দরে না থাকিলে তাহারবিধান।]

১২ ধারা। কোন সর্টিফিকট কি জ্ঞাপনপত্রের তারিখ অবধি ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামতের ছয় মাস অতীত হইলে পর, তাহা এই আইনের অভিপ্রায়ার্থে প্রবল-

date thereof. Provided that, if any Steam Vessel is absent from the Port of Calcutta, when her Certificate and Declaration expire, no penalty shall be incurred for the want of a Certificate and Declaration, until she first begins to ply or is about to ply after her next subsequent return to the Port of Calcutta. And the Lieutenant-Governor of Bengal, or any Officer appointed by him for that purpose, may require any Certificate and Declaration which has expired or has been revoked or cancelled to be delivered up as may be directed; and any Owner or Master or other person who without reasonable cause, neglects or refuses to comply with such requirement, shall incur a penalty not exceeding one hundred Rupees for each offence.

নহে এমত জ্ঞান হইবেক। কিন্তু কোন বাষ্পীয় জাহাজের সর্টিফিকটের ও জ্ঞাপনপত্রের মিয়াদ অতীত হইবার সময়ে যদি সেই জাহাজ কলিকাতা বন্দরে না থাকে, তবে ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র না থাকা হেতুক কোন দণ্ড হইবেক না। কিন্তু কলিকাতা বন্দরে প্রত্যাগমনের পর সেই জাহাজ যখন গমন করে কিম্বা গমনে উদ্যত হয় তখন তদ্রূপ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র লইতে হইবে। ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব কিম্বা পশ্চাৎ লিখিত কার্য্যার্থে তাঁহার নিযুক্ত কোন কার্য্যকারক সাহেব এমত আজ্ঞা করিতে পারিবেন, যে কোন সর্টিফিকটের কি জ্ঞাপনপত্রের মিয়াদ অতীত হইলে পর কি তাহা অসিদ্ধ কি রহিত হইলে আজ্ঞাক্রমে ফিরিয়া দেওয়া যায়। ও যুক্তিমত হেতু না থাকিলেও যদি কোন স্বামী কি অধ্যক্ষ কি অন্য ব্যক্তি ঐ আজ্ঞাক্রমে কর্ম্ম করিতে শৈথিল্য কি অস্বীকার করে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাহার এক শত টাকা-পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবেক ইতি।

[Certificate and Declaration may be cancelled by Government.]

[সর্টিফিকট ও জ্ঞাপনপত্র গবর্ণমেণ্টের দ্বারা অসিদ্ধ হইবার কথা।]

XIII. The Lieutenant-Governor of Bengal, or any Officer appointed or authorized by him for that purpose, may revoke and cancel any Certificate and Declaration granted under this Act in any case in which he has reason to believe—

(1.) That the Certificate and Declaration of the sufficiency and good condition of the hull, equipments, and machinery of any Steam Vessel, or either of them, have been fraudulently or erroneously given or made: or

(2.) That such Certificate and Declaration have otherwise been issued upon false or erroneous information: or

(3.) That since the giving and making of such Certificate and Declaration the hull, equipments or machinery of such Ship have sustained any injury or are otherwise insufficient.

And in every such case the Lieutenant-Governor of Bengal or such Officer as last aforesaid may if he thinks fit, require the Owner or Master to have such Steam Vessel again surveyed as herein provided.

১৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব কিম্বা পশ্চাৎ লিখিত কর্ম্মে তাঁহার দ্বারা নিযুক্ত কি ক্ষমতা প্রাপ্ত কোন কার্য্যকারক সাহেব যদি কোন কারণে বিশ্বাস করেন যে,

(১) কোন বাষ্পীয় জাহাজের ও তাহার সরঞ্জামের ও কলের কিম্বা তন্মধ্যে কোন বিষয়ের যথাযোগ্যতার ও সদবস্থার সর্টিফিকট ও জ্ঞাপনপত্র প্রতারণা কি ভ্রমক্রমে দেওয়া কি করা গিয়াছে

(২) কিম্বা ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র প্রকারান্তরে মিথ্যা কি ভ্রমাত্মক সম্বাদক্রমে দেওয়া গিয়াছে

(৩) কিম্বা ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিবার ও করিবার পরে ঐ জাহাজের কি তাহার সরঞ্জামের কি কলের কোন হানি হইয়াছে কিম্বা প্রকারান্তরে যথাযোগ্য নহে,

তবে তিনি এই আইনক্রমে দত্ত কোন সর্টিফিকট ও জ্ঞাপনপত্র অসিদ্ধ ও রহিত করিতে পারিবেন ও তদ্রূপ প্রত্যেক স্থলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক ঐ বাষ্পীয় জাহাজের স্বামিকে কি অধ্যক্ষকে এই আইনমতে সেই জাহাজের অবস্থার পুনশ্চ অনুসন্ধান করাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[If the correctness of a survey is doubted, Government may order a second survey by other Surveyors.]

[অনুসন্ধান কার্য্য শুদ্ধরূপে না হওয়ার সন্দেহ থাকিলে অন্য অনুসন্ধানকারকদের দ্বারা দ্বিতীয় বার অনুসন্ধান করিতে গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

XIV. If any Steam Vessel shall be surveyed under the provisions of this Act, and if the Surveyors shall decline to give any Certificate or Declaration, or shall give a Certificate or declaration with which the Owner or Master of the Steam Vessel shall be dissatisfied, the Lieutenant-Governor of Bengal may, on the application of such Owner or Master, appoint two other competent Surveyors to survey the said Steam Vessel. The Surveyors so appointed shall forthwith survey the said Steam Vessel, and shall either decline to give any Certificate and Declaration, or shall give such Certificate and declaration as under the circumstances may seem to them proper. Every survey made

১৪ ধারা। এই আইনের বিধানমতে কোন বাষ্পীয় জাহাজের অনুসন্ধান হইয়া যদি অনুসন্ধানকারকেরা কোন সর্টিফিকট কি জ্ঞাপনপত্র না দেন, কিম্বা যাহা দেন তাহাতে যদি ঐ বাষ্পীয় জাহাজের স্বামী কি অধ্যক্ষ সন্তুষ্ট না হন, তবে সেই স্বামী কি অধ্যক্ষ দরখাস্ত করিলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ঐ বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান করণার্থে অন্য দুই জন উপযুক্ত অনুসন্ধানকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপ নিযুক্ত অনুসন্ধানকারকেরা অগৌণে সেই বাষ্পীয় জাহাজের অবস্থার অনুসন্ধান করিয়া, হয় সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিতে অস্বীকার করিবেন, না হয় বিষয় বুঝিয়া যে প্রকারের সর্টিফিকট ও জ্ঞাপনপত্র তাঁহারদের বিবেচনায় উপযুক্ত হয় তাহা দিবেন। এই